# ব্যবসায় উদ্যোগ

## ঢাকা বোর্ড-২০২৫

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. কোন সফল উদ্যোক্তা রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড চালু করেন?**
ক নায়েব আলী খ শাহিদা বেগম
গ লুৎফা সানজিদা ঘ আবুল কালাম আজাদ

**২. পণ্যের প্রতীককে কী বলে?**
ক ট্রেডমার্ক খ কপিরাইট গ পেটেন্ট ঘ লাইসেন্স

**৩. কোনটি উন্নত অবকাঠামোগত উপাদানের বহির্ভূত?**
ক বিদ্যুৎ খ গ্যাস গ যাতায়াত ঘ কর মওকুফ

**৪. কোনটি নির্বাচনে অবকাঠামোগত সুবিধার প্রতি লক্ষ রাখা প্রয়োজন?**
ক পণ্যের বাজার চাহিদা খ সঠিক পণ্য নির্বাচন
গ কর্মী নির্বাচন ঘ স্থান নির্বাচন

**৫. সোনারগাঁও কোনটির কারণে বিখ্যাত ছিল?**
ক খদ্দর কাপড় খ মসলিন কাপড় গ জামদানি কাপড় ঘ সূতি কাপড়

**৬. উদ্দীপনামূলক সহায়তা হলো—**
i. সামাজিক রীতিনীতি ii. যুগউপযোগী শিক্ষানীতি iii. হাতে কলমে প্রশিক্ষণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**৭. সিমেন্ট কারখানা কোন শিল্পের অন্তর্ভুক্ত?**
ক উৎপাদনমুখী খ সেবা গ কুটির ঘ ক্ষুদ্র

**৮. মি. রানা একটি প্রতিষ্ঠানে চাকুরি করেন। উক্ত প্রতিষ্ঠানটি জনগণের নিকট আংশিক শেয়ার বিক্রয় করতে পারে। এটি কোন ধরনের ব্যবসায়?**
ক অংশীদার খ যৌথমূলধনী গ রাষ্ট্রীয় ঘ সমবায়

**৯. জনাব শাহিন তার জমির উৎপাদিত টমেটো কম দাম হওয়ায় কোল্ডস্টোরে সংরক্ষণ করেন। পরবর্তী পর্যায়ে দাম বৃদ্ধির সাথে সাথে তিনি বিক্রয় করেন। উদ্দীপকের কাজটি করে জনাব শাহিন ব্যবসায়ের কোন ধরনের বাধা দূর করেন।**
ক রূপগত খ সময়গত গ স্থানগত ঘ তথ্যগত

**১০. কোনটির মাধ্যমে প্রতিষ্ঠানের পরিকল্পনা বাস্তবায়ন সহজতর হয়?**
ক নিয়ন্ত্রণ খ সমন্বয় সাধন গ প্রেরণা দান ঘ সংগঠিতকরণ

**১১. কাঁচামাল প্রক্রিয়াজাত করে চূড়ান্ত পণ্যে রূপান্তর করা হয় কোন শিল্পে?**
ক প্রজনন খ নিষ্কাশন গ নির্মাণ ঘ উৎপাদন

**১২. কীসের প্রভাবে পণ্যের বাজার সম্প্রসারিত হয়?**
ক ভোক্তা বিশ্লেষণ খ বিজ্ঞাপন গ মোড়ককিকরণ ঘ পর্যায়িতকরণ

**১৩. কোন উদ্যোক্তা কিশোরগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন?**
ক লুৎফা সানজিদা খ স্যামসন এইচ চৌধুরী
গ শাহিদা বেগম ঘ জহুরুল ইসলাম

**১৪. ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা বলতে বুঝায়—**
i. মুনাফা অর্জন করা ii. বেকারত্ব হ্রাস করা iii. হাসপাতাল প্রতিষ্ঠা করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫. কোন ব্যবসায় সংগঠনের নিবন্ধন বাধ্যতামূলক নয়?**
ক প্রাইভেট লিমিটেড খ অংশীদারি
গ পাবলিক লিমিটেড ঘ সমবায়

**১৬. পদ্মা ট্রেডার্সের স্বত্বাধিকারী মি. সিফাত ধীর-স্থির স্বভাবের মানুষ। তাঁর ব্যক্তিত্বের কারণে কর্মচারীরা তাকে সম্মান করে। মি. সিফাতের মধ্যে আদর্শ ক্রেতার কোন গুণটি লক্ষ্য করা যায়?**
ক দৈহিক সামর্থ্য খ প্রখর ব্যক্তিত্ব গ অভিজ্ঞতা ঘ সাহস

**১৭. 'মাছ বাজারে বরফ কারখানা স্থাপন' এই ধরনের প্রকল্পের সূত্রপাত হয় কীভাবে?**
ক দিক-নির্দেশনা থেকে খ পণ্যের ধারণা থেকে
গ সিদ্ধান্ত গ্রহণ থেকে ঘ সরকারি সুবিধাপ্রাপ্ত হয়ে

☐ **উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মিনা নিজ এলাকায় কৃষিভিত্তিক পণ্যের উপর ভিত্তি করে একটি কারখানা স্থাপন করেন। তিনি একটি প্রতিষ্ঠানের সহায়তায় কারখানার যন্ত্রপাতির পরিবর্তন ও আধুনিকীকরণ করে সফলতার সাথে পরিচালনা করছেন।

**১৮. জনাব মিনাকে সহায়তাদানকারী প্রতিষ্ঠানটির নাম কী?**
ক MIDAS খ BITAC গ BASIC ঘ BDBL

**১৯. উদ্দীপকের প্রতিষ্ঠানটির অন্যান্য প্রধান কাজ—**
i. নতুন শিল্প প্রতিষ্ঠান সৃষ্টি ii. শিল্প উদ্যোক্তাদের আর্থিক সহায়তা দান
iii. ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রাজিব 'বৈশাখি' নামক একটি প্রতিষ্ঠানের সাথে ঝুঁকি নিরসনের জন্য চুক্তিতে আবদ্ধ হন। মি. রাজিব দুর্ঘটনায় পড়ে ক্ষতির সম্মুখীন হলে উক্ত প্রতিষ্ঠানটি ক্ষতিপূরণ করে। আর্থিক সংকট দূরীকরণে রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক হতে তিনি ঋণ নিতে চান।

**২০. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি হতে রাজিব এর ঋণ পাওয়ার শর্ত—**
i. কমপক্ষে একাধিক বছরের অভিজ্ঞতা থাকতে হবে
ii. বয়স কমপক্ষে ১৫–৪০ বছর হতে হবে
iii. বাংলাদেশের নাগরিক হতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২১. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি হতে জনাব রাজিব কী ধরনের ক্ষতিপূরণ পেতে পারে?**
ক বিমাকৃত সম্পূর্ণ অর্থ খ চুক্তিতে উল্লিখিত প্রিমিয়াম অনুযায়ী
গ স্বীকৃত পক্ষের দাবি অনুযায়ী ঘ ক্ষতির মাত্রা অনুযায়ী

**২২. কোনটি ব্যবসায়ের অনুকূল পরিবেশ তৈরিতে বাধা সৃষ্টি করে?**
ক রাজনৈতিক অস্থিরতা খ পুঁজির প্রাপ্যতা
গ প্রশিক্ষণের সুযোগ ঘ অবকাঠামো উন্নয়ন

**২৩. কীভাবে ব্যবসায়ের অর্থসংক্রান্ত বাধা দূর করা যায়?**
ক বিজ্ঞাপন খ বিমা গ ব্যাংকিং ঘ পরিবহণ

**২৪. বিনিয়োগের মাপকাঠিতে শিল্পকে কতভাগে ভাগ করা হয়েছে?**
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

**২৫. কীভাবে বিক্রেতা ভোক্তাদের আস্থা অর্জন করতে পারে?**
ক উন্নয়নমূলক কর্মকাণ্ডের মাধ্যমে খ বিক্রয়িকতার মাধ্যমে
গ নতুন পণ্য ও সেবা সৃষ্টি করে ঘ নৈতিক মনোবল বৃদ্ধি করে

**২৬. পদ্মা নদীর তীরে স্থাপিত জনাব হাসানের টেনারি শিল্পটি যথাযথ কর্তৃপক্ষ বন্ধ করে দিয়েছে। শিল্প স্থাপনের পূর্বে জনাব হাসানে ম্যাক্রোস্ক্রিনিং এর কোন প্রভাবকটি বিবেচনা করা উচিত ছিল?**
ক জনসংখ্যা খ অর্থনৈতিক পরিবেশ
গ প্রাকৃতিক পরিবেশ ঘ রাজনৈতিক পরিবেশ

**২৭. ব্যবসায়ীকে রাষ্ট্রের প্রতি কোন দায়িত্ব পালন করতে হয়?**
ক নিয়মিত কর ও রাজস্ব প্রদান খ মানসম্মত পণ্য উৎপাদন
গ পণ্য প্রাপ্তি সহজতর করা ঘ কাজের উপযুক্ত পরিবেশ সৃষ্টি

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
মি. মাসুদ বিসিক শিল্প নগরিতে একটি জৈব সার তৈরির কারখানা স্থাপনের চিন্তাভাবনা করছেন। এ কাজে তিনি ২০ কোটি টাকা মূলধন ও ২৫০ জন শ্রমিক লাগবে বলে স্থির করেছেন। কিন্তু এ শিল্পটি বিকাশের ক্ষেত্রে তিনি পূর্ব থেকেই কিছু সমস্যা উপলব্ধি করছেন।

**২৮. মি. মাসুদ জৈব সার তৈরির কারখানা স্থাপনের চিন্তা-ভাবনা করে প্রথমেই কোন ব্যবস্থাপকীয় কাজটি সম্পন্ন করেছেন?**
ক পরিকল্পনা প্রণয়ন খ সংগঠিতকরণ
গ কর্মীসংস্থান ঘ নির্দেশনা দান

**২৯. মি. মাসুদের জৈব সার শিল্প বিকাশের ক্ষেত্রে সম্ভাব্য সমস্যাগুলো হতে পারে—**
i. কাঁচামালের অভাব ii. আর্থিক পৃষ্ঠপোষকতার অভাব
iii. বিদেশি সারের বাজার দখল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৩০. যুব উন্নয়ন অধিদপ্তর কীভাবে যুবক ও যুব মহিলাদেরকে আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করে?**
ক কারিগরি সহায়তাদান খ প্রযুক্তিবিষয়ক পরামর্শদান
গ বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণদান ঘ গবেষণায় সহযোগিতা করা

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ঢাকা বোর্ড-২০২৫

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব ফরিদ একটি ইট ভাটার মালিক। তার প্রস্তুতকৃত ইটের গুণগত মান ভালো হওয়ায় চাহিদা অনেক বেশি। মুনাফা ভালো হওয়ায় ইট ভাটার আকার আরও বৃদ্ধি করতে চান। কিন্তু বর্ষা আসাতে ইট তৈরির কাজ বন্ধ থাকে। তিনি বর্ষার মৌসুমে অন্য কোনো কাজ করতে চান। তাছাড়া স্থানীয় লোকজন ইট ভাটার কালো ধোঁয়ায় ক্ষতিগ্রস্ত হয়। কিছুদিন পর পরিবেশবাদী ও ভোক্তা আইনের লোকজন ইট ভাটার ব্যাপারে আপত্তি জানান। এলাকার কিছু লোকজন ইট ভাটাটি বন্ধের অনুরোধ করেন।

(ক) বিমা কোন ধরনের বাধা দূর করে? ১
(খ) আধুনিককালে বাণিজ্যকে কী হিসেবে অভিহিত করা হয়? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব ফরিদের ব্যবসায়টি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জনাব ফরিদ এর ব্যবসায়টি চালিয়ে যাওয়ার জন্য ব্যবসায় পরিবেশের কোন উপাদানগুলো বিবেচনায় আনা উচিত ছিল? এর সপক্ষে যুক্তি দাও। ৪

২। কালাম ও সালাম দুই বন্ধু। কালাম দশ বছর বিদেশ থাকার পর দেশে এসে মৎস্য চাষের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। সে পরিকল্পিতভাবে কিছু পুকুর ভাড়া করে মৎস্য চাষ শুরু করেন। পুকুরের গভীরতার স্তর অনুযায়ী মাছ চাষ করেন। ফলে কালাম মৎস্য চাষে সফলতা অর্জন করেন এবং অর্থনৈতিকভাবে লাভবান হন। আর সালাম নিজের পুকুরে মাছ চাষ করেও লাভবান হতে পারেন নাই। ফলে তিনি মাছ চাষ বন্ধ করে দেওয়ার চিন্তা করেন।

(ক) ম্যাটসুসিটা কোম্পানির প্রতিষ্ঠাতা কে? ১
(খ) আর্থিক ঝুঁকি কী? ব্যাখ্যা করো। ২
(গ) কালামের কর্ম প্রচেষ্টা কীসের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
(ঘ) কালামের তুলনায় সালামের মৎস্য চাষের ব্যর্থতার কারণ বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধার আলোকে বিশ্লেষণ করো। ৪

৩। আরিফ ও শরীফ দুই বন্ধু বি.এ পাশ করেন। আরিফ শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি প্রতিষ্ঠান থেকে কম্পিউটার এর উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে তিনি কুমিল্লা কান্দিরপাড়ে একটি দোকান ভাড়া নেন। তিনি যুবক ও যুবতীদের প্রশিক্ষণ করান ও বিভিন্ন অফিশিয়াল কাজ করেন। পক্ষান্তরে, শরীফের পুঁজি এবং প্রশিক্ষণ না থাকার কারণে কোনো কাজ করেন না, বেকার থাকেন। মাঝেমাঝে আরিফের দোকানে আসেন। আরিফের উন্নতি দেখেও তিনি কোনো কাজ করার আগ্রহ পোষণ করেন না।

(ক) বিআরডিবি এর পূর্ণরূপ লেখ। ১
(খ) ব্যবসায়ের সাফল্য লাভের পূর্বশর্ত কী? ব্যাখ্যা করো। ২
(গ) আরিফ কোন প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) আরিফ তার বন্ধু শরীফকে কর্মসংস্থানে কীভাবে উদ্বুদ্ধ করতে পারেন বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

৪। জোনায়েত একটি খাদ্য প্রক্রিয়াজাতকরণ ব্যবসায় শুরু করেন। মূলধন স্বল্পতার কারণে তিনি তার পাঁচ বন্ধুকে নিয়ে মৌখিক চুক্তিতে ব্যবসায়টি সম্প্রসারণ করেন। কিছু দিনের মধ্যেই ব্যবসায়টি সফলতা অর্জন করে। জোনায়েত নিজে ব্যবসায়টি পরিচালনা করেন। যার ফলে গোপনে ২ বছরের মধ্যে ব্যবসার সমস্ত কিছু জোনায়েত নিজের করে ফেলেন। তার অপর বন্ধুরা তার বিরুদ্ধে মামলা করেও ব্যবসায়ের মুনাফা গ্রহণে ব্যর্থ হন।

(ক) বিশ্বের সর্বপ্রথম সমবায় সমিতির নাম কী? ১
(খ) যৌথ মূলধনী ব্যবসায় কীসের মাধ্যমে সৃষ্ট ও পরিচালিত হয়? ব্যাখ্যা করো। ২
(গ) জোনায়েত এর প্রথম পর্যায়ের ব্যবসায়টি কোন ধরনের ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জোনায়েতের বিরুদ্ধে কোনো আইনি সহায়তা না পাওয়ার কারণ কী? বিশ্লেষণ করো। ৪

৫। জনাব হাবিব চীনের 'PAEL' ইলেকট্রনিক কোম্পানি থেকে বিভিন্ন ধরনের ইলেকট্রনিক সামগ্রী নৌপথে দেশে আনয়ন করেন। তিনি 'PAEL' ইলেকট্রনিক কোম্পানির সাথে চুক্তির ভিত্তিতে তাদের নাম ব্যবহার করে দেশের ভিতরে উন্নতমানের এসি, ফ্রিজ তৈরি করেন। তিনি বিনিময়ে উক্ত কোম্পানিকে নির্দিষ্ট হারে মাসিক ফি প্রদান করেন। একবার জনাব হাবিব নৌপথে ইলেকট্রনিক সামগ্রী আনার সময় জাহাজটি সুনামির কবলে পতিত হয়। এতে তিনি বিরাট ক্ষতির সম্মুখীন হন।

(ক) ট্রেডমার্ক কী? ১
(খ) বিএসটিআই কী? ব্যাখ্যা করো। ২
(গ) 'PAEL' ইলেকট্রনিক কোম্পানির সাথে জনাব হাবিব কোন ধরনের আইনগত চুক্তি করেন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জনাব হাবিব-এর আর্থিক ক্ষতি মোকাবিলার জন্য কোন ধরনের পদক্ষেপ গ্রহণ করা উচিত ছিল বলে তুমি মনে কর? বিশ্লেষণ করো। ৪

৬। জনাব মিরাজ ও জনাব হাকিম দুই বন্ধু। তারা একসাথে ১৫ বছর পর বিদেশ থেকে দেশে আসে। জনাব মিরাজ রাজশাহীতে আমের প্রচুর ফলন দেখে রাজশাহীতেই একটি জুস তৈরির কারখানা স্থাপন করেন। এতে তিনি সফলতা অর্জন করেন। পক্ষান্তরে জনাব হাকিম দিনাজপুরে একই ধরনের একটি জুস তৈরির কারখানা স্থাপন করেন। তিনি কারখানাটিতে একটি নির্দিষ্ট সময়ে কত টাকা আয় ও কত টাকা ব্যয় হচ্ছে তা সংরক্ষণ করেন না। তিনি কাঁচামালের অভাবজনিত কারণে তার কারখানা ভালো চালাতে পারেননি। ফলে তার ব্যবসায়ে লোকসান হয়।

(ক) প্রকল্প কী? ১
(খ) সম-আয়-ব্যয় বিশ্লেষণ কী? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব মিরাজের কারখানা স্থাপনের ক্ষেত্রে ম্যাক্রোস্ক্রিনিং এর কোন উপাদান বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জনাব হাকিমের কারখানাটির লোকসান হওয়ার কারণ ক্ষুদ্র ব্যবসায় পরিকল্পনার বিষয়বস্তুর আলোকে বিশ্লেষণ করো। ৪

৭। মি. আশিক তার নিজের জায়গায় ৩ কোটি টাকা ব্যয়ে একটি সিরামিক ও চীনামাটির সামগ্রী তৈরির কারখানা স্থাপন করেন। তার প্রতিষ্ঠানে ৮০ জন শ্রমিক নিয়োজিত আছে। তার উৎপাদিত পন্যের গুণগত মান ভালো হওয়ায় বিক্রিও ভালো হয়। তার বন্ধু মি. রফিক তা দেখে একটি মিশ্র সার কারখানা স্থাপন করেন। তিনি ২০ কোটি টাকা ব্যয় করেন এবং এতে ২০০ জন লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হয়।

(ক) শিল্প কী? ১
(খ) সেবা শিল্প বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২
(গ) বিনিয়োগের মাপকাঠিতে মি. আশিকের শিল্পটি কোন ধরনের শিল্প? বর্ণনা করো। ৩
(ঘ) বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে মি. রফিকের কারখানাটির অবদান মূল্যায়ন করো। ৪

৮। শাফী ও রাফি দুই বন্ধু। শাফি 'তিতাস' ব্যাংক থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে একটি ব্যবসায় স্থাপন করেন। শাফী তার প্রতিষ্ঠানের কর্মীদের সাথে পরামর্শ ও মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করে কোনো কাজ করেন। পক্ষান্তরে, রাফি তার কর্মীদের শুধু আদেশ ও চাপের মুখে রাখেন। কর্মীদের অসন্তোষের কারণে রাফির ব্যবসায়টি দিনদিন লোকসানের সম্মুখীন হয়।

(ক) প্রেষণা কী? ১
(খ) 'জেন্ডার সচেতনতা' বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২
(গ) শাফী কোন উৎস থেকে অর্থায়ন করেন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) শাফীর তুলনায় রাফির ব্যবসায়ের ব্যর্থতার কারণ মূল্যায়ন করো। ৪

৯। জনাব আলমগীর চট্টগ্রামের বিসিক এলাকায় একটি সাবান তৈরির কারখানা স্থাপন করেন। ক্রেতাদের চাহিদার উপর ভিত্তি করে সাবানগুলোকে ছোট, মাঝারি ও বড় তিন ধরনের আকারে উৎপাদন করেন। তিনি উৎপাদিত পণ্য বিভিন্ন জেলায় নিয়োজিত এজেন্টদের ফরমায়েশ মোতাবেক নিজস্ব পরিবহণের মাধ্যমে খুচরা ব্যবসায়ীদের নিকট সরবরাহ করেন। ব্যবহারকারীগণ খুচরা ব্যবসায়ীদের নিকট থেকে ক্রয় করে থাকেন।

(ক) বিক্রয়িকতা কী? ১
(খ) স্পট বিজ্ঞানের ক্ষেত্রে কোন মাধ্যম ব্যবহার করা হয়? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব আলমগীর বন্টন প্রণালির কোন ধাপটি অনুসরণ করেন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জনাব আলমগীরের ব্যবসায়ের ক্ষেত্রে বিপণনের কার্যাবলি বিশ্লেষণ করো। ৪

১০। মিসেস ফাহমিদা বিশ্ববিদ্যালয়ের পড়াশোনা শেষে গাজীপুরে একটি তৈরি পোশাক কারখানা স্থাপন করেন। এ শিল্প স্থাপন করতে তিনি আর্থিক সমস্যার সম্মুখীন হন। আর্থিক সমস্যা সমাধানের জন্য তিনি একজন নারী উদ্যোক্তা হওয়ায় প্রতিষ্ঠান থেকে সহজেই সহায়তা পান। কারখানাটিতে ৫০০ জন শ্রমিক নিয়োজিত আছে। বর্তমানে সরকার কারখানাটির ৩০% কর মওকুফ হবে।

(ক) BASIC-এর পূর্ণরূপ কী? ১
(খ) মহিলা অধিদপ্তরের কাজ কী? ব্যাখ্যা করো। ২
(গ) মিসেস ফাহমিদার কারখানায় সহায়তার ধরন ব্যাখ্যা করো। ৩
(ঘ) মিসেস ফাহমিদার মত উদ্যোক্তাদের উন্নয়নে সহায়তাকারী প্রতিষ্ঠানের ভূমিকা মূল্যায়ন করো। ৪

১১। জামাল ও কামাল দুই বন্ধুরই ডেইরি ফার্ম আছে। জামাল তার ফার্মের দুধ সঠিক মাপে ও ন্যায্য মূল্যে বিক্রয় করেন। আবার তিনি ফার্মের গরু মোটাতাজা করতে কোনো ঔষধ ব্যবহার করেন না। এতে জামালের কম মুনাফা হলেও সমাজে তার সুনাম বাড়ে। কিন্তু কামাল দুধ বিক্রয়ে অনিয়ম করে বেশি মূল্যে বিক্রি করেন। গরু মোটাতাজা করতে তিনি বিভিন্ন ইনজেকশন ও ঔষধ ব্যবহার করেন। কয়েকদিন ফার্মটি ভালো চললেও পরিবর্তীতে এর বিক্রয় কমতে থাকে।

(ক) মূল্যবোধ কী? ১
(খ) পরিবেশ দূষণ কী? ব্যাখ্যা করো। ২
(গ) জামাল তার ফার্ম পরিচালনার ক্ষেত্রে কোন পক্ষের প্রতি দায়বদ্ধতা সঠিকভাবে পালন করেছেন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) কামালের ফার্মের বিক্রয় জামালের ফার্মের তুলনায় কমে যাওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা (ঢাকা বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ক | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | খ | ৭ | ক | ৮ | খ | ৯ | খ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | গ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** জনাব ফরিদ একটি ইট ভাটার মালিক। তার প্রস্তুতকৃত ইটের গুণগত মান ভালো হওয়ায় চাহিদা অনেক বেশি। মুনাফা ভালো হওয়ায় ইট ভাটার আকার আরও বৃদ্ধি করতে চান। কিন্তু বর্ষা আসাতে ইট তৈরির কাজ বন্ধ থাকে। তিনি বর্ষার মৌসুমে অন্য কোনো কাজ করতে চান। তাছাড়া স্থানীয় লোকজন ইট ভাটার কালো ধোঁয়ায় ক্ষতিগ্রস্ত হয়। কিছুদিন পর পরিবেশবাদী ও ভোক্তা আইনের লোকজন ইট ভাটার ব্যাপারে আপত্তি জানান। এলাকার কিছু লোকজন ইট ভাটাটি বন্ধের অনুরোধ করেন।

ক. বিমা কোন ধরনের বাধা দূর করে? ১

খ. আধুনিককালে বাণিজ্যকে কী হিসেবে অভিহিত করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব ফরিদের ব্যবসায়টি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব ফরিদ এর ব্যবসায়টি চালিয়ে যাওয়ার জন্য ব্যবসায় পরিবেশের কোন উপাদানগুলো বিবেচনায় আনা উচিত ছিল? এর সপক্ষে যুক্তি দাও। ৪

[ঢা. বো. ২০২৫]

### ১নং প্রশ্নের উত্তর

**ক** বিমা ঝুঁকি সংক্রান্ত বাধা দূর করে।

**খ** আধুনিককালে বাণিজ্যকে ব্যবসায় টু ব্যবসায় বলে অভিহিত করা হয়। ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌঁছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবাসামগ্রী ভোক্তার নিকট পৌঁছানোর সব কার্যাবলি বাণিজ্য সম্পাদন করে থাকে। বাণিজ্য এসব কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করে বলে বর্তমান সময়ে বাণিজ্যকে 'ব্যবসায় টু ব্যবসায়' বলে অভিহিত করা হয়।

**গ** জনাব ফরিদের ব্যবসায়টি উৎপাদন শিল্পের অন্তর্গত।

যে শিল্পে শ্রম ও যন্ত্রের ব্যবহারের মাধ্যমে কাঁচামালকে প্রক্রিয়াজাত করে চূড়ান্ত পণ্যে রূপান্তর করা হয় তাকে উৎপাদন শিল্প বলে। পণ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, সংযোজন এবং আবার উৎপাদিত পণ্যের প্রক্রিয়া বিষয়ক সব প্রকার শিল্প উৎপাদন শিল্পের অন্তর্গত। বস্ত্রশিল্প, কুটির শিল্প, পাটজাত শিল্প প্রভৃতি এ জাতীয় শিল্পের উদাহরণ।

উদ্দীপকের জনাব ফরিদ ইট ভাটার মালিক। ইট ভাটায় মূলত ইট উৎপাদন করা হয়। এক্ষেত্রে প্রথমে কাঁচামাল হিসেবে মাটি সংগ্রহ করা হয়। অতঃপর তা পানি মিশিয়ে প্রক্রিয়াকরণ করে পছন্দসই আকার ধারণ করানো হয়। পরবর্তী সময়ে প্রক্রিয়াকৃত এই কাদামাটি শুকিয়ে এবং পুরিয়ে ইট তৈরি করা হয়। অর্থাৎ এক্ষেত্রে শ্রম ও যন্ত্রপাতি ব্যবহার করে কাদামাটিকে কাঁচামাল হিসেবে ব্যবহার করে তা প্রক্রিয়াজাত করে চূড়ান্ত পণ্য অর্থাৎ ইট তৈরি করা হয়। আর এরূপ বৈশিষ্ট্যসম্পন্ন শিল্প মূলত উৎপাদন শিল্পের অন্তর্ভুক্ত। তাই বলা যায়, জনাব ফরিদের ব্যবসায়টি উৎপাদন শিল্পের অন্তর্গত।

**ঘ** জনাব ফরিদের ব্যবসায়টি চালিয়ে যাওয়ার জন্য ব্যবসায় পরিবেশের প্রাকৃতিক, সামাজিক ও আইনগত উপাদানগুলো বিবেচনায় আনা উচিত ছিল।

যেকোনো ব্যবসায়ের উন্নতি নির্ভর করে ব্যবসায়ের পরিবেশের উপর। ব্যবসায়ের উপর পরিবেশের অনুকূল ও প্রতিকূল দুই প্রভাবই লক্ষ করা যায়। ব্যবসায় পরিবেশের উপাদানগুলো ব্যবসায়ের সামগ্রিক কাজে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রভাব বিস্তার করে। তাই একজন ব্যবসায়ী বা শিল্পোদ্যোক্তাকে ব্যবসায় বা শিল্প স্থাপনের সময় ব্যবসায় পরিবেশের উপাদানগুলোকে বিবেচনা করতে হয়।

উদ্দীপকের জনাব ফরিদ একটি ইট ভাটার মালিক। তার প্রস্তুতকৃত ইটের গুণগত মান ভালো হওয়ায় চাহিদা অনেক বেশি। মুনাফা ভালো হওয়ায় ইট ভাটার আকার আরও বৃদ্ধি করতে চায়। কিন্তু বর্ষা আসাতে ইট তৈরির কাজ বন্ধ থাকে। জনবহুল স্থানে ইটভাটা স্থাপন করায় স্থানীয় লোকজন কালো ধোঁয়ায় ক্ষতিগ্রস্ত হয়। কিছুদিন পর পরিবেশবাদী ও ভোক্তা আইনের লোকজন ইট ভাটাটি বন্ধের অনুরোধ করেন। কিন্তু তিনি যদি ব্যবসায় পরিবেশের উপাদানগুলোর কথা মাথায় রেখে তার শিল্পটি স্থাপন করতেন তাহলে তাকে এ ধরনের সমস্যার সম্মুখীন হতে হতো না।

জনাব ফরিদের ইট ভাটার কার্যক্রম অব্যাহত রাখার জন্য শুষ্ক মৌসুম প্রয়োজন। কিন্তু আমাদের দেশের আবহাওয়া এই রোদ এই বৃষ্টি। তাছাড়া বছরে নির্দিষ্ট সময়ে এখানে বৃষ্টিপাত হয়েই থাকে। যা জনাব ফরিদের ব্যবসায়িক কার্যক্রমে বাধার সৃষ্টি করে। তাই জনাব ফরিদের তার ব্যবসায়টি স্থাপনের পূর্বে বাংলাদেশের জলবায়ুর কথা মাথায় রাখা উচিত ছিল। আর এই জলবায়ু হলো ব্যবসায় পরিবেশের একটি প্রাকৃতিক উপাদান। তিনি ব্যবসায়টি স্থাপনের পূর্বে সেখানকার মানুষের মনোভাব যাচাই-বাছাই করেননি। সাধারণত ইট ভাটার কালো ধোঁয়া পরিবেশ ও জনজীবনে নেতিবাচক প্রভাব ফেলে। তাই এটি জনবসতি কম এমন জায়গায় স্থাপন করা উচিত। কিন্তু তিনি তার ইট ভাটাটি এসব বিষয় বিবেচনা ছাড়াই একটি জনবসতিপূর্ণ স্থানে স্থাপন করেন। অর্থাৎ তিনি ব্যবসায় পরিবেশের সামাজিক উপাদানকেও বিবেচনা করেননি। এছাড়া জনবসতিপূর্ণ স্থানে ইট ভাটা স্থাপন করে তিনি পরিবেশ ও ভোক্তা আইনেরও অমান্য করেছেন। কেননা পরিবেশ ও জনগণের ক্ষতি হলে তা পরিবেশ সংরক্ষণ আইন ও

ভোক্তা আইনের ব্যত্যয় ঘটায়। যারফলে ব্যবসায় কার্যক্রম অচল হয়ে ব্যবসায় বন্ধ পর্যন্ত হয়ে যেতে পারে। আর এই পরিবেশ সংরক্ষণ আইন ও ভোক্তা আইন ব্যবসায় পরিবেশের আইনগত উপাদান। তাই বলা যায়, জনাব ফরিদের ব্যবসায়টি চালিয়ে যাওয়ার জন্য ব্যবসায়ের প্রাকৃতিক, সামাজিক ও আইনগত উপাদানগুলো বিবেচনায় আনা উচিত ছিল।

**প্রশ্ন ▸ ০২** কালাম ও সালাম দুই বন্ধু। কালাম দশ বছর বিদেশ থাকার পর দেশে এসে মৎস্য চাষের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। সে পরিকল্পিতভাবে কিছু পুকুর ভাড়া করে মৎস্য চাষ শুরু করেন। পুকুরের গভীরতার স্তর অনুযায়ী মাছ চাষ করেন। ফলে কালাম মৎস্য চাষে সফলতা অর্জন করেন এবং অর্থনৈতিকভাবে লাভবান হন। আর সালাম নিজের পুকুরে মাছ চাষ করেও লাভবান হতে পারেন নাই। ফলে তিনি মাছ চাষ বন্ধ করে দেওয়ার চিন্তা করেন।

ক. ম্যাটসুসিটা কোম্পানির প্রতিষ্ঠাতা কে? ১
খ. আর্থিক ঝুঁকি কী? ব্যাখ্যা করো। ২
গ. কালামের কর্ম প্রচেষ্টা কীসের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. কালামের তুলনায় সালামের মৎস্য চাষের ব্যর্থতার কারণ বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধার আলোকে বিশ্লেষণ করো। ৪

[ঢা. বো. ২০২৫]

**২নং প্রশ্নের উত্তর**

**ক** ম্যাটসুমিটা কোম্পানির প্রতিষ্ঠাতা হলেন কনোকে ম্যাটসুসিটা।

**খ** ব্যবসায় থেকে প্রত্যাশিত মুনাফা অর্জিত না হওয়ার অনিশ্চয়তা হলো আর্থিক ঝুঁকি।

একটি নির্দিষ্ট সময়ে উদ্যোক্তা তার ব্যবসায় থেকে নির্দিষ্ট পরিমাণ মুনাফা প্রত্যাশা করেন। এ মুনাফা বাস্তবে অর্জিত না হওয়াই হলো আর্থিক ঝুঁকি।

**গ** কালামের কর্ম প্রচেষ্টা ব্যবসায় উদ্যোগের অন্তর্গত।

লাভের আশায় ঝুঁকি নিয়ে অর্থ ও শ্রম বিনিয়োগ করাই হলো ব্যবসায় উদ্যোগ। একজন উদ্যোক্তা মূলত মুনাফা অর্জনের উদ্দেশ্য নিয়েই কোনো ব্যবসায় গঠন ও পরিচালনা করেন। ব্যবসায় উদ্যোগের দ্বারা নিজের কর্মসংস্থানের পাশাপাশি অন্যদের জন্যও কর্মসংস্থান সৃষ্টি করা যায়। এর মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন সাধিত হয়।

উদ্দীপকের কালাম দশ বছর বিদেশ থাকার পর দেশে এসে মৎস্য চাষের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। অতঃপর এই প্রশিক্ষণপ্রাপ্ত জ্ঞানকে কাজে লাগিয়ে পরিকল্পিতভাবে কিছু পুকুর ভাড়া করে মৎস্য চাষ শুরু করেন। এক্ষেত্রে কালামের কর্মপ্রচেষ্টাটি হলো ব্যবসায় উদ্যোগ, কেননা তার এই কর্মপ্রচেষ্টার উদ্দেশ্য হলো মুনাফা অর্জন। এই মুনাফা অর্জনের উদ্দেশ্যেই মূলত তিনি পুকুর ভাড়া বাবদ অর্থ ও নিজের শ্রম বিনিয়োগ করেন। তাছাড়া তার এই উদ্যোগ দ্বারা কেবল তার নিজের নয় অনেক বেকার লোকেরও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয় আর এসব বিষয় ব্যবসায় উদ্যোগের বৈশিষ্ট্যের সাথে মিলে যায়। তাই বলা যায়, কালামের কর্মপ্রচেষ্টা ব্যবসায় উদ্যোগের অন্তর্গত।

**ঘ** কালামের তুলনায় সালামের মৎস্য চাষের ব্যর্থতার কারণ হলো সুষ্ঠু পরিকল্পনা, প্রয়োজনীয় অর্থসংস্থান ও প্রশিক্ষণের অভাব, যা বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নেরও বাধা হিসেবে বিবেচিত।

যেকোনো দেশের অগ্রগতির একটি প্রধান কারণ হলো ব্যবসায় প্রতিষ্ঠা, পরিচালনা ও সম্প্রসারণের অনুকূল পরিবেশ। কিন্তু বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বিরাজমান পরিবেশ সকল ক্ষেত্রে অনুকূল নয়। বেশকিছু বাধার কারণে এখনো উদ্যোগ উন্নয়ন কাঙ্ক্ষিত পর্যায়ে পৌঁছাতে পারেনি। একটি ব্যবসায় উদ্যোগ মূলত এসব বাধার কারণেই ব্যর্থ হয়ে থাকে।

উদ্দীপকের কালাম ও সালাম দুই বন্ধু। কালাম মৎস্য চাষের উপর প্রশিক্ষণ গ্রহণ করে প্রথমেই তিনি সুষ্ঠু পরিকল্পনা করেন এবং সেই পরিকল্পনা মোতাবেকই তিনি তার সব কাজ সম্পাদন করেন। তিনি পুকুরের গভীরতার স্তর অনুযায়ী মাছ চাষ করেন। ফলে কালাম মৎস্য চাষে সফলতা অর্জন করেন এবং অর্থনৈতিকভাবে লাভবান হন। অপরদিকে সালাম নিজের পুকুরে মাছ চাষ করেও লাভবান হতে পারেননি। ফলে তিনি মাছ চাষ বন্ধ করে দেওয়ার চিন্তাভাবনা করেন। মূলত ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বিদ্যমান বাধাগুলোই তার এই ব্যর্থতার কারণ।

উদ্দীপকের কালাম তার মৎস্য চাষ শুরুর পূর্বে এ সংক্রান্ত যাবতীয় প্রশিক্ষণ গ্রহণ করেন এবং তিনি তার চাষ সংক্রান্ত সব কাজ পরিকল্পনা মাফিক সম্পাদন করেন। সেই সাথে তার ব্যবসায়ে পর্যাপ্ত অর্থের সংস্থান থাকায় তিনি নিরবচ্ছিন্নভাবে তার ব্যবসায় চালিয়ে যেতে পারেন। অপরদিকে সালাম মাছ চাষের উপর কোনো প্রশিক্ষণ গ্রহণ করেননি। তাই মাছ চাষ সংক্রান্ত বিষয়ে তিনি কোনোরূপ জ্ঞান ও দক্ষতা প্রদর্শন করতে পারেননি। আমাদের দেশে পর্যাপ্ত প্রশিক্ষণ কেন্দ্রের অভাব রয়েছে। যারফলে সালামের মতো উদ্যোক্তারা নিজেদের দক্ষ করে তুলতে ব্যর্থ হচ্ছে। উদ্যোগ উন্নয়নের জন্য নিয়মতান্ত্রিক উপায়ে ও পর্যায়ক্রমে বাস্তবায়ন সম্ভব এমন পরিকল্পনা খুব প্রয়োজন। কিন্তু সালাম তার মাছ চাষ তথা ব্যবসায় উদ্যোগ বাস্তবায়নে এরূপ কোনো পরিকল্পনাই গ্রহণ করেননি। তাছাড়া তিনি প্রথমবার ব্যর্থ হয়েই তার ব্যবসায়টি বন্ধ করে দেন। এক্ষেত্রে তার যদি প্রয়োজনীয় অর্থসংস্থান থাকত তাহলে প্রয়োজনীয় মূলধন ও অর্থ বিনিয়োগ করে তিনি নতুন উদ্যমে ব্যবসায়টির সফলতার লক্ষ্যে কাজ চালিয়ে যেতে পারতেন। তাই বলা যায়, প্রশিক্ষণ, সুষ্ঠু পরিকল্পনা ও প্রয়োজনীয় অর্থসংস্থানের অভাবেই সালাম মৎস্য চাষে ব্যর্থ হয়েছেন।

**প্রশ্ন ▸ ০৩** আরিফ ও শরীফ দুই বন্ধু বি.এ পাশ করেন। আরিফ শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি প্রতিষ্ঠান থেকে কম্পিউটার এর উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে তিনি কুমিল্লা কান্দিরপাড়ে একটি দোকান ভাড়া নেন। তিনি যুবক ও যুবতীদের প্রশিক্ষণ করান ও বিভিন্ন অফিশিয়াল কাজ করেন। পক্ষান্তরে, শরীফের পুঁজি এবং প্রশিক্ষণ না থাকার কারণে কোনো কাজ করেন না, বেকার থাকেন। মাঝেমাঝে আরিফের দোকানে আসেন। আরিফের উন্নতি দেখেও তিনি কোনো কাজ করার আগ্রহ পোষণ করেন না।

ক. বিআরডিবি এর পূর্ণরূপ লেখ। ১
খ. ব্যবসায়ের সাফল্য লাভের পূর্বশর্ত কী? ব্যাখ্যা করো। ২

গ. আরিফ কোন প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. আরিফ তার বন্ধু শরীফকে কর্মসংস্থানে কীভাবে উদ্বুদ্ধ করতে পারেন বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

[ঢা. বো. ২০২৫]

**৩নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৪** জোনায়েত একটি খাদ্য প্রক্রিয়াজাতকরণ ব্যবসায় শুরু করেন। মূলধন স্বল্পতার কারণে তিনি তার পাঁচ বন্ধুকে নিয়ে মৌখিক চুক্তিতে ব্যবসায়টি সম্প্রসারণ করেন। কিছু দিনের মধ্যেই ব্যবসায়টি সফলতা অর্জন করে। জোনায়েত নিজে ব্যবসায়টি পরিচালনা করেন। যার ফলে গোপনে ২ বছরের মধ্যে ব্যবসার সমস্ত কিছু জোনায়েত নিজের করে ফেলেন। তার অপর বন্ধুরা তার বিরুদ্ধে মামলা করেও ব্যবসায়ের মুনাফা গ্রহণে ব্যর্থ হন।

ক. বিশ্বের সর্বপ্রথম সমবায় সমিতির নাম কী? ১

খ. যৌথ মূলধনী ব্যবসায় কীসের মাধ্যমে সৃষ্ট ও পরিচালিত হয়? ব্যাখ্যা করো। ২

গ. জোনায়েত এর প্রথম পর্যায়ের ব্যবসায়টি কোন ধরনের ব্যবসায় সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জোনায়েতের বিরুদ্ধে কোনো আইনি সহায়তা না পাওয়ার কারণ কী? বিশ্লেষণ করো। ৪

[ঢা. বো. ২০২৫]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** বিশ্বের সর্বপ্রথম সমবায় সমিতির নাম হলো রচডেল সমবায় সমিতি।

**খ** যৌথ মূলধনী ব্যবসায় আইনের মাধ্যমে সৃষ্ট ও পরিচালিত হয়।

যৌথ মূলধনী ব্যবসায় হলো আইন দ্বারা সৃষ্ট, পৃথক অস্তিত্বসম্পন্ন, কৃত্রিম ব্যক্তিসত্তার অধিকারী এবং সীমিত দায়ের এমন এক ধরনের প্রতিষ্ঠান, যেখানে কতিপয় ব্যক্তি মুনাফা অর্জনের উদ্দেশ্যে যৌথভাবে মূলধন বিনিয়োগ করে। এটি একটি আইনসৃষ্ট ব্যবসায় সংগঠন। দেশে প্রচলিত ১৯৯৪ সালের কোম্পানি আইন অনুযায়ী এ ব্যবসায় সৃষ্টি হয় এবং এ ব্যবসায় পরিচালনা সংক্রান্ত সকল বিষয়াদি এই আইন অনুযায়ীই সম্পন্ন হয়। এ ধরনের কোম্পানির সদস্যসংখ্যা, মূলধন সংগ্রহ সংক্রান্ত বিষয়াবলি, বিলুপ্তি সব কিছুই এই আইনের আওতায়ই হয়ে থাকে।

**গ** জোয়াতে এর প্রথম পর্যায়ের ব্যবসায়টি হলো এক মালিকানা ব্যবসায় সংগঠন।

মুনাফা অর্জনের লক্ষ্যে যখন কোনো ব্যক্তি নিজ দায়িত্বে মূলধন জোগাড় করে কোনো ব্যবসায় গঠন ও পরিচালনা করে এবং উক্ত ব্যবসায়ে অর্জিত সকল লাভ নিজে ভোগ করে বা ক্ষতি হলে নিজেই তা বহন করে, তখন তাকে একমালিকানা ব্যবসায় বলে।

উদ্দীপকের জোনায়েত একটি খাদ্য প্রক্রিয়াজাতকরণ ব্যবসায় শুরু করেন। এক্ষেত্রে তিনিই এই ব্যবসায়টি পরিচালনা ও নিয়ন্ত্রণ করবেন। একজনের দ্বারা ব্যবসায়টি পরিচালিত হওয়ায় এর সমস্ত লাভ তিনি একাই ভোগ করবেন আবার ক্ষতি হলে তাকে একাই তা বহন করতে হবে। তার এই ব্যবসায়টির স্থায়িত্ব তার ইচ্ছা-অনিচ্ছার উপর নির্ভর করবে। ব্যবসায়ের মালিকানা সংক্রান্ত যেকোনো সিদ্ধান্ত তিনি একা নিজেই নিবেন এবং চাইলেই ব্যবসায়ের সম্প্রসারণের প্রয়োজনে ব্যবসায়টির মালিকানার ধরন পরিবর্তন করতে পারবেন। এসব বৈশিষ্ট্য মূলত এক মালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্যের সাথে সাদৃশ্যপূর্ণ। তাই বলা যায়, জোনায়েতের প্রথম পর্যায়ের ব্যবসায় সংগঠনটি হলো একমালিকানা ব্যবসায় সংগঠন।

**ঘ** জোনায়েতের বিরুদ্ধে কোনো আইনি সহায়তা না পাওয়ার কারণ হলো তার ব্যবসায়টি নিবন্ধিত ব্যবসায় নয়।

অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন বলতে সরকার কর্তৃক নিয়োজিত নিবন্ধক অফিসে ব্যবসায়ের নাম তালিকাভুক্ত করণকে বোঝায়। বাংলাদেশের অংশীদারি আইনে ব্যবসায়ের নিবন্ধন বাধ্যতামূলক করা হয়নি। তবে নিবন্ধন বাধ্যতামূলক না হলেও অনিবন্ধিত অংশীদারি ব্যবসায় থেকে নিবন্ধিত ব্যবসায়গুলো বেশ কিছু অতিরিক্ত সুবিধা ভোগ করে।

উদ্দীপকের জোনায়েত প্রথম পর্যায়ে একটি একমালিকানা ব্যবসায় স্থাপন করেন। মূলধন স্বল্পতার কারণে তিনি তার পাঁচ বন্ধুকে নিয়ে মৌখিক চুক্তিতে ব্যবসায়টি সম্প্রসারণ করেন। কিছু দিনের মধ্যেই ব্যবসায়টি সফলতা অর্জন করে। জোনায়েত নিজে ব্যবসায়টি পরিচালনা করেন। যার ফলে গোপনে ২ বছরের মধ্যে ব্যবসার সমস্ত কিছু জোনায়েত নিজের করে ফেলেন। তার অপর বন্ধুরা তার বিরুদ্ধে মামলা করেও ব্যবসায়ের মুনাফা গ্রহণে ব্যর্থ হন।

উদ্দীপকের জোনায়েত তার বন্ধুদের সাথে মৌখিক চুক্তিতে ব্যবসায়ের সম্প্রসারণের উদ্দেশ্যে একমালিকানা ব্যবসায়কে অংশীদারি ব্যবসায় রূপান্তর করেন। কিন্তু তারা এ ব্যবসায়টি নিবন্ধন করেন না। ১৯৩২ সালের অংশীদারি আইন অনুযায়ী অনিবন্ধিত প্রতিষ্ঠান কারো বিরুদ্ধে মামলা করতে পারে না। এইক্ষেত্রে প্রতিষ্ঠান যদি কোনো অংশীদার বা তৃতীয় পক্ষের দ্বারা ক্ষতিগ্রস্ত হয় তবে প্রতিষ্ঠানটি কোনো ক্ষতিপূরণ বা আইনি প্রতিকার পাবে না। তদ্রূপ কোনো অংশীদার বা তৃতীয় পক্ষও ক্ষতিগ্রস্ত হলে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে কোনো আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবে না। অংশীদারি ব্যবসায়ে অধিকার আদায়ে নিজেদের মধ্যে বিরোধ দেখা দিলে চুক্তি অনুযায়ী অধিকার আদায়ে মামলা করা যায়। তবে এক্ষেত্রে অবশ্যই চুক্তিটি লিখিত হতে হয়। কিন্তু চুক্তি যদি মৌখিক এবং ব্যবসায়টি যদি অনিবন্ধিত হয় তাহলে অংশীদাররা তাদের অধিকার আদায়ে কোনোরূপ মামলা করতে পারবে না এবং কোনোরূপ আইনি সহায়তাও পাবে না। তাই বলা যায়, একমালিকানা ব্যবসায় হতে অংশীদারি ব্যবসায় রূপান্তরকরণের পর অংশীদারি ব্যবসায়টি অনিবন্ধিত হওয়ার কারণেই জোনায়েতের বন্ধুরা কোনো আইনি সহায়তা পাননি।

**প্রশ্ন ▶ ০৫** জনাব হাবিব চীনের 'PAEL' ইলেকট্রনিক কোম্পানি থেকে বিভিন্ন ধরনের ইলেকট্রনিক সামগ্রী নৌপথে দেশে আনয়ন করেন। তিনি 'PAEL' ইলেকট্রনিক কোম্পানির সাথে চুক্তির ভিত্তিতে তাদের নাম ব্যবহার করে দেশের ভিতরে উন্নতমানের এসি, ফ্রিজ তৈরি করেন। তিনি বিনিময়ে উক্ত কোম্পানিকে নির্দিষ্ট হারে মাসিক ফি

প্রদান করেন। একবার জনাব হাবিব নৌপথে ইলেকট্রনিক সামগ্রী আনার সময় জাহাজটি সুনামির কবলে পতিত হয়। এতে তিনি বিরাট ক্ষতির সম্মুখীন হন।

ক. ট্রেডমার্ক কী? ১

খ. বিএসটিআই কী? ব্যাখ্যা করো। ২

গ. 'PAEL' ইলেকট্রনিক কোম্পানির সাথে জনাব হাবিব কোন ধরনের আইনগত চুক্তি করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব হাবিব-এর আর্থিক ক্ষতি মোকাবিলার জন্য কোন ধরনের পদক্ষেপ গ্রহণ করা উচিত ছিল বলে তুমি মনে কর? বিশ্লেষণ করো। ৪

[ঢা. বো. ২০২৫]

**৫নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৬** জনাব মিরাজ ও জনাব হাকিম দুই বন্ধু। তারা একসাথে ১৫ বছর পর বিদেশ থেকে দেশে আসে। জনাব মিরাজ রাজশাহীতে আমের প্রচুর ফলন দেখে রাজশাহীতেই একটি জুস তৈরির কারখানা স্থাপন করেন। এতে তিনি সফলতা অর্জন করেন। পক্ষান্তরে জনাব হাকিম দিনাজপুরে একই ধরনের একটি জুস তৈরির কারখানা স্থাপন করেন। তিনি কারখানাটিতে একটি নির্দিষ্ট সময়ে কত টাকা আয় ও কত টাকা ব্যয় হচ্ছে তা সংরক্ষণ করেন না। তিনি কাঁচামালের অভাবজনিত কারণে তার কারখানা ভালো চালাতে পারেননি। ফলে তার ব্যবসায়ে লোকসান হয়।

ক. প্রকল্প কী? ১

খ. সম-আয়-ব্যয় বিশ্লেষণ কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মিরাজের কারখানা স্থাপনের ক্ষেত্রে ম্যাক্রোস্ক্রিনিং এর কোন উপাদান বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব হাকিমের কারখানাটির লোকসান হওয়ার কারণ ক্ষুদ্র ব্যবসায় পরিকল্পনার বিষয়বস্তুর আলোকে বিশ্লেষণ করো। ৪

[ঢা. বো. ২০২৫]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** একটি নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট লক্ষ্য বাস্তবায়নে প্রণীত পরিকল্পিত ও সুচিন্তিত কার্যপদ্ধতি হলো প্রকল্প।

**খ** সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যবসায়ের এমন একটি অবস্থাকে বোঝায় যখন আয়-ব্যয় সমান হয়।

সম আয়-ব্যয় ব্যবসায়ের এমন একটি পর্যায় যখন লাভও হয় না. ক্ষতিও হয় না। যে পরিমাণ পণ্য বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য, মোট ব্যয়ের সমপরিমাণ হয় তাকে সম আয়-ব্যয় বলা হয়। যে বিন্দুতে পণ্য বিক্রয় করলে আয়-ব্যয় সমান হয় তাকে সম আয় ব্যয় বিন্দু (Break Even Point) বলে। সম আয়-ব্যয় বিন্দু জানা থাকলে কাঙ্ক্ষিত মুনাফা অর্জনের আশায় পণ্যের সঠিক মূল্য নির্ধারণ, বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি, মুনাফা পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা যায়।

**গ** জনাব মিরাজের কারখানা স্থাপনের ক্ষেত্রে ম্যাক্রোস্ক্রিনিং-এর প্রাকৃতিক পরিবেশ উপাদানটি বিদ্যমান।

ম্যাক্রোস্ক্রিনিং হলো এমন একটি পদ্ধতি, যা কতকগুলো প্রভাবক বা উপাদানের ভিত্তিতে ব্যবসায়ের ধারণাগুলো মূল্যায়ন করে একটি প্রকল্প ধারণা নির্বাচন করতে সহায়তা করে। সকল ব্যবসায় বা শিল্প প্রতিষ্ঠানের কার্যাবলি উদ্যোক্তার নিয়ন্ত্রণবহির্ভূত কতিপয় উপাদান দ্বারা কমবেশি প্রভাবিত হয়।

উদ্দীপকের জনাব মিরাজ একটি জুস তৈরির কারখানা স্থাপন করেন। জুস কারখানাটি স্থাপনের ক্ষেত্রে তিনি রাজশাহীকে বেছে নেন। কেননা রাজশাহীতে আমের প্রচুর ফলন হয়। সঠিক ব্যবসায় বাছাইয়ের ক্ষেত্রে প্রাকৃতিক পরিবেশ বিরাট ভূমিকা পালন করে। শিল্পের জন্য প্রয়োজনীয় কাঁচামাল প্রাকৃতিক পরিবেশ থেকে আসে। তাই জনাব মিরাজও জুস তৈরির অন্যতম কাঁচামাল আম যে স্থানে অধিক উৎপাদন হয় সেই স্থানকেই তার কারখানা স্থাপনের ক্ষেত্রে বেছে নেন। তাই বলা যায়, জনাব মিরাজের কারখানা স্থাপনের ক্ষেত্রে ম্যাক্রোস্ক্রিনিং-এর প্রাকৃতিক পরিবেশ উপাদান বিদ্যমান।

**ঘ** জনাব হাকিমের কারখানাটির লোকসান হওয়ার কারণ হলো ক্ষুদ্র ব্যবসায় পরিকল্পনার অন্যতম বিষয় প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী প্রস্তুত না করা।

যে বিবরণীতে একটি নির্দিষ্ট সময়ে ব্যবসায় যে পরিমাণ নগদ অর্থ আসে এবং যে পরিমাণ নগদ অর্থ ব্যয় হয় তা সংরক্ষণ করা থাকে তাকে প্রাক্কলিত নগদান প্রবাহ বিবরণী বলে। এই বিবরণী দৈনিক, সাপ্তাহিক ও মাসিক ভিত্তিতে সংরক্ষণ করা যেতে পারে। প্রতিষ্ঠানের প্রকৃত অবস্থা জানা যায় বিধায় যেকোনো প্রতিষ্ঠানের জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

উদ্দীপকের জনাব হাকিম দিনাজপুরে একটি জুস তৈরির কারখানা স্থাপন করেন। তিনি কারখানাটিতে একটি নির্দিষ্ট সময়ে কত টাকা আয় ও কত টাকা ব্যয় হচ্ছে তা সংরক্ষণ করেন না। তিনি কাঁচামালের অভাবজনিত কারণে তার কারখানা ভালো চালাতে পারেননি। ফলে তার ব্যবসায়ে লোকসান হয়।

ক্ষুদ্র ব্যবসায় পরিকল্পনার একটি অন্যতম বিষয় হলো প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী। এই বিবরণীতে প্রতিষ্ঠানের সকল আয় ও ব্যয়সমূহ লিপিবদ্ধ করা হয়। ফলে প্রতিষ্ঠানে কোন কোন খাতে কী পরিমাণ ব্যয় হয় আর কোন কোন খাত হতে কী পরিমাণ আয় হয় তা জানা যায়। একজন ব্যবসায়ী তার ব্যবসায়ের নগদের প্রকৃত অবস্থা জানতে পারে এ বিবরণীর মাধ্যমে। নগদ অর্থের প্রকৃত অবস্থা জানার ফলে ব্যবসায়ে নগদ অর্থের ঘাটতি হলে ব্যবসায়ী সে সমস্যা দ্রুত সমাধান করতে পারেন। ফলে উৎপাদন নিরবচ্ছিন্নভাবে চালিয়ে যেতে পারেন। কিন্তু কোনো ব্যবসায়ী যদি এ বিবরণী প্রস্তুত না করে থাকেন তাহলে তার ব্যবসায়ের নগদের অবস্থা সম্পর্কে তার ধারণা থাকে না। ফলে অনেক সময় অর্থের অভাবে উৎপাদনকার্য ব্যাহত হয়, যা ব্যবসায়টির জন্য লোকসান বয়ে আনে। উদ্দীপকের হাকিমও প্রাক্কলিত নগদান প্রবাহ বিবরণী তৈরি না করায় তার কারখানার নগদ অর্থের প্রকৃত অবস্থা সম্পর্কে অজ্ঞাত থাকেন। যারফলে নগদ অর্থের ঘাটতিতে কাঁচামাল পর্যন্ত তিনি ক্রয় করতে পারেন না বিধায় উৎপাদন ব্যাহত হয়ে তিনি লোকসানের সম্মুখীন হয়।

**প্রশ্ন ▶ ০৭** মি. আশিক তার নিজের জায়গায় ৩ কোটি টাকা ব্যয়ে একটি সিরামিক ও চীনামাটির সামগ্রী তৈরির কারখানা স্থাপন করেন। তার প্রতিষ্ঠানে ৮০ জন শ্রমিক নিয়োজিত আছে। তার উৎপাদিত পন্যের গুণগত মান ভালো হওয়ায় বিক্রিও ভালো হয়। তার বন্ধু মি. রফিক তা দেখে একটি মিশ্র সার কারখানা স্থাপন করেন। তিনি ২০ কোটি টাকা ব্যয় করেন এবং এতে ২০০ জন লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হয়।

ক. শিল্প কী? ১

খ. সেবা শিল্প বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২

গ. বিনিয়োগের মাপকাঠিতে মি. আশিকের শিল্পটি কোন ধরনের শিল্প? বর্ণনা করো। ৩

ঘ. বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে মি. রফিকের কারখানাটির অবদান মূল্যায়ন করো। ৪

[ঢা. বো. ২০২৫]

**৭নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৮** শাফী ও রাফি দুই বন্ধু। শাফি 'তিতাস' ব্যাংক থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে একটি ব্যবসায় স্থাপন করেন। শাফী তার প্রতিষ্ঠানের কর্মীদের সাথে পরামর্শ ও মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করে কোনো কাজ করেন। পক্ষান্তরে, রাফি তার কর্মীদের শুধু আদেশ ও চাপের মুখে রাখেন। কর্মীদের অসন্তোষের কারণে রাফির ব্যবসায়টি দিনদিন লোকসানের সম্মুখীন হয়।

ক. প্রেষণা কী? ১

খ. 'জেন্ডার সচেতনতা' বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২

গ. শাফী কোন উৎস থেকে অর্থায়ন করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. শাফীর তুলনায় রাফির ব্যবসায়ের ব্যর্থতার কারণ মূল্যায়ন করো। ৪

[ঢা. বো. ২০২৫]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** প্রতিষ্ঠানের কর্মীদেরকে কাজের প্রতি আগ্রহী ও উৎসাহী করার প্রক্রিয়াকে প্রেষণা বলা হয়।

**খ** নারী-পুরুষের ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি ও সামাজিক অবস্থান সম্পর্কে সচেতন থাকাকে জেন্ডার সচেতনতা বলে।

আর জেন্ডার সচেতনতা হলো নারী কিংবা পুরুষের ক্ষেত্রে পক্ষপাতহীন থেকে তাদের উভয়ের ন্যায্য অধিকারের প্রতি লক্ষ রাখা। একজন ব্যক্তি তথা নেতা তিনি নারী বা পুরুষ যেই হোন না কেন তাকে অবশ্যই তার সহকর্মী নারী-পুরুষের প্রতি শ্রদ্ধাশীল ও সহানুভূতিশীল হতে হবে। তাকে অবশ্যই নিরপেক্ষ হতে হবে। কারো প্রতি পক্ষপাতিত্ব না করাই মূলত জেন্ডার সচেতনতার মূল বিষয়।

**গ** শাফী অর্থায়নের অন্যতম উৎস বাণিজ্যিক ব্যাংক থেকে অর্থায়ন করেন।

ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহের প্রধান উৎস হলো বাণিজ্যিক ব্যাংক। এগুলো মুনাফাকেন্দ্রিক আর্থিক প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানগুলো জনগণের কাছ থেকে আমানত গ্রহণ করে। অতঃপর ব্যবসায়ীদের স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি নগদ অর্থ ঋণ দিয়ে থাকে।

উদ্দীপকের শাফী তিতাস ব্যাংক থেকে ১০ লক্ষ টাকা ঋণ নিয়ে একটি ব্যবসায় স্থাপন করেন। আমাদের দেশে এমন অনেক বেসরকারি বাণিজ্যিক ব্যাংক আছে যারা ব্যবসায়ীদের বিভিন্ন মেয়াদে নগদ অর্থ ধার দিয়ে থাকে। এ ধরনের প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে একজন ব্যবসায়ী কেবল ব্যবসায় স্থাপন নয় সম্প্রসারণও করতে পারেন। তাছাড়া এটি জনগণের কাছ থেকে বিভিন্ন হিসাবের মাধ্যমে আমানত গ্রহণ করে। এসব কার্যাবলি মূলত একটি বাণিজ্যিক ব্যাংকই সম্পাদন করে থাকে। তাই বলা যায়, শাফীর অর্থায়নের উৎসটি হলো বাণিজ্যিক ব্যাংক।

**ঘ** শাফীর নেতৃত্বের ধরন হলো গণতান্ত্রিক নেতৃত্ব আর রাফির নেতৃত্বের ধরন হলো স্বৈরতান্ত্রিক নেতৃত্ব; নেতৃত্বের ধরনের এই পার্থক্যই রাফির ব্যবসায়ের ব্যর্থতার কারন।

যে নেতৃত্বে নেতা অধস্তনদের সাথে আলাপ-আলোচনা, পরামর্শের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করেন তাকে গণতান্ত্রিক নেতৃত্ব বলে। এ নেতৃত্বে কর্মীরা নিজেদেরকে প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ অংশ বলে মনে করেন। অপরদিকে যে নেতৃত্বে নেতা সকল সিদ্ধান্ত নিজে নেন, কর্মীদের সামর্থ্যের উপর আস্থা রাখেন না। পরামর্শ গ্রহণ করেন না, নেতিবাচক মনোভাব পোষণ করে তাকে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব বলে। এ ধরনের নেতৃত্বের ফলে প্রতিষ্ঠানের কর্মীরা অসন্তোষ থাকে।

উদ্দীপকের শাফী ও রাফি দুই বন্ধু। শাফী গণতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করেন। এ নেতৃত্বে কর্মীরা সবসময় নেতার প্রতি সন্তুষ্ট থাকে। কারণ শাফী তার প্রতিষ্ঠানের কর্মীদের সাথে পরামর্শ ও মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করে কোনো কাজ করেন। প্রতিষ্ঠানের প্রয়োজনে তাদের মতামত ও পরামর্শ গ্রহণ করা হয় এবং নেতা জবাবদিহি করে বিধায় তারা নিজেদের প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ অংশ বলে মনে করে। এতে তারা কাজের প্রতি আগ্রহী হয় এবং কাজের মানও ভালো হয় ফলে উৎপাদন বৃদ্ধি পেয়ে প্রতিষ্ঠানে সফলতা অর্জন সহজ হয়। অপরদিকে রাফী তার প্রতিষ্ঠানের কর্মীদের শুধু আদেশ ও চাপের মুখে রাখেন। অর্থাৎ তিনি স্বৈরতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করেন। এ ধরনের নেতৃত্বে নেতা কর্মীদের প্রতি সবসময় নেতিবাচক মনোভাব পোষণ করেন। কর্মীদের সামর্থ্যের উপরও কোনো আস্থা রাখেন না। বিধায় কর্মীরা প্রতিষ্ঠানকে নিজেদের ভাবতে পারেন না। এসব কারণে কর্মীদের কাজের প্রতি আগ্রহ হারিয়ে যায়। তারা তাদের দায়িত্ব যথাযথভাবে পালনে অনাগ্রহী হয়। ফলে প্রতিষ্ঠানের উৎপাদন কাজে নিজেদের সম্পূর্ণ দক্ষতা ও সামর্থ্য প্রয়োগ করে না। ফলে উৎপাদন কার্য ব্যাহত হয়। রাফির ব্যবসায়ে কর্মরত কর্মীরাও নিজেদের দায়িত্ব যথাযথভাবে পালন না করে উৎপাদন কার্যে বাধার সৃষ্টি করে। ফলে উৎপাদন হ্রাস পায় এবং কাঙ্ক্ষিত সফলতা অর্জন হয় না।

তাই বলা যায়, শাফীর মতো গণতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ না করে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব অনুসরণই রাফির ব্যবসায়ের ব্যর্থতার কারণ।

**প্রশ্ন ▶ ০৯** জনাব আলমগীর চট্টগ্রামের বিসিক এলাকায় একটি সাবান তৈরির কারখানা স্থাপন করেন। ক্রেতাদের চাহিদার উপর ভিত্তি করে সাবানগুলোকে ছোট, মাঝারি ও বড় তিন ধরনের আকারে উৎপাদন করেন। তিনি উৎপাদিত পণ্য বিভিন্ন জেলায় নিয়োজিত

এজেন্টদের ফরমায়েশ মোতাবেক নিজস্ব পরিবহণের মাধ্যমে খুচরা ব্যবসায়ীদের নিকট সরবরাহ করেন। ব্যবহারকারীগণ খুচরা ব্যবসায়ীদের নিকট থেকে ক্রয় করে থাকেন।

ক. বিক্রয়িকতা কী? ১

খ. স্পট বিজ্ঞানের ক্ষেত্রে কোন মাধ্যম ব্যবহার করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আলমগীর বন্টন প্রণালির কোন ধাপটি অনুসরণ করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আলমগীরের ব্যবসায়ের ক্ষেত্রে বিপণনের কার্যাবলি বিশ্লেষণ করো। ৪

[ঢা. বো. ২০২৫]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** বিক্রয়িকতা বলতে বিক্রয়কর্মীর ক্রেতা আকর্ষণ করার কৌশল বা দক্ষতাকে বোঝায়, যার মাধ্যমে সে সম্ভাব্য ক্রেতার নিকট পণ্য বা সেবা সামগ্রী বিক্রয় করতে সক্ষম হয়।

**খ** স্পট বিজ্ঞাপনের ক্ষেত্রে বিজ্ঞাপনের মাধ্যম রেডিও ব্যবহার করা হয়।

বিজ্ঞাপনের জন্য বর্তমানে উন্নত ও অনুন্নত প্রায় সকল দেশেই রেডিও একটি জনপ্রিয় মাধ্যম, যা ব্যবহার করে পণ্য সম্পর্কে সংক্ষিপ্ত বার্তা অত্যন্ত চমৎকারভাবে তুলে ধরা হয়। রেডিওতে স্পট বিজ্ঞাপন অর্থাৎ বিভিন্ন ধরনের সংলাপ, পটভূমি সংগীত, শব্দ প্রভাব, এমনকি ছোটো ছোট আকর্ষণীয় সুর বা জিঙ্গেলের ব্যবহার করে পণ্যের প্রচারণা চালানো হয়।

**গ** জনাব আলমগীর বণ্টন প্রণালীর প্রতিনিধি ও খুচরা বিক্রেতার মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালিটি অনুসরণ করেন।

যে বণ্টন প্রণালীতে পণ্যদ্রব্য বা সেবাকর্ম উৎপাদনকারীর নিকট হতে প্রতিনিধির মাধ্যমে খুচরা ব্যবসায়ীর নিকট পৌঁছায় এবং খুচরা ব্যবসায়ীরা তা চূড়ান্ত ভোক্তার নিকট পৌঁছায় তাকে প্রতিনিধি ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালী বলা হয়। নিম্নে চিত্রের মাধ্যমে বণ্টন প্রণালীটি উপস্থাপন করা হলো :

উৎপাদনকারী → প্রতিনিধি বা এজেন্ট → খুচরা বিক্রেতা → ভোক্তা

উদ্দীপকের জনাব আলমগীর তার উৎপাদিত পণ্য বিভিন্ন জেলায় নিয়োজিত এজেন্টদের ফরমায়েশ মোতাবেক নিজস্ব পরিবহনের মাধ্যমে খুচরা ব্যবসায়ীদের নিকট সরবরাহ করেন। অতঃপর ব্যবহারকারীগণ খুচরা ব্যবসায়ীদের নিকট থেকে ক্রয় করে থাকেন। অর্থাৎ এক্ষেত্রে উৎপাদানকারী ও ভোক্তার মাধ্যমে প্রতিনিধি ও খুচরা বিক্রেতা– এ দুটি মধ্যস্থ ব্যবসায়ী সেতু বন্ধনকারী হিসেবে কাজ করেছে। উৎপাদনকারী প্রথমে তার বিভিন্ন স্থানে নিয়োজিত প্রতিনিধিদের নিকট পণ্য সরবরাহ করেন। পরবর্তীকালে খুচরা ব্যবসায়ীরা চূড়ান্ত ভোক্তার নিকট তা বিক্রি করেন। তাই বলা যায়, জনাব আলমগীর বণ্টন প্রণালির প্রতিনিধি ও খুচরা বিক্রেতার মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালিটি অনুসরণ করেন।

**ঘ** জনাব আলমগীরকে ব্যবসায়ের ক্ষেত্রে বিপণনের বিবিধ কার্যাবলি সম্পাদন করতে হয়।

পণ্যদ্রব্য বা সেবা সামগ্রী উৎপাদনকারী থেকে ভোক্তা যা ব্যবহারকারীর নিকট পৌঁছে দেওয়া পর্যন্ত সকল কাজকে বিপণন বলে। বিপণন উৎপাদনকারী এবং ভোক্তার মধ্যে সেতুবন্ধন হিসেবে কাজ করে। বিপণনের মাধ্যমে পণ্য ও সেবার মালিকানাগত, স্থানগত ও সময়গত উপযোগ সৃষ্টি হয়।

উদ্দীপকের আলমগীর চট্টগ্রামের বিসিক এলাকায় একটি সাবান তৈরির কারখানা স্থাপন করেন। ক্রেতাদের চাহিদার উপর ভিত্তি করে সাবানগুলোকে ছোটো, মাঝারি ও বড়ো তিন ধরনের আকারে উৎপাদন করেন। তিনি নিজস্ব পরিবহনের মাধ্যমে উৎপাদিত পণ্য বিভিন্ন জেলায় নিয়োজিত এজেন্টদের মাধ্যমে খুচরা ব্যবসায়ীদের নিকট বিক্রি বা সরবরাহ করেন। অতঃপর খুচরা ব্যবসায়ীরা তা ব্যবহারকারী বা চূড়ান্ত ভোক্তাদের নিকট বিক্রয় করেন। এখানে উৎপাদনকারী জনাব আলমগীর তার উৎপাদিত পণ্যদ্রব্য ভোক্তার নিকট পৌঁছে দেওয়ার জন্য বিপণনের ক্রয়, বিক্রয়, পরিবহণ, গুদামজাতকরণ, প্রমিতকরণ, পর্যায়িতকরণ। মোড়কিকরণ, তথ্যসংগ্রহ ও ভোক্তাদের বিশ্লেষণসহ বিবিধ কাজ করে থাকেন।

উদ্দীপকের বিশ্লেষণে দেখা যায়, জনাব আলমগীর প্রথমেই বিপণনের ক্রয়-বিক্রয় কার্যটি করে থাকেন। তিনি প্রথমেই সাবান তৈরির কাঁচামাল ক্রয় করে তা দ্বারা সাবান উৎপাদন করেন। অতঃপর ভোক্তাদের নিকট বিক্রির উদ্দেশ্যে এজেন্ট বা প্রতিনিধি ও খুচরা ব্যবসায়ীর নিকট সরবরাহ করেন। এক্ষেত্রে সাবান সরবরাহকরণে তিনি বিপণনের পরিবহন কার্যটি সম্পাদন করে থাকেন, যারফলে তার সাবানের স্থানগত উপযোগ সৃষ্টি হয়। তিনি বাজারে ক্রেতাদের রুচি ও চাহিদা সম্পর্কে তথ্য সংগ্রহ করে তা বিশ্লেষণ ও মূল্যায়ন করে সাবানটি উৎপাদন করেন। অর্থাৎ তিনি সাবান উৎপাদনে বিপণনের তথ্য সংগ্রহ ও ভোক্তা বিশ্লেষণের কাজটিও যথাযথভাবে সম্পাদন করেন। তিনি তার সাবানগুলোকে ছোটো, মাঝারি ও বড়ো তিন ধরনের আকারে উৎপাদন করেন। এই আকারের উপর ভিত্তি করে তিনি প্রমিতকরণ অর্থাৎ মূল্য নির্ধারণের কাজটি করে থাকেন। আবার আকার অনুযায়ী বিভিন্ন শ্রেণিতে ভাগ করার ফলে তিনি সাবানগুলো সহজে বিক্রয় করতে পারবেন, যা বিপণনের পর্যায়িতকরণ কার্যের আওতাধীন। উৎপাদিত সাবান যেন নষ্ট না হয়ে যায় এবং ক্রেতা বা ভোক্তা যেন সাবানটি ক্রয়ে আকৃষ্ট হয় এজন্য তিনি মোড়কিকরনের কাজটিও করেন। অতঃপর তিনি তার সাবানগুলো গুদামজাতকরণের মাধ্যমে সংরক্ষণ করেন এবং বাজারে চাহিদা মোতাবেক তা সরবরাহ করেন। তাই বলা যায়, জনাব আলমগীর তার ব্যবসায়ের ক্ষেত্রে বিপণনের প্রায় সকল কার্যই সম্পাদন করে থাকেন।

**প্রশ্ন ▶ ১০** মিসেস ফাহমিদা বিশ্ববিদ্যালয়ের পড়াশোনা শেষে গাজীপুরে একটি তৈরি পোশাক কারখানা স্থাপন করেন। এ শিল্প স্থাপন করতে তিনি আর্থিক সমস্যার সম্মুখীন হন। আর্থিক সমস্যা সমাধানের জন্য তিনি একজন নারী উদ্যোক্তা হওয়ায় প্রতিষ্ঠান থেকে সহজেই সহায়তা পান। কারখানাটিতে ৫০০ জন শ্রমিক নিয়োজিত আছে। বর্তমানে সরকার কারখানাটির ৩০% কর মওকুফ হবে।

ক. BASIC-এর পূর্ণরূপ কী? ১
খ. মহিলা অধিদপ্তরের কাজ কী? ব্যাখ্যা করো। ২
গ. মিসেস ফাহমিদার কারখানায় সহায়তার ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. মিসেস ফাহমিদার মত উদ্যোক্তাদের উন্নয়নে সহায়তাকারী প্রতিষ্ঠানের ভূমিকা মূল্যায়ন করো। ৪

[ঢা. বো. ২০২৫]

**১০নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ১১** জামাল ও কামাল দুই বন্ধুরই ডেইরি ফার্ম আছে। জামাল তার ফার্মের দুধ সঠিক মাপে ও ন্যায্য মূল্যে বিক্রয় করেন। আবার তিনি ফার্মের গরু মোটাতাজা করতে কোনো ঔষধ ব্যবহার করেন না। এতে জামালের কম মুনাফা হলেও সমাজে তার সুনাম বাড়ে। কিন্তু কামাল দুধ বিক্রয়ে অনিয়ম করে বেশি মূল্যে বিক্রি করেন। গরু মোটাতাজা করতে তিনি বিভিন্ন ইনজেকশন ও ঔষধ ব্যবহার করেন। কয়েকদিন ফার্মটি ভালো চললেও পরিবর্তীতে এর বিক্রয় কমতে থাকে।

ক. মূল্যবোধ কী? ১
খ. পরিবেশ দূষণ কী? ব্যাখ্যা করো। ২
গ. জামাল তার ফার্ম পরিচালনার ক্ষেত্রে কোন পক্ষের প্রতি দায়বদ্ধতা সঠিকভাবে পালন করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. কামালের ফার্মের বিক্রয় জামালের ফার্মের তুলনায় কমে যাওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

[ঢা. বো. ২০২৫]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** যে জ্ঞানবোধ এবং আচরণ সমাজ মূল্যবান ও অনুকরণীয় মনে করে তাকেই মূল্যবোধ বলে অভিহিত করা যায়।

**খ** বিভিন্ন ধরনের শিল্পবর্জ্য ও আবর্জনা যত্রতত্র ছড়িয়ে ছিটিয়ে রাখার ফলে পরিবেশে যে দূষণের সৃষ্টি হয় তাকে পরিবেশ দূষণ বলে।

মাটি, পানি, বায়ু– এসব পরিবেশের গুরুত্বপূর্ণ উপাদান। শিল্পায়নুন্নয়নের ফলে প্রতিনিয়ত এ উপাদানগুলো দূষিত হচ্ছে। এ দূষণের ফলে মানুষের শারীরিক ও মানবিক বিভিন্ন রোগের প্রাদুর্ভাব দেখা যায়। তাছাড়া পরিবেশ দূষণের কারণে পরিবেশের ভারসাম্য নষ্ট হয় এবং নানা রকম প্রাকৃতিক দুর্যোগ সৃষ্টি হয়। তাই জনজীবনের সুস্বাস্থ্য রক্ষাসহ প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখার জন্য পরিবেশ দূষণমুক্ত রাখা আবশ্যক।

**গ** জামিল তার ফার্ম পরিচালনার ক্ষেত্রে ক্রেতা ও ভোক্তাদের প্রতি দায়বদ্ধতা পালন করে থাকেন।

ক্রেতা বা ভোক্তা হলো ব্যবসায়ের প্রাণ। তারা পণ্য কিনলেই ব্যবসায় প্রতিষ্ঠান টিকে থাকে। তাই ব্যবসায়ীকে তার ক্রেতা ও ভোক্তার প্রতি বিভিন্ন দায়িত্ব যেমন– পণ্যের স্থিতিশীল বাজার, মানসম্মত পণ্য সরবরাহ, পণ্যসামগ্রী সহজে প্রাপ্তি প্রভৃতি পালন করতে হয়। এতে ব্যবসায়ের প্রতি ক্রেতা ও ভোক্তাদের আস্থা তৈরি হয়।

উদ্দীপকের জনাব জামাল তার ডেইরি ফার্মে উৎপাদিত দুধ ন্যায্যমূল্যে ভোক্তাদের মাঝে বিক্রি করেন। তিনি ফার্মের গরু মোটাতাজা করতে কোনো ওষুধ ব্যবহার করেন না। ন্যায্যমূল্যে দুধ বিক্রি করায় তা ক্রেতা ও ভোক্তাদের ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে এবং তারা সহজেই তা ভোগ করতে পারবে। অপরদিকে স্বাস্থ্যসম্মত উপায়ে গরু লালনপালন করে বিক্রি করায় ক্রেতা ও ভোক্তারা মানসম্মত পণ্য পাচ্ছে। আর এ সকল বিষয় একজন ব্যবসায়ীর ক্রেতা ও ভোক্তাদের প্রতি দায়বদ্ধতাকে নির্দেশ করে। তাই বলা যায়, জনাব জামাল ক্রেতা ও ভোক্তাদের প্রতি দায়বদ্ধতা পালন করে থাকেন।

**ঘ** ব্যবসায়ে নৈতিকতা ও মূল্যবোধ অনুসরণ না করায় কামালের ফার্মের বিক্রয় জামালের ফার্মের তুলনায় কমে যায়।

মূল্যবোধ ও নৈতিকতা শব্দ দুটির ধারণা প্রায় অবিচ্ছেদ্য। যে জ্ঞানবোধ এবং আচরণ সমাজ মূল্যবান ও অনুকরণীয় মনে করে তাকেই মূল্যবোধ বলে অভিহিত করা যায়। মূল্যবোধ ও নৈতিকতাবোধ মানুষকে ন্যায়-অন্যায়, ঠিক-বেঠিক, ভালো-মন্দের মধ্যে পার্থক্য চিহ্নিত করতে সাহায্য করে। এটি মানুষের জীবনে ইতিবাচক, মঙ্গলময় ও কল্যাণময় দিকের নির্দেশনা দেয়।

উদ্দীপকের জামাল ও কামাল দুই বন্ধুরই ডেইরি ফার্ম আছে। জামাল তার ব্যবসায়টি ব্যবসায়িক নৈতিকতা মেনেই পরিচালনা করেন। এতে তার মুনাফা কম হলেও সমাজে তার সুনাম বাড়ে। কিন্তু কামাল দুধ বিক্রয়ে অনিয়ম করে বেশি মূল্যে বিক্রি করেন। গরু মোটাতাজা করতে তিনি বিভিন্ন ইনজেকশন ও ঔষধ ব্যবহার করেন। কয়েকদিন ফার্মটি ভালো চললেও পরবর্তীকালে এর বিক্রয় কমতে থাকে। মূলত নৈতিকতা মেনে ব্যবসায় পরিচালনা না করায় তাকে এই ক্ষতির সম্মুখীন হতে হয়।

জনাব কামাল লোভের বশবর্তী হয়ে তার ব্যবসায়ে অনৈতিক পন্থা অবলম্বন করেন। অতিরিক্ত মুনাফা লাভের আশায় তিনি ক্রেতা ও ভোক্তাদের স্বাস্থ্য নিয়েও ঝুঁকি নেন। কিন্তু কোনো ব্যবসায়ী অবৈধ পন্থা অবলম্বন করে দীর্ঘদিন ব্যবসায়ে টিকে থাকতে পারে না। কারণ ক্রেতা ও ভোক্তারা একটা সময় পর ব্যবসায়ীর অনৈতিকতা বুঝতে পেরে যায়। তাই এই ক্ষেত্রে মুনাফা সাময়িক সময়ের জন্য বেশি হলেও ব্যবসায়টি ক্ষণস্থায়ী বা স্বল্পমেয়াদি হয়ে যায়। তাই দীর্ঘদিন ধরে ব্যবসায় পরিচালনা করার জন্য অবশ্যই ব্যবসায়ীকে ব্যবসায়িক মূল্যবোধ ও নৈতিকতা মেনে চলতে হয়। মূল্যবোধ ও নৈতিকতা মেনে ব্যবসায় করলে ব্যবসায়টি ক্রেতা ও ভোক্তাদের বিশ্বাস অর্জনে সক্ষম হয় এবং তারা ব্যবসায়টির স্থায়ী গ্রাহক, ক্রেতা ও ভোক্তায় পরিণত হয়। এতে বিক্রয় ও সুনাম বৃদ্ধি পায় এবং ব্যবসায়ে সফলতা অর্জন সম্ভব হয়।

উদ্দীপকের জামাল একইভাবে নৈতিকতা ও মূল্যবোধের সাথে ব্যবসায় পরিচালনা করায় সফল হয়। অপরদিকে কামাল তার ব্যবসায়ে নৈতিকতা ও মূল্যবোধ অনুসরণ না করায় ক্ষতির সম্মুখীন হন। তাই বলা যায়, জামাল তার ব্যবসায়িক কর্মকাণ্ডে মূল্যবোধ ও নৈতিকতা অনুসরণ না করায় তার ফার্মের বিক্রয়ের পরিমাণ কামালের তুলনায় কমে যায়।

# রাজশাহী বোর্ড-২০২৫

ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : | 1 | 4 | 3 |**

সময় : ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. কোনটি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি প্রতিষ্ঠান?**
ক) যুব প্রশিক্ষণ কেন্দ্র খ) বাংলাদেশ পল্লি উন্নয়ন বোর্ড
গ) নট্রামস
ঘ) বাংলাদেশের ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট

**২. G.M কোম্পানির অনুমোদিত মূলধন ৫,০০,০০,০০০ টাকা। রিমুন উক্ত কোম্পানির ৭০ টাকা মূল্যের ১,০০,০০০টি শেয়ার ক্রয় করেছেন। রিমুনের দায় কত টাকার মধ্যে সীমাবন্ধ থাকবে?**
ক) ৫,০০,০০,০০০ টাকা খ) ৭০,০০,০০০ টাকা
গ) ৫,৭০,০০,০০০ টাকা ঘ) ৪,৩০,০০,০০০ টাকা

**বি.দ্র. :** যেহেতু একজন শেয়ার মালিক যে মূল্যমানের শেয়ার কেনে তিনি শুধু সে পরিমাণ অর্থের জন্য দায়ী থাকে। এক্ষেত্রে রিমুন GM কোম্পানির (৭০ × ১,০০,০০০) বা ৭০,০০,০০০ টাকার শেয়ার ক্রয় করেছে। অর্থাৎ তার দায় ৭০,০০,০০০ টাকার মধ্যে সীমাবন্ধ থাকবে।

**৩. প্রযুক্তিগত উন্নয়নের ফলে–**
i. উৎপাদিত পণ্যের পরিমাণ বৃদ্ধি পায় ii. উৎপাদিত পণ্যের বিক্রয় বৃদ্ধি পায়
iii. উৎপাদিত পণ্যের গুণগত মান বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**৪. শোপিস, তৈজসপত্র কোন ধরনের কুটির শিল্পের অন্তর্গত?**
ক) পাটজাত খ) হস্ত গ) মৃৎ ঘ) ঝিনুক

**৫. জনাব আমিন তার এলাকার নিম্ন আয়ের মানুষের জীবনযাত্রার মানের কথা চিন্তা করে নিত্য প্রয়োজনীয় পণ্য-দ্রব্যের দোকান দেয়ার সিদ্ধান্ত নিলেন। জনাব আমিনের সিদ্ধান্তটি কোন পরিবেশের সাথে জড়িত?**
ক) প্রাকৃতিক খ) রাজনৈতিক গ) অর্থনৈতিক ঘ) সাংস্কৃতিক

**৬. ভবিষ্যতের পণ্য উদ্ভাবনের জন্য কী প্রয়োজন?**
ক) অনুমোদন খ) অনুদান
গ) বাজেট নির্ধারণ ঘ) ব্যবসায় পরিকল্পনা

**৭. ম্যাটসুসিটা কোন দেশের প্রতিষ্ঠিত কোম্পানি?**
ক) বাংলাদেশ খ) ভারত গ) জাপান ঘ) জার্মান

**৮. বদলি, পদোন্নতি ব্যবস্থাপনার কোন কার্যাবলির অন্তর্ভুক্ত?**
ক) পরিকল্পনা খ) কর্মী সংস্থান গ) নির্দেশনা ঘ) প্রেষণা

**৯. বিপুল সংখ্যক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য কোন ব্যবসায় সবচেয়ে বেশি উপযোগী?**
ক) এক মালিকানা খ) অংশীদারি গ) যৌথ মূলধনী ঘ) সমবায় সমিতি

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মামুন একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি নিজস্ব গুদামে পোশাক মজুদ রাখেন। পোশাকের গুণগত মান বাজারে প্রচলিত করার জন্য তিনি নিবন্ধন করেন এবং নিবন্ধিত প্রতিষ্ঠানটি তাকে একটি সনদপত্র প্রদান করে।

**১০. জনাব মামুনের পোশাকের মজুদ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ক) স্থানগত খ) সময়গত গ) ঝুঁকিগত ঘ) স্বত্বগত

**১১. জনাব মামুনের নিবন্ধিত প্রতিষ্ঠানটি কোন মন্ত্রণালয়ের অধীনে?**
ক) অর্থ খ) বাণিজ্য গ) শিল্প ঘ) তথ্য

**১২. মাইক্রোস্ক্রিনিং এর কোন উপাদানটি ব্যবসায় প্রকল্প নির্বাচনে গুরুত্বপূর্ণ প্রভাবক হিসেবে কাজ করে?**
ক) অর্থনৈতিক পরিবেশ খ) প্রাকৃতিক পরিবেশ
গ) রাজনৈতিক পরিবেশ ঘ) সাংস্কৃতিক পরিবেশ

**বি.দ্র. :** প্রশ্নটিতে ভুল রয়েছে এটা ম্যাক্রোস্ক্রিনিং হবে।

**১৩. বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা কোনটি?**
ক) চাকরির প্রতি অধিক আগ্রহ খ) ব্যাপক প্রশিক্ষণ গ্রহণ
গ) কার্যকর পরিকল্পনা গ্রহণ ঘ) বৃত্তিমূলক শিক্ষার প্রসার

**১৪. পানি হতে বিদ্যুৎ উৎপাদন কোন শিল্পের অন্তর্গত?**
ক) নিষ্কাশন খ) নির্মাণ গ) সেবা ঘ) উৎপাদন

**১৫. রবি তার কারখানায় উৎপাদিত পণ্য বাজারে প্রচলিত একই জাতীয় পণ্য থেকে আলাদাভাবে চেনার জন্য একটি উপায় খুঁজছেন। এ ক্ষেত্রে রবির কী করা প্রয়োজন?**
ক) মোড়ক নির্ধারণ খ) প্রতীক নিবন্ধন
গ) মালিকানা নিবন্ধন ঘ) পণ্যের ডিজাইন নির্ধারণ

**১৬. ব্যবসায় ক্রমবিকাশের মধ্যযুগের পর্যায় কোনটি?**
ক) কৃষিকার্য খ) প্রযুক্তির উন্নয়ন
গ) বাজার ও শহর সৃষ্টি ঘ) ব্যাংক ব্যবস্থার সম্প্রসারণ

**১৭. শিল্প উদ্যোগের নব দিগন্ত উন্মোচন করেন কে?**
ক) শিল্প বিশেষজ্ঞ খ) সরকার গ) বিনিয়োগকারী ঘ) সফল উদ্যোক্তা

**১৮. শীতকালে উৎপাদিত আলু সারা বছর পেয়ে থাকি বিপণনের কোন কাজের মাধ্যমে?**
ক) ক্রয় খ) পরিবহণ গ) মোড়ককিকরণ ঘ) গুদামজাতকরণ

**১৯. ব্যবসায় উদ্যোগের বৈশিষ্ট্যের অন্তর্গত–**
i. নতুন সম্পদ সৃষ্টি ii. নিজের ও অন্যদের জন্য কর্মসংস্থান সৃষ্টি
iii. ঝুঁকিমুক্ত ব্যবসায় পরিচালনা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব বাশির কোনো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে অধস্তনদের সাথে আলোচনা করেন। তিনি তার কর্মীকে কোনো দায়িত্ব বণ্টনের আগে সেই কাজের জন্য তিনি উপযুক্ত কিনা সেটি যাচাই করেন।

**২০. জনাব বাশির কোন ধরনের নেতৃত্ব দেন?**
ক) গণতান্ত্রিক খ) স্বৈরতান্ত্রিক গ) মুক্ত ঘ) আমলাতান্ত্রিক

**২১. জনাব বাশিরের মধ্যে কোন ধরনের গুনাবলি পরিলক্ষিত হয়?**
ক) সাহস ও সততা খ) প্রখর ব্যক্তিত্ব
গ) সাংগঠনিক দক্ষতা ঘ) মানবিক সম্পর্ক অনুধাবন

**২২. রাষ্ট্রীয় ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী?**
ক) মুনাফা অর্জন খ) জনকল্যাণ গ) কর আদায় ঘ) সেবা প্রদান

**২৩. শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যা কোনটি?**
ক) অর্থ পাচার খ) মুলধনের স্বল্পতা গ) অব্যবস্থাপনা ঘ) পরিবেশ দূষণ

**২৪. পণ্যের আবিষ্কারক ও সরকারের মধ্যে কোন মেধা সম্পদ চুক্তি হয়?**
ক) ট্রেডমার্ক খ) পেটেন্ট গ) কপিরাইট ঘ) সুনাম

**২৫. যুব প্রশিক্ষণ কেন্দ্রে যেসব বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়–**
i. কম্পিউটার চালনা ii. কুটির শিল্পের কাজ iii. কম্পিউটার প্রোগ্রামিং
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শাকিল নরসিংদী শহরে একটি কাগজ তৈরির কারখানা স্থাপন করেছেন। তিনি কারখানা স্থাপনের আর্থিক সহযোগিতা নিয়েছেন। পরবর্তীতে কর অবকাশ সুবিধা পেলেও দ্রুত শিল্পায়নের লক্ষ্যে যন্ত্রপাতি পরিবর্তন ও সম্প্রসারণের জন্য তিনি সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকানাধীন একটি বাণিজ্যিক ব্যাংক থেকে ঋন ও পরামর্শ নেন।

**২৬. জনাব শাকিলের আর্থিক সহযোগিতা ও কর অবকাশ সুবিধা কোন সহায়তার অন্তর্গত?**
ক) উদ্দীপনামূলক খ) সমর্থনমূলক গ) সংরক্ষনমূলক ঘ) বেসরকারি

**২৭. দ্রুত শিল্পায়নের লক্ষ্যে জনাব শাকিল কোন প্রতিষ্ঠান থেকে ঋণ ও পরামর্শ নেন?**
ক) BASIC খ) BSCIR গ) BDBL ঘ) BITAC

**২৮. স্থানীয় ক্ষুদ্র ও কুটির শিল্প গড়ে উঠার ক্ষেত্রে কীসের উপর ভূমিকা রাখে?**
ক) পরিবহণ খ) বাজার গ) জনগণ ঘ) চাহিদা

**২৯. অংশীদারি প্রতিষ্ঠানে ন্যূনতম সদস্য ২ জন রাখা সম্ভব না হলে কীভাবে বিলোপ সাধন হবে?**
ক) বাধ্যতামূলকভাবে খ) আদালত কর্তৃক
গ) বিজ্ঞপ্তি দ্বারা ঘ) বিশেষ ঘটনার প্রেক্ষিতে

**৩০. মান অনুযায়ী পণ্যকে বিভিন্ন শ্রেণিতে বিভক্ত করা হয়– বিপণনের কোন কার্যাবলি দ্বারা?**
ক) গুদামজাতকরণ খ) প্রমিতকরণ গ) মোড়ককিকরণ ঘ) পর্যায়িতকরণ

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজশাহী বোর্ড-২০২৫

ব্যবসায় উদ্যোগ (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মি. নাঈম পড়ালেখা করে ঢাকার নবাবপুরে একটি কেমিক্যালের দোকান দেন। এজন্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করেন। তিনি বিভিন্ন দেশ থেকে কেমিক্যাল আমদানি করে বিক্রয় করেন। তার আমদানিকৃত কেমিক্যালের মান ভালো হওয়ায় বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির পাশাপাশি মুনাফার পরিমাণ বাড়ে। কিন্তু তার কাছে প্রয়োজনীয় অর্থ না থাকায় ব্যবসায় পরিধি বৃদ্ধি করতে পারছেন না। এমতাবস্থায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে ঋণ নেওয়ার জন্য ভাবছেন।

(ক) প্রত্যক্ষ সেবা কী? ১
(খ) "শিল্প হলো উৎপাদনের বাহন"– ব্যাখ্যা কর। ২
(গ) মি. নাঈমের কর্মকাণ্ড ব্যবসায়ের কোন শ্রেণির আওতাভুক্ত? ব্যাখ্যা কর। ৩
(ঘ) মি. নাঈমের ঋণ গ্রহণের চিন্তা-ভাবনা ব্যবসায়ের কোন পরিবেশকে প্রভাবিত করছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। হৃদম কৃষিতে টেকসই ও পরিবেশবান্ধব উপাদান ব্যবস্থার কথা বিবেচনা করে পাবনায় একটি জৈব সার কারখানা স্থাপন করেন। তার কারখানায় মোট ৩৬ কোটি টাকা ব্যয় হয়েছে এবং ২০০ জন শ্রমিক রয়েছে। কিন্তু পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে নিজের অস্তিত্ব টিকে রাখার জন্য তার কারখানা কে আরও আধুনিকায়ন করার প্রয়োজনীয়তা দেখা দেয়। এজন্য তার আরো ২১ কোটি টাকা ব্যয় হবে এবং ১২৫ জন শ্রমিকের প্রয়োজন পড়বে। প্রতিষ্ঠানটি স্বাস্থ্যসম্মত নিত্য নতুন কৃষি পণ্য উৎপাদনের ক্ষেত্র প্রসারিত করতে সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে।

(ক) কুটির শিল্প কী? ১
(খ) শিল্পোন্নয়নের গতিধারা ব্যাহত হচ্ছে কেন? ব্যাখ্যা কর। ২
(গ) বিনিয়োগের মাপকাঠিতে হৃদমের প্রথম পর্যায়ের শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
(ঘ) আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় হৃদমের দ্বিতীয় পর্যায়ের শিল্প কারখানাটি স্থাপনের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৩। জনাব রকি নিজ উদ্যোগে একটি ব্যবসায় গঠন করেন এবং নিজেই পরিচালনা করেন। ব্যবসায়ের লাভ-ক্ষতি নিজেকেই বহন করতে হয়। অপর দিকে শফিক, রফিক এবং বরকত তিনবন্ধু চুক্তিবদ্ধ হয়ে সমহারে মূলধন নিয়ে ব্যবসায় গঠন করেন। কয়েক বছর পর শফিক অবসর নেন কিন্তু ব্যবসায় মূলধন রয়ে যায়। এখন রফিক এবং বরকত ব্যবসায় নিয়ে ভাবছেন।

(ক) পরিমেল নিয়মাবলি কী? ১
(খ) রাষ্ট্রীয় ব্যবসায় বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে শফিক কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে প্রথম পর্যায় ও দ্বিতীয় পর্যায়ের ব্যবসায়ের বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

৪। জনাব জামিল এবং রতন দুই বন্ধু আলাদা উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। জামিল কর্মীদের আদেশ দেন কিন্তু জবাবদিহি করেন না এবং সবসময় নেতিবাচক মনোভাব পোষণ করেন। অপর দিকে, রতন কর্মীদের সাথে পরামর্শ করেন এবং বিভিন্ন তথ্য সংগ্রহ করেন। তিনি কর্মীদের প্রশ্ন করেন এবং জবাবদিহিতা আশা করেন।

(ক) ব্যবসায় অর্থায়ন কী? ১
(খ) ব্যবস্থাপনার প্রথম কাজ কোনটি? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে জনাব জামিলের নেতৃত্বের ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে জনাব জামিল ও রতনের নেতৃত্বের ধরন বিবেচনায় তোমার নিকট কোনটি অধিক গ্রহণযোগ্য? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫। জনাব বাশার একজন মুদি ব্যবসায়ী। এলাকার বসবাসকারী মানুষের কথা চিন্তা করে তাদের চাহিদা মাফিক বিভিন্ন ভোগ্যপণ্য সংগ্রহ করেন। তিনি ও তার কর্মচারী ক্রেতাদের সঙ্গে ভালো ব্যবহার করেন ও পণ্যের গুণাগুণ দেখে সবসময় পণ্য বিক্রি করেন। তিনি কখনোই মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রি করেন না। দেশে এক সময় সয়াবিন তেলের ঘাটতি দেখা দিলে কিছু অসাধু ব্যবসায়ী চড়াদামে তেল বিক্রি করেন। কিন্তু জনাব বাশার সঠিক দামেই তেল বিক্রি করেন। এই জন্য তার দোকানে ক্রেতার ভিড় লেগেই থাকে।

(ক) বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের অন্যতম উদ্দেশ্য কী? ১
(খ) মাইডাস এর কার্যাবলি ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে জনাব বাশার সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করেছেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের আলোকে জনাব বাশারের ব্যবসায়িক কার্যক্রমে মূল্যবোধ ও নৈতিকতার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৬। রুমা পারভীন ব্যক্তিগত ও পারিবারিক কিছু সম্পত্তি বিক্রি করে এবং আর্থিক প্রতিষ্ঠান থেকে কিছু ঋণ নিয়ে ১৫টি গরু কিনে একটি খামার স্থাপন করেন। কঠোর পরিশ্রম, যত্নশীলতা ও সৃজনশীলতার কারণে কিছু দিনের মধ্যেই তিনি একজন সফল খামারী হয়ে উঠেন। স্বাধীনতা দিবসে জেলা প্রশাসনের পক্ষ থেকে রুমা পারভীনকে সম্মাননা পদক দেওয়া হয়। তার সাফল্যের ফলে আরও অনেক খামার প্রতিষ্ঠায় উৎসাহী হয়ে উঠেন।

(ক) প্রশিক্ষণ কী? ১
(খ) ব্যবসায়ের স্থান নির্বাচনে বিবেচ্য বিষয় কী? ব্যাখ্যা কর। ২
(গ) রুমা পারভীনের খামার প্রতিষ্ঠা কাজটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জেলা প্রশাসনের পক্ষ থেকে রুমা পারভীনকে সম্মাননা দেওয়ার বিষয়টি কীভাবে দেশের অর্থনীতিতে প্রভাব ফেলবে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। ফরিদ সাহেব ও তার চার বন্ধুকে নিয়ে একটি সার কারখানা স্থাপন করতে চান। তাদের কারখানার জমি ও যন্ত্রপাতি ক্রয় বাবদ বেশ কিছু টাকার প্রয়োজন। তাদের সরবরাহকৃত মূলধন দিয়ে তা পূরণ সম্ভব নয় বিধায় তারা একটি বেসরকারী ব্যাংক হতে অর্থের সংস্থান করার সিদ্ধান্ত নেন। তারা তাদের প্রতিষ্ঠানটি স্থাপনের পূর্বে বাজার যাচাই ও অনুসন্ধানের মাধ্যমে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করে নেন। যার প্রতিবেদন দেখে একটি বেসরকারী ব্যাংক তাদের অর্থসংস্থানে রাজি হয়। অর্থের সংস্থান হলে তারা তাদের পরিকল্পনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করেন।

(ক) প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী কী? ১
(খ) সম আয়-ব্যয় বিশ্লেষণ কেন করা হয়? ব্যাখ্যা কর। ২
(গ) ফরিদ সাহেবের ব্যবসায় পরিকল্পনা প্রণয়নে পদ্ধতির ধরন কোনটি? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
(ঘ) প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ফরিদ সাহেব কোন কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করতে পারবেন বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮। জনাব আরিফ একটি শিশুখাদ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানের পরিচালক। শিশুখাদ্য প্রস্তুত করে বাজারজাত করার পূর্বে প্রতিষ্ঠানটি পণ্যের মান নির্ধারণে সন্তোষজনক হওয়ায় সরকার কর্তৃক একটি সনদপত্র গ্রহণ করে। তাঁর প্রতিষ্ঠান যাতে অদূর ভবিষ্যতে হুমকির সম্মুখীন না হয় সেজন্য তিনি লোকসান পূরণে অন্য একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হন।

(ক) লাইসেন্স কী? ১
(খ) "স্বাতন্ত্র্যতাই মার্ক বা প্রতীকের মূল বিষয়"– ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আরিফ কোন সংস্থার মাধ্যমে পণ্যের মান যাচাই করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের আলোকে চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৯। মি. হাসান গ্রামের হাট থেকে বিভিন্ন প্রকার সবজি কিনে উপজেলা সদরে নিয়ে ভ্যান গাড়ীতে কম লাভে বিক্রি করেন। তার সবজির প্রতি ক্রেতাদের আকৃষ্ট করার জন্য অনুকূল বাচনভঙ্গী ও প্রজ্ঞার মাধ্যমে নারী পুরুষ উভয়ের সাথে যোগাযোগ স্থাপন করেন। যার কারণে তার সবজির প্রতি ক্রেতাদের চাহিদা বৃদ্ধি পায় এবং অল্প দিনের মধ্যে তিনি একজন সফল সবজি বিক্রেতা হিসেবে পরিচিতি লাভ করেন।

(ক) পর্যায়িতকরণ কী? ১
(খ) প্রচারই প্রসার– উক্তিটি ব্যাখ্যা কর। ২
(গ) মি. হাসান এর বিক্রয়ের ক্ষেত্রে বণ্টন প্রণালীর ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) একজন সফল ব্যবসায়ী হিসেবে মি. হাসান এর আদর্শ বিক্রয়কর্মীর যেসব গুণাবলি পরিলক্ষিত হয় তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। যথাযথ জ্ঞান না থাকা সত্ত্বেও জনাব মারুফ প্রত্যন্ত অঞ্চলে স্টেশনারি সামগ্রী তৈরির কারখানা স্থাপন করেন। প্রাথমিক পর্যায়ে প্রয়োজনীয় মূলধন সংগ্রহে তিনি ব্যর্থ হন। অদক্ষ শ্রমিকের কারণে কাঁচামালের যথাযথ ব্যবহার না হওয়ায় তার উৎপাদনও বাধাগ্রস্ত হয়। ফলে তিনি চাহিদা অনুযায়ী পণ্য সরবরাহ করতে পারেননি।

(ক) ব্যবসায় উদ্যোগ কী? ১
(খ) উদ্যোক্তা চ্যালেঞ্জমূলক কাজ করতে বিশেষ আনন্দ পান। –উক্তিটি ব্যাখ্যা কর। ২
(গ) জনাব মারুফ ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা দূরীকরণের কী কী উপায় অবলম্বন করতে পারেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব মারুফের ব্যবসায় উদ্যোগ উন্নয়নের বাধাসমূহ কী? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা শেষ করে জনাব মুহিবুল সাভারে বিসিক শিল্প এলাকায় 'মুহিবুল লেদার' নামে একটি উন্নতমানের ও রপ্তানিমুখী কারখানা স্থাপন করেন। এজন্য তিনি একটি প্রতিষ্ঠান থেকে আর্থিক ও কারিগরি সহায়তা নিয়েছেন। তার কারখানায় চামড়ার তৈরি বিভিন্ন ব্যাগ, বেল্ট ও জুতা ভালো মানের হওয়ায় প্রতিষ্ঠানটির সুনাম দেশ-বিদেশে ছড়িয়ে পড়েছে। বর্তমানে এই কারখানায় ২০০ জন কর্মচারী নিয়োজিত আছে।

(ক) কৃত্রিম ব্যক্তি সত্তা বলতে কী বোঝায়? ১
(খ) অংশীদারি ব্যবসায় নিবন্ধন কী বাধ্যতামূলক? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব মুহিবুলের সহায়তাদানকারী সরকারি প্রতিষ্ঠানের ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) 'মুহিবুল লেদার' প্রতিষ্ঠানটিকে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কোন সহায়ক সেবা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা (রাজশাহী বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | গ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | খ |
| ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** মি. নাঈম পড়ালেখা করে ঢাকার নবাবপুরে একটি কেমিক্যালের দোকান দেন। এজন্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করেন। তিনি বিভিন্ন দেশ থেকে কেমিক্যাল আমদানি করে বিক্রয় করেন। তার আমদানিকৃত কেমিক্যালের মান ভালো হওয়ায় বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির পাশাপাশি মুনাফার পরিমাণ বাড়ে। কিন্তু তার কাছে প্রয়োজনীয় অর্থ না থাকায় ব্যবসায় পরিধি বৃদ্ধি করতে পারছেন না। এমতাবস্থায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে ঋণ নেওয়ার জন্য ভাবছেন।

ক. প্রত্যক্ষ সেবা কী? ১

খ. "শিল্প হলো উৎপাদনের বাহন"– ব্যাখ্যা কর। ২

গ. মি. নাঈমের কর্মকাণ্ড ব্যবসায়ের কোন শ্রেণির আওতাভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. নাঈমের ঋণ গ্রহণের চিন্তা-ভাবনা ব্যবসায়ের কোন পরিবেশকে প্রভাবিত করছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[রা. বো. ২০২৫]

### ১নং প্রশ্নের উত্তর

**ক** অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্বাধীন পেশায় নিয়োজিত ডাক্তার, উকিল, প্রকৌশলী প্রভৃতি পেশাজীবীগণ প্রত্যক্ষভাবে যে সেবাকর্ম বিক্রয় করেন, তাকে প্রত্যক্ষ সেবা বলা হয়।

**খ** ব্যবসায় উৎপাদন সংক্রান্ত কাজ শিল্পের দ্বারা সংঘটিত হয় বলে শিল্পকে উৎপাদনের বাহন বলা হয়।

যে প্রক্রিয়ায় প্রাকৃতিক সম্পদ আহরণ, কাঁচামালে রূপদান এবং প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁচামালকে মানুষের ব্যবহার উপযোগী পণ্যে পরিণত করা হয় তাকে শিল্প বলে। শিল্পের কাজ হলো প্রাকৃতিক সম্পদ উত্তোলন, শোধন এবং রূপগত পরিবর্তনের মাধ্যমে পণ্যদ্রব্যের নতুন উপযোগ সৃষ্টি করা। এ কারণেই শিল্পকে উৎপাদনের বাহন বলা হয়।

**গ** মি. নাঈমের কর্মকাণ্ড ব্যবসায়ের বাণিজ্য শাখার অন্তর্ভুক্ত।

ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌঁছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবা সামগ্রী ভোক্তাদের নিকট পৌঁছানোর সকল কার্যাবলিকে বাণিজ্য বলে। বাণিজ্যকে ব্যবসায়ের পণ্য বা সেবাসামগ্রী বণ্টনকারী শাখা হিসেবে চিহ্নিত করা হয়।

উদ্দীপকের মি. নাঈম পড়ালেখা শেষ করে ঢাকার নবাবপুরে একটি কেমিক্যালের দোকান দেন। এজন্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করেন। তিনি বিভিন্ন দেশ থেকে কেমিক্যাল আমদানি করে বিক্রয় করেন। এক্ষেত্রে তিনি পরিবহণের মাধ্যমে কেমিক্যাল এক দেশ থেকে আমদানি করার মাধ্যমে পণ্যের স্থানগত উপযোগ সৃষ্টি করেন। এছাড়া পণ্য সংগ্রহ করে সরাসরি ভোক্তা-ক্রেতাদের নিকট বিক্রয় করায় পণ্যের মালিকানা পরিবর্তন হয়। এভাবে তিনি পরিবহণ ও ক্রয়-বিক্রয়ের মাধ্যমে এক স্থানের পণ্য অন্য স্থানের ক্রেতার কাছে পৌঁছে দেন। উক্ত কার্যক্রম সম্পন্ন করে পণ্যকে ক্রেতার কাছে। পৌঁছে দেওয়া মূলত বাণিজ্যেরই কাজ। তাই বলা যায়, মি. নাঈমের কর্মকাণ্ড বাণিজ্যের আওতাভুক্ত।

**ঘ** মি. নাঈমের ঋণ গ্রহণের ঋণ গ্রহণের চিন্তাভাবনা ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশকে প্রভাবিত করেছে বলে আমি মনে করি।

যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য অনুকূল অর্থনৈতিক পরিবেশ আবশ্যক। সঞ্চয়, বিনিয়োগ, মূলধন, অর্থ ও ব্যাংকিং প্রভৃতি উৎপাদন নিয়ে অর্থনৈতিক পরিবেশ গড়ে উঠে।এ উপাদানগুলো অনুকূলে থাকলে ব্যবসায় প্রসার সহজ হয়।

উদ্দীপকের মি. নাঈম বিভিন্ন দেশ থেকে কেমিক্যাল আমদানি করে তা ক্রেতা বা ভোক্তাদের নিকট বিক্রয় করেন। তার আমদানিকৃত কেমিক্যালের মান ভালো হওয়ায় বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির পাশাপাশি মুনাফার পরিমাণও বাড়ে। কিন্তু তার কাছে প্রয়োজনীয় অর্থ না থাকায় ব্যবসায় পরিধি বৃদ্ধি করতে পারছেন না। এমতাবস্থায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে ঋণ নেওয়ার জন্য ভাবছেন। যেহেতু অর্থ, ঋণ ব্যবস্থা, আর্থিক প্রতিষ্ঠান, দক্ষ উদ্যোক্তা প্রভৃতি পরিবেশের উপাদান। এক্ষেত্রে মি. নাঈমের ঋণ নেওয়ার বিষয়টি অর্থনৈতিক পরিবেশের প্রভাবকে নির্দেশ করে।

অর্থ ও ব্যাংকিং ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশের একটি গুরুত্বপূর্ণ উপাদান। যেকোনো ব্যবসায়ের গঠন ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অর্থের প্রয়োজন হয়। একজন ব্যবসায়ী ব্যাংক বা যেকোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণের মাধ্যমে এই অর্থ সংগ্রহ করতে পারেন। মি. নাঈমও তার ব্যবসায়ের পরিধি বৃদ্ধি করার জন্য আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণের মাধ্যমে তার প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করার চিন্তাভাবনা করেন। এ ঋণের অর্থ দিয়ে তিনি ব্যবসায় পরিচালনা ও সম্প্রসারণ সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে পারবেন। এতে ব্যবসায়ের পরিধি বাড়ার পাশাপাশি বিক্রয়ও বৃদ্ধি পাবে। ফলে তিনি আরও বেশি মুনাফা অর্জন করতে পারবেন। অর্থাৎ মি. নাঈমের ব্যবসায় পরিধি বৃদ্ধির জন্য ঋণ গ্রহণ সিদ্ধান্তটি ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশের

একটি অন্যতম প্রভাবক, যা তার ব্যবসায়ের পরিধি বৃদ্ধির পাশাপাশি মুনাফাও বৃদ্ধি করে ব্যবসায়ের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনকে ত্বরান্বিত করবে।

তাই বলা যায়, মি. নাঈমের ঋণ গ্রহণের চিন্তা ভাবনা ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশকে প্রভাবিত করে।

**প্রশ্ন ▸ ০২** হৃদম কৃষিতে টেকসই ও পরিবেশবান্ধব উপাদান ব্যবস্থার কথা বিবেচনা করে পাবনায় একটি জৈব সার কারখানা স্থাপন করেন। তার কারখানায় মোট ৩৬ কোটি টাকা ব্যয় হয়েছে এবং ২০০ জন শ্রমিক রয়েছে। কিন্তু পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে নিজের অস্তিত্ব টিকে রাখার জন্য তার কারখানা কে আরও আধুনিকায়ন করার প্রয়োজনীয়তা দেখা দেয়। এজন্য তার আরো ২১ কোটি টাকা ব্যয় হবে এবং ১২৫ জন শ্রমিকের প্রয়োজন পড়বে। প্রতিষ্ঠানটি স্বাস্থ্যসম্মত নিত্য নতুন কৃষি পণ্য উৎপাদনের ক্ষেত্র প্রসারিত করতে সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে।

ক. কুটির শিল্প কী? ১

খ. শিল্পোন্নয়নের গতিধারা ব্যাহত হচ্ছে কেন? ব্যাখ্যা কর। ২

গ. বিনিয়োগের মাপকাঠিতে হৃদমের প্রথম পর্যায়ের শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. আর্থ-সামাজিক অবস্থা বিবেচনায় হৃদমের দ্বিতীয় পর্যায়ের শিল্প কারখানাটি স্থাপনের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

[রা. বো. ২০২৫]

**২নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▸ ০৩** জনাব রকি নিজ উদ্যোগে একটি ব্যবসায় গঠন করেন এবং নিজেই পরিচালনা করেন। ব্যবসায়ের লাভ-ক্ষতি নিজেকেই বহন করতে হয়। অপর দিকে শফিক, রফিক এবং বরকত তিনবন্ধু চুক্তিবন্ধ হয়ে সমহারে মূলধন নিয়ে ব্যবসায় গঠন করেন। কয়েক বছর পর শফিক অবসর নেন কিন্তু ব্যবসায় মূলধন রয়ে যায়। এখন রফিক এবং বরকত ব্যবসায় নিয়ে ভাবছেন।

ক. পরিমেল নিয়মাবলি কী? ১

খ. রাষ্ট্রীয় ব্যবসায় বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে শফিক কোন ধরনের অংশীদার? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রথম পর্যায় ও দ্বিতীয় পর্যায়ের ব্যবসায়ের বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** পরিমেল নিয়মাবলী হলো কোম্পানির দ্বিতীয় অন্যতম দলিল যার মধ্যে কোম্পানির অভ্যন্তরীণ পরিচালনা ও ব্যবস্থাপনার যাবতীয় বিষয়াদি বিস্তারিতভাবে লিপিবদ্ধ থাকে।

**খ** সাধারণ অর্থে সরকার কর্তৃক গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়কে রাষ্ট্রীয় ব্যবসায় বলে। এ ব্যবসায় রাষ্ট্রপ্রধানের অধ্যাদেশ বা জাতীয় সংসদে বিল পাসের মাধ্যমে গঠিত হয়। রাষ্ট্রীয় ব্যবসায়ের মূল উদ্দেশ্য জনসেবা বা জনকল্যাণ। অন্যান্য ব্যবসায়ের মতো মুনাফা অর্জন নয়। এ জাতীয় ব্যবসায়ে লাভ হলে তা সরকারি তহবিলে জমা হয় এবং জনকল্যাণে ব্যয় হয়। আবার লোকসান হলে সরকারকেই তা বহন করতে হয়।

**গ** উদ্দীপকে শফিক একজন আপাতদৃষ্টিতে অংশীদার।

এরূপ অংশীদার ব্যবসায় থেকে অবসর গ্রহণ করার পরও মূলধন উত্তোলন না করে তা ঋণ হিসেবে ব্যবসায়ে জমা রাখে। তারা ব্যবসায় থেকে মুনাফার পরিবর্তে সুদ পায়। তাদেরকে ব্যবসায়ের পাওনাদার মনে করা হয়।

উদ্দীপকে শফিক, রফিক এবং বরকত তিনজন চুক্তিবন্ধ হয়ে একটি ব্যবসায় গঠন করেন। তারা এ ব্যবসায়ে সবাই সমান মূলধন দেন। কয়েক বছর পর শফিক অবসর নেন। কিন্তু তিনি ব্যবসায় থেকে তার মূলধন উঠিয়ে নেননি। তিনি তার মূলধন এ ব্যবসায়ে ঋণ হিসেবে রেখে দেন। তিনি এখন মুনাফার পরিবর্তে ব্যবসায় থেকে সুদ পাবেন। কারণ শফিক এ ব্যবসায়ের একজন পাওনাদার। এসব বৈশিষ্ট্য আপাতদৃষ্টিতে অংশীদারের সাথে সম্পর্কিত। তাই বলা যায়, শফিক একজন আপাতদৃষ্টিতে অংশীদার।

**ঘ** উদ্দীপকে প্রথম পর্যায়ের ব্যবসায়টি একমালিকানা ব্যবসায় এবং দ্বিতীয় পর্যায়ের ব্যবসায়টি অংশীদারি ব্যবসায়।

একক মালিকানায় গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায় হলো একমালিকানা ব্যবসায়। অন্য দিকে দুই বা ততোধিক ব্যক্তি কর্তৃক চুক্তির মাধ্যমে গঠিত ব্যবসায় হলো অংশীদারি ব্যবসায়। দুটি ব্যবসায়ের উদ্দেশ্য মুনাফা অর্জন হলেও এর গঠন ও পরিচালনায় ক্ষেত্রে বৈসাদৃশ্য পরিলক্ষিত হয়।

উদ্দীপকের জনাব রকি নিজ উদ্যোগে একটি ব্যবসায় গঠন করেন। এর পরিচালনায়ও মূলধন মালিক নিজেই সরবরাহ করেন। এবং এ ব্যবসায়ের লাভ-ক্ষতি ও মালিক নিজেই বহন করেন। বৈশিষ্ট্যগত দিক থেকে এটি একমালিকানার অন্তর্ভুক্ত। আবার শফিক, রফিক এবং বরকত তিনবন্ধু চুক্তিবন্ধ হয়ে সমহারে মূলধন নিয়ে ব্যবসায় শুরু করেন। এর পরিচালনা ও লাভ ক্ষতি চুক্তি অনুযায়ী বণ্টিত হবে। এসকল ব্যবসায়ে সিদ্ধান্ত সকল সদস্য মিলে নিন। এটি অংশীদারি ব্যবসায়ের অন্তর্ভুক্ত।

প্রথম পর্যায়ের ব্যবসায় ও দ্বিতীয় পর্যায়ের ব্যবসায়ের উদ্দেশ্য মুনাফা অর্জন। এদের দায় অসীম এবং দুইটি আইন দ্বারা সৃষ্ট। দুইটি প্রতিষ্ঠানেরই মালিকানা থেকে ব্যবস্থাপনা পৃথক। প্রতিষ্ঠান দুইটি গঠন থেকে শুরু করে পরিচালনা পর্যন্ত অনেক অমিল রয়েছে। প্রথম পর্যায়ের প্রতিষ্ঠানের সদস্য মালিক নিজেই কিন্তু দ্বিতীয় পর্যায়ের ব্যবসায়ে সদস্য সংখ্যা দুই বা ততোধিক থেকে সর্বোচ্চ ২০ জন পর্যন্ত সীমাবদ্ধ থাকে। প্রথম পর্যায়ের ব্যবসায়ের ক্ষেত্রে কোনো ধরনের চুক্তির প্রয়োজন হয় না। অন্যদিকে অংশীদারি ব্যবসায়ের মূলভিত্তি হলো চুক্তি। প্রথম পর্যায়ে ব্যবসায়ের গঠন প্রক্রিয়া সহজ এবং স্বল্প মূলধন নিয়ে এ ব্যবসায়

করা যায়। পক্ষান্তরে দ্বিতীয় পর্যায়ের ব্যবসায় পৌরসভা থেকে ট্রেড লাইসেসন্স সংগ্রহ ও নিবন্ধন করে পরিচালনা করতে হয়। এক্ষেত্রে অধিক মূলধনের প্রয়োজন হয়। প্রথম পর্যায়ের ব্যবসাটি এক মালিকানা ব্যবসায় হওয়ায় লাভ লোকসান মালিক একাই ভোগ করেন। অন্যদিকে দ্বিতীয় পর্যায়ের ব্যবসায়টি অংশীদারি হওয়ায় লাভ-লোকসান চুক্তি অনুযায়ী বণ্টিত হয়। সুতরাং প্রথম পর্যায়ের ব্যবসায় ও দ্বিতীয় পর্যায়ের ব্যবসায়ে উদ্দেশ্য এক হলেও অনেক ক্ষেত্রেই বৈসাদৃশ্য লক্ষ করা যায়।

**প্রশ্ন ▸ ০৪** জনাব জামিল এবং রতন দুই বন্ধু আলাদা উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। জামিল কর্মীদের আদেশ দেন কিন্তু জবাবদিহি করেন না এবং সবসময় নেতিবাচক মনোভাব পোষণ করেন। অপর দিকে, রতন কর্মীদের সাথে পরামর্শ করেন এবং বিভিন্ন তথ্য সংগ্রহ করেন। তিনি কর্মীদের প্রশ্ন করেন এবং জবাবদিহিতা আশা করেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. ব্যবস্থাপনার প্রথম কাজ কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব জামিলের নেতৃত্বের ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব জামিল ও রতনের নেতৃত্বের ধরন বিবেচনায় তোমার নিকট কোনটি অধিক গ্রহণযোগ্য? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[রা. বো. ২০২৫]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** সাধারণত ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহ করাকে ব্যবসায় অর্থায়ন বলে।

**খ** ব্যবস্থাপনার প্রথম কাজ হলো পরিকল্পনা প্রণয়ন।

পরিকল্পনা হলো ভবিষ্যৎ কার্যক্রমের দিক-নির্দেশনা। কোনো ব্যবসায় সংগঠনের পূর্ব নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য ভবিষ্যতে কী কাজ, কে, কীভাবে, কখন করবে তা নির্ধারণ করাই হলো পরিকল্পনা।

**গ** জনাব জামিলের নেতৃত্বের ধরন হলো স্বৈরতান্ত্রিক।

এ নেতৃত্বে নেতা সব ক্ষমতা নিজের কাছে রাখেন। সিদ্ধান্ত নিতে তিনি কর্মীদের মতামতকে গুরুত্ব দেন না। কর্মীদের চাপ প্রয়োগ করে কাজ আদায় করেন। প্রয়োজনে ভুল কাজের জন্য শাস্তি দেন। এ নেতৃত্বে কর্মীরা নেতার আদেশ মানতে বাধ্য থাকে।

উদ্দীপকে জনাব জামিল একজন ব্যবস্থাপক। তিনি কর্মীদের সবসময় আদেশ দেন কিন্তু জবাবদিহি করেন না। কর্মীদের সবসময় চাপের মধ্যে রাখেন এবং সবসময় নেতিবাচক মনোভাব পোষণ করেন। ফলে কর্মীরা প্রতিষ্ঠানকে নিজের বলে ভাবতে পারে না। এসব বৈশিষ্ট্যের সাথে স্বৈরতান্ত্রিক নেতৃত্বের মিল আছে। তাই বলা যায় জনাব জামিলের নেতৃত্ব স্বৈরতান্ত্রিক নেতৃত্ব।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত জনাব জামিলের নেতৃত্ব স্বৈরতান্ত্রিক এবং জনাব রতনের নেতৃত্ব গণতান্ত্রিক নেতৃত্ব। উল্লিখিত গণতান্ত্রিক ও স্বৈরতান্ত্রিক নেতৃত্বের মধ্যে আমি গণতান্ত্রিক নেতৃত্বকে সমর্থন করি।

গণতান্ত্রিক নেতৃত্বে নেতা অধস্তনদের সাথে আলোচনা করে যেকোনো কাজের সিদ্ধান্ত নেওয়ায় কর্মীরা নিজেদের প্রতিষ্ঠানের অংশ মনে করেন। এ নেতৃত্বে কর্মীরা গুরুত্ব পায়। আর স্বৈরতান্ত্রিক নেতৃত্বে নেতা অধস্তনদের চাপ প্রয়োগ ও ভয়ভীতি দেখিয়ে কাজ আদায় করেন। এ নেতৃত্বে কর্মীরা কোনো গুরুত্ব পায় না।

উদ্দীপকে জনাব রতন তার প্রতিষ্ঠানে গণতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করেন। অন্যদিকে জনাব জামিল কর্মীদের প্রতি নেতিবাচক মনোভাব পোষণ করেন। কর্মীরা প্রতিষ্ঠানকে নিজেদের ভাবতে পারেন না। অর্থাৎ তিনি স্বৈরতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করেন।

জনাব রতনের গণতান্ত্রিক নেতৃত্বে কর্মীরা সন্তুষ্ট থাকে। তারা নিজেদের মতামতের গুরুত্ব পায় বলে কাজের প্রতি আগ্রহী হয়। এতে কাজের মান ভালো হয়। এটি প্রতিষ্ঠানের মূল লক্ষ্য অর্জনে সহায়তা করে। আর জনাব জামিলের স্বৈরতান্ত্রিক নেতৃত্বে কর্মীরা সবসময় অসন্তুষ্ট থাকে। এতে একসময় তাদের মধ্যে কাজের প্রতি আগ্রহ হারিয়ে যায়। ফলে এরূপ নেতৃত্ব প্রতিষ্ঠানের জন্য ভালো ফল বয়ে আনে না। তাই বলা যায়, জনাব রতনের গণতান্ত্রিক নেতৃত্বই উত্তম।

**প্রশ্ন ▸ ০৫** জনাব বাশার একজন মুদি ব্যবসায়ী। এলাকার বসবাসকারী মানুষের কথা চিন্তা করে তাদের চাহিদা মাফিক বিভিন্ন ভোগ্যপণ্য সংগ্রহ করেন। তিনি ও তার কর্মচারী ক্রেতাদের সঙ্গে ভালো ব্যবহার করেন ও পণ্যের গুণাগুণ দেখে সবসময় পণ্য বিক্রি করেন। তিনি কখনোই মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রি করেন না। দেশে এক সময় সয়াবিন তেলের ঘাটতি দেখা দিলে কিছু অসাধু ব্যবসায়ী চড়াদামে তেল বিক্রি করেন। কিন্তু জনাব বাশার সঠিক দামেই তেল বিক্রি করেন। এই জন্য তার দোকানে ক্রেতার ভিড় লেগেই থাকে।

ক. বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের অন্যতম উদ্দেশ্য কী? ১

খ. মাইডাস এর কার্যাবলি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব বাশার সমাজের কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে জনাব বাশারের ব্যবসায়িক কার্যক্রমে মূল্যবোধ ও নৈতিকতার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের অন্যতম উদ্দেশ্য হলো– বিজ্ঞানভিত্তিক গবেষণা ও প্রযুক্তির মাধ্যমে দেশীয় শিল্পের উন্নয়ন ও জাতীয় অর্থনীতি শক্তিশালী করা।

**খ** মাইডাসের সামগ্রিক কার্যক্রমগুলো হলো–

ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে ঋণ সুবিধা প্রদান। জাতীয়, বহুজাতিক, সরকারি, বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে প্রশিক্ষণ, তথ্য ও পরামর্শ সেবা

প্রদান। ব্যবসায় ক্ষেত্র অনুসন্ধান ও গবেষণা পরিচালনা। ব্যবসায় উদ্যোক্তাদের মধ্যে সহযোগিতার নেটওয়ার্ক বাড়ানো। ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উৎপাদিত পণ্য স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে বিপণনে সহায়তা করা।

**গ** উদ্দীপকে জনাব বাশার ব্যবসায়ের ক্রেতা ও ভোক্তাদের প্রতি সামাজিক দায়িত্ব পালন করেছেন।

সমাজ থেকে বিভিন্ন সুযোগ-সুবিধা গ্রহণ করেই ব্যবসায়ের উন্নতি ও সমৃদ্ধি ঘটে। তাই ব্যবসায়কে সমাজের প্রতি সমাজের প্রয়োজন মাফিক মানসম্মত পণ্য উৎপাদন ও সরবরাহ করা; কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা; বিভিন্ন জনহিতকর কাজে সহায়তা করা; জাতীয় দুর্যোগে জনগণের পাশে দাঁড়ানো; পরিবেশ দূষণ থেকে এলাকাকে রক্ষা করা; পণ্যের মজুতদারি না করা প্রভৃতি দায়িত্ব পালন করতে হয়। তাছাড়া ব্যবসায়ীকে পণ্যের বাজার স্থিতিশীল রাখা; মানসম্মত পণ্য সরবরাহ করা; পণ্যসামগ্রী প্রাপ্তি সহজতর করা; পণ্য ও বাজারসংক্রান্ত বিভিন্ন তথ্য সরবরাহ করা প্রভৃতি দায়িত্ব ক্রেতা ও ভোক্তাদের প্রতি দায়বদ্ধতাস্বরূপ পালন করতে হয়।

উদ্দীপকে জনাব বাশার একজন মুদি ব্যবসায়ী। তিনি তার এলাকার বসাবসকারী মানুষের কথা চিন্তা করে চাহিদা মাফিক পণ্য সংগ্রহ করেন। তিনি কর্মচারি ও ক্রেতাদের সাথে ভালো আচরণ করেন। তিনি পণ্যের গুণাগুণ যাচাই ও ন্যায্যমূল্যে ক্রেতাদের নিকট বিক্রি করেন। তিনি ক্রেতাদের সন্তুষ্টি অর্জনের জন্য মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রি থেকে বিরত থাকেন। ন্যায্যমূল্যে ও ভালো মানের পণ্যে সরবরাহ করায় তার দোকানে ক্রেতাদের ভিড় লেগে থাকে। এসব বিষয়ের সাথে ক্রেতা-ভোক্তার প্রতি ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার মিল রয়েছে। ফলে বলা যায় যে, জনাব বাশার ক্রেতা-ভোক্তার প্রতি সামাজিক দায়বদ্ধতা পালন করেছেন।

**ঘ** জনাব বাশারের ব্যবসায়িক কমকাণ্ডে মূল্যবোধ ও নৈতিকতার প্রতিফলন ঘটেছে।

নৈতিকতা হলো ভালো-মন্দ, ন্যায়-অন্যায়, উচিত-অনুচিত প্রভৃতি বিষয় বিচারের মাপকাঠি। এটি মানুষকে ভালো ও খারাপ দিক বিচার-বিশ্লেষণ করে পথ চলতে সাহায্য করে। আর সামাজিক দায়বদ্ধতা হলো মুনাফা অর্জনের সাথে সমাজের কিছু মঙ্গলময় বা কল্যাণমূলক কাজ করা।

আইন মেনে ব্যবসায় চালানো আবশ্যক। আবার নীতি বা আদর্শ করণীয় ও বর্জনীয় মেনে ও মূল্যবোধের আলোকে ব্যবসায় পরিচালনা করাও অপরিহার্য। সঠিক মাপে পণ্য দেওয়া, ন্যায্যমূল্যে পণ্য বিক্রি করা ইত্যাদি ব্যবসায় নৈতিকতার অন্তর্গত আর এই সকল কাজগুলো যথাযথভাবে পালন করা হলো– মূল্যবোধ।

উদ্দীপকে জনাব বাশার তার এলাকায় বসবাসকারী মানুষের জন্য ভালো ও উন্নতমানের পণ্য সরবরাহ করেন। পণ্যের গুণাগুণ ও ন্যায্য মূল্যে সবসময় পণ্য বিক্রি করেন। আর তিনি কর্মচারীদের সাথেও ভালো ব্যবহার এবং তাদের মজুরি সঠিকভাবে প্রদান করে। এ কাজগুলো ব্যবসায়ের নৈতিকতার অন্তগত। জনাব বাশারের নৈতিক কাজগুলোর মাধ্যমে ক্রেতার ভালোমানের পণ্য পাচ্ছে। এতে তার প্রতি ক্রেতাদের ভালো ধারণা তৈরি হবে। সমাজে তার সুনাম বাড়বে। আবার কর্মচারীদের সাথে ভালো আচরণ করার ফলে তার প্রতি সন্তুষ্ট থাকবে। এতে তাদের কাজের প্রতি আগ্রহ বাড়বে। ভোক্তা এবং ক্রেতাদের প্রতি সঠিকভাবে দায়িত্ব পালনের ফলে তিনি প্রতিযোগিতায় দীর্ঘদিন টিকে থাকতে পারবেন। সুতরাং জনাব বাশার নৈতিকতা ও মূল্যবোধ মেনে ব্যবসায় পরিচালনা করেছেন যা তার ব্যবসায়ের সাফল্য লাভেও সহায়তা করবে।

**প্রশ্ন ▶ ০৬** রুমা পারভীন ব্যক্তিগত ও পারিবারিক কিছু সম্পত্তি বিক্রি করে এবং আর্থিক প্রতিষ্ঠান থেকে কিছু ঋণ নিয়ে ১৫টি গরু কিনে একটি খামার স্থাপন করেন। কঠোর পরিশ্রম, যত্নশীলতা ও সৃজনশীলতার কারণে কিছু দিনের মধ্যেই তিনি একজন সফল খামারী হয়ে উঠেন। স্বাধীনতা দিবসে জেলা প্রশাসনের পক্ষ থেকে রুমা পারভীনকে সম্মাননা পদক দেওয়া হয়। তার সাফল্যের ফলে আরও অনেক খামার প্রতিষ্ঠায় উৎসাহী হয়ে উঠেন।

ক. প্রশিক্ষণ কী? ১

খ. ব্যবসায়ের স্থান নির্বাচনে বিবেচ্য বিষয় কী? ব্যাখ্যা কর। ২

গ. রুমা পারভীনের খামার প্রতিষ্ঠা কাজটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. জেলা প্রশাসনের পক্ষ থেকে রুমা পারভীনকে সম্মাননা দেওয়ার বিষয়টি কীভাবে দেশের অর্থনীতিতে প্রভাব ফেলবে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

**৬নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৭** ফরিদ সাহেব ও তার চার বন্ধুকে নিয়ে একটি সার কারখানা স্থাপন করতে চান। তাদের কারখানার জমি ও যন্ত্রপাতি ক্রয় বাবদ বেশ কিছু টাকার প্রয়োজন। তাদের সরবরাহকৃত মূলধন দিয়ে তা পূরণ সম্ভব নয় বিধায় তারা একটি বেসরকারী ব্যাংক হতে অর্থের সংস্থান করার সিদ্ধান্ত নেন। তারা তাদের প্রতিষ্ঠানটি স্থাপনের পূর্বে বাজার যাচাই ও অনুসন্ধানের মাধ্যমে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করে নেন। যার প্রতিবেদন দেখে একটি বেসরকারী ব্যাংক তাদের অর্থসংস্থানে রাজি হয়। অর্থের সংস্থান হলে তারা তাদের পরিকল্পনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করেন।

ক. প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী কী? ১

খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ কেন করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. ফরিদ সাহেবের ব্যবসায় পরিকল্পনা প্রণয়নে পদ্ধতির ধরন কোনটি? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ফরিদ সাহেব কোন কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করতে পারবেন বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

## ৭নং প্রশ্নের উত্তর

**ক** যে বিবরণীতে নির্দিষ্ট সময়ে কী পরিমাণ নগদ অর্থ আসছে এবং কী পরিমাণ নগদ অর্থ ব্যয় হচ্ছে তা সংরক্ষণ করা হয় তাকে প্রাক্কলিত নগদান প্রবাহ বিবরণী বলে।

**খ** পণ্যের সঠিক মূল্য নির্ধারণ, বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি, মুনাফা পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বৃদ্ধির লক্ষ্যে সম আয়-ব্যয় বিশ্লেষণ করা হয়। সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যবসায়ের এমন একটি অবস্থাকে বোঝায় যখন আয়-ব্যয় সমান হয়।

সম আয়-ব্যয় ব্যবসায়ের এমন একটি পর্যায় যখন লাভও হয় না. ক্ষতিও হয় না। যে পরিমাণ পণ্য বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য, মোট ব্যয়ের সমপরিমাণ হয় তাকে সম আয়-ব্যয় বলা হয়। যে বিন্দুতে পণ্য বিক্রয় করলে আয়-ব্যয় সমান হয় তাকে সম আয় ব্যয় বিন্দু (Break Even Point) বলে। সম আয়-ব্যয় বিন্দু জানা থাকলে কাঙ্ক্ষিত মুনাফা অর্জনের আশায় পণ্যের সঠিক মূল্য নির্ধারণ, বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি, মুনাফা পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা যায়।

**গ** ফরিদ সাহেবের ব্যবসায় পরিকল্পনা প্রণয়নে পদ্ধতির ধরনটি হলো মাইক্রোস্ক্রিনিং।

যেকোনো পরিকল্পনা প্রণয়নের পূর্বে প্রথমে এর সম্ভাব্যতা যাচাই করা উচিত। এই সম্ভাব্যতা যাচাইয়ের একটি পদ্ধতি হলো মাইক্রোস্ক্রিনিং। সাধারণত পরিকল্পনা নির্বাচনে উদ্যোক্তা যে উপাদানগুলো নিজে নিয়ন্ত্রণ করতে পারেন তাকে মাইক্রোস্ক্রিনিং বলে। বাজার চাহিদা, কারিগরি, বাণিজ্যিক ও অর্থনৈতিক দিক মাইক্রোস্ক্রিনিং এর উপাদান।

উদ্দীপকের ফরিদ সাহেব ও তার চার বন্ধুকে নিয়ে একটি সার কারখানা স্থাপন করতে চান। তারা তাদের এই প্রতিষ্ঠানটি স্থাপনের পূর্বে বাজার যাচাই ও অনুসন্ধানের মাধ্যমে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করে নেন। বাজার যাচাই মাইক্রোস্ক্রিনিং-এর একটি অন্যতম প্রভাবক। এর মাধ্যমে পণ্যের চাহিদা, ক্রেতাদের দৃষ্টিভঙ্গি ও আগ্রহ, বাজারে প্রতিযোগীদের সংখ্যা এবং পণ্য বা সেবার সুযোগ-সুবিধা যথার্থভাবে যাচাই করা হয়। উদ্দীপদের ফরিদ সাহেব ও তার বন্ধুরাও তাদের প্রতিষ্ঠানটি স্থাপনের পূর্বে বাজারের এসব বিষয়াদি যাচাই-বাছাই করেন। তাই বলা যায়, ফরিদ সাহেব ব্যবসায় পরিকল্পনা প্রণয়নে মাইক্রোস্ক্রিনিং পদ্ধতিটি অনুসরণ করেন।

**ঘ** প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ফরিদ সাহেব বাণিজ্যিক ব্যাংক ছাড়াও বাংলাদেশ ডেভেলেপমেন্ট ব্যাংক লি. ও ব্যাংক অব স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স লি. থেকে অর্থ সংগ্রহ করতে পারবেন।

যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠার জন্য অর্থ বা মূলধনের প্রয়োজন। এ অর্থ প্রয়োজন হয় ব্যবসায় শুরু করার জন্য, ব্যবসায় কার্যক্রম সচল রাখার জন্য এবং ব্যবসায় সম্প্রসারণের জন্য। ব্যবসায়ের এ মূলধন বিভিন্ন উৎস থেকে সংগ্রহ করার সুযোগ রয়েছে। শিল্প ও ঋণ পরিশোধের মেয়াদের ধরন বিবেচনা করে মূলত এ উৎস নির্বাচন করতে হয়।

উদ্দীপকের ফরিদ সাহেব তার চার বন্ধুকে সাথে নিয়ে একটি সার কারখানা স্থাপন করতে চান। তাদের কারখানার জমি ও যন্ত্রপাতি ক্রয় বাবদ বেশ কিছু টাকার প্রয়োজন। তাদের সরবরাহকৃত মূলধন দিয়ে তা পূরণ সম্ভব নয় বিধায় তারা একটি বেসরকারি ব্যাংক হতে অর্থের সংস্থান করার সিদ্ধান্ত নেন। পরবর্তীকালে ব্যাংকটিও তাদের অর্থসংস্থানে রাজি হয়। অর্থের সংস্থান হলে তারা তাদের পরিকল্পনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করেন। ফরিদ সাহেব এখানে অর্থ সংগ্রহে বাণিজ্যিক ব্যাংকের সহায়তা নিয়েছেন। তিনি চাইলে এ ব্যাংক ছাড়াও বিডিবিএল ও বেসিক ব্যাংককে তার অর্থায়নের উৎস হিসেবে বিবেচনা করতে পারতেন।

জমি ও যন্ত্রপাতি ক্রয়ের জন্য মূলত বড়ো অঙ্কের অর্থের প্রয়োজন হয়। তাই এই অর্থের প্রয়োজন মেটানোর জন্য একজন শিল্পোদ্যোক্তার দীর্ঘমেয়াদি ঋণের প্রয়োজন হয়। সাধারণত ব্যবসায়ের জন্য বাণিজ্যিক ব্যাংকই অর্থ সংগ্রহের প্রধান উৎস। এই ব্যাংক ব্যবসায়ীদের স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদে নগদ অর্থ ধার দিয়ে থাকে। এরূপ দীর্ঘমেয়াদি অর্থসংগ্রহের আরেকটি উৎস হলো হলো বিডিবিএল। সাধারণত দেশের শিল্প উন্নয়নের জন্য এ ব্যাংক এই ঋণ প্রদান করে থাকে। এছাড়াও আরও একটি ব্যাংক রয়েছে যা শিল্পোন্নয়নের লক্ষ্যে শিল্পোদ্যোক্তার ঋণ প্রদান করে থাকে। আর এই ব্যাংকটি হলো বেসিক ব্যাংক এই ব্যাংকে দীর্ঘমেয়াদি অর্থায়নের একটি অন্যতম উৎস হিসেবে বিবেচিত। তাই বলা যায়, জনাব ফরিদ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংক, বিডিবিএল ও বেসিক ব্যাংক অর্থায়নের এই তিনটি উৎস থেকে অর্থ সংগ্রহ করতে পারবেন বলে আমি মনে করি।

**প্রশ্ন ▸ ০৮** জনাব আরিফ একটি শিশুখাদ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানের পরিচালক। শিশুখাদ্য প্রস্তুত করে বাজারজাত করার পূর্বে প্রতিষ্ঠানটি পণ্যের মান নির্ধারণে সন্তোষজনক হওয়ায় সরকার কর্তৃক একটি সনদপত্র গ্রহণ করে। তাঁর প্রতিষ্ঠান যাতে অদূর ভবিষ্যতে হুমকির সম্মুখীন না হয় সেজন্য তিনি লোকসান পূরণে অন্য একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হন।

ক. লাইসেন্স কী? ১

খ. "স্বাতন্ত্র্যতাই মার্ক বা প্রতীকের মূল বিষয়"– ব্যাখ্যা কর। ২

গ. জনাব আরিফ কোন সংস্থার মাধ্যমে পণ্যের মান যাচাই করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

## ৮নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▸ ০৯** মি. হাসান গ্রামের হাট থেকে বিভিন্ন প্রকার সবজি কিনে উপজেলা সদরে নিয়ে ভ্যান গাড়ীতে কম লাভে বিক্রি করেন। তার সবজির প্রতি ক্রেতাদের আকৃষ্ট করার জন্য অনুকূল বাচনভঙ্গী ও প্রজ্ঞার মাধ্যমে নারী পুরুষ উভয়ের সাথে যোগাযোগ স্থাপন করেন। যার কারণে তার সবজির প্রতি ক্রেতাদের চাহিদা বৃদ্ধি পায় এবং অল্প দিনের মধ্যে তিনি একজন সফল সবজি বিক্রেতা হিসেবে পরিচিতি লাভ করেন।

ক. পর্যায়িতকরণ কী? ১

খ. প্রচারই প্রসার– উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. মি. হাসান এর বিক্রয়ের ক্ষেত্রে বণ্টন প্রণালীর ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. একজন সফল ব্যবসায়ী হিসেবে মি. হাসান এর আদর্শ বিক্রয়কর্মীর যেসব গুণাবলি পরিলক্ষিত হয় তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** মান অনুযায়ী পণ্যকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করাকে পর্যায়িতকরণ বলা হয়।

**খ** প্রচারেই প্রসার– উক্তিটি সঠিক ও যথার্থ। বিজ্ঞাপনের মাধ্যমে পণ্যের প্রচার সংক্রান্ত কার্যক্রম সম্পাদিত হয়। এরূপ প্রচারে ক্রেতা ও ভোক্তা পণ্য সম্পর্কিত যাবতীয় তথ্য যথা– পণ্যের মান, মূল্য ও ব্যবহারবিধিসহ আরও অনেক বিষয় সম্পর্কে জানতে পারে। একটি পণ্যের প্রচারের মাধ্যমে পণ্যটি ক্রেতা ও ভোক্তার দৃষ্টি আকর্ষণ সক্ষম হয়। তাই পণ্যের প্রচার বেশি হলে অধিক সংখ্যক ক্রেতা পণ্যটি ক্রয়ে উদবুদ্ধ হয়। ফলে বিক্রয় বেশি হয় এবং ব্যবসায়ের সুনাম বৃদ্ধি পায়। আর সুনাম বৃদ্ধির কারণে ব্যবসায়ের প্রসার হয়। তাই বলা যায়, কোনো ব্যবসায়িক পণ্যের যত বেশি প্রচার হবে সেই ব্যবসায়ের প্রসারও তত দ্রুত হবে।

**গ** মি. হাসানের বিক্রয়ের ক্ষেত্রে বণ্টন প্রণালীর ধরণটি হলো খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয়।

অনেক সময় উৎপাদক তার উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তার কাছে বিক্রি করতে পারে না। তখন পণ্য বণ্টনে মধ্যস্থব্যবসায়ীর সাহায্য নেওয়া হয়। এক্ষেত্রে খুচরা ব্যবসায়ীর মাধ্যমে পণ্য বিক্রয়ের বণ্টন প্রণালি বেশ সুপরিচিত একটি পদ্ধতি।

উদ্দীপকের মি. হাসান গ্রামের হাট থেকে বিভিন্ন প্রকার সবজি কিনে উপজেলা সদরে নিয়ে ভ্যান গাড়িতে কম লাভে বিক্রি করেন। এক্ষেত্রে মি. হাসান নিজে উৎপাদক নন। তিনি উৎপাদকের কাছ থেকে পণ্য সংগ্রহ করে তা চূড়ান্ত ভোক্তাদের নিকট পৌঁছে দেন। অর্থাৎ এক্ষেত্রে তিনি হচ্ছেন একজন মধ্যস্থ বা খুচরা ব্যবসায়ী। তিনি উৎপাদক ও ভোক্তার মধ্যে সেতুবন্ধন তৈরি করেন। তার কাছ থেকেই একজন ক্রেতার তার চাহিদা অনুযায়ী পণ্য ক্রয় করে থাকে। তাই এসব দিক বিচারে বলা যায়, মি. হাসানের বিক্রয়ের ক্ষেত্রে বণ্টন প্রণালী ধরণটি হলো–

উৎপাদনকারী → খুচরা বিক্রেতা → ভোক্তা

**ঘ** একজন সফল ব্যবসায়ী হিসেবে মি. হাসান এর আদর্শ বিক্রয়কর্মীর নৈতিক গুণাবলিসমূহ পরিলক্ষিত হয়।

ক্রেতা ও ভোক্তাদের আকৃষ্ট ও প্রভাবিত করে স্থায়ী গ্রাহকে পরিণত করতে হলে একজন বিক্রয়কর্মীকে অনেকগুলো গুণের অধিকারী হতে হয়। এসব গুণাবলির মধ্যে অন্যতম একটি গুণাবলি হলো নৈতিক গুণ। সবার প্রতি ভালো আচরণ করা ও ভালো সম্পর্ক গড়ে তোলাই হলো নৈতিক গুণ। একজন আর্দশ বিক্রয়কর্মীর মধ্যে সততা ও বিশ্বস্ততা, মার্জিত ব্যবহার, মেলামেশার ক্ষমতা, জেন্ডার সচেতনতা ও ইতিবাচক দৃষ্টিভঙ্গি এসকল নৈতিক গুণাবলির উপস্থিতি থাকতে হয়।

উদ্দীপকের মি. হাসান একজন সবজি বিক্রেতা। তার সবজির প্রতি ক্রেতাদের আকৃষ্ট করার জন্য অনুকূল বাচনভঙ্গি ও প্রজ্ঞার মাধ্যমে নারী-পুরুষ উভয়ের সাথে যোগাযোগ স্থাপন করেন। যার কারণে তার সবজির প্রতি ক্রেতাদের চাহিদা বৃদ্ধি পায় এবং অল্পদিনের মধ্যে তিনি একজন সফল সবজি বিক্রেতা হিসেবে পরিচিত লাভ করেন।

পণ্য বিক্রয়ের ক্ষেত্রে নীতি নৈতিকতা মেনে চলা বিক্রয়কর্মীর নৈতিক গুণ। একজন বিক্রয়কর্মীকে আদর্শবান এবং সফলতা অর্জনের জন্য নৈতিক গুণাবলি অর্জন করতে হয়। উদ্দীপকের হাসানের মধ্যেও এ গুণাবলির সুস্পষ্ট উপস্থিতি লক্ষ করা যায়। তার মধ্যে প্রথমেই যে গুণটি ফুটে উঠেছে তা হলো মার্জিত ব্যবহার। একজন বিক্রয়কর্মীকে অবশ্যই, ভদ্র, নম্র, অমায়িক ও মার্জিত ব্যবহারের অধিকারী হতে হবে। তার অনুকূল বাচনভঙ্গি দেখে ক্রেতা তার কাছ থেকে সবজি ক্রয়ে আগ্রহী হবে। এছাড়াও প্রজ্ঞার মাধ্যমে তিনি নারী-পুরুষ উভয়ের সাথে যোগাযোগ স্থাপন করেন। অর্থাৎ পণ্য বিক্রয়ের ক্ষেত্রে তিনি সকল লিঙ্গের মানুষদের সমান চোখে দেখেন। তাদের মধ্যে কোনো ভেদাভেদ করেন না। যা জেন্ডার সচেতনতার গুণটিকে নির্দেশ করে। তার এ গুণটি দ্বারা সকল ক্রেতারা তার প্রতি ইতিবাচক মনোভাব পোষণ করবে এবং তার থেকে পণ্য ক্রয়ে আগ্রহী হয়ে তার স্থায়ী গ্রাহকে পরিণত হবে। এসব গুণাবলি তাই তার বিক্রয় বৃদ্ধিতে সহায়ক হবে এবং তার কাঙ্ক্ষিত সফলতা অর্জনের পথ সুগম হবে। তাই বলা যায়, একজন সফল ব্যবসায়ী হিসেবে মি. হাসানের মধ্যে আদর্শ বিক্রয়কর্মীর উপযুক্ত গুণাবলি পরিলক্ষিত হয়।

**প্রশ্ন ▸ ১০** যথাযথ জ্ঞান না থাকা সত্ত্বেও জনাব মারুফ প্রত্যন্ত অঞ্চলে স্টেশনারি সামগ্রী তৈরির কারখানা স্থাপন করেন। প্রাথমিক পর্যায়ে প্রয়োজনীয় মূলধন সংগ্রহে তিনি ব্যর্থ হন। অদক্ষ শ্রমিকের কারণে কাঁচামালের যথাযথ ব্যবহার না হওয়ায় তার উৎপাদনও বাধাগ্রস্ত হয়। ফলে তিনি চাহিদা অনুযায়ী পণ্য সরবরাহ করতে পারেননি।

ক. ব্যবসায় উদ্যোগ কী? ১

খ. উদ্যোক্তা চ্যালেঞ্জমূরক কাজ করতে বিশেষ আনন্দ পান। —উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব মারুফ ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা দূরীকরণের কী কী উপায় অবলম্বন করতে পারেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব মারুফের ব্যবসায় উদ্যোগ উন্নয়নের বাধাসমূহ কী? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

## ১০নং প্রশ্নের উত্তর

**ক** অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্বাধীন পেশায় নিয়োজিত ডাক্তার, উকিল, প্রকৌশলী প্রভৃতি পেশাজীবীরা অর্থের বিনিময়ে যেসব সেবাকর্ম প্রদান করে থাকেন তা-ই হলো প্রত্যক্ষ সেবা।

**খ** ব্যবসায়ের তথ্য ও প্রচার সংক্রান্ত প্রতিবন্ধকতা দূর করার উপায় হলো বিজ্ঞাপন।

বিজ্ঞাপন হচ্ছে পণ্য বা সেবাসামগ্রীর প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণের একটি উপায় বা কৌশল। এটি পণ্যের তথ্য ও প্রচার সংক্রান্ত বাধা দূর করে। বাজারে যখন কোনো নতুন পণ্যের আবির্ভাব ঘটে তখন ক্রেতা ও ভোক্তারা পণ্যটি সম্পর্কে কোনো ধারণাই রাখেন না, তাই ক্রেতা ও ভোক্তাদের পণ্যটি সম্পর্কে ধারণা দিতে পণ্যটির বিজ্ঞাপন দেওয়া হয়। এর মাধ্যমে ক্রেতা ও ভোক্তাদের নিকট পণ্যের মান, মূল্য, বৈশিষ্ট্য ও ব্যবহারবিধি তুলে ধরা হয়। ফলে ক্রেতা ও ভোক্তাদের পণ্য সম্পর্কিত তথ্যগত বাধা দূর হয়।

**গ** জনাব মালেকের ব্যবসায়টি প্রজনন শিল্পের অন্তর্গত।

যে শিল্পে উৎপাদিত সামগ্রী পুনরায় সৃষ্টি বা উৎপাদনের কাজে ব্যবহৃত হয় তাকে প্রজনন শিল্প বলা হয়। এ ধরনের শিল্পে মূলত প্রজনন প্রক্রিয়া ব্যবহার করে সম্পদ সৃষ্টি করা হয়। নার্সারি, হ্যাচারি, গরুর খামার ইত্যাদি এ শিল্পের অন্তর্গত।

উদ্দীপকের জনাব মালেক তার এলাকায় দেশি গরুর খামার স্থাপন করেন। তার এ খামার ব্যবসায়টি হলো প্রজনন শিল্প। কেননা প্রজনন শিল্পের মাধ্যমে গাছপালা ও প্রাণীর বংশবৃদ্ধি করা হয়। এ শিল্পের প্রকৃতিপ্রদত্ত সম্পদ লালন-পালন করে সেগুলোর বংশবৃদ্ধি বা স্বাভাবিক ফলনের মাধ্যমে সম্পদ সৃষ্টি করা হয়। জনাব মালেকও তার খামারের গরুগুলোকে লালন পালন করে সেগুলোর বংশবৃদ্ধি ঘটাতে পারেন। এছাড়া গরুগুলো হতে উৎপাদিত দুধও তিনি বিভিন্ন জায়গায় সরবরাহ করে তার ব্যবসায়িক সাফল্য লাভ করেন। অর্থাৎ তার খামারের গরুগুলো পুনরায় তার খামারের গরুর বংশবৃদ্ধি ও দুধ উৎপাদনের কাজে ব্যবহৃত হয়। তাই বলা যায়, জনাব মালেকের ব্যবসায়টি প্রজনন শিল্পের অন্তর্গত।

**ঘ** জনাব মালেকের ঋণ গ্রহণ করার বিষয়টি অর্থনৈতিক পরিবেশের উপাদান।

দেশে বিরাজমান কার্যকর অর্থ ও ব্যাংকিং ব্যবস্থা, কৃষি ও শিল্পের অবদান জনগণের সঞ্চয় ও বিনিয়োগ মানসিকতা ও সরকারের পৃষ্ঠপোষকতা ব্যবসায় পরিবেশের সুদৃঢ় অর্থনৈতিক উপাদান হিসেবে কাজ করে। যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য অনুকূল অর্থনৈতিক পরিবেশ আবশ্যক।

উদ্দীপকের জনাব মালেক তার এলাকায় দেশি গরুর খামার স্থাপন করেন এবং তার উৎপাদিত দুধ নিজ এলাকায় সরবরাহ করেন। পরবর্তীকালে তার উৎপাদিত দুধের চাহিদা বৃদ্ধি পেলে তিনি পার্শ্ববর্তী এলাকায়ও দুধ সরবরাহ করার সিদ্ধান্ত নেন। বর্তমানে তিনি খামারটি সম্প্রসারণ করার জন্য আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করার চিন্তা করছেন। তার ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণের বিষয়টি ব্যবসায়িক পরিবেশের অর্থনৈতিক উপাদানকে নির্দেশ করে।

অর্থ ও ব্যাংকিং ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশের গুরুত্বপূর্ণ উপাদান। বর্তমানে অনেক আর্থিক প্রতিষ্ঠান অর্থ ও ব্যাংকিং নিয়ে কাজ করে থাকে। তারা উদ্যোক্তা ও ব্যবসায়ীদের সহজ শর্তে বিভিন্ন মেয়াদে ঋণ প্রদান করে থাকে। এসব ঋণের মাধ্যমে ব্যবসায়ীরা তাদের ব্যবসায় প্রতিষ্ঠা থেকে শুরু করে পরিচালনা ও সম্প্রসারণ সব কাজ সহজেই করতে পারে। জনাব মালেকও এরূপ আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণের চিন্তা করছেন, যার অর্থ দ্বারা তিনি তার খামারটি সহজেই সম্প্রসারণ সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে পারবেন। এতে তার খামারের পরিধি বৃদ্ধির সাথে সাথে তার খামারের উৎপাদিত দুধের বিক্রয়ও বেড়ে যাবে। ফলে তিনি আরও বেশি মুনাফা অর্জন করতে পারবেন । অর্থাৎ আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে ঋণ গ্রহণের মাধ্যমে অর্থ প্রাপ্তি তার খামারের সাফল্য বয়ে আনবে। আর এ ঋণ বাবদ প্রাপ্ত অর্থ ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশেরই একটি উপাদান। তাই বলা যায়, জনাব মালেকের ঋণ গ্রহণ করার বিয়ষটি অর্থনৈতিক পরিবেশের উপাদান।

**প্রশ্ন ▶ ১১** বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা শেষ করে জনাব মুহিবুল সাভারে বিসিক শিল্প এলাকায় 'মুহিবুল লেদার' নামে একটি উন্নতমানের ও রপ্তানিমুখী কারখানা স্থাপন করেন। এজন্য তিনি একটি প্রতিষ্ঠান থেকে আর্থিক ও কারিগরি সহায়তা নিয়েছেন। তার কারখানায় চামড়ার তৈরি বিভিন্ন ব্যাগ, বেল্ট ও জুতা ভালো মানের হওয়ায় প্রতিষ্ঠানটির সুনাম দেশ-বিদেশে ছড়িয়ে পড়েছে। বর্তমানে এই কারখানায় ২০০ জন কর্মচারী নিয়োজিত আছে।

ক. কৃত্রিম ব্যক্তি সত্তা বলতে কী বোঝায়? ১

খ. অংশীদারি ব্যবসায় নিবন্ধন কী বাধ্যতামূলক? ব্যাখ্যা কর। ২

গ. জনাব মুহিবুলের সহায়তাদানকারী সরকারি প্রতিষ্ঠানের ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মুহিবুল লেদার' প্রতিষ্ঠানটিকে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কোন সহায়ক সেবা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[রা. বো. ২০২৫]

## ১১নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

# কুমিল্লা বোর্ড-২০২৫

ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড : 1 4 3

সময় : ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. মুড়ি, চিড়া ও চকোলেট ইত্যাদি উৎপাদন কোন শিল্পের অন্তর্গত?**
ক খাদ্য ও খাদ্যজাত শিল্প খ খাদ্য ও সহায়ক শিল্প
গ হস্ত ও খাদ্যজাত শিল্প ঘ খাদ্য ও কুটির শিল্প

**২. স্থায়ী সম্পদ ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ কোন শিল্পে ৭৫ লক্ষ থেকে ১৫ কোটি টাকা বিনিয়োগ করতে পারে?**
ক উৎপাদনমুখী মাঝারি খ উৎপাদনমুখী ক্ষুদ্র
গ সেবামূলক ক্ষুদ্র ঘ সেবামূলক মাঝারি

**নিচের উদ্দীপকের আলোকে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সাজিদ বিভিন্ন ধরনের সবজি উৎপাদনকারী। উৎপাদিত সবজিগুলো তিনি নিজেই বহন করে স্থানীয় বাজারে বিক্রি করেন। আবহাওয়া অনুকূল অবস্থায় উৎপাদনের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় তিনি সবজি বিক্রির বিকল্প কৌশল অবলম্বন করার চিন্তা করেন।

**৩. জনাব সাজিদের ক্ষেত্রে পণ্য বণ্টন প্রণালিটি হলো—**
ক উৎপাদনকারী → ভোক্তা খ উৎপাদনকারী → খুচরা ব্যবসায়ী
গ উৎপাদনকারী → খুচরা ব্যবসায়ী → ভোক্তা
ঘ পাইকার → খুচরা ব্যবসায়ী

**৪. জনাব সাজিদের পণ্য বিক্রয়ের বিকল্প কৌশল অবলম্বনের ফলে—**
i. ক্রেতা ও বিক্রেতার মধ্যে দূরত্ব হ্রাস পায়
ii. ক্রেতা বেশি মূল্যে পণ্য পেয়ে থাকে iii. বিপণন কার্য সহজ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**৫. বিক্রয় কর্মী জনাব আরমান ক্রেতা আকর্ষণ করার মাধ্যমে ক্রেতাদের স্থায়ী গ্রাহকে পরিণত করতে পারে। তার এই কৌশলকে কী বলা যায়?**
ক ক্রেতা খ বিক্রেতা গ বিজ্ঞাপন ঘ বিক্রয়িকতা

**৬. ম্যাক্রোস্ক্রিং এর প্রভাবক নয় কোনটি?**
ক জনসংখ্যা খ অর্থনৈতিক পরিবেশ
গ বাজার চাহিদা ঘ রাজনৈতিক পরিবেশ

**৭. মূলত অর্থনৈতিক কর্মকাণ্ড ও লেনদেনকে ঘিরেই কীসের উদ্ভব হয়?**
ক বাণিজ্যের খ ব্যবসায়ের গ শিল্পের ঘ সেবার

**৮. ব্যবসায় উদ্যোগের সাথে কীসের সম্পর্ক সর্বদা বিদ্যমান?**
ক অনিশ্চয়তা খ দক্ষতা গ ঝুঁকি ঘ প্রশিক্ষণ

**৯. বাণিজ্য ভোক্তাদের নিকট পণ্য পৌঁছাতে সাহায্য করে—**
i. অর্থ সংক্রান্ত বাঁধাদূর করার মাধ্যমে
ii. তথ্য ও প্রচার সংক্রান্ত বাধাদূর করার মাধ্যমে
iii. সেবামূলক সহায়তা করার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১০. কর্মসংস্থানকে প্রধানত কয় ভাগে ভাগ করা যায়?**
ক দুই খ তিন গ চার ঘ পাঁচ

**নিচের উদ্দীপকের আলোকে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
চট্টগ্রামের মি. শাকিল একটি ইলেকট্রনিক্স পণ্যসামগ্রী বিপণন প্রতিষ্ঠানের মালিক। তিনি বিদেশ থেকে বিভিন্ন রকমের ইলেকট্রনিক্স পণ্যসামগ্রী সমুদ্র পথে আমদানি করেন। তিনি পণ্যের ঝুঁকি এড়ানোর জন্য একটি বিমা কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হন।

**১১. মি. শাকিল কোন ধরনের বিমা চুক্তি করেন?**
ক নৌ বিমা খ অগ্নি বিমা গ জীবন বিমা ঘ দুর্ঘটনা বিমা

**১২. উদ্দীপকের ব্যবসায়টি বিমা করার ফলে—**
i. ক্ষতিপূরণ প্রাপ্তির নিশ্চয়তা থাকবে ii. সামুদ্রিক দুর্ঘটনা হ্রাস পাবে
iii. নির্দিষ্ট পরিমাণ ঝুঁকি দূর হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৩. ১৯৯৪ সালের আইন দ্বারা সৃষ্ট ব্যবসায় কোনটি?**
ক এক মালিকানা ব্যবসায় খ রাষ্ট্রীয় ব্যবসায়
গ অংশীদারি ব্যবসায় ঘ যৌথ মূলধনী ব্যবসায়

**১৪. আমাদের দেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা দূরীকরণের উপায়—**
i. ব্যাপক প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করে
ii. প্রয়োজনীয় অর্থসংস্থানের ব্যবস্থা করে
iii. বিভিন্ন মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণা করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৫. বর্তমানে বাংলাদেশে ট্রেডমার্কস আইন চালু আছে কত সালের?**
ক ২০১১ খ ২০১০ গ ২০০৮ ঘ ২০০৯

**১৬. সংরক্ষণমূলক সহায়তা কোনটি?**
ক টেকসই উন্নয়ন খ প্রযুক্তি উন্নয়ন
গ পর্যটন ও সেবা ঘ কারিগরি প্রশিক্ষণ

**১৭. ব্যবসায়ের সাফল্য অনেকাংশে নির্ভর করে কোনটি নির্বাচনের উপর?**
ক প্রকল্প খ পরিকল্পনা গ ম্যাক্রোস্ক্রিনিং ঘ মাইক্রোস্ক্রিনিং

**১৮. বেসরকারি সংস্থার অন্তর্ভুক্ত নয় কোনটি?**
ক ব্র্যাক খ প্রশিকা
গ মাইডাস ঘ যুব উন্নয়ন অধিদপ্তর

**১৯. CIP-এর পূর্ণরূপ কোনটি?**
ক Commercially Important Person
খ Commercially Ignorable Person
গ Comparatively Important Person
ঘ Commonly Important Person

**নিচের উদ্দীপকের আলোকে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
রাঙ্গামাটি জেলার শাহনাজ ২০১১ সালে বাঁশ, বেত ও পাটি দিয়ে বিভিন্ন ধরনের গৃহস্থালি সামগ্রী তৈরির একটি প্রকল্প হাতে নেন। উৎপাদন প্রক্রিয়া শুরু করতে গিয়ে আর্থিক সংকটে পড়ায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের শরণাপন্ন হন এবং প্রতিষ্ঠান থেকে কিছু ঋণ নেন। কর অবকাশ সুবিধা পাওয়ার কারণে দিন দিন তার ব্যবসায়ের উন্নতি হতে লাগল।

**২০. শাহনাজ ২০১৩ সালে অর্জিত আয়ের উপর কত ভাগ কর অবকাশ পাবেন?**
ক ৫০% খ ১০০% গ ৭৫% ঘ ২৫%

**২১. আর্থিক প্রতিষ্ঠানটির সফলতার ফলে প্রধানত—**
i. দেশে নারী উদ্যোক্তার উন্নয়ন হবে ii. দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জিত হবে
iii. কুটির শিল্পের উন্নয়ন সাধিত হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২২. ভবিষ্যত কার্যক্রমের দিক-নির্দেশনা কোনটি?**
ক নিয়ন্ত্রণ খ নির্দেশনা গ পরিকল্পনা ঘ সংগঠিতকরণ

**২৩. পণ্যের গুণাগুণ, আকার, রং ইত্যাদির উপর ভিত্তি করে পণ্যমূল্য স্থির করা হয়—**
ক মোড়কীকরণ খ প্রমিতকরণ গ গুদামজাতকরণ ঘ পর্যায়িতকরণ

**২৪. নিচের কোনটি পণ্য প্রতীকের মধ্যে অন্তর্ভুক্ত নয়?**
ক মোড়ক খ ডিভাইস গ অক্ষর ঘ লেবেল

**নিচের উদ্দীপকের আলোকে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস সানজিদা তার পরিবারের সদস্যদের নিয়ে মাটি দিয়ে বিভিন্ন ধরনের শোপিস, পুতুল ও ফুলদানি তৈরি করে নিজ দোকান ও শহরাঞ্চলে বিক্রি করে বেশ লাভবান হন। পরবর্তীতে তার প্রতিবেশীরাও উৎসাহিত হয়ে এ ধরনের শিল্প গড়ে তুলেছেন।

**২৫. মিসেস সানজিদার শিল্পটি কোন ধরনের?**
ক ক্ষুদ্র শিল্প খ কুটির শিল্প গ মাঝারি শিল্প ঘ বৃহৎ শিল্প

**২৬. মিসেস সানজিদা তার কাজের মাধ্যমে দেশের অর্থনীতিতে অবদান রাখবে—**
i. বেকারত্ব দূরীকরণে ii. জাতীয় ঐতিহ্য রক্ষায় iii. জীবনযাত্রার মান উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২৭. বাংলাদেশ তথা পৃথিবীর সর্ববৃহৎ এন.জি.ও সংস্থা কোনটি?**
ক মাইডাস খ ব্র্যাক গ টিএমএসএস ঘ প্রশিকা

**২৮. যে জ্ঞানবোধ এবং আচরণ সমাজ মূল্যবান ও অনুকরণীয় মনে করে তাকে কী বলে?**
ক নৈতিকতা খ ব্যবসায় নৈতিকতা
গ মূল্যবোধ ঘ সামাজিক দায়বদ্ধতা

**২৯. 'নার্সিং ট্রেনিং ইনস্টিটিউট' কার অন্যতম কীর্তি?**
ক স্যামসন এইচ চৌধুরী খ জহুরুল ইসলাম
গ আবুল কালাম আজাদ ঘ লুৎফা সানজিদা

**৩০. কোন ধরনের ব্যবসায় নিবন্ধন বাধ্যতামূলক নয়?**
ক রাষ্ট্রীয় খ যৌথ মূলধনী গ অংশীদারি ঘ সমবায়

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# কুমিল্লা বোর্ড-২০২৫

ব্যবসায় উদ্যোগ (সৃজনশীল) বিষয় কোড : 1 4 3

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। শিমুলতলী গ্রামের আখ চাষীগণ তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতির জন্য 'সবুজ সংঘ' নামে একটি সংগঠন করেন। উক্ত সংগঠনের মাধ্যমে তাদের উৎপাদিত পণ্য বাজারজাত করে লাভবান হন। নিজেদের ব্যবহারের প্রয়োজনীয় পণ্য সামগ্রী উক্ত সংগঠনের মাধ্যমে কম মূল্যে সংগ্রহ করেন। সরকারি সুযোগ-সুবিধা আদায় করে উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হন এবং তাদের দারিদ্রতা দূর হয়।

(ক) মালিক এককভাবে ঝুঁকি বহন করে কোন ব্যবসায় সংগঠনে? ১
(খ) কৃত্রিম ব্যক্তিসত্তা কী? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের 'সবুজ সংঘ' কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) চাষীদের আর্থ-সামাজিক উন্নয়নে 'সবুজ সংঘ'-এর মত সংগঠনের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

২। নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ ও ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান থেকে জনাব সাজেদা গবাদিপশু পালনের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে তিনি একটি দুগ্ধ খামার শুরু করেন। তাঁর খামারে তিনি আরও দুইজন শ্রমিক নিয়োগ করেন। তিনি বর্তমানে একজন সফল দুগ্ধ খামারী।

(ক) কর্মসংস্থানের প্রধান উৎস কী? ১
(খ) উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে পার্থক্য কী? ২
(গ) জনাব সাজেদার প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের বর্ণনা দাও। ৩
(ঘ) 'জনাব সাজেদার কর্মসংস্থান বেকারদের উৎসাহিত করবে'– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩। পরিত্যাক্ত প্লাস্টিক সামগ্রী পরিবেশ দূষণ করে। তাই জনাব হানিফ সাহেব রিসাইক্লিং প্রক্রিয়ায় পরিত্যক্ত প্লাস্টিক হতে শিশুদের বিভিন্ন খেলা তৈরির কারখানা স্থাপন করলেন। তার কারখানায় কর্মচারি হিসেবে ১০ জন বেকার যুবক নিয়োগ দিলেন।

(ক) ব্যবসায় সংগঠনের উদ্ভব হয় কোন যুগে? ১
(খ) নট্রামস কী? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব হানিফ সাহেবের প্লাস্টিক থেকে খেলনা তৈরি উদ্যোক্তার কোন গুণের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জনাব হানিফের মতো উদ্যোক্তার দেশের আর্থ-সামাজিক উন্নয়নের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৪। জনাব কাশেম বিভিন্ন এলাকা থেকে কাঠ সংগ্রহ করে আসবাবপত্র তৈরি করে এলাকার বিভিন্ন দোকানে স্বল্প মূল্যে বিক্রি করেন। তার তৈরিকৃত আসবাবপত্রের চাহিদা থাকায় তিনি ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসায় পরিধি বাড়ান।

(ক) কোন বস্ত্রের জন্য বাংলাদেশের খ্যাতি সারা বিশ্বে ছড়িয়ে পড়েছিল? ১
(খ) কোন শিল্পের সাহায্য মানুষের জীবনযাত্রা সহজ ও আরামদায়ক হয়? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব কাশেমের শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জনাব কাশেম ব্যবসায় সম্প্রসারণে ব্যবসায় পরিবেশের যে উপাদানের সহায়তা নিয়েছেন– তার প্রভাব মূল্যায়ন করো। ৪

৫। 'আস্থা ট্রেডিং' এর কর্ণধার জনাব মাসুদ ভোগ্য পণ্যসামগ্রীর ব্যবসায়ী। তিনি মানসম্মত পণ্য ন্যায্য মূল্যে ক্রেতাদের নিকট বিক্রয় করেন। এছাড়াও তিনি মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রয় করেন না। অপরপক্ষে 'মেধা ট্রেডিং' এর কর্ণধার জনাব শফিক মানসম্মত পণ্য বিক্রয় করেন না এবং পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করেন।

(ক) শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যা কী? ১
(খ) নৈতিকতা কী? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব মাসুদ কোন পক্ষের প্রতি সামাজিক দায়বদ্ধতা পালন করেছেন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের কোন ব্যবসায়ীকে তুমি সমর্থন করো? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬। নরসিংদী জেলায় প্রচুর শাক-সবজি ও ফলমূল উৎপন্ন হয়। রহিম সকালে নরসিংদীর বিভিন্ন বাজার থেকে টাটকা শাক-সবজি ও ফলমূল ক্রয় করে ট্রাকে ঢাকায় এনে নিজ দোকানে ভোক্তাদের নিকট বিক্রয় করে।

(ক) মোড়ককিকরণ কী? ১
(খ) বিক্রয়িকতা কী? ব্যাখ্যা করো। ২
(গ) বণ্টন প্রণালি অনুযায়ী রহিমের অবস্থান বর্ণনা করো। ৩
(ঘ) উদ্দীপকে জনাব রহিম বিপণন কার্যাবলির যেসব উপযোগ সৃষ্টি করেছেন– তা বিশ্লেষণ করো। ৪

৭। জনাব হাফিজের নিজস্ব পুঁজি থাকা সত্ত্বেও প্রশিক্ষণ ও বিনিয়োগের সুযোগ-সুবিধা সম্পর্কে ধারনা না থাকার কারণে ব্যবসায় শুরু করতে পারছেন না। অপরদিকে তাঁর বন্ধু নাবিল একটি বেকারী ব্যবসায় পরিচালনা করছেন। কিন্তু প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার জন্য তাঁর ব্যবসায়টি আধুনিকায়ন ও সম্প্রসারণ করতে পারছেন না।

(ক) বিসিক এর প্রধান কাজ কী? ১
(খ) বাণিজ্য কী? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব হাফিজের ব্যবসায় শুরুর জন্য কোন ধরনের সহায়তা প্রয়োজন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) প্রতিযোগিতায় টিকে থাকার জন্য জনাব নাবিলের যে ধরনের সহায়তা প্রয়োজন– তার প্রভাব বিশ্লেষণ করো। ৪

৮। জনাব জাকির হোসেন চট্টগ্রামের একজন নামকরা রেস্টুরেন্ট ব্যবসায়ী। তিনি হোটেল ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ গ্রহণ করেছেন। বর্তমানে তিনি আমেরিকার একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিতে আবদ্ধ হয়েছেন। শর্ত অনুযায়ী তিনি ঐ প্রতিষ্ঠানের পণ্য উৎপাদন ও বিতরণ করবেন। সুনামের সাথে ব্যবসায়টি চলছিল। কিন্তু হঠাৎ আগুন লেগে প্রতিষ্ঠানটির ব্যাপক ক্ষতির সম্মুখীন হওয়ায় প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যায়।

(ক) পণ্যের মান নিয়ন্ত্রণ করে কোন প্রতিষ্ঠান? ১
(খ) পেটেন্ট কী? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব জাকির হোসেন কোন ধরনের চুক্তি করেছিলেন? বর্ণনা দাও। ৩
(ঘ) জনাব জাকির হোসেনের কোন ধরনের পদক্ষেপ উক্ত প্রতিষ্ঠানটি চালু রাখতে সহায়ক হতো বলে তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

৯। রফিক ও আলম দুই ভাই তাদের বাবা দুই জনকে দুইটি কারখানার দায়িত্ব দিলেন। রফিক কর্মীদের প্রতি নেতিবাচক ধারণা পোষণ করেন এবং তাদেরকে চাপে রেখে কাজ আদায়ের চেষ্টা করেন। অপর দিকে আলম কর্মীদের উপর সব দায়িত্ব ছেড়ে দিয়ে নিশ্চিন্তে থাকেন এবং জবাব দিহিতা আদায় করেন না। কয়েক বছরে প্রতিষ্ঠান দুইটি লোকসানের মুখে পড়ে।

(ক) আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১
(খ) ব্যবসায় অর্থায়ন কী? ব্যাখ্যা করো। ২
(গ) রফিকের নেতৃত্ব কোন ধরনের? বর্ণনা করো। ৩
(ঘ) উদ্দীপকের রফিক ও আলমের জন্য কোন ধরনের নেতৃত্বের পরামর্শ দিবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০। জনাব সজল তার পরিবারের সদস্যদের নিয়ে মাটি দিয়ে বিভিন্ন ধরনের শোপিস, ফুলদানি তৈরি করেন এবং নিজের দোকানেই সেগুলো বিক্রি করেন। অন্যদিকে জনাব আবির ১০০ কোটি টাকা ব্যয়ে পাট চাষের জন্য বিখ্যাত ময়মনসিংহের ফুলপুরে একটি পাট ও পাটজাত শিল্প স্থাপন করেন।

(ক) বিপণনের অন্যতম কাজ কী? ১
(খ) ঘুমন্ত অংশীদার কাকে বলে? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব সজলের স্থাপিত শিল্পের ধরন বর্ণনা দাও। ৩
(ঘ) বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে জনাব আবিরের শিল্পের অবদান মূল্যায়ন করো। ৪

১১। জনাব রাকিব এলাকার বাজারে গার্মেন্টস পণ্যের শো-রুম চালু করেন। পরবর্তীতে তিনি তাঁর দুই বন্ধুকে চুক্তির ভিত্তিতে মালিকানা দিয়ে ব্যবসায়টি সম্প্রসারণ করেন।

(ক) ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১
(খ) ব্যবসায়ের নগদের প্রকৃত অবস্থা জানা যায় কোনটি দ্বারা? ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে জনাব রাকিবের প্রথম পর্যায়ের ব্যবসায় সংগঠনটি কী ধরনের ছিল? ৩
(ঘ) জনাব রাকিবের দুই বন্ধুকে ব্যবসায় মালিকানায় যুক্ত করার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা (কুমিল্লা বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | গ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** শিমুলতলী গ্রামের আখ চাষীগণ তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতির জন্য 'সবুজ সংঘ' নামে একটি সংগঠন করেন। উক্ত সংগঠনের মাধ্যমে তাদের উৎপাদিত পণ্য বাজারজাত করে লাভবান হন। নিজেদের ব্যবহারের প্রয়োজনীয় পণ্য সামগ্রী উক্ত সংগঠনের মাধ্যমে কম মূল্যে সংগ্রহ করেন। সরকারি সুযোগ-সুবিধা আদায় করে উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হন এবং তাদের দারিদ্রতা দূর হয়।

ক. মালিক এককভাবে ঝুঁকি বহন করে কোন ব্যবসায় সংগঠনে? ১

খ. কৃত্রিম ব্যক্তিসত্তা কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'সবুজ সংঘ' কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. চাষীদের আর্থ-সামাজিক উন্নয়নে 'সবুজ সংঘ'-এর মত সংগঠনের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

**১নং প্রশ্নের উত্তর**

**ক** মালিক এককভাবে ঝুঁকি বহন করে একমালিকানা ব্যবসায় সংগঠনে।

**খ** কৃত্রিম ব্যক্তিসত্তা বলতে বোঝায়, ব্যক্তি না হয়েও ব্যক্তির ন্যায় আইনগত মর্যাদা ও অধিকার অর্জন করা।

আইনের দ্বারা সৃষ্ট হয় বলে কোম্পানি কৃত্রিম ব্যক্তিসত্তার অধিকারী। ব্যক্তি না হয়েও কোম্পানি যেকোনো স্বাধীন ব্যক্তির মতো নিজ নামে অন্যের সাথে চুক্তি ও লেনদেন করতে পারে এবং প্রয়োজনে মামলাও করতে পারে। আবার অন্য কোনো পক্ষও কোম্পানির বিরুদ্ধে মামলা করতে পারে।

**গ** উদ্দীপকের সবুজ সংঘ একটি সমবায় সংগঠন।

কতিপয় নিম্ন ও মধ্যবিত্তের সমমনা ব্যক্তি নিজেদের আর্থিক উদ্দেশ্য অর্জনের জন্য স্বেচ্ছায় মিলিত হয়ে যে সংগঠন গড়ে তোলে তাকে সমবায় সংগঠন বলে। এ সংগঠনের উদ্দেশ্য হলো বৈধ উপায়ে সমিতির সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন। এ ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য হচ্ছে আত্মনির্ভরশীলতা অর্জন, মুনাফা অর্জন নয়।

উদ্দীপকের শিমুলতলী গ্রামের আখ চাষীগণ তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতির জন্য 'সবুজ সংঘ' নামে একটি সংগঠন করেন। তারা তাদের উৎপাদিত পণ্য এই সংগঠনের মাধ্যমে বাজারজাত করে লাভবান হন। সাধারণত সমমনা ও সমপেশার নিম্নবিত্তের ব্যক্তিরা নিজেদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের উদ্দেশ্যে যখন কোনো সমিতি বা সংগঠন গড়ে তোলে তখন তা সমবায় সংগঠন হিসেবে বিবেচিত হয়। এ ধরনের সংগঠনের সদস্যরা নিম্ন আয়ের হয়। এর মাধ্যমে সদস্যরা নিজেদের অবস্থার উন্নয়নের জন্য এক সাথে কাজ করেন। এ সংগঠনের কার্যক্রমের ফলে তাদের আর্থিক অবস্থার উন্নতি ঘটে। তাই বলা যায়, উদ্দীপকের সবুজ সংঘ সমবায় সংগঠন।

**ঘ** চাষীদের আর্থ-সামাজিক উন্নয়নে সবুজ সংঘ এর মতো সংগঠন তথা সমবায় সংগঠনের ভূমিকা অপরিসীম।

সমবায়ের শাব্দিক অর্থ হলো সম্মিলিত উদ্যোগ বা প্রচেষ্টায় কাজ করা। সম্মিলিত প্রচেষ্টায় এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা ও চিন্তা থেকেই সমবায়ের উৎপত্তি। সাধারণত সমাজের নিম্ন ও মধ্যবিত্ত ব্যক্তি নিজেদের আর্থিক উদ্দেশ্য অর্জনের জন্য স্বেচ্ছায় মিলিত হয়ে সম্মিলিত প্রচেষ্টায় সমবায় সমিতি গড়ে তোলে। ফলে এর মাধ্যমে স্বল্প ও নিম্নবিত্তের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হয়।

উদ্দীপকের শিমুলতলী গ্রামের আখ চাষীগণ তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতির জন্য একটি সমবায় সংগঠন করেন। এই সংগঠনের মাধ্যমে তার উৎপাদিত পণ্য বাজারজাত করে এবং লাভবান হন। নিজেদের ব্যবহারের প্রয়োজনীয় পণ্যসামগ্রী উক্ত সংগঠনের মাধ্যমে কম মূল্যে সংগ্রহ করেন। সরকারি সুযোগ-সুবিধা আদায় করে উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হন এবং তাদের দারিদ্র্যতা দূর হয়। মূলত এই সংগঠনটিই সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়নের প্রধান সহায়ক।

সমবায় সংগঠনের মুখ্য উদ্দেশ্য হলো সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। শিমুলতলী গ্রামের আখ চাষীরা এ সংগঠনের মাধ্যমে স্বকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হয়ে উঠেছে। এ সকল চাষীদের মতো অনেক নিম্নবিত্ত, মধ্যবিত্ত ও বিত্তহীন সমাজের মানুষেরা এ ধরনের সংগঠন গড়ে তুলে নিজেদের স্বাবলম্বী করে তুলতে পারবে। তারা পারস্পরিক সহযোগিতার মাধ্যমে তাদের কার্যাবলি সম্পাদন করে থাকেন। সকলে মিলে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে যখন কোনো কাজ করা হয় তখন কাজটি অনেক সহজ হয়ে যায়। তাই সংগঠনের সকল সদস্য একতাবদ্ধ ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে তাদের ব্যবসায়িক কার্যক্রম সম্পাদন করলে তাদের ব্যবসায়ের উৎপাদন বৃদ্ধি পাবে। ফলে বিক্রয় বৃদ্ধি পেয়ে অধিক মুনাফা অর্জিত হবে। আর এ অর্জিত মুনাফা দ্বারা সংগঠনটির সদস্যদের জীবন যাত্রার মান উন্নত করবে অর্থাৎ তাদের অর্থনৈতিক উন্নয়নের ফলে তারা সমাজের বিবিধ আর্থ-সামাজিক উন্নয়নে সবুজ সংঘ এর মতো সংগঠনের ভূমিকা অপরিসীম। সবুজ সংঘ সংগঠনটির সদস্যরাও একইভাবে মিলেমিশে কাজ করার ফলে নিজেদের ব্যবসায়ে সাফল্য অর্জন করবে, যা তাদের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটাবে। তাই বলা যায়, চাষীদের আর্থ-সামাজিক উন্নয়নে সবুজ সংঘ এর মতো সংগঠনের ভূমিকা অপরিসীম।

**প্রশ্ন ▶ ০২** নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ ও ঋণ প্রদানকারী প্রতিষ্ঠান থেকে জনাব সাজেদা গবাদিপশু পালনের উপর প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে তিনি একটি দুগ্ধ খামার শুরু করেন। তাঁর খামারে তিনি আরও দুইজন শ্রমিক নিয়োগ করেন। তিনি বর্তমানে একজন সফল দুগ্ধ খামারী।

ক. কর্মসংস্থানের প্রধান উৎস কী? ১
খ. উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে পার্থক্য কী? ২
গ. জনাব সাজেদার প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের বর্ণনা দাও। ৩
ঘ. 'জনাব সাজেদার কর্মসংস্থান বেকারদের উৎসাহিত করবে'– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

**২নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৩** পরিত্যাক্ত প্লাস্টিক সামগ্রী পরিবেশ দূষণ করে। তাই জনাব হানিফ সাহেব রিসাইক্লিং প্রক্রিয়ায় পরিত্যক্ত প্লাস্টিক হতে শিশুদের বিভিন্ন খেলা তৈরির কারখানা স্থাপন করলেন। তার কারখানায় কর্মচারি হিসেবে ১০ জন বেকার যুবক নিয়োগ দিলেন।

ক. ব্যবসায় সংগঠনের উদ্ভব হয় কোন যুগে? ১
খ. নট্রামস কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব হানিফ সাহেবের প্লাস্টিক থেকে খেলনা তৈরি উদ্যোক্তার কোন গুণের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব হানিফের মতো উদ্যোক্তার দেশের আর্থ-সামাজিক উন্নয়নের ভূমিকা মূল্যায়ন করো। ৪

[কু. বো. ২০২৫]

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় সংগঠনের উদ্ভব হয় মধ্যযুগে।

**খ** নট্রামস শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি প্রতিষ্ঠান। বিভিন্ন ধরনের কম্পিউটার প্রোগ্রামিং ও কম্পিউটার চালনা শিক্ষা দেওয়াই এ প্রতিষ্ঠানের প্রধান কাজ। এ প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণ করেও বহু শিক্ষিত বেকার যুবক-যুবতি আত্মকর্মসংস্থানের সুযোগ করে নিয়েছে।

আলোচ্য প্রতিষ্ঠানটি বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করে আত্মকর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক ভূমিকা পালন করছে।

**গ** জনাব হানিফ প্লাস্টিক থেকে খেলনা তৈরি উদ্যোক্তার সৃজনশীলতার গুণের সাথে সাদৃশ্যপূর্ণ।

একজন উদ্যোক্তা নানারকম গুণের অধিকারী হয়ে থাকে। তন্মধ্যে সৃজনশীলতার গুণটি অন্যতম। সৃজনশীল ব্যক্তি তার মেধা ও মনন দিয়ে নতুন নতুন জিনিস তৈরি করেন। এ সৃজনশীলতা তাকে অন্যদের থেকে পৃথক করে। আর ব্যবসায়ের ক্ষেত্রে সৃজনশীলতা হলো নতুন নতুন ব্যবসায়িক ক্ষেত্র এবং সম্ভাবনা সৃষ্টি।

উদ্দীপকের জনাব হানিফ পরিবেশদূষণ কমাতে পরিত্যক্ত প্লাস্টিক সামগ্রীকে পুনঃব্যবহারযোগ্য করার উপায় খুঁজতে থাকেন। সে চিন্তা থেকে তিনি রিসাইক্লিং প্রক্রিয়ায় পরিত্যক্ত প্লাস্টিক হতে শিশুদের বিভিন্ন খেলনা তৈরির কারখানা স্থাপন করলেন। এখানে হানিফের মধ্যে নতুন সৃষ্টিশীল কিছু করার ক্ষমতা ফুটে উঠেছে। পরিত্যক্ত প্লাস্টিক হতে খেলনা সামগ্রী তৈরির মাধ্যমে অর্থনীতিতে নতুন বিষয় সংযোজিত হয়েছে। আর এ বিষয়টি মূলত সৃজনশীলতার মাধ্যমেই সম্ভব হয়েছে। আর 'সৃজনশীলতা' উদ্যোক্তার গুণাবলির মধ্যে অন্তর্ভুক্ত। তাই বলা যায়, জনাব হানিফে প্লাস্টিক থেকে খেলনা তৈরি উদ্যোক্তার সৃজনশীলতার গুণের সাথে সাদৃশ্যপূর্ণ।

**ঘ** দেশের আর্থসামাজিক উন্নয়নে জনাব হানিফ এর মতো উদ্যোক্তা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

উদ্যোক্তাগণ উদ্যোগমূলক কাজের মাধ্যমে নিজেদের জীবিকা অর্জনের ব্যবস্থা করেন। তারা সম্পদের সুষ্ঠু ব্যবহার, কর্মসংস্থান সৃষ্টি, বেকারত্ব দূরীকরণ, দক্ষ মানবসম্পদ তৈরির মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে অসাধারণ অবদান রাখেন। উদ্যোক্তারা তাদের সৃজনশীলতার মাধ্যমে নতুন নতুন চাহিদাসম্পন্ন পণ্য উৎপাদন করে দেশের আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে থাকেন।

উদ্দীপকের জনাব হানিফ সাহেব পরিবেশ দূষণ রোধে রিসাইক্লিং প্রক্রিয়ায় পরিত্যাক্ত প্লাস্টিক হতে শিশুদের বিভিন্ন খেলা তৈরির কারখানা স্থাপন করেন। তার কারখানায় কর্মচারি হিসেবে ১০ জন বেকার যুবক নিয়োগ দিলেন। অর্থাৎ তার গৃহীত ব্যবসায় উদ্যোগটি দ্বারা তিনি নিজের সাথে আরও অনেক বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা করে তাদের স্বাবলম্বী করে তোলেন। যা দেশের আর্থসামাজিক উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলে।

জনাব হানিফ ব্যবসায় উদ্যোগ নিয়ে নিজেই নিজের কর্মসংস্থান সৃষ্টি করেছেন, পাশাপাশি তিনি আরও বেকার যুবকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছেন। তার এ উদ্যোগ দেশের অন্যান্য বেকারদের অনুপ্রাণিত করবে বলে আমি বিশ্বাস করি। ফলে তারা লেখাপড়া শিখে চাকরির পেছনে না ছুটে নিজেরা উদ্যোগ নিয়ে নিজের কর্মসংস্থানের পাশাপাশি অন্যের কর্মসংস্থান তৈরিতেও সচেষ্ট হবে। এতে দেশের বিপুল জনগোষ্ঠীর বেকার সমস্যা সমাধান হবে। এতে দেশের মাথাপিছু আয় বৃদ্ধি পেয়ে জীবনযাত্রার মান উন্নত হবে। পণ্য বিদেশে রপ্তানির মাধ্যমে জনাব হানিফ সাহেব বৈদেশিক মুদ্রাও অর্জন করবে, যা দেশের জাতীয় আয়কে বৃদ্ধি করবে। তাছাড়া প্লাস্টিক দ্রব্য পরিবেশকে দূষিত করবে। তাই প্লাস্টিককে পুণরায় ব্যবহার করে খেলনা তৈরি করায় পরিবেশদূষণ কিছুটা হলেও হ্রাস পাবে। আর পরিবেশকে দূষণমুক্ত করার তার এই প্রয়াস তার মতো আরো অনেককে উদ্‌বুদ্ধ করবে। তাই বলা যায়, দেশের আর্থসামাজিক উন্নয়নে জনাব হানিফের মতো উদ্যোক্তারা অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন।

**প্রশ্ন ▶ ০৪** জনাব কাশেম বিভিন্ন এলাকা থেকে কাঠ সংগ্রহ করে আসবাবপত্র তৈরি করে এলাকার বিভিন্ন দোকানে স্বল্প মূল্যে বিক্রি করেন। তার তৈরিকৃত আসবাবপত্রের চাহিদা থাকায় তিনি ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসায় পরিধি বাড়ান।

ক. কোন বস্ত্রের জন্য বাংলাদেশের খ্যাতি সারা বিশ্বে ছড়িয়ে পড়েছিল? ১
খ. কোন শিল্পের সাহায্য মানুষের জীবনযাত্রা সহজ ও আরামদায়ক হয়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব কাশেমের শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব কাশেম ব্যবসায় সম্প্রসারণে ব্যবসায় পরিবেশের যে উপাদানের সহায়তা নিয়েছেন– তার প্রভাব মূল্যায়ন করো। ৪

[কু. বো. ২০২৫]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** মসলিন বস্ত্রের জন্য বাংলাদেশের খ্যাতি সারাবিশ্বে ছড়িয়ে পড়েছিল।

**খ** সেবা শিল্প বিভিন্ন প্রকার সেবা প্রদানের মাধ্যমে মানুষের জীবনযাত্রা সহজ ও আরামদায়ক করে। বিদ্যুৎ ও গ্যাস উৎপাদন এবং বিতরণ, ব্যাংকিং ও স্বাস্থ্যসেবা ইত্যাদি সেবা শিল্পের অন্তর্গত। যন্ত্রপাতি বা স্থায়ী সম্পদ ও মেধাসম্পদ প্রয়োগের মাধ্যমে এসব সেবামূলক কাজ করা হয়।

**গ** জনাব কাশেমের শিল্পটি হলো উৎপাদন শিল্প।

যে শিল্পে শ্রম ও যন্ত্রের ব্যবহারের মাধ্যমে কাঁচামালকে প্রক্রিয়াজাত করে চূড়ান্ত পণ্যে রূপান্তর করা হয় তাকে উৎপাদন শিল্প বলে। পণ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, সংযোজন এবং আবার উৎপাদিত পণ্যের প্রক্রিয়া বিষয়ক সব প্রকাশ শিল্প উৎপাদনমুখী শিল্পের অন্তর্গত।

উদ্দীপকের জনাব কাশেম বিভিন্ন এলাকা থেকে কাঠসংগ্রহ করে আসবাবপত্র তৈরি করে এলাকার বিভিন্ন দোকানে স্বল্প মূল্যে বিক্রি করেন। অর্থাৎ এক্ষেত্রে তিনি প্রথমে কাঠকে প্রক্রিয়াজাত করেন। অতঃপর প্রক্রিয়াজাতকৃত কাঠকে তিনি তার শ্রম ও কারখানার যন্ত্রপাতি দ্বারা চূড়ান্ত পণ্য অর্থাৎ আসবাবপত্রের রূপ দেন। তার এ কাজটি মূলত উৎপাদন শিল্পের অন্তর্গত। কেননা, উৎপাদন শিল্পেই কাঁচামাল প্রক্রিয়াজাত করে ব্যবহার উপযোগী পণ্য তৈরি করা হয়। তাই বলা যায়, জনাব কাশেমের শিল্পটি একটি উৎপাদন শিল্প।

**ঘ** জনাব কাশেম ব্যবসায় সম্প্রসারণে ব্যবসায় পরিবেশের অর্থনৈতিক উপাদানের সহায়তা নিয়েছেন।

দেশে বিরাজমান কার্যকর অর্থ ও ব্যাংকিং ব্যবস্থা, কৃষি ও শিল্পের অবদান, জনগণের সঞ্চয় ও বিনিয়োগ মানসিকতা ও সরকারের পৃষ্ঠপোষকতা ব্যবসায়ে পরিবেশের সুদৃঢ় অর্থনৈতিক উপাদান হিসেবে কাজ করে। যে দেশের অর্থনৈতিক অবস্থা যত উন্নত সে দেশ তত বেশি অগ্রগতি লাভ করতে পারে।

উদ্দীপকের জনাব কাশেম বিভিন্ন এলাকা থেকে কাঠ সংগ্রহ করে তা প্রক্রিয়াজাত করে আসবাবপত্র তৈরি করেন। পরবর্তীকালে এসব আসবাবপত্র তিনি বিভিন্ন দোকানে স্বল্পমূল্যে বিক্রি করেন। তার তৈরিকৃত আসবাবপত্রের চাহিদা থাকায় তিনি ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসার পরিধি বাড়ান। অর্থাৎ ব্যবসায় পরিধি বৃদ্ধিতে তিনি ব্যবসায়িক পরিবেশের অর্থনৈতিক উপাদান অর্থ ও ব্যাংকিং-এর সহায়তা নিয়েছেন।

অর্থ ও ব্যাংকিং ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশের গুরুত্বপূর্ণ উপাদান। পর্যাপ্ত মূলধন ছাড়া ব্যবসায় পরিচালনা করা যায় না। ব্যবসায় গঠন, সম্প্রসারণ সব ক্ষেত্রেই অর্থের প্রয়োজন হয়। একজন ব্যবসায়ী বা উদ্যোক্তা যেকোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে এ অর্থ ঋণ বাবদ সংগ্রহ করতে পারেন, যা উদ্দীপকের জনাব কাশেমও করেছেন। তিনি তার ব্যবসায়ের পরিধি বাড়ানোর জন্য অর্থের প্রয়োজন অনুভব করেন এবং এই প্রয়োজন পূরণে ব্যাংকের আশ্রয় নেন। ব্যাংক থেকে প্রাপ্ত অর্থ তিনি তার উৎপাদন কার্যে ব্যবহার করবেন। ফলে প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধি পাবে। চাহিদামাফিক পণ্য পেয়ে ক্রেতারাও তার পণ্য ক্রয়ে আগ্রহী হবে। ফলে বিক্রয় বৃদ্ধি পেয়ে কাঙ্ক্ষিত মুনাফা অর্জন সম্ভব হবে। তাই বলা যায়, জনাব কাশেম ব্যবসায় সম্প্রসারণে ব্যবসায় পরিবেশের যে উপাদানের সহায়তা নিয়েছেন তা হলো অর্থনৈতিক উপাদান।

**প্রশ্ন ▶ ০৫** 'আস্থা ট্রেডিং' এর কর্ণধার জনাব মাসুদ ভোগ্য পণ্যসামগ্রীর ব্যবসায়ী। তিনি মানসম্মত পণ্য ন্যায্য মূল্যে ক্রেতাদের নিকট বিক্রয় করেন। এছাড়াও তিনি মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রয় করেন না। অপরপক্ষে 'মেধা ট্রেডিং' এর কর্ণধার জনাব শফিক মানসম্মত পণ্য বিক্রয় করেন না এবং পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করেন।

ক. শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যা কী? ১

খ. নৈতিকতা কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মাসুদ কোন পক্ষের প্রতি সামাজিক দায়বদ্ধতা পালন করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের কোন ব্যবসায়ীকে তুমি সমর্থন করো? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[কু. বো. ২০২৫]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** শিল্পোন্নয়নের সবচেয়ে বড়ো সমস্যা হলো পরিবেশ দূষণ।

**খ** নৈতিকতা বলতে মানুষের ভালো-মন্দের বিচার বিশ্লেষণ করে সঠিকটি গ্রহণ করাকে বোঝায়।

নৈতিকতা শব্দটি গ্রিক শব্দ ইথস (Ethos) শব্দ হতে উদ্ভব হয়েছে। যার অর্থ মানব আচরণের মানদণ্ড। নৈতিকতা মানুষের দৈনন্দিন কাজ-কর্মের সাথে জড়িত। নৈতিকতার কারণেই মানুষ ভুল-সঠিক, মন্দ-ভালো ও ঠিক-বেঠিকের মধ্যে পার্থক্য করতে পারে।

**গ** জনাব মাসুদ ক্রেতা ও ভোক্তাদের প্রতি সামাজিক দায়বদ্ধতা পালন করেছেন।

ক্রেতা বা ভোক্তা হলেন ব্যবসায়ের প্রাণ। তারা পণ্য কিনলেই ব্যবসায় প্রতিষ্ঠান টিকে থাকে। তাই ব্যবসায়ীকে তার ভোক্তাদের প্রতি বিভিন্ন দায়িত্ব যেমন— মানসম্মত পণ্য সরবরাহ, পণ্যের স্থিতিশীল বাজার, পণ্যসামগ্রী প্রাপ্তি সহজতর প্রভৃতি পালন করতে হয়। এতে ব্যবসায়ের প্রতি ক্রেতা ও ভোক্তাদের আস্থা তৈরি হয়।

উদ্দীপকের জনাব মাসুদ 'আস্থা ট্রেডিং'-এর কর্ণধার। তিনি ভোগ্য পণ্যসামগ্রীর ব্যবসায়ী। তিনি মানসম্মত পণ্য বাজারে সরবরাহ করেন। এক্ষেত্রে পণ্য বিক্রয়ে তিনি ন্যায্যমূল্য নির্ধারণ করে থাকেন। এছাড়াও তিনি মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রয় করেন না।

অর্থাৎ তিনি তার ব্যবসায়ে মুনাফা ও অর্জনকে প্রাধান্য না দিয়ে তার পণ্যের ক্রেতার ও ভোক্তাদের স্বার্থকে প্রাধান্য দিয়েছেন। একজন ব্যবসায়ীর পণ্যের মূল্য নির্ধারণে অবশ্যই ক্রেতা ও ভোক্তাদের ক্রয় ক্ষমতার কথা চিন্তা করা উচিত। ন্যায্যমূল্যে পণ্য বিক্রয় করলে ক্রেতা ও ভোক্তা তাদের প্রয়োজন অনুযায়ী পণ্য ক্রয় করতে পেরে সন্তুষ্ট থাকে। আবার মানহীন বা মেয়াদোত্তীর্ণ পণ্য ক্রেতা ও ভোক্তার আর্থিক ক্ষতির সাথে সাথে মারাত্মক স্বাস্থ্য ঝুঁকিতেও ফেলে। তাই একজন ব্যবসায়ীকে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করার সময় অবশ্যই ক্রেতা ও ভোক্তার প্রতি দায়বদ্ধতা পালন করতে হয়, যেমনটা উদ্দীপকের জনাব মাসুদ করেছেন।

**ঘ** সামাজিক দায়বদ্ধতা পালন করায় উদ্দীপকের জনাব মাসুদ ও জনাব শফিকের মধ্যে আমি জনাব মাসুদকে সমর্থন করি।

মুনাফা অর্জনের পাশাপাশি সমাজের কিছু মঙ্গলময় বা কল্যাণমূলক কাজ করাকে ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা বলে। সমাজ থেকে ব্যবসায়ীর যেমন অনেক কিছু পাওয়ার আছে তেমনি তারও সমাজকে

কিছু দেওয়ার আছে। এ লক্ষ্যেই একজন ব্যবসায়ী সমাজের বিভিন্ন পক্ষ যথা- রাষ্ট্র, সমাজ, ক্রেতা ও ভোক্তা, শ্রমিক-কর্মচারিদের প্রতি দায়বদ্ধতা পালন করে থাকেন।

উদ্দীপকের 'আস্থা ট্রেডিং' এর কর্ণধার জনাব মাসুদ মানসম্মত পণ্য ন্যায্যমূল্যে ক্রেতাদের নিকট বিক্রয় করেন। এছাড়াও তিনি মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রয় করেন না। অর্থাৎ তিনি সামাজিক দায়বদ্ধতা পালন করেই তার ব্যবসায় পরিচালনা করছেন। অপরপক্ষে 'মেধা ট্রেডিং'-এর কর্ণধার জনাব শফিক মানসম্মত পণ্য বিক্রয় করেন না এবং পণ্যের কৃত্রিম সংকট তৈরি করেন। অর্থাৎ তার ব্যবসায়ে সামাজিক দায়বদ্ধতা পালনের ব্যর্থতা ফুটে উঠেছে।

ব্যবসায় একটি সামাজিক প্রতিষ্ঠান। তাই একজন ব্যবসায়ীকে মুনাফা অর্জনের সাথে সমাজের কিছু মঙ্গলময় বা কল্যাণমূলক কাজ করতে হয়। উদ্দীপকের জনাব মাসুদ সেই কাজই করেছেন। তিনি মুনাফা অর্জনের সাথে ক্রেতা ও ভোক্তাদের নিকট মানসম্মত পণ্য ন্যায্যমূল্যে বিক্রয় করে তাদের ঠকানো থেকে বিরত থেকেছেন। মেয়াদোত্তীর্ণ পণ্য বিক্রি না করে তাদের ক্ষতি-সাধন করেননি। অপরদিকে জনাব শফিক কেবল তার ব্যবসায়ের মুনাফা অর্জনকে প্রাধান্য দিয়েছেন। সামাজিক কোনো দায়বদ্ধতা পালন তিনি তো করেননি এবং মানহীন পণ্য সরবরাহ এবং পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে সমাজের এক বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি করেছেন। আর এই ধরনের ব্যবসায় ও ব্যবসায়ী মনোভাব কখনোই সমাজে কাম্য নয়। তাই সামাজিক দায়বদ্ধতা যথাযথভাবে পালন করায় উদ্দীপকের জনাব মাসুদকে আমি সমর্থন করি।

**প্রশ্ন ▶ ০৬** নরসিংদী জেলায় প্রচুর শাক-সবজি ও ফলমূল উৎপন্ন হয়। রহিম সকালে নরসিংদীর বিভিন্ন বাজার থেকে টাটকা শাক-সবজি ও ফলমূল ক্রয় করে ট্রাকে ঢাকায় এনে নিজ দোকানে ভোক্তাদের নিকট বিক্রয় করে।

ক. মোড়কিকরণ কী? ১

খ. বিক্রয়িকতা কী? ব্যাখ্যা করো। ২

গ. বণ্টন প্রণালি অনুযায়ী রহিমের অবস্থান বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে জনাব রহিম বিপণন কার্যাবলির যেসব উপযোগ সৃষ্টি করেছেন– তা বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** পণ্যসামগ্রীকে সুন্দর ও আকর্ষণীয় করা এবং নষ্ট বা ভেঙে যাওয়া থেকে রক্ষার উদ্দেশ্যে কোনো কিছু দ্বারা আবৃত করাকে মোড়কিকরণ বলা হয়।

**খ** ক্রেতা আকর্ষণ করার কৌশল বা দক্ষতাকে বিক্রয়িকতা বলে।

এর মাধ্যমে একজন বিক্রয়কর্মী তার দক্ষতা ও কৌশলকে কাজে লাগিয়ে সে সম্ভাব্য ক্রেতার নিকট পণ্য বা সেবাসামগ্রী বিক্রয় করতে সক্ষম হয়। এছাড়াও তিনি তার নিজ গুণে ব্যবসায় ও পণ্য সম্পর্কে ক্রেতাদের আস্থা অর্জন করে তাদেরকে স্থায়ী গ্রাহকে পরিণত করে থাকে।

**গ** বণ্টন প্রণালী অনুযায়ী রহিমের অবস্থান হলো উৎপাদনকারী ও ভোক্তার মধ্যবর্তী স্থান অর্থাৎ তিনি একজন খুচরা বিক্রেতা।

ব্যবসায়ের অনেক ক্ষেত্রে পণ্য বিক্রয় বা বণ্টনে মধ্যস্থ ব্যবসায়ী হিসেবে খুচরা ব্যবসায়ীর সাহায্য নেওয়া হয়। এক্ষেত্রে উৎপাদনকারীরা তাদের উৎপাদিত পণ্য খুচরা বিক্রেতার নিকট বিক্রয় করে। খুচরা ব্যবসায়ীগণ তাদের দোকানে পণ্য রেখে প্রকৃত ভোক্তাদের নিকট চাহিদা অনুযায়ী সরবরাহ করে থাকে।

উদ্দীপকে বলা হয়েছে নরসিংদী জেলায় প্রচুর শাক সবজি ও ফলমূল উৎপন্ন হয়। রহিম সকালে নরসিংদীর বিভিন্ন বাজার থেকে টাটকা শাক-সবজি ও ফলমূল ক্রয় করে ট্রাকে ঢাকায় এনে নিজ দোকানে ভোক্তাদের নিকট বিক্রয় করেন। রহিম উৎপাদনকারীর নিকট হতে প্রথমে পণ্য সংগ্রহ করে অতঃপর তা নিজে ভোক্তাদের নিকট পৌঁছে দেয়। অর্থাৎ এক্ষেত্রে রহিম উৎপাদনকারী ও ভোক্তার মধ্যে মধ্যস্থতাকারী হিসেবে অবস্থান করে। আর উৎপাদনকারী ও ভোক্তার মধ্যস্থানে অবস্থানকারী পক্ষ হলো খুচরা ব্যবসায়ী বা খুচরা বিক্রেতা। অর্থাৎ বণ্টন প্রণালি অনুযায়ী রহিমের অবস্থানটি হবে নিম্নরূপ :

উৎপাদনকারী → খুচরা বিক্রেতা (রহিম) → ভোক্তা

**ঘ** উদ্দীপকে জনাব রহিম বিপণন কার্যাবলির মালিকানাগত ও স্থানগত উপযোগ সৃষ্টি করেছেন।

পণ্যদ্রব্য বা সেবা সামগ্রী উৎপাদনকারী থেকে ভোক্তা বা ব্যবহারকারীর নিকট পৌঁছে দেওয়া পর্যন্ত সকল কাজকে বিপণন বলা হয়। এটি উৎপাদনকারী ও ভোক্তার মধ্যে সেতুবন্ধন হিসেবে কাজ করে। বিপণনের বিভিন্ন কার্যাবলি রয়েছে; যা দ্বারা পণ্য ও সেবার মালিকানাগত, স্থানগত ও সময়গত উপযোগ সৃষ্টি হয়।

উদ্দীপকের রহিম একজন খুচরা ব্যবসায়ী। সকালে নরসিংদীর বিভিন্ন বাজার থেকে টাটকা শাক-সবজি ও ফলমূল ক্রয় করেন। অতঃপর তা ট্রাকের মাধ্যমে ঢাকায় আনেন। ক্রয়কৃত এসব শাকসবজি ও ফলমূল তিনি নিজের দোকানে বিক্রি করেন। অর্থাৎ এক্ষেত্রে বিপণনের ক্রয়, বিক্রয় ও পরিবহন সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করেছেন।

রহিম তার ব্যবসায়ে সর্বপ্রথম বিপণনের যে কাজটি করে থাকেন তা হলো ক্রয়। এটি বিপণনের অন্যতম কাজ। পণ্যদ্রব্য বা সেবাসামগ্রী ক্রয়ের মধ্যে পণ্যের মালিকানা সৃষ্টি হয়। ক্রয়কৃত পণ্য ঢাকায় আনার জন্য তিনি স্থানগত বাধার সম্মুখীন হন। তাই বিপণনের যে কাজটি করেন তা হলো পরিবহন। পরিবহন পণ্য বা সেবার স্থানগত উপযোগ ও চাহিদা সৃষ্টি করে। এর মাধ্যমে পণ্য এক স্থান থেকে অন্য স্থানে পৌঁছানো হয়। এভাবে পণ্য উৎপাদনকারী থেকে শেষ পর্যন্ত ব্যবহারকারীর নিকট পৌঁছে। আবার পরিবহণের মাধ্যমে পণ্য নিজ দোকানে ভোক্তাদের নিকট বিক্রয় করার মাধ্যমে বিপণনের আরেকটি কাজ অর্থাৎ বিক্রয় সম্পাদন করেন। বিক্রয় বিপণনের একটি আবশ্যকীয় কাজ, যা পণ্যের ক্রেতা ও বিক্রেতাকে একত্রিত করে। এর মাধ্যমে পণ্যের মালিকানা হস্তান্তর হয়। অর্থাৎ রহিম বিপণনের কার্যাবলিসমূহ যথাযথভাবে সম্পাদন করে থাকেন। বিপণনের ক্রয়-বিক্রয় কাজ দ্বারা পণ্যের মালিকানা পরিবর্তন হওয়ায় তা মালিকানাগত এবং পরিবহণ স্থানগত বাধা দূর করায় তা স্থানগত উপযোগ সৃষ্টি করে থাকে। তাই বলা যায়, উদ্দীপকে জনাব রহিম বিপণন কার্যাবলি ক্রয়-বিক্রয় ও পরিবহন দ্বারা মালিকানাগত ও স্থানগত উপযোগ সৃষ্টি করেছেন।

**প্রশ্ন ▶ ০৭** জনাব হাফিজের নিজস্ব পুঁজি থাকা সত্ত্বেও প্রশিক্ষণ ও বিনিয়োগের সুযোগ-সুবিধা সম্পর্কে ধারনা না থাকার কারণে ব্যবসায় শুরু করতে পারছেন না। অপরদিকে তাঁর বন্ধু নাবিল একটি বেকারী ব্যবসায় পরিচালনা করছেন। কিন্তু প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার জন্য তাঁর ব্যবসায়টি আধুনিকায়ন ও সম্প্রসারণ করতে পারছেন না।

ক. বিসিক এর প্রধান কাজ কী? ১
খ. বাণিজ্য কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব হাফিজের ব্যবসায় শুরুর জন্য কোন ধরনের সহায়তা প্রয়োজন? ব্যাখ্যা করো। ৩
ঘ. প্রতিযোগিতায় টিকে থাকার জন্য জনাব নাবিলের যে ধরনের সহায়তা প্রয়োজন– তার প্রভাব বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

**৭নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৮** জনাব জাকির হোসেন চট্টগ্রামের একজন নামকরা রেস্টুরেন্ট ব্যবসায়ী। তিনি হোটেল ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ গ্রহণ করেছেন। বর্তমানে তিনি আমেরিকার একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিতে আবদ্ধ হয়েছেন। শর্ত অনুযায়ী তিনি ঐ প্রতিষ্ঠানের পণ্য উৎপাদন ও বিতরণ করবেন। সুনামের সাথে ব্যবসায়টি চলছিল। কিন্তু হঠাৎ আগুন লেগে প্রতিষ্ঠানটির ব্যাপক ক্ষতির সম্মুখীন হওয়ায় প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যায়।

ক. পণ্যের মান নিয়ন্ত্রণ করে কোন প্রতিষ্ঠান? ১
খ. পেটেন্ট কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব জাকির হোসেন কোন ধরনের চুক্তি করেছিলেন? বর্ণনা দাও। ৩
ঘ. জনাব জাকির হোসেনের কোন ধরনের পদক্ষেপ উক্ত প্রতিষ্ঠানটি চালু রাখতে সহায়ক হতো বলে তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

**৮নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৯** রফিক ও আলম দুই ভাই তাদের বাবা দুই জনকে দুইটি কারখানার দায়িত্ব দিলেন। রফিক কর্মীদের প্রতি নেতিবাচক ধারণা পোষণ করেন এবং তাদেরকে চাপে রেখে কাজ আদায়ের চেষ্টা করেন। অপর দিকে আলম কর্মীদের উপর সব দায়িত্ব ছেড়ে দিয়ে নিশ্চিন্তে থাকেন এবং জবাব দিহিতা আদায় করেন না। কয়েক বছরে প্রতিষ্ঠান দুইটি লোকসানের মুখে পড়ে।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. ব্যবসায় অর্থায়ন কী? ব্যাখ্যা করো। ২
গ. রফিকের নেতৃত্ব কোন ধরনের? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের রফিক ও আলমের জন্য কোন ধরনের নেতৃত্বের পরামর্শ দিবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[কু. বো. ২০২৫]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** আধুনিক ব্যবস্থাপনার জনক হেনরি ফেওল।

**খ** সাধারণত ব্যবসায়ের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করা হলো ব্যবসায় অর্থায়ন।

যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য অর্থ বা মূলধনের প্রয়োজন। এর কাজ চালু রাখা ও সম্প্রসারণের জন্য পুঁজি বা অর্থের প্রয়োজন। ব্যবসায়ের আর্থিক প্রয়োজন মেটানোর জন্য অর্থ সংগ্রহ, সংরক্ষণ এবং সংগৃহীত অর্থের সুষ্ঠু ব্যবহার সংক্রান্ত কাজ ব্যবসায় অর্থায়নের অন্তর্ভুক্ত।

**গ** রফিকের নেতৃত্ব স্বৈরতান্ত্রিক।

এ নেতৃত্বে নেতা সব ক্ষমতা নিজের কাছে রাখেন। সিদ্ধান্ত নিতে উদ্দীপকের রফিক কর্মীদের মতামতকে গুরুত্ব দেন না। কর্মীদের চাপ প্রয়োগ করে কাজ আদায় করেন। প্রয়োজনে ভুল কাজের জন্য শাস্তি দেন। এ নেতৃত্বে কর্মীরা নেতার আদেশ মানতে বাধ্য থাকে।

উদ্দীপকে সান পোল্ট্রি ফিড লি. এর উৎপাদন ব্যবস্থাপক মোজাম্মেল সাহেব। তিনি শ্রমিকদের চাপে রেখে কাজ চালিয়ে নিতে পছন্দ করেন। কর্মক্ষেত্রে তিনি নিজের মতকেই প্রাধান্য দেন। তিনি অন্য কারো পরামর্শ বা মতামত গ্রহণ করেন না। এ কারণে কর্মীরা প্রতিষ্ঠানকে নিজের ভাবতে পারে না। তাদের মধ্যে এক ধরনের নেতিবাচক মনোভাব প্রকাশ পায়। এসব বৈশিষ্ট্যের সাথে স্বৈরতান্ত্রিক নেতৃত্বের মিল রয়েছে। তাই বলা যায়, রফিক স্বৈরতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করছেন।

**ঘ** উদ্দীপকের রফিক ও আলমের জন্য আমি গণতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করার পরামর্শ দেবো, কেননা তাদের অনুসরণকৃত নেতৃত্বের কোনোটিই প্রতিষ্ঠানের জন্য কল্যাণকর নয়।

ব্যবসায়ের ক্ষেত্রে নেতৃত্ব বলতে উদ্দেশ্য অর্জনকে সামনে রেখে কাজ সম্পাদনে কর্মীদের উৎসাহিত করার গুণ ও কৌশলকে বোঝায়। একজন নেতা তখনই সফল হবেন যখন তিনি সক্রিয়ভাবে ব্যবসায় পরিচালনা করে কর্মীদের উৎসাহ প্রদানের মাধ্যমে কাজ আদায় করে নিতে সক্ষম হবেন। আর এ বৈশিষ্ট্যটি মূলত গণতান্ত্রিক নেতৃত্বে দেখা যায়।

উদ্দীপকের রফিক ও আলমকে তাদের বাবা দুটি কারখানার দায়িত্ব ভার দেন। রফিক কর্মীদের প্রতি নেতিবাচক ধারণা পোষণ করেন এবং তাদেরকে চাপে রেখে কাজ আদায়ের চেষ্টা করেন। অর্থাৎ তিনি স্বৈরতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করেন। অপরদিকে আলম কর্মীদের উপর সব দায়িত্ব ছেড়ে দিয়ে নিশ্চিন্তে থাকেন এবং জবাবদিহিতা আদায় করেন না। অর্থাৎ তার নেতৃত্বের ধরনটি হলো মুক্ত নেতৃত্ব। তাদের দুই জনের নেতৃত্বই প্রতিষ্ঠানের জন্য মঙ্গলজনক নয়। তাই মাত্র কয়েক বছরেই প্রতিষ্ঠান দুটি লোকসানের মুখে পড়ে।

স্বৈরতান্ত্রিক নেতৃত্ব ও মুক্ত নেতৃত্ব উভয় বর্তমান পেক্ষাপটে কোনো ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য উপযোগী নয়। স্বৈরতান্ত্রিক নেতৃত্বে নেতা শুধু আদেশ করেন, জবাবদিহি করেন না। সম্পূর্ণভাবে নিজের ক্ষমতা ও সামর্থ্যের উপর নির্ভর করেন। কর্মীদের সামর্থ্যের উপর আস্থা রাখেন না। তাদের সব সময় চাপের মুখে রাখেন। এর ফলে কর্মীরা প্রতিষ্ঠানকে নিজেদের ভাবতে পারেন না। যার প্রভাব তাদের কাজে পড়ে এবং সামগ্রিকভাবে প্রতিষ্ঠানের উপর নেতিবাচক প্রভাব পড়ে। অপরদিকে মুক্ত নেতৃত্বে নেতা কর্মীদের উপর দায়িত্ব দিয়ে নিশ্চিন্তে থাকেন। তাদের সুনির্দিষ্ট আদেশ দেন না। ফলে কর্মীরা নিজেদের ইচ্ছামতো কাজ করে থাকে। এ ধরনের নেতৃত্বে নেতা কর্মীদের

জবাবদিহিতা আদায় করেন না। তাই কর্মীরা নিজেদের দায়িত্ব যথাযথভাবে পালনে অবহেলা করে। এ ধরনের নেতৃত্বও ব্যবসায়ে ব্যর্থতা নিয়ে আসে। কেননা প্রতিষ্ঠানের সাফল্য নির্ভর করে ভালো আন্তঃব্যক্তিক সম্পর্ক ও দলীয় কাজের উপর। ব্যবসায়ের সাফল্য অর্জনের একজন নেতাকে এমন ধরনের নেতৃত্ব বেছে নেওয়া উচিত যে নেতৃত্বের মাধ্যমে কর্মীরা নিজেদের প্রতিষ্ঠানের অংশ মনে করেন নিজ দায়িত্ব যথাযথভাবে পালনে সচেষ্ট থাকে। আর গণতান্ত্রিক নেতৃত্বের অনুসরণেই মূলত এমনটি কাম্য হয়ে থাকে। তাই ব্যবসায়ের সফলতায় এ ধরনের নেতৃত্বের কোনো বিকল্প নেই। আর গণতান্ত্রিক নেতৃত্বের অনুসরণেই মূলত সম্পূর্ণ সফল হয়ে থাকে তাই উপর্যুক্ত আলোচনার প্রেক্ষিতে নির্দ্বিধায় বলা যায়, উদ্দীপকের রফিক ও আলমের নেতৃত্ব তাদের ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য কল্যাণকর নয় বিধায় তাদের গণতান্ত্রিক নেতৃত্বের অনুসরণ করা উচিত।

**প্রশ্ন ▶ ১০** জনাব সজল তার পরিবারের সদস্যদের নিয়ে মাটি দিয়ে বিভিন্ন ধরনের শোপিস, ফুলদানি তৈরি করেন এবং নিজের দোকানেই সেগুলো বিক্রি করেন। অন্যদিকে জনাব আবির ১০০ কোটি টাকা ব্যয়ে পাট চাষের জন্য বিখ্যাত ময়মনসিংহের ফুলপুরে একটি পাট ও পাটজাত শিল্প স্থাপন করেন।

ক. বিপণনের অন্যতম কাজ কী? ১
খ. ঘুমন্ত অংশীদার কাকে বলে? ব্যাখ্যা করো। ২
গ. জনাব সজলের স্থাপিত শিল্পের ধরন বর্ণনা দাও। ৩
ঘ. বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে জনাব আবিরের শিল্পের অবদান মূল্যায়ন করো। ৪

[কু. বো. ২০২৫]

**১০নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ১১** জনাব রাকিব এলাকার বাজারে গার্মেন্টস পণ্যের শো-রুম চালু করেন। পরবর্তীতে তিনি তাঁর দুই বন্ধুকে চুক্তির ভিত্তিতে মালিকানা দিয়ে ব্যবসায়টি সম্প্রসারণ করেন।

ক. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১
খ. ব্যবসাযের নগদের প্রকৃত অবস্থা জানা যায় কোনটি দ্বারা? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে জনাব রাকিবের প্রথম পর্যায়ের ব্যবসায় সংগঠনটি কী ধরনের ছিল? ৩
ঘ. জনাব রাকিবের দুই বন্ধুকে ব্যবসায় মালিকানায় যুক্ত করার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

[কু. বো. ২০২৫]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য মুনাফা অর্জন।

**খ** ব্যবসায়ে একটি নির্দিষ্ট সময়ে কী পরিমাণ নগদ অর্থ আসছে এবং কী পরিমাণ খরচ হচ্ছে তা জানার জন্য তৈরি করা বিবরণী হলো প্রাক্কলিত নগদ প্রবাহদানবিবরণী।

এ বিবরণীতে নির্দিষ্ট সময়ের নগদ আয় এবং ব্যয়ের পরিমাণ সংরক্ষণ করা হয়। এটি দৈনিক, সাপ্তাহিক ও মাসিক ভিত্তিতে তৈরি করা যায়। এর মাধ্যমে উদ্যোক্তা তার ব্যবসায়ের প্রকৃত নগদের অবস্থা জানতে পারেন।

**গ** উদ্দীপকের জনাব রাকিবের প্রথম পর্যায়ের ব্যবসায় সংগঠনটি ছিল একমালিকানা ব্যবসায়।

মুনাফা অর্জনের লক্ষ্যে যখন কোনো ব্যক্তি নিজ দায়িত্বে মূলধন জোগাড় করে কোনো ব্যবসায় গঠন ও পরিচালনা করে এবং উক্ত ব্যবসায়ে অর্জিত সকল লাভ নিজে ভোগ করে বা ক্ষতি হলে নিজেই তা বহন করে। তখন তাকে একমালিকানা ব্যবসায় বলে।

উদ্দীপকের জনাব রাকিব এলাকার বাজারে গার্মেন্টস পণ্যের শো-রুম চালু করেন। অর্থাৎ মুনাফা অর্জনের লক্ষ্য নিয়ে তিনি একাই মূলধন সরবরাহ করে এই ব্যবসায়টি গঠন করেন, যা একমালিকানা ব্যবসায়ের বৈশিষ্ট্যের সাথে সাদৃশ্যপূর্ণ। একমালিকানা ব্যবসায়ে মালিক একাই ব্যবসায়ের সামগ্রিক ঝুঁকি ও মুনাফা বহন করে। এ ধরনের ব্যবসায় গঠন অনেক সহজ। যেকোনো ব্যক্তি নিজের উদ্যোগে স্বল্প অর্থ নিয়েই এ ব্যবসায় শুরু করতে পারেন। তাই বলা যায়, জনাব রাকিবের প্রথম পর্যায়ের সংগঠনটি ছিল একমালিকানা ব্যবসায়।

**ঘ** ব্যবসায় সম্প্রসারণের প্রয়োজনে জনাব রাকিবের দুই বন্ধুকে ব্যবসায় মালিকানায় যুক্ত করা মানে একমালিকানা ব্যবসায়কে অংশীদারি ব্যবসায়ে রূপান্তর করা যৌক্তিক বলে আমি মনে করি।

একমালিকানা ব্যবসায় ও অংশীদারি ব্যবসায় উভয়ই প্রাচীন ব্যবসায় সংগঠন। মূলত একমালিকানা ব্যবসায়ের কিছু সীমাবদ্ধতা দূর করার প্রয়োজনে অংশীদারি ব্যবসায়ের উদ্ভব হয়। একক মালিকের মূলধনের স্বল্পতা, অসীম দায়, ব্যবসায়ের ক্ষুদ্র আওতা ইত্যাদি সীমাবদ্ধতা দূর করার জন্যই অংশীদারি ব্যবসায় গঠনের প্রয়োজনীয়তা দেখা দেয়।

উদ্দীপকের জনাব রাকিব অন্যের অধীনে চাকরি করা পছন্দ করেন না, তাই তিনি একক মালিকানায় একটি কাপড়ের দোকান শুরু করেন। জনাব রাকিব প্রথমে একাই ব্যবসায় পরিচালনা করতেন। ফলে ব্যবসায়ের সকল বিষয় যথা— দায়-দায়িত্ব, সিদ্ধান্ত গ্রহণ, লাভ-লোকসান ইত্যাদি তাকে একাই বহন করতে হতো। ক্রেতাদের ব্যাপক চাহিদার কথা ভেবে তিনি ব্যবসায়টিকে বড়ো করতে চাইলেন। কিন্তু একমালিকানা ব্যবসায়ের পরিধি স্বল্প হয়ে থাকে তাই তাকে ব্যবসায়ের সম্প্রসারণের জন্য তার দুই বন্ধুকে অংশীদার হিসেবে গ্রহণ করতে হয়েছে। অর্থাৎ জনাব রাকিবের একমালিকানা ব্যবসায়ে পরিণত হয় আর এ অংশীদার চুক্তিবদ্ধ সম্পর্কে আবদ্ধ। তাই তাকে ব্যবসায়ের সকল কার্যক্রম চুক্তি অনুযায়ী অংশগ্রহণ করতে হবে। অংশীদার থাকায় জনাব রাকিবের ব্যবসায়ে মূলধন সংগ্রহও কোনো জটিল বিষয় হয়ে দাঁড়াবে না। ফলে তার ব্যবসায়ের কার্যক্রম সচল রাখা সহজ হবে। এছাড়া ব্যবসায় সিদ্ধান্ত গ্রহণে তিনজন ব্যক্তি আলাপ-আলোচনার মাধ্যমে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সক্ষম হবে। কিন্তু একমালিকানা ব্যবসায়ে মালিক প্রায়শই মূলধন সংগ্রহে বাধাপ্রাপ্ত হয় যেহেতু তিনি একাই মূলধনের যোগানদাতা। আবার তার একার পক্ষে সিদ্ধান্ত গ্রহণও অনেক জটিল হয়।

পরিশেষে বলা যায়, একমালিকানা ব্যবসায়ের মূলধন সংগ্রহ এবং সিদ্ধান্ত গ্রহণের সমস্যা থেকে উত্তরণের জন্য জনাব রাকিবের ব্যবসায়টি অংশীদারি রূপান্তর করার সিদ্ধান্তটি যৌক্তিক।

# যশোর বোর্ড-২০২৫

ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. কুটির শিল্প প্রধানত—**
ক) সমাজভিত্তিক খ) শ্রমিক ভিত্তিক
গ) পরিবার ভিত্তিক ঘ) কর্মকর্তা ভিত্তিক

**২. রানা ২৫ জন শ্রমিক ও ৫০ লক্ষ টাকা নিয়ে একটি শিল্প কারখানা পরিচালনা করেন। রানার শিল্পটি—**
ক) কুটির শিল্প খ) ক্ষুদ্র শিল্প গ) মাঝারি শিল্প ঘ) বৃহৎ শিল্প

**৩. ২০১১ সালের জরিপ অনুযায়ী দেশের ক্ষুদ্র শিল্পের মোট সংখ্যা কত?**
ক) ৯০,৬৬০টি খ) ৯১,৬৬০টি গ) ৯২,৬৬০টি ঘ) ৯৩,৬৬০টি
**বি.দ্র. :** ২০১৭ সালের জরিপ অনুযায়ী দেশের মোট ক্ষুদ্র শিল্পের সংখ্যা ১.২২ লক্ষ।

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রতন শহর থেকে বিভিন্ন ডিজাইনের কাপড় ক্রয় করেন। তিনি ভোক্তার চাহিদা ও রুচি অনুযায়ী কাপড় সংগ্রহ করে বিক্রয় করে থাকেন।

**৪. উদ্দীপকে বণ্টন প্রণালি অনুযায়ী জনাব রতনের ব্যবসায়টিকে কী বলা যায়?**
ক) বিক্রয় প্রতিনিধি খ) পাইকারি ব্যবসায়
গ) খুচরা ব্যবসায় ঘ) সরবরাহকারী

**৫. বিপণন কার্যাবলিতে জনাব রতনের কাজটি হচ্ছে—**
i. পরিবহণ ii. গুদামজাতকরণ iii. প্রমিতকরণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৬. বাণিজ্যিক ব্যাংক যে ধরণের ঋণ প্রদান করে—**
i. স্বল্পমেয়াদি ii. মধ্যমেয়াদি iii. দীর্ঘমেয়াদি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. সাধারণ অর্থে পণ্য-দ্রব্য বা সেবা সামগ্রী ক্রয়-বিক্রয়ের কাজকে কী বলে?**
ক) বিজ্ঞাপন খ) বিপণন গ) উৎপাদন ঘ) গুদামজাতকরণ

**৮. আধুনিক ব্যবস্থাপনার জনক কে?**
ক) হেনরি ফেওল খ) স্যামসন এইচ চৌধুরী
গ) এফ ডব্লিউ টেইলর ঘ) জহুরুল ইসলাম

**৯. নিচের কোনটি প্রজনন শিল্পের অন্তর্গত?**
ক) সেতু খ) নার্সারি গ) ব্যাংকিং ঘ) রাস্তাঘাট

**১০. বিমা বাণিজ্যের কোন বাধা দূর করে?**
ক) সময়গত খ) স্থানগত গ) ঝুঁকিগত ঘ) স্বত্বগত

**১১. ব্যবসায় উদ্যোক্তা বা শিল্পোদ্যোক্তা এর ইংরেজি প্রতিশব্দ—**
ক) Entrepreneur খ) Enterprenuer
গ) Entrepreneurship ঘ) Enterpreneurship

**১২. নট্রামস কোন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত একটি প্রতিষ্ঠান?**
ক) যুব ও ক্রীড়া খ) স্বাস্থ্য গ) গণপূর্ত ঘ) শিক্ষা

**১৩. 'বাংলাদেশ অর্থনৈতিক রিভিউ ২০১১'-এর পরিসংখ্যান অনুযায়ী জাতীয় অর্থনীতিতে কৃষিখাতের অবদান—**
ক) ২০% খ) ৩০% গ) ৪০% ঘ) ৫০%
**বি.দ্র. :** 'বাংলাদেশ অর্থনৈতিক রিভিউ ২০১৮'-এর পরিসংখ্যান অনুযায়ী জাতীয় অর্থনীতিতে কৃষিখাতের অবদান- ১৪.২৩%।

**১৪. ব্যবসায় সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত হলো—**
ক) পণ্যের চাহিদা নির্ধারণ খ) সঠিক কর্মী নির্বাচন
গ) সঠিক পণ্য নির্বাচন ঘ) সঠিক প্রযুক্তি ব্যবহার

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মাহি স্কুলের সামনে বই, খাতা ও কলম বিক্রয়ের জন্য একটি ব্যবসায় প্রতিষ্ঠা করেন। কিছুদিনের মধ্যে ব্যবসায়টি লাভজনক হওয়ায় তিনি ব্যবসায়ের পরিধি বাড়াতে চান। পরে তিনি তার বন্ধু নিয়নের সাথে চুক্তিবদ্ধ হয়ে ব্যবসায়ের কাঠামো পরিবর্তন করেন।

**১৫. জনাব মাহি বই, খাতা ও কলম বিক্রয়ের জন্য কোন ধরনের ব্যবসায় উপযুক্ত?**
ক) যৌথমূলধনী খ) সমবায় সমিতি গ) একমালিকানা ঘ) অংশীদারি

**১৬. জনাব মাহি পরবর্তীতে কোন ধরনের ব্যবসায় গড়ে তোলেন?**
ক) প্রাইভেট লিমিটেড কোং খ) সমবায় সমিতি
গ) একমালিকানা ঘ) অংশীদারি

**১৭. প্রাতিষ্ঠানিক সাফল্য লাভ কোনটির উপর নির্ভর করে?**
ক) জেন্ডার সচেতনতা খ) শিল্প ও অভিজ্ঞতা
গ) সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ঘ) সাংগঠনিক দক্ষতা

**১৮. ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগে নারী উদ্যোক্তাদের জন্য সহজশর্তে কোন প্রতিষ্ঠান অধিকতর ঋণ সুবিধা দিচ্ছে?**
ক) বিডিবিএল খ) ব্র্যাক
গ) অর্থনৈতিক প্রতিষ্ঠান ঘ) বাণিজ্যিক ব্যাংক

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মাহমুদ ধান, গম ও ভুট্টা ব্যবহার করে চাল, আটা ও পশুখাদ্য উৎপাদনের জন্য নওগাঁ শহরের অদূরে একটি কারখানা স্থাপন করেছেন। তিনি মানসম্মত পণ্য উৎপাদন করেন এবং সরকারকে নিয়মিত কর ও রাজস্ব প্রদান করেন। কিন্তু তার কারখানা থেকে কালোধোঁয়া নির্গত হয় এবং জেনারেটর থেকে মাঝে মাঝে বিকট আওয়াজ হয়।

**১৯. জনাব মাহমুদ কোন কোন পক্ষের প্রতি সামাজিক দায়বদ্ধতা নিশ্চিত করেছেন?**
i. সরকারের প্রতি ii. ক্রেতা ও ভোক্তাদের প্রতি iii. শ্রমিক কর্মচারীদের প্রতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২০. তিনি পণ্য উৎপাদনে পরিবেশের কোন কোন উপাদান দূষণ করেছেন?**
ক) বায়ু ও মাটি দূষণ খ) বায়ু ও শব্দ দূষণ
গ) বায়ু ও পানি দূষণ ঘ) পানি ও মাটি দূষণ

**২১. সর্বপ্রথম কতজন শ্রমিক নিয়ে স্কয়ার ফার্মাসিউটিক্যালস স্থাপন করা হয়?**
ক) ১০ জন খ) ১১ জন গ) ১২ জন ঘ) ১৩ জন

**২২. উদ্যোক্তা কোন ধরনের কাজে বিশেষ আনন্দ পান?**
ক) চ্যালেঞ্জমূলক খ) উদ্ভাবনীমূলক
গ) সংবেদনশীল ঘ) স্বাধীনচেতামূলক

**২৩. অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি কী?**
ক) নিবন্ধন খ) চুক্তি গ) অভিজ্ঞতা ঘ) মূলধন

**২৪. প্রাইভেট লিমিটেড কোম্পানি সর্বোচ্চ সদস্য সংখ্যা কত?**
ক) ৫০ জন খ) ৬০ জন গ) ৭০ জন ঘ) ৮০ জন

**২৫. মেধা সম্পদের অন্তর্ভুক্ত—**
i. নিবন্ধন ii. পেটেন্ট iii. কপিরাইট
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
মাসুদ একজন গার্মেন্টস্ ব্যবসায়ী। তাকে নিজস্ব গুদামে প্রচুর পণ্য মজুদ রাখতে হয়। তার পণ্যের নিরাপত্তার কথা ভেবে তিনি বিমা করালেন।

**২৬. বিমা করার মাধ্যমে জনাব মাসুদ তার ব্যবসায়ের জন্য কী কী কাজ করেছেন?**
i. ব্যবসায়ের জন্য ভবিষ্যত ঝুঁকি নিরূপণ করেছেন
ii. ঝুঁকিগত প্রতিবন্ধকতা দূর করেছেন iii. ঝুঁকির জন্য প্রিমিয়াম প্রদান করেছেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৭. মাসুদের জন্য কোন ধরনের বিমা প্রয়োজন?**
ক) জীবন বিমা খ) নৌ বিমা গ) দুর্ঘটনা বিমা ঘ) অগ্নি বিমা

**২৮. নিচের কোন দুটি পদ্ধতির মাধ্যমে চিহ্নিত ধারণাগুলো মূল্যায়ন করে প্রকল্প নির্বাচন করা যায়—**
i. শিল্প জরিপ প্রতিবেদন ii. ম্যাক্রোস্ক্রিনিং iii. মাইক্রোস্ক্রিনিং
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৯. প্রাক্কলিত নগদ প্রবাহ বিবরণী সংরক্ষণ করা যেতে পারে—**
i. সাপ্তাহিক ভিত্তিতে ii. মাসিক ভিত্তিতে iii. বাৎসরিক ভিত্তিতে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৩০. সম আয় ব্যয় বিন্দুকে সংক্ষেপে কী বলা হয়?**
ক) BUP খ) BEP গ) SAF ঘ) BEF

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# যশোর বোর্ড-২০২৫

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব রিফাত উচ্চশিক্ষা শেষে তার জমানো ও আত্মীয়-স্বজনদের কাছ থেকে প্রয়োজনীয় অর্থ ঋণ নিয়ে একটি হলুদ, মরিচ গুড়া করার ফ্যাক্টরি স্থাপন করেন। তিনি উৎপাদিত পণ্য প্যাকেটজাত করে বাজারজাত করেন। ভেজালমুক্ত মানসম্মত পণ্য হওয়ায় তার ব্যবসায়টি দ্রুত উন্নতি লাভ করে। বর্তমানে তার প্রতিষ্ঠানে ৩০ জন শ্রমিকের কর্মসংস্থান হয়েছে।

(ক) ঝুঁকি কী? ১

(খ) উৎপাদন শিল্প বলতে কী বোঝায়? ২

(গ) উদ্দীপকে জনাব রিফাতকে কী নামে অভিহিত করা যেতে পারে– ব্যাখ্যা করো। ৩

(ঘ) "দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব রিফাতের উদ্যোগটি অনুকরণীয় হতে পারে"—মতামত দাও। ৪

২। জনাব আরিফ নিজেই তার কর্মসংস্থানের ক্ষেত্র তৈরির ইচ্ছা থেকে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে নিজের বাবার একখন্ড জমিতে উচ্চফলনশীল জাতের মাল্টা চাষ শুরু করেন। অল্পদিনের মধ্যেই তিনি সাফল্যের মুখ দেখেন। তার এই সাফল্য দেখে এলাকার অন্যান্য যুবকরাও মাল্টা চাষে উৎসাহিত হন।

(ক) ব্যবসায় সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত কী? ১

(খ) প্রাথমিক মূলধন বলতে কী বোঝায়? ২

(গ) জনাব আরিফের কাজটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

(ঘ) বাংলাদেশের প্রেক্ষাপটে জনাব আরিফের কাজের গুরুত্ব মূল্যায়ন করো। ৪

৩। রনি ও জনি দুই বন্ধু লেখাপড়া শেষ করে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপন করেন। তাদের ব্যবসায় প্রচুর লাভ হয়। কিন্তু ব্যবসায়টি কিছুদিন চলার পর রনির মস্তিষ্ক বিকৃতি ঘটে। ফলে দায়িত্ব পালনে চিরতরে অসমর্থ হন।

(ক) রাষ্ট্রীয় ব্যবসায় কী? ১

(খ) একমালিকানা ব্যবসায় জনপ্রিয়তার কারণ ব্যাখ্যা করো। ২

(গ) জনাব রনি ও জনির ব্যবসায় মালিকানার ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

(ঘ) উদ্দীপকে বর্ণিত ব্যবসায়টি বিলোপ সাধন ঘটবে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪। জনাব রাকিব সরিষা থেকে ভোজ্যতেল তেরি করার একটি কারখানা স্থাপন করেন। উৎপাদিত ভোজ্যতেল বোতলজাত করে বাজারে সরবরাহ করা হয়। তার পণ্য অন্যদের পণ্য থেকে স্বতন্ত্র এবং একচেটিয়া মালিকানা পাওয়ার জন্য ব্যবস্থা নিয়েছেন। তার উৎপাদিত বোতলজাত সরিষার তেল সহজেই চেনার উপায় হিসেবে প্রতিটি মোড়কের গায়ে 'U' অক্ষরটি ব্যবহার করা হয়।

(ক) পণ্যের মান নির্ধারণকারী প্রতিষ্ঠান কোনটি? ১

(খ) বিমা বলতে কী বোঝায়? ২

(গ) উদ্দীপকে জনাব রাকিবের উৎপাদিত পণ্যের একচেটিয়া মালিকানা পাওয়ার মাধ্যমটি বর্ণনা করো। ৩

(ঘ) জনাব রাকিব উৎপাদিত পণ্যের মোড়কের গায়ে 'ট' চিহ্ন ব্যবহারের ফলে কী কী সুবিধা পেতে পারে বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫। জনাব মুবিন একজন সকল ব্যবসায়ী। তার ঢাকার নিউমার্কেটে কাপড় বিক্রয়ের একটি বড় শোরুম আছে। তার ব্যবসায় প্রতিষ্ঠান থেকে অন্যান্য জেলার ব্যবসায়ীগণ কাপড় নিয়ে তাদের ব্যবসায় প্রতিষ্ঠানে বিক্রি করেন। ব্যবসায় প্রতিষ্ঠানে বিক্রয়ে গতিশীলতা আনার জন্য কয়েকজন দক্ষ বিক্রয় কর্মী নিয়োগ করেন। ফলে ব্যবসায় বিক্রয় বৃদ্ধি পায় এবং অধিক পরিমাণের মুনাফা অর্জিত হয়।

(ক) বিপণন কী? ১

(খ) বিজ্ঞাপন বলতে কী বোঝায়? ২

(গ) উদ্দীপকে ব্যবহৃত পণ্যের বণ্টন প্রণালি বর্ণনা করো। ৩

(ঘ) বিক্রয় বৃদ্ধিতে জনাব মুবিনের গৃহীত পদক্ষেপটি মূল্যায়ন করো। ৪

৬। রহিমা একজন নারী উদ্যোক্তা। তিনি তার পরিবারের সদস্যদের নিয়ে কুলা আর চালুন তৈরি করে হাটের দিন স্থানীয় বাজারে বিক্রি করে বেশ ভালোই মুনাফা অর্জন করেছেন। তার কাজটি দেখে প্রতিবেশী লামিয়াও উদ্বুদ্ধ হয়ে অনুরূপ আর একটি কারখানা স্থাপন করেন।

(ক) সেবা শিল্প কী? ১

(খ) অনুন্নত এলাকা বলতে কী বোঝায়? ২

(গ) রহিমার কাজটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা করো। ৩

(ঘ) বাংলাদেশের প্রেক্ষাপটে রহিমা ও লামিয়ার গঠিত শিল্পের ভূমিকা অনস্বীকার্য– উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৭। জনাব রশ্মি বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ শিক্ষা লাভ করে নিজ এলাকায় স্থানীয় বাজারে অত্যন্ত আকর্ষণীয় একটি কসমেটিকস্ এর ব্যবসায় দেন। তিনি ব্যবসায়ের হিসাবের ক্ষেত্রে একটি বিবরণী তৈরি করেন, যা থেকে নগদ অর্থের বিষয়ে জানা যায়। এছাড়া কিছু কৌশল অবলম্বন করে পণ্যের মূল্য নির্ধারণ করেন বলে মুনাফা অর্জন করতে সুবিধা হয়।


(ক) যিনি নেতৃত্ব দেন তাকে কী বলে? ১

(খ) ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি কী? ব্যাখ্যা করো। ২

(গ) জনাব রশ্মি কোন বিবরণী প্রস্তুত করেন? ব্যাখ্যা করো। ৩

(ঘ) জনাব রশ্মির পণ্যের মূল নির্ধারণ কৌশলটি বিশ্লেষণ করো। ৪

৮।




(ক) আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১

(খ) নেতৃত্ব বলতে কী বোঝায়? ২

(গ) '?' চিহ্নিত স্থানে ব্যবস্থাপনার কার্যাবলিতে কোন কাজটি অনুপস্থিত? ব্যাখ্যা করো। ৩

(ঘ) প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে ৭নং প্রক্রিয়াটির অপরিহার্যতা বিশ্লেষণ করো। ৪

৯। জনাব নয়ন একজন স্বনামধন্য ব্যবসায়ী। তিনি মৌসুমে বিভিন্ন পাইকারী বাজার থেকে পিঁয়াজ, রসুন ও আলু সংগ্রহ করে হিমাগারে সংরক্ষণ করে পরবর্তীতে বেশি দামে বিক্রি করে ব্যবসায়ে বেশ লাভবান হয়েছেন। ভবিষ্যতে আরও বেশি লাভবান হওয়ার জন্য অধিক পরিমাণে পণ্য হিমাগারে সংরক্ষণ করার জন্য আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার চিন্তাভাবনা করেছেন।

(ক) বাণিজ্য কী? ১

(খ) প্রত্যক্ষ সেবা বলতে কী বোঝায়? ২

(গ) জনাব নয়নের কাজটি ব্যবসায়ের কোন শাখার অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

(ঘ) জনাব নয়নের ঋণ নেওয়া প্রক্রিয়াটি কোন পরিবেশের উপাদান? বিশ্লেষণ করো। ৪

১০। জনাব ইমন একজন ব্যবসায়ী। তিনি প্লাস্টিকের বিভিন্ন জিনিসপত্র তৈরির কারখানা স্থাপন করেন। পরিবেশ দূষণ থেকে এলাকা রক্ষা করার জন্য প্রয়োজনীয় বর্জ্য নিষ্কাশনের ব্যবস্থা রেখে ব্যবসায়ের কার্যক্রম শুরু করেন। তার কারখানায় অনেক শ্রমিক কর্মরত আছেন। তিনি নিয়মিত সরকারকে আয়কর প্রদান করে থাকেন।

(ক) শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যা কি? ১

(খ) ব্যবসায়ে নৈতিকতা কেন প্রয়োজন? ব্যাখ্যা করো। ২

(গ) জনাব ইমন কোন পক্ষের প্রতি দায়বদ্ধতা পালন করেছেন? ব্যাখ্যা করো। ৩

(ঘ) জনাব ইমন দেশের অর্থনৈতিক উন্নয়নে কীভাবে অবদান রাখছেন? বিশ্লেষণ করো। ৪

১১। মিস সায়মা আক্তার পড়াশুনা শেষ করে চাকুরির চিন্তা না করে স্থানীয় যুব উন্নয়ন অধিদপ্তরের অধীনে হস্তশিল্পের ওপর প্রশিক্ষণ গ্রহণ করেন। তার নিজের জমানো টাকা ও স্থানীয় এনজিও থেকে কিছু টাকা ঋণ নিয়ে 'নকশি কাঁথা' নামে একটি শপ গড়ে তোলেন এবং ৫ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়। ক্রেতাদের চাহিদা ও রুচি অনুযায়ী পণ্য সরবরাহ করায় তিনি ব্যবসায় সফলতা লাভ করেন।

(ক) কর অবকাশ কী? ১

(খ) BITAC কেন গঠিত হয়? ব্যাখ্যা করো। ২

(গ) মিস সায়মা আক্তার যুব উন্নয়ন অধিদপ্তর থেকে কোন ধরনের সহায়ক সেবা পেয়েছেন? বর্ণনা করো। ৩

(ঘ) মিস সায়মা আক্তারকে একজন নারী উদ্যোক্তা বলা যায় কি? তোমার মতামত দাও। ৪

# উত্তরমালা (যশোর বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ |
| ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** জনাব রিফাত উচ্চশিক্ষা শেষে তার জমানো ও আত্মীয়-স্বজনদের কাছ থেকে প্রয়োজনীয় অর্থ ঋণ নিয়ে একটি হলুদ, মরিচ গুড়া করার ফ্যাক্টরি স্থাপন করেন। তিনি উৎপাদিত পণ্য প্যাকেটজাত করে বাজারজাত করেন। ভেজালমুক্ত মানসম্মত পণ্য হওয়ায় তার ব্যবসায়টি দ্রুত উন্নতি লাভ করে। বর্তমানে তার প্রতিষ্ঠানে ৩০ জন শ্রমিকের কর্মসংস্থান হয়েছে।

ক. ঝুঁকি কী? ১

খ. উৎপাদন শিল্প বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব রিফাতকে কী নামে অভিহিত করা যেতে পারে— ব্যাখ্যা করো। ৩

ঘ. "দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব রিফাতের উদ্যোগটি অনুকরণীয় হতে পারে"—মতামত দাও। ৪

[য. বো. ২০২৫]

### ১নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায় থেকে প্রত্যাশিত মুনাফা অর্জনের অনিশ্চয়তাকেই ব্যবসায়ের ঝুঁকি হিসেবে গণ্য হয়।

**খ** যে শিল্পে শ্রম ও যন্ত্রের ব্যবহারের মাধ্যমে কাঁচামালকে প্রক্রিয়াজাত করে চূড়ান্ত পণ্যে রূপান্তর করা হয় তাকে উৎপাদন শিল্প বলে।

এ শিল্পের মাধ্যমে কাঁচামালকে বিভিন্ন উপায়ে প্রক্রিয়াজাত করে তা ভোক্তা বা ক্রেতার ব্যবহার উপযোগী করা হয়। পণ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, সংযোজন এবং আবার উৎপাদিত পণ্যের প্রক্রিয়া বিষয়ক সব প্রকার শিল্প উৎপাদন শিল্পের অন্তর্গত। যেমন : বস্ত্র শিল্প।

**গ** উদ্দীপকে জনাব রিফাতকে ব্যবসায় উদ্যোক্তা নামে অভিহিত করা যায়।

ফলাফল অনিশ্চিত জেনেও যিনি ব্যবসায় স্থাপন ও সফলভাবে পরিচালনা করেন তিনিই ব্যবসায় বা শিল্পোদ্যোক্তা। উদ্যোক্তারা ঝুঁকি আছে জেনেও ব্যবসায় পরিচালনা করে মুনাফা অর্জন করেন। একজন উদ্যোক্তা নিজের চেষ্টায় নিজের উপার্জনের ব্যবস্থা করতে পারেন। আবার, তিনি অন্যদেরও কর্মসংস্থান সৃষ্টি করেন।

উদ্দীপকের জনাব রিফাত উচ্চ শিক্ষা শেষে তার জমানো ও আত্মীয় স্বজনদের কাছ থেকে প্রয়োজনীয় অর্থ ঋণ নিয়ে একটি হলুদ, মরিচ গুড়া করার ফ্যাক্টরি স্থাপন করেন। এ কাজে তাকে ঝুঁকি নিতে হয়েছে। কারণ ব্যবসায়ের ফলাফল সবসময় অনিশ্চিত। আর ঝুঁকি না নিলে মুনাফা অর্জন করা যায় না। জনাব রিফাত তার স্থাপিত ব্যবসায়ে লাভ বা ক্ষতি উভয়েরই সম্মুখীন হতে পারে। এরূপ অনিশ্চয়তা সত্ত্বেও তিনি ঝুঁকি নিয়েছেন এবং দৃঢ় মনোবল নিয়ে পরিশ্রম করছেন। আর এরূপ কর্মকান্ড যিনি সম্পাদন করে থাকেন তাকে আমরা ব্যবসায় উদ্যোক্তা হিসেবে অভিহিত করে থাকি। তাই বলা যায়, জনাব রিফাত একজন ব্যবসায় উদ্যোক্তা।

**ঘ** দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব রিফাতের উদ্যোগ অর্থাৎ ব্যবসায় উদ্যোগটি অনুকরণীয় হতে পারে বলে আমি মনে করি।

সাধারণত লাভের আশায় ঝুঁকি নিয়ে অর্থ ও শ্রম বিনিয়োগ করা হলো ব্যবসায় উদ্যোগ। আর যিনি এই উদ্যোগ গ্রহণ করে থাকে তিনি হলে উদ্যোক্ত। একজন উদ্যোক্তা এই ব্যবসায় উদ্যোগ গ্রহণের মাধ্যমে কেবল নিজের নয় এবং দেশের সার্বিক উন্নয়নে প্রভাব ফেলে থাকেন।

উদ্দীপকের রিফাত উচ্চ শিক্ষা শেষে ঋণ করা অর্থ দ্বারা ফ্যাক্টরি স্থাপন করেন। তিনি তার ফ্যাক্টরিতে উৎপাদিত পণ্য প্যাকেটজাত করে বাজারজাত করেন। ভেজালমুক্ত মানসম্মত পণ্য হওয়ায় তার ব্যবসায়টি দ্রুত উন্নতি লাভ করে। বর্তমানে তার প্রতিষ্ঠানে ৩০ জন শ্রমিকের কর্মসংস্থান হয়েছে। অর্থাৎ তার গৃহীত এ ব্যবসায়টি দ্বারা দেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। কর্মসংস্থান সৃষ্টি ছাড়াও এ উদ্যোগ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে আরও ব্যাপক ভূমিকা রেখে থাকে।

জনাব রিফাত ব্যবসায় উদ্যোগ গ্রহণের মাধ্যমে নিজেকে বেকরত্বের অভিশাপ থেকে মুক্ত করেছেন। তার স্থাপিত ফ্যাক্টরিতে তিনি ছাড়া আরও ৩০ জন বেকার লোকের কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। ফলে দেশের বেকারত্ব ও পর নির্ভরশীলতা হ্রাস পায় এবং কর্মরত শ্রমিকরা স্বাবলম্বী হয়ে ওঠে। এতে তাদের জীবন যাত্রার মান বৃদ্ধি পায়। তার প্রতিষ্ঠিত ফ্যাক্টরিতে প্রাকৃতিক সম্পদ ও মানব সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত হয়। জাতীয় আয় বৃদ্ধি পায়। তার ফ্যাক্টরিতে কর্মরত শ্রমিকরা দক্ষতার সাথে তাদের উৎপাদন কার্য পরিচালনা করে ফলে দেশে দক্ষ মানবসম্পদ গড়ে ওঠে। তাছাড়া তার ব্যবসায়ের সফলতা তার মতো আরও অনেককে এরূপ ব্যবসায় উদ্যোগ গ্রহণে অনুপ্রাণিত করবে। ফলে দেশে শিল্পপ্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধি পাবে এবং সেই সাথে প্রচুর কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। অর্থাৎ জনাব রিফাতের ব্যবসায় উদ্যোগ সমাজ ও দেশের জন্য কল্যাণ বয়ে আনবে। তাই বলা যায়, দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব রিফাতের উদ্যোগটি সকলের জন্য অনুকরণীয় হওয়া কাম্য।

**প্রশ্ন ▸ ০২** জনাব আরিফ নিজেই তার কর্মসংস্থানের ক্ষেত্র তৈরির ইচ্ছা থেকে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে নিজের বাবার একখণ্ড জমিতে উচ্চফলনশীল জাতের মাল্টা চাষ শুরু করেন। অল্পদিনের মধ্যেই তিনি সাফল্যের মুখ দেখেন। তার এই সাফল্য দেখে এলাকার অন্যান্য যুবকরাও মাল্টা চাষে উৎসাহিত হন।

ক. ব্যবসায় সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত কী? ১
খ. প্রাথমিক মূলধন বলতে কী বোঝায়? ২
গ. জনাব আরিফের কাজটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে জনাব আরিফের কাজের গুরুত্ব মূল্যায়ন করো। ৪

[য. বো. ২০২৫]

**২নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৩** রনি ও জনি দুই বন্ধু লেখাপড়া শেষ করে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপন করেন। তাদের ব্যবসায় প্রচুর লাভ হয়। কিন্তু ব্যবসায়টি কিছুদিন চলার পর রনির মস্তিষ্ক বিকৃতি ঘটে। ফলে দায়িত্ব পালনে চিরতরে অসমর্থ হন।

ক. রাষ্ট্রীয় ব্যবসায় কী? ১
খ. একমালিকানা ব্যবসায় জনপ্রিয়তার কারণ ব্যাখ্যা করো। ২
গ. জনাব রনি ও জনির ব্যবসায় মালিকানার ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যবসায়টি বিলোপ সাধন ঘটবে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[য. বো. ২০২৫]

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** সাধারণ অর্থে সরকার কর্তৃক গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়কে রাষ্ট্রীয় ব্যবসায় বলে।

**খ** কতিপয় কিছু বৈশিষ্ট্য ও সুবিধার কারণে একমালিকানা ব্যবসায় সকলের নিকট জনপ্রিয়।

যে ব্যবসায় একক ব্যক্তির মালিকানায় গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়, তাকে একমালিকানা ব্যবসায় বলে। এ ব্যবসায় সহজে গঠন করা যায়। এতে কোনো আইনগত তেমন ঝামেলা নেই। ট্রেড লাইসেন্স সংগ্রহ করে স্বল্প পুঁজি নিয়ে যে কেউ স্বাধীনভাবে এ ব্যবসায় গঠন করতে পারে। এসব সুবিধার জন্য একমালিকানা ব্যবসায় জনপ্রিয়।

**গ** জনাব রনি ও জনির ব্যবসায় মালিকানার ভিত্তিতে অংশীদারি ব্যবসায় সংগঠন।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে দুই বা ততোধিক ব্যক্তি সমঝোতার ভিত্তিতে চুক্তিবদ্ধ সম্পর্কের মাধ্যমে যে বৈধ ব্যবসায় পরিচালনা করে, তাকে অংশীদারি ব্যবসায় সংগঠন বলে। এর গঠন সহজ, চুক্তি সম্পাদনের জন্য যোগ্য কমপক্ষে দুজন ব্যক্তি চুক্তিবদ্ধ হয়ে এরূপ ব্যবসায় শুরু করতে পারে।

উদ্দীপকের রনি ও জনি দুই বন্ধু লেখাপড়া শেষ করে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপন করেন। এক্ষেত্রে তাদের ব্যবসায়টি পারস্পরিক চুক্তিবন্ধ সম্পর্কের ভিত্তিতে গড়ে উঠেছে। আর এই চুক্তির ভিত্তিতেই রনি ও জনি তাদের ব্যবসায়ের সকল কর্মকাণ্ড যেমন : ব্যবসায়ের পরিচালনা, নিয়ন্ত্রণ, মূলধন সরবরাহ, লাভ-লোকসান বণ্টন প্রভৃতি পরিচালনা করেন। আর এসব বৈশিষ্ট্যসমূহ মূলত অংশীদারি ব্যবসায়ের সাথে সাদৃশ্যপূর্ণ। তাই বলা যায়, জনাব রনি ও জনি ব্যবসায়টি একমালিকানা ব্যবসায়।

**ঘ** উদ্দীপকে বর্ণিত ব্যবসায়টি অর্থাৎ অংশীদারি ব্যবসায়টি আদালতের মাধ্যমে বিলোপ সাধান ঘটবে।

অংশীদারি ব্যবসায়ের বিলোপসাধন বলতে ব্যবসায়ের স্বাভাবিক কার্যক্রম বন্ধ করে দেওয়া এবং ব্যবসায়ের সমুদয় বিষয়সম্পত্তি ও দায়দেনার সার্বিক নিষ্পত্তি করাকে বোঝায়। অংশীদারি আইনের বিধান অনুসারে বিভিন্ন প্রক্রিয়ায় অংশীদারি ব্যবসায়ের বিলোপ হতে পারে। এর মধ্যে একটি প্রক্রিয়া হলো আদালতের মাধ্যমে বিলোপসাধন।

উদ্দীপকের রনি ও জনি পারস্পরিক সমঝোতার ভিত্তিতে একটি অংশীদারি ব্যবসায় স্থাপন করেন। তাদের ব্যবসায় প্রচুর লাভ হয়। কিন্তু ব্যবসায়টি কিছুদিন চলার পর রনির মস্তিষ্ক বিকৃতি ঘটে। ফলে তিনি দায়িত্ব পালনে চিরতরে অসমর্থ হন। আর অংশীদারি আইন ১৯৩২ সালের আইন অনুযায়ী কোনো অংশীদারের মস্তিষ্ক বিকৃতি ঘটলে ব্যবসায়টির আদালতের নির্দেশে বিলোপ সাধন ঘটবে।

অংশীদারি আইনের ৪৪ ধারায় বলা হয়েছে, কোনো অংশীদারের মস্তিষ্ক বিকৃতি ঘটলে আদালত অংশীদারি ব্যবসায়ের বিলোপ ঘটাতে পারে। উদ্দীপকে রনি নামক একজন অংশীদারের মস্তিষ্ক বিকৃতি ঘটছে। এক্ষেত্রে তার পক্ষে ব্যবসায়ের কার্যক্রমে অংশগ্রহণ করা সম্ভব নয়। তিনি ব্যবসায়ের কোনো সিদ্ধান্ত গ্রহণেও অক্ষম। আর একজন মস্তিষ্কবিকৃত মানুষ অংশীদারদের মধ্যে সম্পাদিত চুক্তিবন্ধ সম্পর্ককে এগিয়ে নিয়ে যেতে পারে না। তাই ব্যবসায়টির বিলোপসাধন ঘটিয়ে তাকে চুক্তিবন্ধ সম্পর্ক হতে অব্যাহতি দেওয়ার প্রয়োজন হয়। এক্ষেত্রে আদালত ব্যবসায়টির বিলোপসাধন ঘটিয়ে তাকে এই ব্যবসায় ও চুক্তিবধ্ব সম্পর্ক হতে অব্যাহতি দেয়। কেননা আইন অনুযায়ী কোনো মস্তিষ্কবিকৃত লোক ব্যবসায় পরিচালনার যোগ্য হয় না। তাই বলা যায়, উদ্দীপকের ব্যবসায়টির আদালতের মাধ্যমে বিলোপসাধন ঘটে।

**প্রশ্ন ▶ ০৪** জনাব রাকিব সরিষা থেকে ভোজ্যতেল তৈরি করার একটি কারখানা স্থাপন করেন। উৎপাদিত ভোজ্যতেল বোতলজাত করে বাজারে সরবরাহ করা হয়। তার পণ্য অন্যদের পণ্য থেকে স্বতন্ত্র এবং একচেটিয়া মালিকানা পাওয়ার জন্য ব্যবস্থা নিয়েছেন। তার উৎপাদিত বোতলজাত সরিষার তেল সহজেই চেনার উপায় হিসেবে প্রতিটি মোড়কের গায়ে 'U' অক্ষরটি ব্যবহার করা হয়।

ক. পণ্যের মান নির্ধারণকারী প্রতিষ্ঠান কোনটি? ১
খ. বিমা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব রাকিবের উৎপাদিত পণ্যের একচেটিয়া মালিকানা পাওয়ার মাধ্যমটি বর্ণনা করো। ৩
ঘ. জনাব রাকিব উৎপাদিত পণ্যের মোড়কের গায়ে 'ট' চিহ্ন ব্যবহারের ফলে কী কী সুবিধা পেতে পারে বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[য. বো. ২০২৫]

**৪নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৫** জনাব মুবিন একজন সফল ব্যবসায়ী। তার ঢাকার নিউমার্কেটে কাপড় বিক্রয়ের একটি বড় শোরুম আছে। তার ব্যবসায় প্রতিষ্ঠান থেকে অন্যান্য জেলার ব্যবসায়ীগণ কাপড় নিয়ে তাদের ব্যবসায় প্রতিষ্ঠানে বিক্রি করেন। ব্যবসায় প্রতিষ্ঠানে বিক্রয়ে গতিশীলতা আনার জন্য কয়েকজন দক্ষ বিক্রয় কর্মী নিয়োগ করেন। ফলে ব্যবসায় বিক্রয় বৃদ্ধি পায় এবং অধিক পরিমাণের মুনাফা অর্জিত হয়।

ক. বিপণন কী? ১

খ. বিজ্ঞাপন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ব্যবহৃত পণ্যের বণ্টন প্রণালি বর্ণনা করো। ৩

ঘ. বিক্রয় বৃদ্ধিতে জনাব মুবিনের গৃহীত পদক্ষেপটি মূল্যায়ন করো। ৪

[য. বো. ২০২৫]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** পণ্যদ্রব্য বা সেবা সামগ্রী ক্রয়-বিক্রয়ের কাজকে বিপণন বলে।

**খ** পণ্য বা সেবাসামগ্রীর প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণের উপায় বা কৌশলকে বিজ্ঞাপন বলা হয়।

পণ্যের বিজ্ঞাপন পণ্যকে ক্রেতা সাধারণের নিকট পরিচিতি করিয়ে দেয়। বিজ্ঞাপনের মাধ্যমে খুব সহজেই ক্রেতা সাধারণকে পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ করা যায়। পণ্যের প্রচারে গতিশীলতা আনে বিজ্ঞাপন। বিজ্ঞাপনের মাধ্যমে পণ্যের মান, মূল্য, ব্যবহারবিধি প্রভৃতি ক্রেতা সাধারণের নিকট তুলে ধরা হয়। ফলে চাহিদা বৃদ্ধি পায়, উৎপাদন ও বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পায়। ফলে উৎপাদনকারী প্রতিষ্ঠান লাভবান হয়।

**গ** উদ্দীপকে ব্যবহৃত পণ্যের বণ্টন প্রণালীটি হলো খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয়।

যে ব্যবসা প্রতিষ্ঠান পাইকার বা অন্য কোনো উৎস হতে পণ্য সংগ্রহ করে তা চূড়ান্ত ভোক্তা বা ব্যবহারকারীদের নিকট বিক্রয় করে তাকে খুচরা ব্যবসায় বলে। আর যে ব্যক্তি এ ধরনের ব্যবসায়ে যুক্ত থাকে তাকে খুচরা ব্যবসায়ী বলে। বণ্টন প্রণালিতে খুচরা ব্যবসায়ীরা হলেন মধ্যম ব্যবসায়ী।

উদ্দীপকের মুবিন একজন সফল ব্যবসায়ী। তার ঢাকার নিউমার্কেটে কাপড় বিক্রয়ের একটি বড়ো শোরুম আছে আর ব্যবসায় প্রতিষ্ঠান থেকে অন্যান্য জেলার ব্যবসায়ীগন কাপড় নিয়ে তাদের ব্যবসায় প্রতিষ্ঠানে বিক্রয় করেন। অর্থাৎ মুবিন তার ব্যবসায়ের পণ্য সরাসরি ভোক্তাদের নিকট বিক্রয় করেন না। তার ব্যবসায়ের পণ্য ভোক্তাদের নিকট পৌছানোর জন্য তিনি আরেকটি পক্ষের সহায়তা নেন। আর পণ্যদ্রব্য উৎপাদক থেকে যে মাধ্যমে ব্যবসায়ী দ্বারা ভোক্তারের নিকট পৌছে অর্থাৎ উৎপাদক ও ভোক্তার মধ্যখানে যিনি অবস্থান করেন তিনি হলে খুচরা ব্যবসায়ী। খুচরা ব্যবসায়ীগণ উৎপাদকের নিকট থেকে পণ্য সংগ্রহ করে তা তাদের দোকানে রেখে ভোক্তাদের নিকট চাহিদা অনুযায়ী সরবরাহ করে থাকে। অর্থাৎ উদ্দীপকে ব্যবহৃত বণ্টন প্রণালীটি হলো–

উৎপাদনকারী → খুচরা বিক্রেতা → ভোক্তা

**ঘ** উদ্দীপকে উল্লিখিত জনাব মুবিন বিক্রয় বৃদ্ধির কৌশল হিসেবে একজন দক্ষ বিক্রয় কর্মী নিয়োগের মাধ্যমে বিক্রয়িকতা কৌশলটি প্রয়োগ করেছেন।

বিক্রয়িকতা বলতে বিক্রয়কর্মীর ক্রেতা আকর্ষণ করার কৌশল বা দক্ষতাকে বোঝায়, যার মাধ্যমে সে সম্ভাব্য ক্রেতাদের নিকট পণ্য বা সেবাসামগ্রী বিক্রয় করতে সক্ষম হয়। বিক্রয়িকতার গুণে বিক্রেতা তার ব্যবসায় ও পণ্য সম্পর্কে ক্রেতাদের আস্থা অর্জন করে তাদেরকে স্থায়ী গ্রাহকে পরিণত করে।

উদ্দীপকের জনাব মুবিন একজন ব্যবসায়ী। তার শোরুমের কাপড় তিনি অন্যান্য জেলার ব্যবসায়ীগণের নিকট বিক্রয় করেন। অর্থাৎ তিনি ব্যবসায়ের পণ্য খুচরা ব্যবসায়ীদের মাধ্যমে ভোক্তাদের নিকট পৌছান। পরবর্তীকালে ব্যবসায় প্রতিষ্ঠানে বিক্রয় গতিশীলতা আনার জন্য কয়েকজন দক্ষ বিক্রয়কর্মী নিয়োগ করেন। ফলে ব্যবসায়ে বিক্রয় বৃদ্ধি পায় এবং অধিক পরিমাণে মুনাফা অর্জিত হয়। অর্থাৎ জনাব মুবিন বিক্রয়ে গতিশীলতা আনয়নে বিক্রয়কর্মী নিয়োগ দেওয়ার মাধ্যমে বিক্রয়িকতা কৌশলটি প্রয়োগের পদক্ষেপ নেন।

ক্রেতা আকর্ষণ এবং সম্ভাব্য ক্রেতাকে স্থায়ী ক্রেতায় পরিণত করতে বিক্রয়িকতা প্রয়োজন। বিক্রয়িকতা হলো বিক্রয়কর্মীর ক্রেতা আকর্ষণ করার কৌশল, এটি ক্রেতা ও বিক্রেতার মধ্যে দ্বিমুখী যোগাযোগ ব্যবস্থা। এর মাধ্যমে ব্যক্তিগতভাবে ক্রেতাকে পণ্য কিনতে উৎসাহিত করা হয়। এ কৌশল সম্ভাব্য ক্রেতার কাছে পণ্য বিক্রি করতে সাহায্য করে। ফলে সম্ভাব্য ক্রেতাকে স্থায়ী ক্রেতায় পরিণত করা সহজ হয়। উদ্দীপকের জনাব মুবিন বিক্রয়ে গতিশীলতা আনয়নে এমন বিক্রয়কর্মী নিয়োগ দেন যিনি বিক্রয়িকতার কাজটি খুবই নিখুঁতভাবে সম্পাদন করতে পারেন। তার এ পদক্ষেপের ফলেই ব্যবসায়ে বিক্রয় বৃদ্ধি পায় এবং অধিক পরিমাণে মুনাফা অর্জিত হয়। অতএব আলোচনা থেকে বলা যায়, বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে উদ্দীপকের জনাব মুবিন কর্তৃক গৃহীত একজন আদর্শ বিক্রয়কর্মী নিয়োগের পদক্ষেপটি যথার্থ ও সার্থক হয়েছে।

**প্রশ্ন ▶ ০৬** রহিমা একজন নারী উদ্যোক্তা। তিনি তার পরিবারের সদস্যদের নিয়ে কুলা আর চালুন তৈরি করে হাটের দিন স্থানীয় বাজারে বিক্রি করে বেশ ভালোই মুনাফা অর্জন করেছেন। তার কাজটি দেখে প্রতিবেশী লামিয়াও উদ্বুদ্ধ হয়ে অনুরূপ আর একটি কারখানা স্থাপন করেন।

ক. সেবা শিল্প কী? ১

খ. অনুন্নত এলাকা বলতে কী বোঝায়? ২

গ. রহিমার কাজটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা করো। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে রহিমা ও লামিয়ার গঠিত শিল্পের ভূমিকা অনস্বীকার্য– উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

[য. বো. ২০২৫]

**৬নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৭** জনাব রশ্মি বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ শিক্ষা লাভ করে নিজ এলাকায় স্থানীয় বাজারে অত্যন্ত আকর্ষণীয় একটি কসমেটিকস্ এর ব্যবসায় দেন। তিনি ব্যবসায়ের হিসাবের ক্ষেত্রে একটি বিবরণী তৈরি করেন, যা থেকে নগদ অর্থের বিষয়ে জানা যায়। এছাড়া কিছু কৌশল অবলম্বন করে পণ্যের মূল্য নির্ধারণ করেন বলে মুনাফা অর্জন করতে সুবিধা হয়।

ক. যিনি নেতৃত্ব দেন তাকে কী বলে? ১

খ. ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব রশ্মি কোন বিবরণী প্রস্তুত করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রশ্মির পণ্যের মূল নির্ধারণ কৌশলটি বিশ্লেষণ করো। ৪

[য. বো. ২০২৫]

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** যিনি নেতৃত্ব দেন তাকে নেতা বলে।

**খ** ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি হলো ব্যবসায় পরিকল্পনা।

ব্যবসায় পরিকল্পনা একটি লিখিত দলিল যার মধ্যে ব্যবসায়ের লক্ষ্য, প্রকৃতি, ব্যবস্থাপনার ধারা, অর্থায়নের উপায়, বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ উন্নয়নের সম্পূর্ণ চিত্র তুলে ধরা হয়। কোন ব্যবসায় কোন দিকে অগ্রসর হবে ও কীভাবে ব্যবসায়ের সাফল্য অর্জন করা যাবে তার সুনির্দিষ্ট দিক-নির্দেশনা ব্যবসায় পরিকল্পনায় পাওয়া যায়।

**গ** জনাব রশ্নি প্রাক্কলিত নগদদান প্রবাহ বিবরণী তৈরি করেন।

সুষ্ঠুভাবে ব্যবসায় পরিচালনার জন্য ব্যবসায় উদ্যোক্তার নগদদানপ্রবাহ বিবরণী প্রাক্কলন করা প্রয়োজন। এই বিবরণী দৈনিক, সাপ্তাহিক ও মাসিক ভিত্তিতে সংরক্ষণ করা যেতে পারে। এ বিবরণীতে নির্দিষ্ট সময়ে কী পরিমাণ নগদ আসছে এবং কী পরিমাণ ব্যয় হচ্ছে তা সংরক্ষণ করা হয়। নগদদানপ্রবাহ বিবরণী তৈরি করার ফলে উদ্যোক্তা তার ব্যবসায়ের নগদের প্রকৃত অবস্থা জানতে পারে।

উদ্দীপকের জনাব রশ্নি বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ শিক্ষা লাভ করে নিজ এলাকায় স্থানীয় বাজারে অত্যন্ত আকর্ষণীয় একটি কসমেটিকস্ এর ব্যবসায় দেন। তিনি ব্যবসায়ের হিসাবের ক্ষেত্রে একটি বিবরণী তৈরি করেন, যা থেকে নগদ অর্থের বিষয়ে জানা যায়। সাধারণত প্রাক্কলিত নগদান প্রবাহ বিবরণীতে একটি প্রতিষ্ঠানের নির্দিষ্ট সময়ের আয়-ব্যয়গুলো লিপিবদ্ধ করা হয়। ফলে একটি নির্দিষ্ট সময় শেষে ব্যবসায়ে কী পরিমাণ নগদ অর্থ আছে তা জানা যায়। তাই বলা যায়, জনাব রশ্নি প্রাক্কলিত নগদান প্রবাহ বিবরণী প্রস্তুত করেন।


**ঘ** জনাব রশ্নির পণ্যের মূল্য নির্ধারণের কৌশলটি হলো সম আয়-ব্যয় বিশ্লেষণ।

যে পরিমাণ পণ্য বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য, মোট ব্যয়ের সমপরিমাণ হয় তাকে সম আয়-ব্যয় বলা হয়। এর মাধ্যমে জানা যায় একটি প্রতিষ্ঠানে কী পরিমাণ পণ্য বিক্রয় করলে ব্যবসায়ে কোনো লোকসান হবে না। এছাড়াও সম আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে কাঙ্ক্ষিত মুনাফা অর্জনের আশায় পণ্যের সঠিক মূল্য নির্ধারণ, বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি, মুনাফা পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা যায়।

উদ্দীপকের জনাব রশ্নি তার ব্যবসায়ে প্রাক্কলিত নগদদানপ্রবাহ বিবরণী তৈরি করেন। যা থেকে তিনি তার ব্যবসায়ের নগদ অর্থের বিষয়ে জানতে পারেন। এছাড়া তিনি পণ্যের মূল্য নির্ধারণে কিছু কৌশল অবলম্বন করে থাকেন। যার ফলে তার মুনাফা অর্জন করতে সুবিধা হয়। অর্থাৎ তিনি তার পণ্যের মূল্য নির্ধারণে সম আয়-ব্যয় বিশ্লেষণ কৌশলটি অনুসরণ করেন।

সম আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে পণ্যের সঠিক মূল্য নির্ধারণ করা যায়। সম আয়-ব্যয় বিশ্লেষণের ক্ষেত্রে প্রথমে সম আয়-ব্যয় বিন্দু নির্ধারণ করে কাঙ্ক্ষিত মুনাফা যোগ করে পণ্যের মূল্য নির্ধারণ করা যায়। এতে মুনাফা অর্জন করতে সুবিধা হয়। মূলত সম আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে মুনাফা পরিকল্পনা তৈরি ও মুনাফা বাড়ানোর কাজ করা যায়। উদ্দীপকের জনাব রশ্নিও তাই পণ্যের মূল্য নির্ধারণের পূর্বে সম আয়-ব্যয় বিশ্লেষণ পদ্ধতিটি অনুসরণ করে থাকেন। এক্ষেত্রে প্রথমেই তিনি পণ্যের উৎপাদন ব্যয় ও বিক্রয় মূল্যের মধ্যে এমন একটি পর্যায় নির্ধারণ করেন যে পর্যায়ে পণ্য উৎপাদন করলে তার ব্যবসায়ে লাভ বা ক্ষতি কিছুই হয় না। এই পর্যায়টি হলো সম আয়-ব্যয় বিন্দু। এই বিন্দুর উপরে পণ্য বিক্রয় হলে মুনাফা হয় আর এর নিচে বিক্রয় হ্রাস করা হলে লোকসান হয়। অর্থাৎ সম আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে যে বিশেষ মূল্যে নির্দিষ্ট পরিমাণ পণ্য বিক্রি করলে বিক্রেতা সম আয়-ব্যয় বিন্দুতে পৌঁছাতে পারবে তা সম্পর্কে জনাব রশ্নি ধারণা পাবেন এবং তিনি সে অনুযায়ী পণ্যের মূল্য নির্ধারণ করতে পারবেন। তাই বলা যায়, জনাব রশ্নির পণ্যের মূল্য নির্ধারণ কৌশলটি হলো সময় আয়-ব্যয় বিশ্লেষণ।

**প্রশ্ন ▶ ০৮**




ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. নেতৃত্ব বলতে কী বোঝায়? ২

গ. '?' চিহ্নিত স্থানে ব্যবস্থাপনার কার্যাবলিতে কোন কাজটি অনুপস্থিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে ৭নং প্রক্রিয়াটির অপরিহার্যতা বিশ্লেষণ করো। ৪

[য. বো. ২০২৫]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** আধুনিক ব্যবস্থাপনার জনক হলেন হেনরি ফেওল।

**খ** নেতৃত্ব হলো এমন একটি কৌশল বা প্রক্রিয়া যার মাধ্যমে অধস্তন কর্মীদের পরিচালনা ও নিয়ন্ত্রণ করা হয়।

যিনি নেতৃত্ব দেন তাকে নেতা বলা হয়। যোগ্য নেতৃত্বের মাধ্যমে সংগঠন সুদৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠিত হয়। এতে কর্মীদের সর্বোত্তম সহযোগিতা পাওয়া যায়। সঠিক নেতৃত্ব ছাড়া ব্যবসায়ে সফলতা পাওয়া যায় না।

**গ** উদ্দীপকে উল্লিখিত চিত্রে ব্যবস্থাপনা চক্রে 'প্রেষণা' কার্যটি অনুপস্থিত।

ব্যবস্থাপনার একটি কার্যকর প্রক্রিয়া হলো প্রেষণা। প্রতিষ্ঠানে নিয়োজিত কর্মীবৃন্দের কার্য ক্ষমতার পূর্ণ ব্যবহারের লক্ষ্যে তাদের অনুপ্রাণিত, উৎসাহিত ও প্ররোচিত করার প্রক্রিয়াই হলো প্রেষণা।

প্রেষণা হচ্ছে একটি ব্যবস্থাপনা প্রক্রিয়া যার সাহায্যে ব্যবস্থাপক তাদেরকে কাজে উদ্বুদ্ধ করেন, অনুপ্রাণিত করেন। জৈবিক ও মানসিক চাহিদা পূরণের উদ্দেশ্যে মানুষ কার্যসম্পাদনে উৎসাহী হয়। মালিক উক্ত চাহিদা পূরণের আশ্বাস দিয়ে কর্মীদেরকে কাজে উদ্বুদ্ধ করেন। ব্যবস্থাপক বা নিয়োগকর্তা কর্মীদের বাহ্যিক পুরস্কার ও অন্তর্নিহিত আশা পূরণের প্রতিশ্রুতি দিয়ে তাদেরকে কাজে অধিক মনোযোগী করেন। অথবা কাজের পুরস্কার না দেওয়ার বা অন্য কোনো শাস্তি প্রদানের ভয় দেখিয়ে তাদেরকে বাধ্য করেন। প্রেষণা বা প্রণোদনার বিষয়টি মূলত মনস্তাত্ত্বিক। ব্যবস্থাপক তাদের নানাভাবে

মনস্তাত্ত্বিকভাবে প্রভাবিত করে তাদেরকে স্বতঃস্ফূর্তভাবে সর্বোত্তম কার্যসম্পাদনে অনুপ্রাণিত করেন। আর এ প্রেষণার মতো গুরুত্বপূর্ণ কার্যটি উদ্দীপকের চিত্রে অনুপস্থিত।

তাই বলা যায়, চিত্রে ব্যবস্থাপনা চক্রে প্রেষণা কাজটি অনুপস্থিত।

**ঘ** প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে ৭নং প্রক্রিয়া অর্থাৎ নিয়ন্ত্রণের অপরিহার্যতা অবশ্যই অনস্বীকার্য।

লক্ষ্য অর্জনে নিয়ন্ত্রণের অপরিহার্যতা নিঃসন্দেহে অনস্বীকার্য। এটি ব্যবস্থাপনার একটি অপরিহার্য প্রক্রিয়া। নিয়ন্ত্রণ ব্যবস্থাপকীয় কার্যাবলির মধ্যে পরিকল্পনা পূর্ববর্তী কার্য। নিয়ন্ত্রণ প্রক্রিয়ার মাধ্যমে পরিকল্পিত উপায়ে কার্যসম্পাদন তদারক করা হয়। উদ্দীপকের চিত্রের 'নিয়ন্ত্রণ' ব্যবস্থাপনা প্রক্রিয়ার সর্বশেষ হাতিয়ার এবং অন্যান্য ব্যবস্থাপনা কার্যাবলি চক্রাকারে ঘূর্ণায়মান। এর মাধ্যমে সংগঠনের কার্যাবলি, কর্মীদল ও কার্যের এককগুলো সঠিক পথে চলছে কি না তা পরীক্ষা-নিরীক্ষা, এদের ফলাফল পরিমাপ এবং পূর্ব নির্ধারিত আদর্শমান থেকে কোথাও কোনো বিচ্যুতি পরিলক্ষিত হলে প্রয়োজনীয় সংশোধনী ব্যবস্থা গ্রহণ করা হয়। উপরন্তু ভবিষ্যতে যাতে ত্রুটি বা বিচ্যুতির পুনরাবৃত্তি না ঘটতে পারে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে নিয়ন্ত্রণ একটি সর্বজনীন প্রক্রিয়া হিসেবে কাজ করে।

নিয়ন্ত্রণ কর্মীদের প্রয়োজনীয় কার্যনির্দেশনা প্রদান করে থাকে। তাতে কর্মীরা সংগঠনের উদ্দেশ্য এবং লক্ষ্য অর্জনে তাদের করণীয় সম্পর্কে অত্যন্ত সচেতন থাকে। তাদের এ সচেতনতা ভুলের পরিমাণকে সর্বনিম্ন মাত্রায় নিয়ে আসতে পারে। কার্য সম্পাদনে কর্মীদের ভুল করার আশঙ্কা থাকে বলেই নিয়ন্ত্রণ ব্যবস্থা আরোপ করা হয়। নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠানের সর্বস্তরে পরিব্যাপ্ত থাকে। প্রতিটি পরিকল্পনা বাস্তবায়নের জন্য নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করা হয়।

অতএব পরিশেষে বলা যায়, প্রাতিষ্ঠানিক লক্ষ্য অর্জনে নিয়ন্ত্রণের কাজ অধিকতর গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

**প্রশ্ন ▶ ০৯** জনাব নয়ন একজন স্বনামধন্য ব্যবসায়ী। তিনি মৌসুমে বিভিন্ন পাইকারী বাজার থেকে পিঁয়াজ, রসুন ও আলু সংগ্রহ করে হিমাগারে সংরক্ষণ করে পরবর্তীতে বেশি দামে বিক্রি করে ব্যবসায়ে বেশ লাভবান হয়েছেন। ভবিষ্যতে আরও বেশি লাভবান হওয়ার জন্য অধিক পরিমাণে পণ্য হিমাগারে সংরক্ষণ করার জন্য আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার চিন্তাভাবনা করেছেন।

ক. বাণিজ্য কী? ১

খ. প্রত্যক্ষ সেবা বলতে কী বোঝায়? ২

গ. জনাব নয়নের কাজটি ব্যবসায়ের কোন শাখার অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব নয়নের ঋণ নেওয়া প্রক্রিয়াটি কোন পরিবেশের উপাদান? বিশ্লেষণ করো। ৪

[য. বো. ২০২৫]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌঁছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবা সামগ্রী ভোক্তাদের নিকট পৌঁছানোর সকল কার্যাবলিকে বাণিজ্য বলে।

**খ** অর্থের বিনিময়ে সরাসরি গ্রাহকদের সুবিধা বা সেবা প্রদানের মাধ্যমে যে ব্যবসায় পরিচালিত হয়, তাকে প্রত্যক্ষ সেবামূলক ব্যবসায় বলে।

অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্বাধীন পেশায় নিয়োজিত ডাক্তার, উকিল, প্রকৌশলী প্রভৃতি পেশাজীবীরা বিভিন্ন রকম সেবাকর্ম অর্থের বিনিময়ে প্রদান করে থাকেন। এ সকল সেবাকর্ম বা বৃত্তি প্রত্যক্ষ সেবা হিসেবে পরিচিত। যেমন ডাক্তারি ক্লিনিক, আইন চেম্বার, প্রকৌশলী ফার্ম, অডিট ফার্ম ইত্যাদি। এ সকল ব্যবসায় প্রতিষ্ঠানসমূহ মূলত তাদের গ্রাহকদের প্রত্যক্ষভাবে সেবা প্রদান করে অর্থ উপার্জন করে থাকে বলে এসকল ব্যবসায়কে প্রত্যক্ষ সেবামূলক ব্যবসায় বলা হয়।

**গ** জনাব নয়নের কাজটি ব্যবসায়ের বাণিজ্য শাখার অন্তর্গত।

ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌঁছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবাসামগ্রী ভোক্তাদের নিকট পৌঁছানোর সকল কার্যাবলিকে বাণিজ্য বলে। বাণিজ্যকে ব্যবসায়ের পণ্য বা সেবাসামগ্রী বণ্টনকারী শাখা হিসেবে চিহ্নিত করা হয়।

উদ্দীপকের জনাব নয়ন একজন স্বনামধন্য ব্যবসায়ী, তিনি মৌসুমে বিভিন্ন পাইকারী বাজার থেকে পিঁয়াজ, রসুন ও আলু সংগ্রহ করে হিমাগারে সংরক্ষণ করে পরবর্তীকালে বেশি দামে বিক্রি করে ব্যবসায়ে বেশ লাভজনক হয়েছেন। এক্ষেত্রে তিনি প্রথমে তার ব্যবসায়িক পণ্য ক্রয়ের মাধ্যমে সংগ্রহ করে। পরে তা পরিবহনের মাধ্যমে এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে হিমাগারে গুদামজাত করেন। অতঃপর তা তিনি বিক্রয় করেন। অর্থাৎ পণ্য সংগ্রহ থেকে শুরু করে ভোক্তার নিকট বিক্রয় করা পর্যন্ত তাকে ক্রয়-বিক্রয়, পরিবহন, গুদামজতকরণ প্রভৃতি কাজ সম্পাদন করতে হয়। আর এসব কার্যাবলিকে মূলত বাণিজ্য বলেই অভিহিত করা হয়। তাই বলা যায়, জনাব নয়নের কাজটি বাণিজ্য শাখার অন্তর্ভুক্ত।

**ঘ** জনাব নয়নের ঋণ নেওয়ার প্রক্রিয়াটি অর্থনৈতিক পরিবেশের উপাদান।

যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য অনুকূল অর্থনৈতিক পরিবেশ আবশ্যক। সঞ্চয় ও বিনিয়োগ, মূলধন, অর্থ ও ব্যাংকিং প্রভৃতি উপাদান নিয়ে অর্থনৈতিক পরিবেশ গড়ে ওঠে। এ উপাদানগুলো অনুকূলে থাকলে ব্যবসায় প্রসার সহজ হয়।

উদ্দীপকের নয়ন একজন স্বনামধন্য ব্যবসায়ী। তিনি পাইকারী বাজার থেকে পিঁয়াজ, রসুন ও আলু সংগ্রহ করে হিমাগারে সংরক্ষণ করেন এবং পরবর্তীকালে তা বেশি দামে বিক্রি করে বেশ লাভবানও হন। ভবিষ্যতে আরও বেশি লাভবান হওয়ার জন্য অধিক পরিমাণে পণ্য হিমাগারে সংরক্ষণ করার জন্য আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার চিন্তাভাবনা করেছেন। এজন্য তার ব্যবসায়ে ব্যবসায়িক পরিবেশের অর্থনৈতিক উপাদান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

দেশে বিরাজমান কার্যকর অর্থ ও ব্যাংকিং ব্যবস্থা, কৃষি ও শিল্পের অবদান, জনগণের সঞ্চয় ও বিনিয়োগ মানসিকতা ও সরকারের পৃষ্ঠপোষকতা ব্যবসায় পরিবেশের সুদৃঢ় অর্থনৈতিক উপাদান হিসেবে কাজ করে। অর্থাৎ জনাব নয়নের ঋণ নেওয়ার বিষয়টি অর্থনৈতিক পরিবেশের প্রভাবকে নির্দেশ করে। তিনি এ ঋণ বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা অধিক পরিমাণে পণ্য হিমাগারে সংরক্ষণ করে ব্যবসায়ের সম্প্রসারণ ঘটাতে পারবেন। ব্যবসায়ের পরিধি বাড়ার সাথে সাথে এক মৌসুমের

পণ্য অন্য মৌসুমে ব্যাপক হারে বিক্রি করার ফলে পূর্বের থেকে বেশি মুনাফা অর্জন করতে পারবেন। অর্থাৎ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ জনাব নয়নের ব্যবসায়ে ইতিবাচক প্রভাব ফেলবে। আর এই অর্থ ও ব্যাংকিং ব্যবসায়িক পরিবেশের অর্থনৈতিক উপাদানের অন্তর্ভুক্ত। তাই বলা যায়, জনাব নয়নের ঋণ নেওয়া প্রক্রিয়াটি ব্যবসায়িক পরিবেশের অর্থনৈতিক উপাদান।

**প্রশ্ন ▸ ১০** জনাব ইমন একজন ব্যবসায়ী। তিনি প্লাস্টিকের বিভিন্ন জিনিসপত্র তৈরির কারখানা স্থাপন করেন। পরিবেশ দূষণ থেকে এলাকা রক্ষা করার জন্য প্রয়োজনীয় বর্জ্য নিষ্কাশনের ব্যবস্থা রেখে ব্যবসায়ের কার্যক্রম শুরু করেন। তার কারখানায় অনেক শ্রমিক কর্মরত আছেন। তিনি নিয়মিত সরকারকে আয়কর প্রদান করে থাকেন।

ক. শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যা কি? ১
খ. ব্যবসায়ে নৈতিকতা কেন প্রয়োজন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব ইমন কোন পক্ষের প্রতি দায়বদ্ধতা পালন করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব ইমন দেশের অর্থনৈতিক উন্নয়নে কীভাবে অবদান রাখছেন? বিশ্লেষণ করো। ৪

[য. বো. ২০২৫]

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** শিল্পোন্নয়নের সবচেয়ে বড়ো সমস্যা হলো পরিবেশ দূষণ।

**খ** প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি সাফল্য এবং স্থায়িত্বের জন্য ব্যবসায়ে নৈতিকতা প্রয়োজন।

ব্যবসায়িক নৈতিকতা ব্যবসায়ীকে নীতি বিবর্জিত অন্যায় ও অবৈধ কাজ থেকে বিরত রাখে। সততা বজায় রাখা, ক্ষতিকর পণ্য উৎপাদন ও বিপণন না করা, মেয়াদোত্তীর্ণ পণ্যদ্রব্য বিক্রি না করা, কৃত্রিম সংকট তৈরি না করা প্রভৃতি ব্যবসায়ের নৈতিকতার অন্তর্ভুক্ত। এসব নৈতিকতা মেনে ব্যবসায় পরিচালনা করলে ক্রেতা ও ভোক্তারা প্রতিষ্ঠানের প্রতি আস্থাশীল হবে এবং প্রতিষ্ঠানের নিকট হতে পণ্য ক্রয়ে আগ্রহী হবে। তাছাড়া নৈতিকতা বর্জন করে ব্যবসায় পরিচালনা করলে একজন ব্যবসায়ী সাময়িকভাবে ব্যাপক হারে মুনাফা অর্জন করলেও সে ব্যবসায়ের স্থায়িত্ব বেশিদিনের হয় না। তাই প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি সাফল্য ও স্থায়িত্বের জন্য ব্যবসায়ের নৈতিকতা মেনে চলা আবশ্যক।

**গ** জনাব ইমন রাষ্ট্রের প্রতি দায়বদ্ধতা পালন করেছেন।

ব্যবসায়ে মুনাফা অর্জনের পাশাপাশি সমাজের বিভিন্ন পক্ষের প্রতি দায়িত্ব পালন করতে হয়। এসব পক্ষ হলো সরকার, ক্রেতা-ভোক্তা, শ্রমিক-কর্মচারী। তারা কোনো না কোনোভাবে ব্যবসায়ের সাথে জড়িত। নিয়মিত কর ও রাজস্ব দেওয়া, নিয়মনীতি পালন, কর্মসংস্থানের সুযোগ তৈরি করা প্রভৃতি সরকারের প্রতি ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালনের উদাহরণ।

উদ্দীপকের জনাব ইমন একজন ব্যবসায়ী। তিনি প্লাস্টিকের বিভিন্ন জিনিসপত্র তৈরির কারখানা স্থাপন করেন। তিনি সরকারের নিয়ম-নীতি যথাযথভাবে অনুসরণ করেই তার কারখানাটি স্থাপন করেন। তাই তিনি পরিবেশ দূষণ থেকে এলাকা রক্ষা করার প্রয়োজনীয় বর্জ্য নিষ্কাশনের ব্যবস্থা রাখেন। তার কারখানার অনেক কর্মসংস্থানের সৃষ্টি হয়। ফলে সেখানে অনেক শ্রমিক কর্মরত আছেন। তিনি নিয়মিত সরকারকে কর প্রদান করে থাকেন। সরকারি নিয়ম-নীতি পালন, কর্মসংস্থান সৃষ্টি। নিয়মিত কর প্রদান– এগুলো রাষ্ট্রের প্রতি আমাদের দায়বদ্ধতা। তাই উপর্যুক্ত আলোচনার প্রেক্ষিতে বলা যায়, জনাব ইমন রাষ্ট্রের প্রতি দায়বদ্ধতা পালন করেছেন।

**ঘ** ব্যবসায় উদ্যোগ গ্রহণের মাধ্যমে জনাব ইমন দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

ব্যবসায় উদ্যোগ গ্রহণের মাধ্যমে লাভবান হওয়ার আশায় ঝুঁকি নিয়ে ব্যবসায় প্রতিষ্ঠা ও পরিচালনা করা হয়। এর মাধ্যমে উদ্যোক্তার নিজের কর্মসংস্থানের পাশাপাশি আরও লোকের কর্মসংস্থানের সৃষ্টি হয়। এতে দেশের অর্থনৈতিক অবস্থা আরও দৃঢ় হয়।

উদ্দীপকের জনাব ইমন একজন ব্যবসায়ী। তিনি তার কারখানা স্থাপনে সরকারি নিয়ম-নীতি অনুসরণ করেন। এজন্য তিনি তার কারখানায় প্রয়োজনীয় বর্জ্য নিষ্কাশনের ব্যবস্থা রাখেন। তার কারখানায় অনেক শ্রমিক কর্মরত আছেন। তিনি নিয়মিত সরকারকে আয়কর প্রদান করে থাকেন। এখানে জনাব ইমনের কারখানা স্থাপন হলো একটি ব্যবসায় উদ্যোগ, যা দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখে।

জনাব সবুজের ব্যবসায় উদ্যোগের ফলাফল হলো তার স্থাপিত কারখানা। তার কারখানায় অনেক বেকার লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে, যা দেশের বেকারত্ব লাঘবে সহায়ক হবে। এ কর্মসংস্থানের মাধ্যমে তারা স্বাবলম্বী হয়ে উঠবে। তাদের জীবন যাত্রার মান উন্নত হবে। অর্থাৎ সবুজের ব্যবসায় উদ্যোগ কেবল বেকার লোকদের আর্থিক নয় সামাজিক উন্নয়নও সাধন করবে। তার সফলতা আরও অনেককে এরূপ ব্যবসায় উদ্যোগ গ্রহণে উৎসাহিত করবে। ফরে দেশে শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধি পাবে। জাতীয় আয় বৃদ্ধি পাবে। একটি দেশে যত বেশি শিল্প প্রতিষ্ঠান স্থাপিত হবে সে দেশ অর্থনীতির দিক থেকে তত বেশি সমৃদ্ধ হবে। এসব ছাড়াও তার নিয়মিত কর প্রদানের ফলে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে, যা দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করবে। তাই পরিশেষে বলা যায়, জনাব ইমন দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন।

**প্রশ্ন ▸ ১১** মিস সায়মা আক্তার পড়াশুনা শেষ করে চাকুরির চিন্তা না করে স্থানীয় যুব উন্নয়ন অধিদপ্তরের অধীনে হস্তশিল্পের ওপর প্রশিক্ষণ গ্রহণ করেন। তার নিজের জমানো টাকা ও স্থানীয় এনজিও থেকে কিছু টাকা ঋণ নিয়ে 'নকশি কাঁথা' নামে একটি শপ গড়ে তোলেন এবং ৫ জন লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়। ক্রেতাদের চাহিদা ও রুচি অনুযায়ী পণ্য সরবরাহ করায় তিনি ব্যবসায় সফলতা লাভ করেন।

ক. কর অবকাশ কী? ১
খ. ইওএঞঅঈ কেন গঠিত হয়? ব্যাখ্যা করো। ২
গ. মিস সায়মা আক্তার যুব উন্নয়ন অধিদপ্তর থেকে কোন ধরনের সহায়ক সেবা পেয়েছেন? বর্ণনা করো। ৩
ঘ. মিস সায়মা আক্তারকে একজন নারী উদ্যোক্তা বলা যায় কি? তোমার মতামত দাও। ৪

[য. বো. ২০২৫]

**১১নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

# চট্টগ্রাম বোর্ড-২০২৫

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **প্রাইভেট লিমিটেড কোম্পানির সদস্য সংখ্যা কতজনের মধ্যে সীমাবদ্ধ?**
ⓚ ২০ ⓚ ৩০ ⓖ ৪০ ⓖ ৫০

২. **কলা, পেপে, শসা ইত্যাদি পণ্যের ক্ষেত্রে একমালিকানা ব্যবসায় উপযোগী, কারণ–**
i. পণ্যগুলোর জন্য বেশি অর্থের প্রয়োজন হয় না
ii. পণ্যগুলোর চাহিদা দ্রুত পরিবর্তনশীল iii. পণ্যগুলো তাড়াতাড়ি পচে যায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩. **বাংলাদেশে কত সালের পেটেন্ট ও ডিজাইন আইন চালু আছে?**
ⓚ ১৯১১ ⓚ ১৯৪০ ⓖ ২০০৫ ⓖ ২০০৯

৪. **কোন কার্যক্রমটি ব্যবসায়ের ক্রমবিকাশের ধারায় মধ্যযুগে সংঘটিত হয়?**
ⓚ দ্রব্য বিনিময় ⓚ বাজার সৃষ্টি ⓖ শিল্প বিপ্লব ⓖ বিমার প্রচলন

৫. **মি. তানজিন পৌর এলাকার বাহিরে একটি ফার্মেসি স্থাপন করেছেন। এই জন্য কার নিকট থেকে ট্রেড লাইসেন্স সংগ্রহ করতে হয়েছে?**
ⓚ সংশ্লিষ্ট জেলা প্রশাসক ⓚ সংশ্লিষ্ট পৌর চেয়ারম্যান
ⓖ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ⓖ সংশ্লিষ্ট বাজার কমিটির সভাপতি

৬. **রাকিব সাহেব চীনের একটি বিখ্যাত প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হয়ে তাদের নাম ব্যবহার করে বিভিন্ন পণ্য তৈরি ও বিক্রয় করেন। উক্ত বিখ্যাত প্রতিষ্ঠানের প্রধান বৈশিষ্ট্য কোনটি?**
ⓚ ব্র্যান্ডেড পণ্য বা সেবা ⓚ কর্মী নিয়োগ
ⓖ প্রয়োজনীয় বিনিয়োগ ⓖ পণ্য বাজারজাতকরণ

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
পাট ব্যবসায়ী রতনের দোকানটি একটি বৈদ্যুতিক খুঁটির পাশে অবস্থিত। প্রতিনিয়ত তাকে বিভিন্ন জায়গায় পণ্য আনা নেওয়া করতে হয়। তাছাড়া সারা বছরই তার দোকানে পণ্য মজুদ রাখতে হয়।

৭. **রতনের কোন ধরনের বিমা করা উচিত?**
ⓚ অগ্নি বিমা ⓚ দুর্ঘটনা বিমা ⓖ জীবন বিমা ⓖ নৌ বিমা

৮. **জনাব রতনের বিমা করার মাধ্যমে তিনি লাভ করবেন–**
i. নিরাপদ জীবন ii. নির্ধারিত মুনাফা iii. ক্ষতিপূরণের প্রতিশ্রুতি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৯. **কোন ব্যবসায়ের প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে ম্যাক্রোস্ক্রিনিং ও মাইক্রোস্ক্রিনিং উভয়ই আবশ্যক?**
ⓚ অংশীদারি ব্যবসায় ⓚ উৎপাদনমুখী ব্যবসায়
ⓖ কেনাবেচামূলক ব্যবসায় ⓖ ক্ষুদ্র সেবামূলক ব্যবসায়

১০. **প্রকল্প প্রণয়নের বহির্ভূত কোনটি?**
ⓚ প্রকল্প ধারণা মূল্যায়ন ও প্রকল্প নির্বাচন
ⓚ প্রকল্প ধারণা চিহ্নিতকরণ
ⓖ ব্যবসায় প্রকল্প প্রতিবেদন প্রণয়ন
ⓖ প্রাক্কলিত নগদান প্রবাহ বিবরণী প্রণয়ন

১১. **২০১০ সালের শিল্পনীতি অনুযায়ী রাজশাহী বিভাগের অনুন্নত জেলা কোনটি?**
ⓚ বগুড়া ⓚ মেহেরপুর ⓖ জয়পুরহাট ⓖ পঞ্চগড়

১২. **জনাব কেরামত মোল্লা কেরানিগঞ্জে একটি চামড়া প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেন। তার এ কারখানাটি কোন শিল্পের অন্তর্গত?**
ⓚ সেবা ⓚ উৎপাদনমুখী ⓖ হস্ত ⓖ কুটির

১৩. **ব্যবস্থাপনার কোন কাজের মাধ্যমে পরিকল্পনা বাস্তবায়ন সহজ হয়?**
ⓚ প্রেষণা দান ⓚ নির্দেশনা দান ⓖ নিয়ন্ত্রণ ⓖ সমন্বয়সাধন

১৪. **কোন কাজটির দ্বারা পণ্যের বিপণন প্রক্রিয়া সহজ হয়?**
ⓚ পরিবহন ⓚ মোড়কীকরণ ⓖ গুদামজাতকরণ ⓖ প্রমিতকরণ

১৫. **লাইফবয় সাবানের জন্য অধিকতর প্রযোজ্য বিজ্ঞাপন মাধ্যম কোনটি?**
i. টেলিভিশন ii. প্রচারপত্র iii. পরিবহন বিজ্ঞাপন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৬. **বেসিক ব্যাংকের স্মারকলিপি অনুযায়ী মোট ঋণযোগ্য তহবিলের শতকরা কত ভাগ ক্ষুদ্র ও কুটির শিল্পে বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ?**
ⓚ ২০% ⓚ ৩০% ⓖ ৪০% ⓖ ৫০%

১৭. **বিশ্বের সবচেয়ে বড় বেসরকারি সাহায্য সংস্থার কাজ কোনটি?**
ⓚ ব্যবসায় কার্যক্রম পরিচালনার ক্ষেত্র অনুসন্ধান
ⓚ গৃহহীন মানুষের জন্য নানাবিধ সহায়ক কার্যক্রম গ্রহণ
ⓖ বিভিন্ন প্রতিষ্ঠানকে নানাবিধ তথ্যসরবরাহ
ⓖ সব ধরনের শিল্পের বিকাশে সহায়তা প্রদান

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস ফারহানা তার প্লাস্টিক ফ্যাক্টরিতে ২০ জন নারী কর্মী নিয়োগ দিয়েছেন। কিন্তু কাজ দিলেই তাদের মধ্যে প্রায়ই ঝগড়া-বিবাদ মনোমালিন্যের সৃষ্টি হয়। তাই তিনি সবার কাজ নির্দিষ্ট করে দায়িত্ব-কর্তব্য বুঝিয়ে দিলেন।

১৮. **মিসেস ফারহানার কাজটি ব্যবস্থাপনার কোন কাজের সাথে সম্পৃক্ত?**
ⓚ প্রেষণাদান ⓚ নির্দেশনা ⓖ সংগঠিতকরণ ⓖ নিয়ন্ত্রণ

১৯. **মিসেস ফারহানার কাজটির ফলে–**
i. প্রত্যেকে নিজ নিজ সম্পর্কে অবগত থাকবে
ii. প্রত্যেকে সর্বোচ্চ পারদর্শিতা প্রদর্শন করতে পারবে
iii. প্রত্যেকে জবাবদিহিতার আওতায় আসবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২০. **আমেরিকার চেম্বার অব কমার্সের দৃষ্টিতে 'বিজনেস এক্সিকিউটিভ অব দি ইয়ার' নির্বাচিত হয়েছিলেন কে?**
ⓚ জহুরুল ইসলাম ⓚ নায়েব আলী
ⓖ স্যামসন এইচ চৌধুরী ⓖ আবুল কালাম আজাদ

২১. **কোনটি সমর্থনমূলক সহায়তার অন্তর্ভুক্ত?**
ⓚ পর্যাপ্ত মূলধনের ব্যবস্থা করা
ⓚ প্রশাসনের বিভিন্ন সুযোগ-সুবিধার অবগতি করা
ⓖ কর্মচারী কর্মকর্তাদের হাতে-কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করা
ⓖ নতুন নতুন ভবন স্থাপনে সহায়তা করা

২২. **কোন উদ্যোক্তা দেশের সর্ববৃহৎ মেডিকেল কলেজ স্থাপন করেন?**
ⓚ শাহিদা বেগম ⓚ নায়েব আলী
ⓖ জহুরুল ইসলাম ⓖ আবুল কালাম আজাদ

২৩. **নিচের কোন উপাদানটি সামাজিক পরিবেশের অন্তর্গত?**
ⓚ আইনশৃঙ্খলা ⓚ ভোক্তা আইন
ⓖ ভোক্তাদের মনোভাব ⓖ সঞ্চয় ও বিনিয়োগ

২৪. **কামতা গ্যাস ফিল্ড থেকে গ্যাস উত্তোলন করে তা বণ্টন করা কোন শিল্পের অন্তর্গত?**
ⓚ নির্মাণ শিল্প ⓚ সেবা শিল্প ⓖ উৎপাদন শিল্প ⓖ নিষ্কাশন শিল্প

২৫. **কোনটি ব্যবসায়ের রাজনৈতিক পরিবেশের উপাদান?**
ⓚ মানবসম্পদ ⓚ ঘন ঘন সরকার পরিবর্তন
ⓖ শিক্ষা ও সংস্কৃতি ⓖ ধর্মীয় বিশ্বাস

২৬. **নিচের কোনটি উদ্যোক্তার বৈশিষ্ট্য?**
ⓚ স্বাধীনচেতা ⓚ পরিমিত পরিমাণ ঝুঁকি
ⓖ প্রভাব বিস্তারের ক্ষমতা ⓖ পুঁজি সংগ্রহের ক্ষমতা

☐ **নিচের উদ্দীপকটি পড় ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
সাফিন ও রাফিন দীর্ঘদিন মৌখিক আলোচনার ভিত্তিতে ব্যবসায় করে আসছেন। সম্প্রতি সাফিন স্বাধীনভাবে ব্যবসায় করে একাই ব্যবসায়ের সকল লাভ ভোগ করতে চান।

২৭. **সাফিন ও রাফিনের ব্যবসায়ের ধরন কী?**
ⓚ অংশীদারি ⓚ প্রাইভেট লি. ⓖ পাবলিক লি. ⓖ সমবায়

২৮. **সাফিনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে যৌক্তিকতা হলো–**
i. ব্যবসায়ের আকার বৃদ্ধি ii. সহজ পরিচালনা iii. মূলধনের পরিমাণ কম
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৯. **ব্যবসায় উদ্যোগ উন্নয়নে প্রতিবন্ধকতা হলো–**
i. পর্যাপ্ত মূলধনের অভাব ii. সুষ্ঠু দিক-নির্দেশনার অভাব
iii. ব্যবস্থাপনা কলা-কৌশল সম্পর্কে অজ্ঞতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩০. **'ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ' কোন জেলাকে কেন্দ্র করে সর্বপ্রথম কাজ শুরু করে?**
ⓚ রাজশাহী ⓚ রংপুর ⓖ বগুড়া ⓖ সিলেট

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# চট্টগ্রাম বোর্ড-২০২৫

ব্যবসায় উদ্যোগ (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব মালেক তার এলাকায় দেশি গরুর খামার স্থাপন করেন। তার উৎপাদিত দুধের চাহিদা বেড়ে যাওয়ায় তিনি পার্শ্ববর্তী এলাকায়ও দুধ সরবরাহ করার সিদ্ধান্ত নেন। বর্তমানে তিনি খামারটি সম্প্রসারণ করার জন্য আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করার চিন্তা করছেন।

(ক) প্রত্যক্ষ সেবা কী? ১
(খ) ব্যবসায়ের তথ্য ও প্রচার সংক্রান্ত প্রতিবন্ধকতা দূর করার উপায়টি ব্যাখ্যা করো। ২
(গ) জনাব মালেকের ব্যবসায়টি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জনাব মালেকের ঋণ গ্রহণ করার বিষয়টি কোন পরিবেশের উপাদান? বিশ্লেষণ করো। ৪

২। সাজেদা বেগম বিউটি পার্লারের উপর প্রশিক্ষণ গ্রহণ করে জেলা শহরে একটি বিউটি পার্লার স্থাপন করেন। তার পার্লারে ১০ জন কর্মচারি নিয়োজিত আছে। বর্তমানে তিনি পার্লারের পাশাপাশি একটি বাটিকের শোরুম স্থাপনের চিন্তা ভাবনা করছেন।

(ক) ফোর্ড কোন দেশের কোম্পানি? ১
(খ) ব্যবসায় উদ্যোগের সাথে কোন বিষয়টির সম্পর্ক সর্বদা বিদ্যমান? ব্যাখ্যা করো। ২
(গ) সাজেদা বেগমের মধ্যে উদ্যোক্তার যে সকল গুণাবলি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) সাজেদা বেগমের মধ্যে উদ্যোগের যে সকল বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩। জনাব ফিরোজ যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে হাঁস-মুরগির খামার ও মৎস্য চাষের উপর প্রশিক্ষণ নিয়ে একটি খামার প্রতিষ্ঠা করেন। ফলে অল্প সময়ের মধ্যে তিনি স্বাবলম্বী হন। তার দেখাদেখি গ্রামের অন্য যুবকেরাও এ পেশায় উদ্বুদ্ধ হয়ে ওঠে।

(ক) বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট কোন ধরনের প্রতিষ্ঠান? ১
(খ) ব্যবসায়িক পরিবেশ বলতে কী বোঝায়? ২
(গ) জনাব ফিরোজের খামার প্রতিষ্ঠার কাজটি কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জনাব ফিরোজের মতো আগামীর প্রজন্মকে কর্মসংস্থানে অনুপ্রাণিত করার জন্য কী কী পদক্ষেপ নেয়া যেতে পারে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪।

| | |
|---|---|
| সংগঠন A : | সহজ গঠন, ঝুঁকি কম |
| সংগঠন B : | আইন সৃষ্ট, স্বেচ্ছামূলক |

(ক) রাষ্ট্রীয় ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১
(খ) অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তিটি ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের 'A' সংগঠনটি কোন ধরনের ব্যবসায় সংগঠনের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
(ঘ) বাংলাদেশের প্রেক্ষাপটে 'B' সংগঠনটির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৫। বাংলাদেশের 'M' ফার্নিচার কোম্পানি মালয়েশিয়ার 'X' কোম্পানির সাথে চুক্তির মাধ্যমে এদেশে আসবাবপত্র তৈরি করে বিক্রি করছে। পণ্যের গুণ, মান এবং ডিজাইন আকর্ষণীয় হওয়ায় বাংলাদেশের বাজারে এ পণ্যের দ্রুত চাহিদা বেড়ে যায় এবং প্রচুর মুনাফা অর্জন করে সফল হয়েছে।

(ক) পেটেন্ট কী? ১
(খ) পণ্যের মান নির্ধারণকারী প্রতিষ্ঠানটির কাজ ব্যাখ্যা করো। ২
(গ) 'M' ফার্নিচার ও 'X' কোম্পানির মাঝে কী ধরনের চুক্তি হয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) চুক্তিতে আবদ্ধ হয়ে ব্যবসায় করার ফলে 'X' কোম্পানি যে সকল সুবিধাভোগ করছে তা বিশ্লেষণ করো। ৪

৬। মি. রিপন একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি তার নিজ এলাকায় একমালিকানা ব্যবসায় শুরু করেন। ব্যবসায় পরিকল্পনার যাবতীয় বিষয়গুলো অনুসরণ করায় বর্তমানে তিনি একজন সফল ব্যবসায়ী।

(ক) ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১
(খ) সম-আয়-ব্যয় বলতে কী বোঝায়? ২
(গ) মি. রিপন তার ব্যবসায় পরিচালনায় কী কী গাইড লাইন অনুসরণ করেছেন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) মি. রিপনের ব্যবসার পরিকল্পনার বিষয়বস্তু উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৭। শিল্প 'ক' → মূলধন ১০ লক্ষ টাকার নিচে
শিল্প 'খ' → মূলধন ৭৫ লক্ষ থেকে ১৫ কোটি

(ক) সিমেন্ট তৈরির কাঁচামাল কী? ১
(খ) সেবা শিল্প বলতে কী বোঝায়? ২
(গ) উদ্দীপকে 'ক' শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "উদ্দীপকে 'খ' শিল্পটি দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে"। বিশ্লেষণ করো। ৪

৮। মি. আবির একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি সকল সিদ্ধান্ত প্রতিষ্ঠানের কর্মচারীদের সাথে পরামর্শ নিয়ে গ্রহণ করেন। ফলে প্রতিষ্ঠানের উৎপাদন ক্রমাগত বৃদ্ধি পায়। অন্যদিকে তার বন্ধু রতন তার প্রতিষ্ঠানের সিদ্ধান্ত একাই গ্রহণ করেন এবং কর্মীদের উপর চাপিয়ে দেন। এজন্য তার প্রতিষ্ঠানে শ্রমিক অসন্তোষ লেগেই থাকে।

(ক) আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১
(খ) সংগঠিতকরণ বলতে কী বোঝায়? ২
(গ) উদ্দীপকে মি. রতনের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব পরিলক্ষিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) আবির ও রতনের নেতৃত্বের মধ্যে কোনটি তোমার কাছে গ্রহণযোগ্য মনে হয়? উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

৯। মিজান একজন আম উৎপাদনকারী। তিনি তার বাগানের উৎপাদিত আম পাইকার ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় করে থাকেন। এতে তিনি আশানুরূপ লাভ না পাওয়ায় সরাসরি ভোক্তাদের নিকট আম বিক্রির সিদ্ধান্ত নিলেন।

(ক) প্রমিতকরণ কী? ১
(খ) পণ্য সামগ্রীর প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণের কৌশলটি ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে প্রথম পর্যায়ে মিজান কোন ধরনের বণ্টনপ্রণালি অনুসরণ করেছেন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জনাব মিজানের দ্বিতীয় পর্যায়ের গৃহীত বণ্টনপ্রণালি তার জন্য কী লাভজনক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০। রাহেলা বেগম একটি বুটিক শপের স্বত্বাধিকারী। তিনি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন একটি প্রতিষ্ঠান থেকে আর্থিক ও কারিগরি সহায়তা নিয়েছেন। বর্তমানে তার প্রতিষ্ঠানে ১০ জন লোকের কর্মসংস্থানের সৃষ্টি হয়।

(ক) ব্র্যাক কী? ১
(খ) কর অবকাশ বলতে কী বোঝায়? ২
(গ) রাহেলা বেগম কোন প্রতিষ্ঠান থেকে সহায়তা নিয়েছেন? তার বর্ণনা দাও। ৩
(ঘ) দেশের বেকার সমস্যা দূরীকরণে রাহেলা বেগমের মত উদ্যোক্তার ভূমিকা মূল্যায়ন করো। ৪

১১। জনাব মামুন একজন পিঁয়াজ আমদানিকারক। তিনি বেশি মুনাফা পাওয়ার আশায় পিঁয়াজ মজুদ করে রাখেন না। তিনি সততার সাথে তার ব্যবসায় পরিচালনা করেন এবং এতে প্রচুর মুনাফা অর্জন হয়।

(ক) মূল্যবোধ কী? ১
(খ) শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যাটি ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকে জনাব মামুনের ব্যবসায়িক কার্যক্রম কোন পক্ষের প্রতি দায়বদ্ধতা পালন করে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জনাব মামুনের কার্যক্রম নৈতিকতার মানদণ্ডে মূল্যায়ন করো। ৪

# উত্তরমালা (চট্টগ্রাম বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ক | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | গ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** জনাব মালেক তার এলাকায় দেশি গরুর খামার স্থাপন করেন। তার উৎপাদিত দুধের চাহিদা বেড়ে যাওয়ায় তিনি পার্শ্ববর্তী এলাকায়ও দুধ সরবরাহ করার সিদ্ধান্ত নেন। বর্তমানে তিনি খামারটি সম্প্রসারণ করার জন্য আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করার চিন্তা করছেন।

ক. প্রত্যক্ষ সেবা কী? ১

খ. ব্যবসায়ের তথ্য ও প্রচার সংক্রান্ত প্রতিবন্ধকতা দূর করার উপায়টি ব্যাখ্যা করো। ২

গ. জনাব মালেকের ব্যবসায়টি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মালেকের ঋণ গ্রহণ করার বিষয়টি কোন পরিবেশের উপাদান? বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

**১নং প্রশ্নের উত্তর**

**ক** অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্বাধীন পেশায় নিয়োজিত ডাক্তার, উকিল, প্রকৌশলী প্রভৃতি পেশাজীবীরা অর্থের বিনিময়ে যেসব সেবাকর্ম প্রদান করে থাকেন তা-ই হলো প্রত্যক্ষ সেবা।

**খ** ব্যবসায়ের তথ্য ও প্রচার সংক্রান্ত প্রতিবন্ধকতা দূর করার উপায় হলো বিজ্ঞাপন।

বিজ্ঞাপন হচ্ছে পণ্য বা সেবাসামগ্রীর প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণের একটি উপায় বা কৌশল। এটি পণ্যের তথ্য ও প্রচার সংক্রান্ত বাধা দূর করে। বাজারে যখন কোনো নতুন পণ্যের আবির্ভাব ঘটে তখন ক্রেতা ও ভোক্তারা পণ্যটি সম্পর্কে কোনো ধারণাই রাখেন না, তাই ক্রেতা ও ভোক্তাদের পণ্যটি সম্পর্কে ধারণা দিতে পণ্যটির বিজ্ঞাপন দেওয়া হয়। এর মাধ্যমে ক্রেতা ও ভোক্তাদের নিকট পণ্যের মান, মূল্য, বৈশিষ্ট্য ও ব্যবহারবিধি তুলে ধরা হয়। ফলে ক্রেতা ও ভোক্তাদের পণ্য সম্পর্কিত তথ্যগত বাধা দূর হয়।

**গ** জনাব মালেকের ব্যবসায়টি প্রজনন শিল্পের অন্তর্গত।

যে শিল্পে উৎপাদিত সামগ্রী পুনরায় সৃষ্টি বা উৎপাদনের কাজে ব্যবহৃত হয় তাকে প্রজনন শিল্প বলা হয়। এ ধরনের শিল্পে মূলত প্রজনন প্রক্রিয়া ব্যবহার করে সম্পদ সৃষ্টি করা হয়। নার্সারি, হ্যাচারি, গরুর খামার ইত্যাদি এ শিল্পের অন্তর্গত।

উদ্দীপকের জনাব মালেক তার এলাকায় দেশি গরুর খামার স্থাপন করেন। তার এ খামার ব্যবসায়টি হলো প্রজনন শিল্প। কেননা প্রজনন শিল্পের মাধ্যমে গাছপালা ও প্রাণীর বংশবৃদ্ধি করা হয়। এ শিল্পের প্রকৃতিপ্রদত্ত সম্পদ লালন-পালন করে সেগুলোর বংশবৃদ্ধি বা স্বাভাবিক ফলনের মাধ্যমে সম্পদ সৃষ্টি করা হয়। জনাব মালেকও তার খামারের গরুগুলোকে লালন পালন করে সেগুলোর বংশবৃদ্ধি ঘটাতে পারেন। এছাড়া গরুগুলো হতে উৎপাদিত দুধও তিনি বিভিন্ন জায়গায় সরবরাহ করে তার ব্যবসায়িক সাফল্য লাভ করেন। অর্থাৎ তার খামারের গরুগুলো পুনরায় তার খামারের গরুর বংশবৃদ্ধি ও দুধ উৎপাদনের কাজে ব্যবহৃত হয়। তাই বলা যায়, জনাব মালেকের ব্যবসায়টি প্রজনন শিল্পের অন্তর্গত।

**ঘ** জনাব মালেকের ঋণ গ্রহণ করার বিষয়টি অর্থনৈতিক পরিবেশের উপাদান।

দেশে বিরাজমান কার্যকর অর্থ ও ব্যাংকিং ব্যবস্থা, কৃষি ও শিল্পের অবদান জনগণের সঞ্চয় ও বিনিয়োগ মানসিকতা ও সরকারের পৃষ্ঠপোষকতা ব্যবসায় পরিবেশের সুদৃঢ় অর্থনৈতিক উপাদান হিসেবে কাজ করে। যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য অনুকূল অর্থনৈতিক পরিবেশ আবশ্যক।

উদ্দীপকের জনাব মালেক তার এলাকায় দেশি গরুর খামার স্থাপন করেন এবং তার উৎপাদিত দুধ নিজ এলাকায় সরবরাহ করেন। পরবর্তীকালে তার উৎপাদিত দুধের চাহিদা বৃদ্ধি পেলে তিনি পার্শ্ববর্তী এলাকায়ও দুধ সরবরাহ করার সিদ্ধান্ত নেন। বর্তমানে তিনি খামারটি সম্প্রসারণ করার জন্য আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ করার চিন্তা করছেন। তার ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণের বিষয়টি ব্যবসায়িক পরিবেশের অর্থনৈতিক উপাদানকে নির্দেশ করে।

অর্থ ও ব্যাংকিং ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশের গুরুত্বপূর্ণ উপাদান। বর্তমানে অনেক আর্থিক প্রতিষ্ঠান অর্থ ও ব্যাংকিং নিয়ে কাজ করে থাকে। তারা উদ্যোক্তা ও ব্যবসায়ীদের সহজ শর্তে বিভিন্ন মেয়াদে ঋণ প্রদান করে থাকে। এসব ঋণের মাধ্যমে ব্যবসায়ীরা তাদের ব্যবসায় প্রতিষ্ঠা থেকে শুরু করে পরিচালনা ও সম্প্রসারণ সব কাজ সহজেই করতে পারে। জনাব মালেকও এরূপ আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণের চিন্তা করছেন, যার অর্থ দ্বারা তিনি তার খামারটি সহজেই সম্প্রসারণ সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে পারবেন। এতে তার খামারের পরিধি বৃদ্ধির সাথে সাথে তার খামারের উৎপাদিত দুধের বিক্রয়ও বেড়ে যাবে। ফলে তিনি আরও বেশি মুনাফা অর্জন করতে পারবেন । অর্থাৎ আর্থিক প্রতিষ্ঠানের নিকট হতে ঋণ গ্রহণের মাধ্যমে অর্থ প্রাপ্তি তার খামারের সাফল্য বয়ে আনবে। আর এ ঋণ বাবদ প্রাপ্ত অর্থ ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশেরই একটি উপাদান। তাই বলা যায়, জনাব মালেকের ঋণ গ্রহণ করার বিয়ষটি অর্থনৈতিক পরিবেশের উপাদান।

**প্রশ্ন ▶ ০২** সাজেদা বেগম বিউটি পার্লারের উপর প্রশিক্ষণ গ্রহণ করে জেলা শহরে একটি বিউটি পার্লার স্থাপন করেন। তার পার্লারে ১০ জন কর্মচারি নিয়োজিত আছে। বর্তমানে তিনি পার্লারের পাশাপাশি একটি বাটিকের শোরুম স্থাপনের চিন্তা ভাবনা করছেন।

ক. ফোর্ড কোন দেশের কোম্পানি? ১

খ. ব্যবসায় উদ্যোগের সাথে কোন বিষয়টির সম্পর্ক সর্বদা বিদ্যমান? ব্যাখ্যা করো। ২

গ. সাজেদা বেগমের মধ্যে উদ্যোক্তার যে সকল গুণাবলি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. সাজেদা বেগমের মধ্যে উদ্যোগের যে সকল বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

## ২নং প্রশ্নের উত্তর

**ক** ফোর্ড আমেরিকার কোম্পানি।

**খ** ব্যবসায় উদ্যোগের সাথে ঝুকির সম্পর্ক সর্বদা বিদ্যমান।

লাভের আশায় ঝুঁকি নিয়ে অর্থ ও শ্রম বিনিয়োগ করাই হলো ব্যবসায় উদ্যোগ। কোনো ব্যবসায়ে ঝুঁকি কম আবার কোনো ব্যবসায়ে ঝুঁকি বেশি। যে ব্যবসায়ে ঝুঁকি বেশি সে ব্যবসায়ে লাভের সম্ভাবনাও বেশি। আবার যে ব্যবসায়ে ঝুঁকি কম সে ব্যবসায়ে লাভের সম্ভাবনাও কম। যেমন চালের দোকানে ঝুঁকি কম তাই মুনাফাও কম। অতএব ব্যবসায় উদ্যোগ ও ঝুঁকির মধ্যে সম্পর্ক ওতপ্রোতভাবে জড়িত।

**গ** সাজেদা বেগমের মধ্যে উদ্যোক্তার আত্মবিশ্বাস, সাহস ও ঝুঁকি গ্রহণের ক্ষমতা গুণগুলো ফুটে উঠেছে।

একজন উদ্যোক্তাকে বিবিধ গুণের অধিকারী হতে হয়। এসব গুণই তার সফলতার চাবিকাঠি হিসেবে কাজ করে। একজন সফল উদ্যোক্তা জন্মসূত্রেই বহু ব্যক্তিগত গুণের অধিকারী হন যা তাকে উদ্যোক্তা হিসেবে খ্যাতি লাভ করতে সহায়তা করে। বর্তমান সময়ে অবশ্য শিক্ষা, প্রশিক্ষণ এবং সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমেই উদ্যোক্তা সৃষ্টি করা যায়।

উদ্দীপকের সাজেদা বেগম বিউটি পার্লারের উপর প্রশিক্ষণ গ্রহণ করে জেলা শহরে একটি বিউটি পার্লার স্থাপন করেন। বর্তমানে তিনি পার্লারের পাশাপাশি একটি বাটিকের শোরুম স্থাপনের চিন্তা ভাবনা করছেন। মূলত সাজেদা বেগমের আত্মবিশ্বাস, সাহস ও ঝুঁকি গ্রহণের মনোভাব তাকে তার এ উদ্যোগ গ্রহণে উদ্বুদ্ধ করেছে। পার্লারের উপর নেওয়া প্রশিক্ষণকে কাজে লাগিয়ে তিনি তার আত্মবিশ্বাস ও সাহস দ্বারা পার্লারের ব্যবসায় স্থাপন করেন। এছাড়া পুঁজি নিয়ে ব্যবসায় শুরু করার মাধ্যমে তার মধ্যে ঝুঁকি গ্রহণের ক্ষমতা ও গুণটি ও প্রকাশ পায়। আত্মবিশ্বাস, সাহস ও ঝুঁকি গ্রহণের ক্ষমতা এ গুণগুলো না থাকলে কখনোই একজন ব্যক্তি উদ্যোক্তা হিসেবে সফলতা লাভ করতে পারে না। কেননা নিজের প্রতি বিশ্বাস ও সৎ সাহস দ্বারাই একজন উদ্যোক্তা ব্যবসায় স্থাপনের ঝুঁকি গ্রহণ করে, যা উদ্দীপকের সাজেদা বেগম তার বিউটি পার্লার স্থাপন ও পরবর্তীকালে বাটিকের ব্যবসায় স্থাপনের চিন্তাভাবনার মাধ্যমে ফুটে ওঠে। তাই বলা যায়, উদ্দীপকের সাজেদা বেগমের মধ্যে উদ্যোক্তার আত্মবিশ্বাস, সাহস ও ঝুঁকি গ্রহণের ক্ষমতা গুণগুলো ফুটে উঠেছে।

**ঘ** সাজেদা বেগমের উদ্যোগের মধ্যে ব্যবসায় উদ্যোগের ব্যবসায় স্থাপন, ঝুঁকি গ্রহণ, ব্যবসায় প্রতিষ্ঠান কর্মসংস্থান সৃষ্টি, মানব সম্পদ উন্নয়নসহ বিবিধ বৈশিষ্ট্যাবলি প্রতিফলিত হয়।

একটি ব্যবসায় স্থাপনের ধারণা চিহ্নিতকরণ থেকে শুরু করে ব্যবসায়টি স্থাপন ও সফলভাবে পরিচালনা করাকে ব্যবসায় উদ্যোগ বলা হয়। আজকের উন্নত দেশগুলোর অর্থনৈতিক সমৃদ্ধি ও উন্নয়নের মূল ভিত্তি হলো ব্যবসায় উদ্যোগ। ব্যবসায় উদ্যোগের মাধ্যমে লাভের আশায় ঝুঁকি নিয়ে অর্থ ও শ্রম বিনিয়োগ করা হয়। এসব বিষয়াদি বিশ্লেষণ করলে ব্যবসায় উদ্যোগের বিবিধ বৈশিষ্ট্যাবলি সম্পর্কে ধারণা পাওয়া যায়।

উদ্দীপকের সাজেদা বেগম একটি বিউটি পার্লার প্রতিষ্ঠা করেন। তার এই পার্লারে ১০ জন কর্মচারী নিয়োজিত আছে। অর্থাৎ সাজেদা বেগম একজন উদ্যোক্তা এবং তার প্রতিষ্ঠিত পার্লারটি হলো তার ব্যবসায় উদ্যোগ। আর এই উদ্যোগের মাধ্যমে তিনি কেবল নিজের কর্মসংস্থানই তৈরি করেননি বরং আরও ১০ জন ব্যক্তির কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে। বর্তমানে তিনি পার্লারের পাশাপাশি একটি বাটিকের শোরুম স্থাপনের চিন্তাভাবনা করেছেন, তা-ও ব্যবসায় উদ্যোগ হিসেবে বিবেচিত হয়।

সাজেদা বেগমের উদ্যোগের মধ্যে ব্যবসায় উদ্যোগের বিবিধ বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়। তার এই উদ্যোগের প্রথম বৈশিষ্ট্য হলো এটি ব্যবসায় স্থাপনের কর্ম উদ্যোগ, যা তাকে ব্যবসায় স্থাপন সংক্রান্ত সকল কর্মকান্ড সফলভাবে পরিচালনা করতে সহায়তা করে। তার এ উদ্যোগ তাকে সঠিকভাবে ঝুঁকি পরিমাপ করতে এবং পরিমিত ঝুঁকি নিতে সহায়তা করে। আর এ উদ্যোগ তার প্রশিক্ষণ ও চিন্তাভাবনাকে বাস্তবে রূপ দিতে সহায়তা করে। এর মাধ্যমে তিনি তার পার্লারটি সফলভাবে পরিচালনা করতে পারেন। এতে তিনি নিজের কর্মসংস্থানের পাশাপাশি অন্যদের জন্যও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেন। তার এই উদ্যোগ দেশের আয় বৃদ্ধি ও বেকার সমস্যার সমাধান করে অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখে। তাই বলা যায়, সাজেদা বেগমের মধ্যে উদ্যোগের উপর্যুক্ত বৈশিষ্ট্যগুলোই প্রতীয়মান হয়।

**প্রশ্ন ▶ ০৩** জনাব ফিরোজ যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে হাঁস-মুরগির খামার ও মৎস্য চাষের উপর প্রশিক্ষণ নিয়ে একটি খামার প্রতিষ্ঠা করেন। ফলে অল্প সময়ের মধ্যে তিনি স্বাবলম্বী হন। তার দেখাদেখি গ্রামের অন্য যুবকেরাও এ পেশায় উদ্বুদ্ধ হয়ে ওঠে।

ক. বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট কোন ধরনের প্রতিষ্ঠান? ১

খ. ব্যবসায়িক পরিবেশ বলতে কী বোঝায়? ২

গ. জনাব ফিরোজের খামার প্রতিষ্ঠার কাজটি কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব ফিরোজের মতো আগামীর প্রজন্মকে কর্মসংস্থানে অনুপ্রাণিত করার জন্য কী কী পদক্ষেপ নেয়া যেতে পারে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

## ৩নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৪**

| | |
|---|---|
| সংগঠন A : | সহজ গঠন, ঝুঁকি কম |
| সংগঠন B : | আইন সৃষ্ট, স্বেচ্ছামূলক |

ক. রাষ্ট্রীয় ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১

খ. অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'A' সংগঠনটি কোন ধরনের ব্যবসায় সংগঠনের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে 'B' সংগঠনটির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

## ৪নং প্রশ্নের উত্তর

**ক** রাষ্ট্রীয় ব্যবসায়ের প্রধন উদ্দেশ্য হলো জনসেবা বা জনকল্যাণ।

**খ** অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তিটি হলো চুক্তি।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে চুক্তিবন্ধ সম্পর্কের মাধ্যমে গঠিত হয় অংশীদারি ব্যবসায়। কমপক্ষে দুই জন ব্যক্তি চুক্তিবন্ধ হয়ে এরূপ ব্যবসায় শুরু করতে পারে। এই চুক্তির মাধ্যমে তাদের মধ্যে যে সম্পর্কের সৃষ্টি হয় তাকে বলা হয় চুক্তিবন্ধ সম্পর্ক। এরূপ সম্পর্কের মাধ্যমেই এ ব্যবসায় গঠিত ও পরিচালিত হয়। অংশীদারদের মধ্যে অন্য সম্পর্কও থাকতে পারে, তবে ব্যবসায় পরিচালনায় সেই সম্পর্ক মুখ্য বিবেচিত হয় না, চুক্তির বিষয়বস্তুই মুখ্য বিবেচিত হয়। উল্লেখ্য এ ব্যবসায়ের সকল কার্যক্রম সকল সিদ্ধান্ত চুক্তি অনুযায়ীই গৃহীত ও পরিচালিত হয়। এমনকি অংশীদারদের মধ্যে পারস্পরিক ভুল বোঝাবুঝির নিরসনও এর মধ্যেমে করা হয়। তাই চুক্তিকেই অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি বলা হয়।

**গ** উদ্দীপকের 'A" সংগঠনটি একমালিকানা ব্যবসায় সংগঠনের অন্তর্গত।

সাধারণভাবে একজন ব্যক্তির মালিকানায় প্রতিষ্ঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়কে একমালিকানা ব্যবসায় বলে। একক মালিকানায় পৃথিবীতে সর্বপ্রথম ব্যবসায় কার্যক্রম শুরু হয়েছিল। এজন্য এটিকে সবচেয়ে প্রাচীনতম ব্যবসায় সংগঠন বলা হয়।

উদ্দীপকের 'A' নামক একটি সংগঠনের কথা বলা হয়েছে। সংগঠনটির গঠন সহজ এবং ঝুঁকি কম। এরূপ বৈশিষ্ট্য দ্বারা মূলত এটি প্রতীয়মান হয় যে সংগঠনটি একমালিকানা ব্যবসায়। মুনাফা অর্জনের লক্ষ্য নিয়ে যেকোনো ব্যক্তি নিজ দায়িত্বে মূলধন জোগাড় করে এ ধরনের ব্যবসায় গঠন ও পরিচালনা করতে পারে। এ ব্যবসায়ে অর্জিত সকল লাভ বা ক্ষতি তাকেই বহন করতে হয়। অর্থাৎ যেকোনো ব্যক্তিই নিজের উদ্যোগে স্বল্প অর্থ নিয়ে এ জাতীয় ব্যবসায় শুরু করতে পারে। এ ব্যবসায়ের আয়তন ছোটো হওয়ায় তুলনামূলকভাবে এর ঝুঁকিও কম হয়।

তাই বলা যায় 'A' সংগঠনটির বৈশিষ্ট্যানুসারে একে একমালিকানা ব্যবসায় সংগঠনের অন্তর্গত বলা যায়।

**ঘ** উদ্দীপকের উল্লিখিত 'B' সংগঠনটি হলো যৌথমূলধনি ব্যবসায়, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থান বৃদ্ধিতে এর গুরুত্বপূর্ণ অবদান রয়েছে।

যৌথ মূলধনি ব্যবসায় হলো এমন একটি সংগঠন যা আইন দ্বারা সৃষ্ট, পৃথক অস্তিত্বসম্পন্ন, কৃত্রিম ব্যক্তিসত্তার অধিকারী এবং সীমিত দায়ের এমন এক ধরনের প্রতিষ্ঠান, যেখানে কতিপয় ব্যক্তি মুনাফা অর্জনের উদ্দেশ্যে যৌথভাবে মূলধন বিনিয়োগ করে। এ ধরনের সংগঠনের দ্বারা ব্যক্তিক উন্নয়নের পাশাপাশি দেশের সামগ্রিক কল্যাণ সাধন হয়।

উদ্দিপকে উল্লিখিত সংগঠন 'B' একটি আইন সৃষ্ট ও স্বেচ্ছামূলক প্রতিষ্ঠান, অর্থাৎ বৈশিষ্ট্য বিচারে এটি একটি যৌথমূলধনি ব্যবসায়। দেশের প্রচলিত কোম্পানি আইনের আওতায় এ ব্যবসায় গঠিত হয়। এর সদস্য সংখ্যা আইন অনুযায়ীই নির্ধারিত হয়। কোম্পানি ব্যবসায় করতে আগ্রহী কিছুসংখ্যক ব্যক্তি স্বেচ্ছায় সংঘবন্ধ হয়ে এরূপ কোম্পানি গঠন করে। আবার, স্বেচ্ছায়ই তারা শেয়ার হস্তান্তরের মাধ্যমে সহজেই ব্যবসায় হতে বিদায় নিতে পারে। বর্তমানে বাংলাদেশে এ ধরনের ব্যবসায় প্রতিষ্ঠানের গুরুত্ব অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

বর্তমান ব্যবসায় জগতে যৌথ মালিকানার ভিত্তিতে প্রতিষ্ঠিত ব্যবসায় খুব জনপ্রিয় হয়ে উঠেছে। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে এ ব্যবসায় সংগঠনটি অত্যন্ত ইতিবাচক প্রভাব ফেলে। এ প্রতিষ্ঠানের মাধ্যমে বিপুল সংখ্যক মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়। কর্মসংস্থানের সাথে সাথে শুধু বেকারত্বই দূর হয় না, জীবন যাত্রার মানেরও উন্নতি হয় এবং মাথাপিছু আয় বাড়ে। উন্নত প্রযুক্তি সমৃদ্ধ শিল্পকারখানা গড়ে তুলতে কোম্পানি সংগঠন বেশি উপযুক্ত। এ ধরনের সংগঠন প্রতিষ্ঠার মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে ব্যবসায়ের প্রসার বৃদ্ধি পায় ও বিভিন্ন দেশের মধ্যে পারস্পরিক সম্পর্কও সদৃঢ় হয়। এক দেশের সঙ্গে অন্য দেশের আন্তর্জাতিক সম্পর্ক গড়ে ওঠে। তাই বলা যায়, কর্মসংস্থান সৃষ্টি, বেকারত্ব হ্রাস, জীবন যাত্রার মান উন্নয়ন, উন্নত প্রযুক্তি সমৃদ্ধ শিল্প কারখানা স্থাপন ইত্যাদির মাধ্যমে যৌথমূলধনি সংগঠন বাংলাদেশে অর্থনৈতিক সমৃদ্ধি আনয়নে অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তাই বাংলাদেশের প্রেক্ষাপটে উদ্দীপকের 'B' তথা যৌথমূলধনি সংগঠনের গুরুত্ব অপরিসীম বলেই প্রতীয়মান হয়।

**প্রশ্ন ▶ ০৫** বাংলাদেশের 'M' ফার্নিচার কোম্পানি মালয়েশিয়ার 'X' কোম্পানির সাথে চুক্তির মাধ্যমে এদেশে আসবাবপত্র তৈরি করে বিক্রি করছে। পণ্যের গুণ, মান এবং ডিজাইন আকর্ষণীয় হওয়ায় বাংলাদেশের বাজারে এ পণ্যের দ্রুত চাহিদা বেড়ে যায় এবং প্রচুর মুনাফা অর্জন করে সফল হয়েছে।

ক. পেটেন্ট কী? ১

খ. পণ্যের মান নির্ধারণকারী প্রতিষ্ঠানটির কাজ ব্যাখ্যা করো। ২

গ. 'M' ফার্নিচার ও 'X' কোম্পানির মাঝে কী ধরনের চুক্তি হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. চুক্তিতে আবদ্ধ হয়ে ব্যবসায় করার ফলে 'X' কোম্পানি যে সকল সুবিধাভোগ করছে তা বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

### ৫নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৬** মি. রিপন একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি তার নিজ এলাকায় একমালিকানা ব্যবসায় শুরু করেন। ব্যবসায় পরিকল্পনার যাবতীয় বিষয়গুলো অনুসরণ করায় বর্তমানে তিনি একজন সফল ব্যবসায়ী।

ক. ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১

খ. সম-আয়-ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. মি. রিপন তার ব্যবসায় পরিচালনায় কী কী গাইড লাইন অনুসরণ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. রিপনের ব্যবসার পরিকল্পনার বিষয়বস্তু উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

### ৬নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য মুনাফা অর্জন।

**খ** সম আয়-ব্যয় ব্যবসায়ের এমন একটি অবস্থাকে বোঝায় যখন আয়-ব্যয় সমান হয়।

সম আয়-ব্যয় হলো ব্যবসায়ের এমন একটি পর্যায় যখন লাভও হয় না, ক্ষতিও হয় না। আরও পরিষ্কারভাবে বলতে গেলে যে পরিমাণ পণ্য বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য মোট ব্যয়ের সমপরিমাণ হয় তাকে সম আয়-ব্যয় বলে। একটি ব্যবসায় প্রতিষ্ঠানে এরূপ অবস্থা বিরাজ করলে প্রতিষ্ঠানটি কাঙ্ক্ষিত মুনাফা অর্জনের আশায় পণ্যের সঠিক মূল্য নির্ধারণ, বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি, মুনাফা পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে পারে।

**গ** মি. রিপন তার ব্যবসায় পরিচালনায় ব্যবসায় পরিকল্পনা প্রণয়নের বিভিন্ন গাইড লাইন অনুসরণ করেছেন বলে আমি মনে করি।

ব্যবসায়ে পরিকল্পনা হলো ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি। এটি একটি লিখিত দলিল যার মধ্যে ব্যবসায়ের লক্ষ্য, প্রকৃতি, ব্যবস্থাপনার ধারা, অর্থায়নের উপায়, বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ উন্নয়নের সম্পূর্ণ চিত্র তুলে ধরা হয়। একজন ব্যবসায়ী তার ব্যবসায়িক পরিকল্পনা প্রণয়নে কয়েকটি ধাপ অনুসরণ করে থাকেন, যা তাকে তার কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌছাতে সাহায্য করে।

উদ্দীপকের মি. রিপন একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি তার নিজ এলাকায় একমালিকানা ব্যবসায় শুরু করেন। তার এ ব্যবসায় শুরু করতে প্রথমেই তিনি একটি পরিকল্পনা তৈরি করেছেন। এটি তৈরি করার পরবর্তী কাজ হলো তা যথাযথভাবে প্রণয়ন করা। পরিকল্পনা প্রণয়নের সময় সাধারণ কিছু গাইড লাইন অনুসরণ করা হয়। যেমন : পরিকল্পনাকে যতটুকু সম্ভব সংক্ষিপ্ত হতে হবে এবং শব্দ বাহুল্য বর্জিত হতে হবে। পণ্য বা বাজারের ক্ষেত্রে বাজারের লক্ষ্য দু-একটি পণ্য বা অঞ্চলের প্রতি দৃষ্টি নিবন্ধ রাখতে হবে। ব্যবসায়ের ব্যবস্থাপনার দলে অপরিচিত ব্যক্তিকে অন্তর্ভুক্ত না করা। অত্যন্ত সাবধানতার সাথে বিক্রয় হিসাব রাখা। ব্যবসায় সংক্রান্ত যেকোনো সমস্যা বর্তমান ও ভবিষ্যত উদ্ভব হতে পারে; এমন সমস্যাকে আলোচনা পরিকল্পনায় অন্তর্ভুক্ত রাখা ইত্যাদি। এসব বিষয়কে গাইড লাইন হিসেবে অনুসরণ করেই একজন ব্যবসায়ী পরিকল্পনা প্রণয়ন করে থাকে। তাই বলা যায়, মি. রিপনও তার ব্যবসায় পরিচালনায় উপযুক্ত বিষয়গুলোকে গাইড লাইন হিসেবে অনুসরণ করেছেন।

**ঘ** মি. রিপনের ব্যবসায়টি যেহেতু একটি ক্ষুদ্র ব্যবসায় তাই তার পরিকল্পনার বিষয়বস্তু ক্ষুদ্র ব্যবসায়ের পরিকল্পনার অনুরূপ হবে।

একটি ব্যবসায় পরিকল্পনা প্রণয়ন করার সময় যত্নশীল হওয়া আবশ্যক। শিল্পোদ্যোক্তা নিজে অথবা অন্য কোনো বিশেষজ্ঞের সাহায্য নিয়ে ব্যবসায় পরিকল্পনা প্রস্তুত করতে পারে। পরিকল্পনায় বিভিন্ন বিষয়বস্তু অন্তর্ভুক্ত থাকে। ব্যবসায়ের আকার, প্রকৃতি, ধরন ভেদে ব্যবসায় পরিকল্পনার বিষয়বস্তু ভিন্ন হয়ে থাকে।

উদ্দীপকের মি. রিপন একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি তার নিজ এলাকায় এক মালিকানা ব্যবসায় শুরু করেন। ব্যবসায় পরিকল্পনার যাবতীয় বিষয়গুলো অনুসরণ করায় বর্তমানে তিনি একজন সফল ব্যবসায়ী। ব্যবসায় শুরু, সুষ্ঠুভাবে পরিচালনা ও এর অভীষ্ট লক্ষ্য অর্জনে ব্যবসায় পরিকল্পনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ পরিকল্পনা একটি নির্দিষ্ট সময়ে শুরু হয়ে পূর্ব নির্ধারিত সময় অনুযায়ী পরিসমাপ্ত হয়। একটি পরিকল্পনায় ব্যবসায় প্রতিষ্ঠান সংক্রান্ত বিবিধ বিষয় অন্তর্ভুক্ত করা হয়।

মি. রিপন ক্ষুদ্র ব্যবসায় পরিচালনা করে থাকেন। তার প্রণয়নকৃত পরিকল্পনায় বিষয়বস্তু হবে তার ব্যবসায়ের প্রকৃতি, আকার ও ধরন অনুযায়ী। এতে তার ব্যবসায় প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা থাকবে। এর সাথে থাকবে উদ্যোক্তা অর্থাৎ তার নিজের নাম। তার ব্যবসায়ের ধরণ অর্থাৎ তিনি যে একমালিকানা ব্যবসায় পরিচালনা করেন তা-ও এ পরিকল্পনায় উল্লেখ থাকবে। তার ব্যবসায়ের পরিচালনায় ধরন, মূলধনের পরিমাণ ও পরিকল্পনায় লিখিত থাকবে। বাজারের আকার, ভবিষ্যৎ অগ্রগতির সম্ভাবনা, বাজার প্রবেশের কৌশল, পণ্যের মুল্য নির্ধারণ অর্থাৎ বাজার জরিপের সংক্ষিপ্ত বিবরণও এতে থাকবে। মুনাফা অর্জনের লক্ষ্য, ভবিষ্যৎ অর্জনের দিক নির্দেশনাও এতে সুস্পর্ষ্টভাবে থাকবে। এসব বিষয়ের পাশাপাশি তার প্রতিষ্ঠানের প্রাক্কলিত আর্থিক বিবরণীর সংযুক্তি : মোট প্রকল্প ব্যয়, প্রাক্কলিত আয়, প্রাক্কলিত ব্যয়সমূহ, প্রাক্কলিত আয়-ব্যয় বিবরণী, প্রাক্কলিত উদ্বৃত্তপত্র, প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী, সম আয়-ব্যয় বিবরণীও এতে অন্তর্ভুক্ত থাকবে। পরিশেষে বলা যায়, মি. রিপণের ব্যবসায় পরিকল্পনায় উপযুক্ত বিষয়গুলোর উল্লেখ থাকবে।

**প্রশ্ন ▶ ০৭** শিল্প 'ক' → মূলধন ১০ লক্ষ টাকার নিচে

শিল্প 'খ' → মূলধন ৭৫ লক্ষ থেকে ১৫ কোটি

ক. সিমেন্ট তৈরির কাঁচামাল কী? ১

খ. সেবা শিল্প বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে 'ক' শিল্পটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকে 'খ' শিল্পটি দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে"। বিশ্লেষণ করো। ৪

[চ. বো. ২০২৫]

**৭নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৮** মি. আবির একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি সকল সিদ্ধান্ত প্রতিষ্ঠানের কর্মচারীদের সাথে পরামর্শ নিয়ে গ্রহণ করেন। ফলে প্রতিষ্ঠানের উৎপাদন ক্রমাগত বৃদ্ধি পায়। অন্যদিকে তার বন্ধু রতন তার প্রতিষ্ঠানের সিদ্ধান্ত একাই গ্রহণ করেন এবং কর্মীদের উপর চাপিয়ে দেন। এজন্য তার প্রতিষ্ঠানে শ্রমিক অসন্তোষ লেগেই থাকে।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. সংগঠিতকরণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. রতনের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব পরিলক্ষিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আবির ও রতনের নেতৃত্বের মধ্যে কোনটি তোমার কাছে গ্রহণযোগ্য মনে হয়? উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

[চ. বো. ২০২৫]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** আধুনিক ব্যবস্থাপনার জনক হলেন হেনরি ফেওল।

**খ** পরিকল্পনা অনুযায়ী কর্মীদের মধ্যে দায়িত্ব ও ক্ষমতা বণ্টন করা হলো সংগঠিতকরণ।

কর্মীদের মধ্যে বিভাগ ও উপ-বিভাগ অনুযায়ী কাজ বিভিন্ন ভাগে ভাগ করা হয়। এ ব্যবস্থা কর্মীদের দক্ষভাবে কাজ করতে সহায়তা করে। এতে ব্যবসায়ের জন্য প্রয়োজনীয় মানবিক ও বস্তুগত সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা যায়। আর দক্ষ সংগঠন ব্যবস্থা প্রতিষ্ঠানকে ফলপ্রসূ করে।

**গ** উদ্দীপকে মি. রতনের প্রতিষ্ঠানে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব পরিলক্ষিত হয়।

যে নেতৃত্বে নেতা সকল ক্ষমতা নিজের কাছে কুক্ষিগত করে রাখে এবং নিজ ইচ্ছামতো সিদ্ধান্ত প্রদান করে তাকে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব বলে। এ ধরনের নেতৃত্বে নেতা কর্মীদের উপর কোনো আস্থা রাখেন না ফলে কর্মীদের মধ্যেও বিরূপ প্রতিক্রিয়া দেখা দেয়।

উদ্দীপকের রতন তার প্রতিষ্ঠানের যাবতীয় সিদ্ধান্ত একাই গ্রহণ করেন। সেই সিদ্ধান্ত তিনি কর্মীদের উপর চাপিয়ে দেন। অর্থাৎ তিনি তার প্রতিষ্ঠানে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করে থাকেন। এ ধরনের নেতৃত্বে নেতা কেবল আদেশ করেন, কোনো জবাবদিহিতা করেন না। সম্পূর্ণভাবে নিজের ক্ষমতা ও সামর্থ্যের উপর নির্ভর করেন। প্রতিষ্ঠানের কোনো বিষয়েই তিনি কর্মীদের মতামত গ্রহণ করেন না।

কর্মীদের সবসময় চাপের মুখে রাখেন। এসব কারণে কর্মীরা ও প্রতিষ্ঠানকে নিজেদের ভাবতে পারেন না। ফলে প্রতিষ্ঠানে শ্রমিক অসন্তোষ লেগে থাকে। যেমনটা রতনের প্রতিষ্ঠানেও লক্ষ করা যায়। তাই বলা যায়, উদ্দীপকে মি. রতনের প্রতিষ্ঠানের স্বৈরতান্ত্রিক নেতৃত্ব বিরাজমান।

**ঘ** উদ্দীপকের আবিরের নেতৃত্বের ধরনটি হলো গণতান্ত্রিক নেতৃত্ব আর রতনের নেতৃত্ব হলো স্বৈতান্ত্রিক নেতৃত্ব, এ দুইয়ের মধ্যে আমার গণতান্ত্রিক নেতৃত্বকে অধিক গ্রহণযোগ্য বলে মনে হয়।

যে নেতৃত্বে নেতা অধঃস্তনদের সাথে আলাপ আলোচনা করে যাবতীয় সিদ্ধান্ত গ্রহণ করে তাকে গণতান্ত্রিক নেতৃত্ব বলে। অপরদিকে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব এর সম্পূর্ণ বিপরীত। এ নেতৃত্বে নেতা কর্মীদের উপর কোনোরূপ আস্থাই রাখেন না। ফলে কর্মীদের মধ্যেও প্রতিষ্ঠানের প্রতি নেতিবাচক মনোভাব বিরাজ করে।

উদ্দীপকের মি. আবির একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি সকল সিদ্ধান্ত প্রতিষ্ঠানের কর্মচারীদের সাথে পরামর্শ নিয়ে গ্রহণ করে। অপরদিকে তার বন্ধু রতন প্রতিষ্ঠানের সিদ্ধান্ত একই গ্রহণ করেন এবং কর্মীদের উপর চাপিয়ে দেন। মি. আবির যে নেতৃত্বের ধরন অনুসরণ করেন তা হলো গণতান্ত্রিক নেতৃত্ব এবং রতন যে নেতৃত্ব অনুসরণ করেন তা হলো স্বৈরতান্ত্রিক নেতৃত্ব। প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে সফলতা অর্জনে এ দুয়ের মধ্যে গণতন্ত্রিক নেতৃত্ব অধিক গ্রহণযোগ্য বলে আমি মনে করি।

মি. আবির গণতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করায় কর্মীরা তার প্রতি অনুগত ও সন্তুষ্ট থাকে। এতে কর্মীদের কাজের প্রতি মনোবল বাড়ে। তারা নিজেদের প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ অংশ বলে মনে করে। তাই তারা সর্বোচ্চ সামর্থ্য দিয়ে লক্ষ্য অর্জনের চেষ্টা করে। এছাড়া কর্মীদের সাথে প্রয়োজনীয় বিষয়ে আলাপ-আলোচনা করে বলে মি. আবির প্রতিষ্ঠানের সর্বোচ্চ কল্যাণার্থে সিদ্ধান্ত নিতে পারেন। মূলত এসব কারণেই তার প্রতিষ্ঠানের উৎপাদন ক্রমাগত বৃদ্ধি পেতে থাকে এবং প্রতিষ্ঠানটির সফলতা অর্জন সহজতর হয়। অপরদিকে তার বন্ধু রতন স্বৈরতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করায় কর্মীরা সবসময় চাপের মধ্যে থাকে। তারা প্রতিষ্ঠানের সাফল্যকে নিজেদের সাফল্য বলে মনে করে না। তাই এ লক্ষ্যে তারা তাদের সর্বোচ্চ সামর্থ্যকেও কাজে লাগাতে অনাগ্রহী হয়। নেতা তাদের সাথে কোনোরূপ আলোচনা করেন না বিধায় অনেক সময় তিনি ভুল সিদ্ধান্ত গ্রহণ করেন, যা প্রতিষ্ঠানের জন্য নেতিবাচক হিসেবে চিহ্নিত হয়। কিন্তু সকল কর্মীদের মতামত ও পরামর্শ গ্রহণ করে সিদ্ধান্ত গ্রহণ করলে সিদ্ধান্ত ভুল হওয়ার সম্ভাবনা কমে যায় এবং প্রতিষ্ঠানের সাফল্য অর্জন ত্বরান্বিত হয়। উপর্যুক্ত এসব কারণেই আবির ও রতনের নেতৃত্বের মধ্যে আমি আবিরের গণতান্ত্রিক নেতৃত্বকে অর্ধিক গ্রহণযোগ্য মনে করি।

**প্রশ্ন ▶ ০৯** মিজান একজন আম উৎপাদনকারী। তিনি তার বাগানের উৎপাদিত আম পাইকার ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় করে থাকেন। এতে তিনি আশানুরূপ লাভ না পাওয়ায় সরাসরি ভোক্তাদের নিকট আম বিক্রির সিদ্ধান্ত নিলেন।

ক. প্রমিতকরণ কী? ১

খ. পণ্য সামগ্রীর প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণের কৌশলটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে প্রথম পর্যায়ে মিজান কোন ধরনের বণ্টনপ্রণালি অনুসরণ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মিজানের দ্বিতীয় পর্যায়ের গৃহীত বণ্টনপ্রণালি তার জন্য কী লাভজনক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[চ. বো. ২০২৫]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** পণ্যের ক্রয়-বিক্রয় সহজতর করার জন্য ওজন, গুণাগুণ ও আকার অনুযায়ী পণ্যের মান নির্ধারণ করাই হলো প্রমিতকরণ।

**খ** পণ্য বা সেবাসামগ্রীর প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণের উপায় বা কৌশলকে বিজ্ঞাপন বলা হয়।

পণ্যের বিজ্ঞাপন পণ্যকে ক্রেতা সাধারণের নিকট পরিচিতি করিয়ে দেয়। বিজ্ঞাপনের মাধ্যমে খুব সহজেই ক্রেতা সাধারণকে পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ করা যায়। পণ্যের প্রচারে গতিশীলতা আনে বিজ্ঞাপন। বিজ্ঞাপনের মাধ্যমে পণ্যের মান, মূল্য, ব্যবহারবিধি প্রভৃতি ক্রেতা সাধারণের নিকট তুলে ধরা হয়। ফলে চাহিদা বৃদ্ধি পায়, উৎপাদন ও বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পায়। ফলে উৎপাদনকারী প্রতিষ্ঠান লাভবান হয়।

**গ** উদ্দীপকের প্রথম পর্যায়ে মিজান পাইকার ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালি অনুসরণ করেছেন।

যে বণ্টন প্রণালির মাধ্যমে উৎপাদনকারী তার উৎপাদিত পণ্য পাইকারের নিকট বিক্রয় করে এবং খুচরা ব্যবসায়ী সে পণ্য পাইকারের নিকট থেকে ক্রয় করে ভোক্তার নিকট বিক্রয় করে সে বণ্টন প্রণালিকে পাইকার ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালি বলা হয়। নিম্নে ছকের মাধ্যমে বণ্টন প্রণালিটি দেখানো হলো–

উৎপাদনকারী → পাইকার → খুচরা বিক্রেতা → ভোক্তা

উদ্দীপকের মিজান একজন আম উৎপাদনকারী। তিনি তার বাগানের উৎপাদিত আম পাইকার ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় করে থাকেন। অর্থাৎ তিনি বণ্টন প্রণালির পাইকার ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালিটি অনুসরণ করেন। সাধারণত যে সকল জায়গায় প্রচুর পরিমাণ কৃষিজাত পণ্য উৎপাদিত হয়, সেখানে পাইকারগণ উপস্থিত হয়ে সে সকল পণ্য সামগ্রী ক্রয় করে থাকে। সাধারণত ধান, পাট, সরিষা, আম, কলা, বিভিন্ন রকম সবজি পাইকারি ব্যবসায়ীগণ ক্রয় করে থাকে। পরবর্তী সময়ে তা খুচরা বিক্রেতার মাধ্যমে ভোক্তারের নিকট পৌঁছায়। তাই বলা যায়, প্রথম পর্যায়ে মিজান পাইকার ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালিটি অনুসরণ করে থাকেন।

**ঘ** হ্যা, জনাব মিজানের দ্বিতীয় পর্যায়ের গৃহীত বণ্টন প্রণালি অর্থাৎ সরাসরি ভোক্তার নিকট বিক্রয় তার জন্য লাভজনক বলেই আমি মনে করি।

কোনো ধরনের মধ্যস্থ ব্যবসায়ীর সাহায্য ছাড়াই উৎপাদনকারী সরাসরি ভোক্তার নিকট পণ্য বিক্রয় করলে তাকে সরাসরি বিপণন বলা হয়। সাধারণ কিছু কিছু কৃষিপণ্য যেমন- ধান, ফলমূল, সবজি এ বণ্টন প্রণালি অনুসরণ করে বিক্রয় করা হয়।

উদ্দীপকের আম উৎপাদনকারী মিজান প্রথম পর্যায়ে তার বাগানের উৎপাদিত আম পাইকার ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় করে থাকেন। এতে তিনি আশানুরূপ লাভ না পাওয়ায় পরবর্তীকালে তিনি সরাসরি ভোক্তাদের নিকট আম বিক্রয়ের সিদ্ধান্ত নেন। অর্থাৎ প্রথম পর্যায়ে বণ্টন প্রণালির পাইকার ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় অনুসরণ করলে পরবর্তীকালে লাভের আশায় বণ্টন প্রণালির সরাসরি ভোক্তার নিকট বিক্রয় ধরণটি অনুসরণ করেন।

মিজান কোনোরূপ মধ্যস্থ ব্যবসায়ী ছাড়াই ভোক্তারের নিকট আম বিক্রির সিদ্ধান্ত নেন, যা তার জন্য অধিক লাভজনক হবে। এ বণ্টন প্রণালিতে ভোক্তারা তার কাছ থেকে সরাসরি আম কিনতে পারবে। আম পচনশীল হওয়ায় তিনি দ্রুতই তা ভালো থাকা অবস্থায় বোক্তাদের নিকট সরবরাহ করতে পারবে। এতে তার পণ্য বণ্টন সংক্রান্ত খরচ কম হবে। ফলে তিনি সর্বনিম্ন দামে আম বিক্রির সুযোগ পাবেন। এটি ক্রেতা আকর্ষণেও সহায়তা করবে। কারণ ক্রেতারা সবসময় কমমূল্যে পণ্য পাওয়ার আশা করে। আর এভাবেই তার বিক্রি ও মুনাফা বাড়ার সম্ভাবনা সৃষ্টি হবে। অপরদিকে পাইকার ও খুচরা ব্যবসায়ীর মাধ্যমে আম বিক্রির বণ্টন প্রণালী অনুসরণ করলে তিনি কম মূল্যে আম বিক্রি করলেও তার বণ্টন সংক্রান্ত খরচ বেশি হয়। যার ফলে তার মুনাফা কমে যায়। তাই বলা যায়, মিজানের দ্বিতীয় পর্যায়ের গৃহীত বণ্টন প্রণালিটি তার জন্য লাভজনক।

**প্রশ্ন ▶ ১০** রাহেলা বেগম একটি বুটিক শপের স্বত্বাধিকারী। তিনি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন একটি প্রতিষ্ঠান থেকে আর্থিক ও কারিগরি সহায়তা নিয়েছেন। বর্তমানে তার প্রতিষ্ঠানে ১০ জন লোকের কর্মসংস্থানের সৃষ্টি হয়।

ক. ব্র্যাক কী? ১

খ. কর অবকাশ বলতে কী বোঝায়? ২

গ. রাহেলা বেগম কোন প্রতিষ্ঠান থেকে সহায়তা নিয়েছেন? তার বর্ণনা দাও। ৩

ঘ. দেশের বেকার সমস্যা দূরীকরণে রাহেলা বেগমের মত উদ্যোক্তার ভূমিকা মূল্যায়ন করো। ৪

[চ. বো. ২০২৫]

**১০নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ১১** জনাব মামুন একজন পিঁয়াজ আমদানিকারক। তিনি বেশি মুনাফা পাওয়ার আশায় পিঁয়াজ মজুদ করে রাখেন না। তিনি সততার সাথে তার ব্যবসায় পরিচালনা করেন এবং এতে প্রচুর মুনাফা অর্জন হয়।

ক. মূল্যবোধ কী? ১

খ. শিল্পোন্নয়নের সবচেয়ে বড় সমস্যাটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জনাব মামুনের ব্যবসায়িক কার্যক্রম কোন পক্ষের প্রতি দায়বদ্ধতা পালন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মামুনের কার্যক্রম নৈতিকতার মানদণ্ডে মূল্যায়ন করো। ৪

[চ. বো. ২০২৫]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** যে জ্ঞানবোধ এবং আচরণ সমাজে মূল্যবান ও অনুকরণীয় বলে মনে করা হয় তাকে মূল্যবোধ বলে।

**খ** শিল্পায়নের সবচেয়ে বড়ো সমস্যাটি হচ্ছে পরিবেশ দূষণ। নতুন নতুন শিল্পকারখানা স্থাপনের ফলে শিল্পবর্জ্যের পরিমাণ বেড়ে যায়। শিল্পবর্জ্যের নির্গত তরল পদার্থ নদী-নালায় পড়ে পানি দূষিত করে। বিষাক্ত পানি মাছ সহ জলজ প্রাণী বাস করার অনুপযোগী করে তোলে। আবার কারখানার কালো ধোঁয়া বায়ু দূষণ করে। তাছাড়া কারখানার মেশিন ও জেনারেটরের বিকট আওয়াজে ভয়াবহ শব্দ দূষণ হচ্ছে। এছাড়া শিল্পকারখানা প্রতিষ্ঠার নামে অবাধে গাছ নিধন ও পাহাড় কেটে পরিবেশকে দূষণ করা হচ্ছে। এতে মানুষের স্বাস্থ্যহানি ঘটছে, একইভাবে জীববৈচিত্র্য মারাত্মকভাবে হুমকির মুখে পড়ছে। তাই বলা যায়, শিল্পায়নের সবচেয়ে বড়ো সমস্যাটি হচ্ছে পরিবেশ দূষণ।

**গ** উদ্দীপকে জনাব মামুনের ব্যবসায়িক কার্যক্রম সমাজের প্রতি দায়বদ্ধতা পালন করে।

সমাজ থেকে বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করেই ব্যবসায়ের উন্নতি ও সমৃদ্ধি ঘটে। তাই ব্যবসায়ীদেরও সমজের প্রতি কিছু দায়িত্ব পালন করতে হয়। কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, মানসমম্মত পণ্য উৎপাদন ও সরবরাহ, পণ্যের মজুতদারি না করা প্রভৃতি সমাজের প্রতি ব্যবসায়ের দায়বদ্ধতার অন্তর্ভুক্ত।

উদ্দীপকের জনাব মামুন একজন পিয়াজ আমদানিকারক। তিনি বেশি মুনাফা পাওয়ার আশায় পিয়াজ মজুত করে রাখেন না। অর্থাৎ একজন ব্যবসায়ী হিসেবে সমাজের প্রতি তার দায়িত্ব যথাযথভাবে পালন করছেন। পণ্যের মজুত একটি অনৈতিক কাজ। অনেক ব্যবসায়ীরা বাজারে পণ্যের কৃত্রিম সংকট তৈরি করে। এতে করে পণ্যের মূল্য বৃদ্ধি পায়। আর যখন পণ্যের মূল্য বৃদ্ধি পায় তখন তারা তাদের মজুতকৃত পণ্য বাজারে সরবরাহ করে। এতে পুরো বাজার ব্যবস্থায় ও সমাজে বিশৃঙ্খলা তৈরি হয়। একজন সৎ ব্যবসায়ী কখনোই এ ধরনের বিশৃঙ্খলা তৈরির মানসিকতা ধারণ করতে পারে না। বরং তিনি সব সময়ই যেন সমাজে শৃঙ্খলা বিরাজ করে সে দায়িত্ব পালন করে থাকে। তাই বলা যায়, মামুনের ব্যবসায়িক কার্যক্রম সমাজের প্রতি দায়বদ্ধতা পালন করে।

**ঘ** জনাব মামুনের কার্যক্রম নৈতিকতার মানদণ্ডে উত্তীর্ণ বলে আমি মনে করি।

নৈতিকতা হলো মানুষের ভালো মন্দ, ন্যায় অন্যায়, ঠিক-বেঠিক বিচার করার ক্ষমতা, মানুষ তার বিবেক-বুদ্ধি কাজে লাগিয়ে ক্ষতিকর ব্যবসায়িক কাজ থেকে দূরে থাকে এবং ন্যায় অন্যায়, উচিত-অনুচিত চিন্তা করে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করে। ফলে ব্যবসায়ে সুনাম প্রতিষ্ঠিত হয়।

উদ্দীপকের জনাব মামুন নৈতিকতার সাথেই তার ব্যবসায় পরিচালনা করে। তিনি বেশি মুনাফা পাওয়ার আশায় তার ব্যবসায়িক পণ্য মজুত করে না। তিনি সততার সাথে তার ব্যবসায় পরিচালনা করে থাকেন এবং এতে তিনি প্রচুর মুনাফা অর্জন করেন। ব্যবসায়ে নৈতিকতা পালনে তিনি যেমন কোনো ছাড় দেননি ঠিক তেমনি সফলতাও তাকে নিরাশ করেনি।

পণ্যের মজুত করা একটি অনৈতিক কাজ। এটি দ্বারা ব্যবসায়ী হয়তো সাময়িকভাবে লাভবান হবে কিন্তু তা সুদূর প্রসারী হয় না। কিন্তু নৈতিকতার সাথে ব্যবসায় করলে তা হতে প্রাপ্ত সফলতা দীর্ঘস্থায়ী হয়। জনাব মামুনও তার ব্যবসায়ে নৈতিকতার বিষয়ে কোনো আপস করেননি। তিনি চাইলে পণ্যের মজুত করে তা পরবর্তীকালে বেশি মূল্যে বিক্রি করতে পারতেন। কিন্তু তিনি তার এই লাভের থেকে ব্যবসায়ের নৈতিকতাকেই বেশি গুরুত্ব দিয়েছেন। নৈতিকতা মেনে ব্যবসায় পরিচালনা করায় তিনি সমাজে ইতিবাচক প্রভাব ফেলছেন। তার এই কর্মকাণ্ডে ভোক্তারা ও আর্থিকভাবে উপকৃত হচ্ছে এবং সমাজেও শৃঙ্খলা বজায় থাকছে। তাই বলা যায়, জনাব মামুনের কার্যক্রম নৈতিকতার মানদণ্ডে উত্তীর্ণ একটি কার্যক্রম, যা সমাজে উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করে।

# বরিশাল বোর্ড-২০২৫

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **মানুষের জীবন সহজ ও আরামদায়ক করে কোন শিল্প?**
ⓚ উৎপাদন ⓚ নির্মাণ ⓖ প্রজনন ⓖ সেবা

২. **মৌসুমী পণ্য সারা বছর ব্যবহার করা বিপণনের কোন কার্যাবলির মাধ্যমে সম্ভব?**
ⓚ গুদামজাতকরণ ⓚ পরিবহন ⓖ পর্যায়িতকরণ ⓖ মোড়কীকরণ

৩. **ব্যবসায় উদ্যোগে অনুকূল পরিবেশ সৃষ্টিতে কোনটি সরকারি পৃষ্ঠপোষকতার অন্তর্ভুক্ত?**
ⓚ উন্নত যাতায়াত ব্যবস্থা ⓚ বিনা সুদে মূলধন সরবরাহ
ⓖ প্রশিক্ষণের ব্যবস্থা ⓖ পর্যাপ্ত পুঁজির প্রাপ্যতা

৪. **কীভাবে পণ্যের চাহিদা নিরূপণ করা যায়?**
ⓚ বাজার জরিপের মাধ্যমে ⓚ মুনাফার ভিত্তিতে
ⓖ মজুরির ভিত্তিতে ⓖ ব্যয়ের ভিত্তিতে

৫. **প্রশিক্ষন কর্মীদের কী বৃদ্ধি করে?**
ⓚ শক্তি-সামর্থ ⓚ শিক্ষা ⓖ নৈতিক বল ⓖ অভিজ্ঞতা

৬. **জনাব মনির তার প্রতিষ্ঠানের বিভিন্ন কার্যাবলি প্রত্যক্ষ করে সমস্যা চিহ্নিত করাসহ সমাধানের ব্যবস্থা করেন। মনিরের কাজটি ব্যবস্থাপনার কোন কাজের অন্তর্ভুক্ত?**
ⓚ কর্মী সংস্থান ⓚ সংগঠিতকরণ ⓖ নিয়ন্ত্রণ ⓖ প্রেষণা দান

৭. **প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন করতে ন্যূনতম কত টাকার ট্রেজারি চালান জমা দিতে হয়?**
ⓚ ৫০ ⓚ ৩০০ ⓖ ১০০০ ⓖ ৩০০০

৮. **রাষ্ট্রীয় ব্যবসায় প্রতিষ্ঠা করা হয় কেন?**
ⓚ কর আদায়ের জন্য ⓚ রাষ্ট্র নিয়ন্ত্রণের জন্য
ⓖ জনকল্যাণের জন্য ⓖ মুনাফা অর্জনের জন্য

৯. **অহনা ব্রুডিং মেশিনে রাজহাঁসের ডিম ফুটিয়ে বাচ্চা এলাকায় বিক্রয় করেন। অহনার কাজটি কোন শিল্পের অন্তর্গত?**
ⓚ উৎপাদন ⓚ নিষ্কাশন ⓖ প্রজনন ⓖ নির্মাণ

১০. **ট্রেডমার্ক রেজিস্ট্রেশন দেওয়া হয় কত বছরের জন্য?**
ⓚ ৫ বছর ⓚ ৭ বছর ⓖ ১০ বছর ⓖ ১৫ বছর

১১. **পণ্য প্রতীক বহির্ভূত কোনটি?**
ⓚ স্বাক্ষর ⓚ সংখ্যাযুক্ত উপাদান
ⓖ মোড়ক ⓖ ডিভাইজ

১২. **শফিকের একটি চটপটির দোকান আছে। তিনি ক্রেতার আগ্রহ বিবেচনা করে এটিকে বড় করে হোটেল বানাতে চান। তার গৃহীত কার্যক্রমকে কী বলা যায়?**
ⓚ ম্যাক্রোস্ক্রিনিং ⓚ মাইক্রোস্ক্রিনিং
ⓖ প্রতিবেদন প্রণয়ন ⓖ আত্ম বিশ্লেষণ

১৩. **ব্যবসায় শুরু করার আগে কোনটি যাচাই করতে হয়?**
ⓚ সম্পত্তির পরিমাণ ⓚ দায়ের পরিমাণ
ⓖ উদ্যোক্তার সক্ষমতা ⓖ মুনাফার পরিমাণ

১৪. **কোনটি নেতৃত্বের গুণাবলি বহির্ভূত?**
ⓚ পরিশ্রমী ⓚ দক্ষতা ⓖ সততা ⓖ স্বজনপ্রীতি

১৫. **সোহান চলতি মূলধন সংগ্রহের জন্য ১টি বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ নিলেন। তিনি কত দিনে এ ঋণ পরিশোধ করবেন?**
ⓚ ১ বছর ⓚ ৩ বছর ⓖ ৪ বছর ⓖ ৫ বছর

১৬. **উৎপাদক থেকে শাক-সবজি ক্রয় করেন কে?**
ⓚ সরকার ⓚ প্রতিনিধি ⓖ বিজ্ঞাপন দাতা ⓖ ভোক্তা

১৭. **ব্যবসায়ী জনাব মনির এলাকার বন্যাদুর্গত মানুষের সহযোগিতা করেন। জনাব মনির কোন পক্ষের প্রতি দায়িত্ব পালন করেন?**
ⓚ সমাজের ⓚ রাষ্ট্রের
ⓖ ক্রেতার ও ভোক্তার ⓖ শ্রমিক-কর্মচারীর

১৮. **শিল্প বিকাশ বাধাগ্রস্ত হয় কীসের অভাবে?**
ⓚ সহায়ক প্রতিষ্ঠানের ⓚ মানব সৃষ্ট দুর্যোগের
ⓖ প্রাকৃতিক দুর্যোগের ⓖ আর্থিক পৃষ্ঠপোষকতার

১৯. **"হিসাবে পারদর্শী" বিক্রয় কর্মীর কোন ধরনের গুণাবলি?**
ⓚ শারীরিক ⓚ মানসিক ⓖ নৈতিক ⓖ অন্যান্য

২০. **কোনটির উপর ভিত্তি করে কুটির শিল্প পরিচালিত হয়?**
ⓚ পরিবার ⓚ সমাজ ⓖ শ্রমিক ⓖ সরকার

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
আরাফ ঈদুল আযহার ঈদে পশুর চামড়া কিনে তা দিয়ে চামড়াজাত বিভিন্ন পণ্য উৎপাদনের কারখানা দিতে চান। এক্ষেত্রে ২০১০ সালে প্রতিষ্ঠিত একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান তাকে বিভিন্নভাবে সহযোগিতা করে।

২১. **নতুন স্থাপিত শিল্প ও দ্রুত শিল্পায়নের লক্ষ্যে উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের কার্যক্রম–**
i. শিল্প উদ্যোক্তাদের পরামর্শ দান ii. চালু শিল্প আধুনিকীকরণ
iii. যন্ত্রপাতি পরিবর্তন ও সম্প্রসারণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২২. **উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির কাদেরকে ঋণ প্রদানে সচেষ্ট থাকতে হয়?**
ⓚ উৎপাদনমুখী শিল্পকে ⓚ গ্রামীণ বিত্তহীনদেরকে
ⓖ বুনন শিল্পকে ⓖ পোল্ট্রি শিল্পকে

২৩. **রাজশাহীতে "আমের জুস" ফ্যাক্টরি স্থাপন, এটি পরিবেশের কোন উপাদানের উপর প্রভাব বিস্তার করেছে?**
ⓚ সামাজিক ⓚ প্রাকৃতিক ⓖ অর্থনৈতিক ⓖ প্রযুক্তি

২৪. **নিজস্ব তহবিলের মাধ্যমে ব্যবসায় পরিচালনা অধিকতর সহজ–**
i. কোম্পানী ii. একমালিকানা iii. অংশীদারি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৫. **কোনটি নির্দেশনা কার্যাবলির অন্তর্ভুক্ত?**
ⓚ কর্মচারীদের বোনাস প্রদান ⓚ কর্মীদের প্রশিক্ষণ প্রদান
ⓖ প্রচারণার ব্যবস্থা করা ⓖ সু-শৃঙ্খল কাজ নির্ধারণ করা

২৬. **দেশের সর্ববৃহৎ বেসরকারি মেডিকেল কলেজ প্রতিষ্ঠা করেন কে?**
ⓚ জহুরুল ইসলাম ⓚ স্যামসন এইচ চৌধুরী
ⓖ আর. পি. সাহা ⓖ লুৎফা সানজিদা

☐ **নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
সুব্রত একটি প্রতিষ্ঠানের সহযোগিতায় পানির পাম্প ও ফ্রিজ মেরামতের একটি কারখানা স্থাপন করেছেন। সেখানে তিনি কয়েকজন কর্মচারী রেখেছেন। কিন্তু কর্মচারীরা তাঁর মত পারদর্শী নয়।

২৭. **কর্মচারীদের কাজে পারদর্শী করার জন্য সুব্রত কী পদক্ষেপ নিতে পারেন?**
ⓚ পদোন্নতি ⓚ উচ্চ বেতন ⓖ প্রশিক্ষণ ⓖ উৎসাহদান

২৮. **উদ্দীপকের প্রতিষ্ঠানটি সুব্রতকে–**
i. কারিগরি সহায়তা দিয়েছে ii. আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করেছে
iii. আর্থিক সহযোগীতা করেছে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৯. **লুৎফা সানজিদার জীবনের মূলমন্ত্র কী?**
ⓚ সততা ⓚ অভিজ্ঞতা ⓖ সংগ্রাম ⓖ সৃজনশীলতা

৩০. **বিপণন কার্যাবলি হলো–**
i. উৎপাদন ii. ভোক্তা বিশ্লেষণ iii. তথ্য সংগ্রহ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বরিশাল বোর্ড-২০২৫

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। যথাযথ জ্ঞান না থাকা সত্ত্বেও জনাব মারুফ প্রত্যন্ত অঞ্চলে স্টেশনারি সামগ্রী তৈরির কারখানা স্থাপন করেন। প্রাথমিক পর্যায়ে প্রয়োজনীয় মূলধন সংগ্রহে তিনি ব্যর্থ হন। অদক্ষ শ্রমিকের কারণে কাঁচামালের যথাযথ ব্যবহার না হওয়ায় তার উৎপাদনও বাধাগ্রস্ত হয়। ফলে তিনি চাহিদা অনুযায়ী পণ্য সরবরাহ করতে পারেননি।

(ক) ব্যবসায় উদ্যোগ কী? ১
(খ) উদ্যোক্তা চ্যালেঞ্জমূলক কাজ করতে বিশেষ আনন্দ পান। উক্তিটি ব্যাখ্যা কর। ২
(গ) জনাব মারুফ ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা দূরীকরণের কী কী উপায় অবলম্বন করতে পারেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব মারুফের ব্যবসায় উদ্যোগ উন্নয়নের বাধাসমূহ কী? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। মি. নাঈম পড়ালেখা শেষ করে ঢাকার নবাবপুরে একটি কেমিক্যালের দোকান দেন। এজন্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করেন। তিনি বিভিন্ন দেশ থেকে কেমিক্যাল আমদানি করে বিক্রয় করেন। তার আমদানিকৃত কেমিক্যালের মান ভালো হওয়ায় বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির পাশাপাশি মুনাফার পরিমাণও বাড়ে। কিন্তু তার কাছে প্রয়োজনীয় অর্থ না থাকায় ব্যবসায় পরিধি বৃদ্ধি করতে পারছেন না। এমতাবস্থায় তিনি একটি আর্থিক প্র তিষ্ঠানের নিকট থেকে ঋণ নেওয়ার জন্য ভাবছেন।

(ক) প্রত্যক্ষ সেবা কী? ১
(খ) 'শিল্প হলো উৎপাদনের বাহন''– ব্যাখ্যা কর। ২
(গ) মি. নাঈমের কর্মকাণ্ড ব্যবসায়ের কোন শ্রেণির আওতাভুক্ত? ব্যাখ্যা কর। ৩
(ঘ) মি. নাঈমের ঋণ গ্রহণের চিন্তা-ভাবনা ব্যবসায়ের কোন পরিবেশকে প্রভাবিত করছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। সাম্প্রতিক সময়ে ইয়াসমিন আক্তারের স্বামী সড়ক দুর্ঘটনায় পঙ্গু হয়ে যায়। যার ফলে তার সংসারে অচলাবস্থা সৃষ্টি হয়। সংসারের এই পরিস্থিতি দেখে ইয়াসমিন সরকার কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান থেকে সেলাই কাজের কারিগরি ও প্রযুক্তিগত প্রশিক্ষন নেয়। ফলে সে ধীরে ধীরে স্বাবলম্বী হতে থাকে। পরবর্তীতে সে ব্যাংক থেকে ঋণ নিয়ে বড় পরিসরে টেইলার্সের ব্যবসা শুরু করে। বর্তমানে তার প্রতিষ্ঠানে শতাধিক কর্মী কাজ করছে।

(ক) নট্রামস এর প্রধান কাজ কী? ১
(খ) ব্যবসায় সাফল্যের গুরুত্বপূর্ণ শর্ত কোনটি? ব্যাখ্যা কর। ২
(গ) ইয়াসমিন আক্তারকে প্রশিক্ষন প্রদানকারী প্রতিষ্ঠানটির নাম কী? ব্যাখ্যা কর। ৩
(ঘ) ইয়াসমিন আক্তার কী একজন আত্মকর্মসংস্থানকারী নাকি ব্যবসায় উদ্যোক্তা? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৪। কুড়িগ্রাম জেলার একটি অঞ্চলের সবজি ব্যবসায়ীরা মিলে নিজেদের আর্থ-সামাজিক কল্যাণ সাধনের উদ্দেশ্যে একটি সংগঠন গড়ে তোলেন। পরবর্তীতে সংগঠনটিকে কেন্দ্রীয় ও জাতীয় পর্যায়ে সম্প্রসারণের জন্য তারা ইতিবাচক চিন্তা-ভাবনা ও পারস্পরিক সমঝোতার ভিত্তিতে কাজ করেন। এজন্য তারা দেশের বিভিন্ন অঞ্চলের সবজি ব্যবসায়ীদের সাথে প্রতিনিয়ত যোগাযোগ রাখছেন।

(ক) কৃত্রিম ব্যক্তি সত্তা বলতে কী বোঝায়? ১
(খ) অংশীদারি ব্যবসায় নিবন্ধন কী বাধ্যতামূলক? ব্যাখ্যা কর। ২
(গ) মালিকানার ভিত্তিতে উদ্দীপকে উল্লিখিত সংগঠনটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের আলোকে ব্যবসায় সংগঠনটির মূলনীতি বিশ্লেষণ কর। ৪

৫। জনাব আরিফ একটি শিশু খাদ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানের পরিচালক। শিশু খাদ্য প্রস্তুত করে বাজারজাত করার পূর্বে প্রতিষ্ঠানটি পণ্যের মান নির্ধারণে সন্তোষজনক হওয়ায় সরকার কর্তৃক একটি সনদপত্র গ্রহণ করে। তাঁর প্রতিষ্ঠান যাতে অদূর ভবিষ্যতে হুমকির সম্মুখীন না হয় সে জন্য তিনি লোকসান পূরণে অন্য একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিবন্ধ হন।

(ক) লাইসেন্স কী? ১
(খ) 'স্বাতন্ত্র্যতাই মার্ক বা প্রতীকের মূল বিষয়'– ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আরিফ কোন সংস্থার মাধ্যমে পণ্যের মান যাচাই করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের আলোকে চুক্তিবন্ধ প্রতিষ্ঠানটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৬। পঞ্চগড় জেলার প্রবাস ফেরত মি. আজম একটি ক্ষুদ্র ব্যবসায় স্থাপন করার চিন্তা-ভাবনা করেন। এই জন্য তিনি বিভিন্ন ফলের বাগান তৈরি ও উৎপাদিত ফল বিভিন্ন জেলায় বিক্রি করার চিন্তাও করেন। তাই তিনি ফলের উৎপাদন খরচ কত হবে, পণ্যের দাম কত হবে, মুনাফা কেমন হবে প্রভৃতি সম্পর্কে তথ্য সংগ্রহ করে ব্যবসায়ের লাভজনকতা যাচাই বাছাই করার সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি মনে করেন যে, 'প্রকল্প ধারণা প্রকল্প প্রণয়নের প্রথম ও গুরুত্বপূর্ণ পদক্ষেপ।'

(ক) প্রাক্কলিত নগদান প্রবাহ বিবরণী কী? ১
(খ) সম আয়-ব্যয় বিশ্লেষণ কী? ব্যাখ্যা কর। ২
(গ) মি. আজম তার ক্ষুদ্র ব্যবসায়ের যথার্থতা কীভাবে যাচাই করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে 'প্রকল্প ধারণা প্রকল্প প্রণয়নের প্রথম ও গুরুত্বপূর্ণ ধাপ''– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭। নাটোরের একটি স্বনামধন্য জুস প্রক্রিয়াজাতকরণ কারখানার মালিক মি. জিসান সাহেব। বর্তমানে তার কারখানার মূলধনের পরিমাণ ১০ কোটি টাকা ও শ্রমিক সংখ্যা ৬০ জন। কারখানায় শ্রমিক সংখ্যা যথেষ্ট না হওয়ায় তিনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। তাই তিনি কারখানায় শ্রমিকের সংখ্যা বাড়ানোর সিদ্ধান্ত নেন।

(ক) কুটির শিল্প কী? ১
(খ) সেবামূলক শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে শ্রমিক সংখ্যা বৃদ্ধি ছাড়াও মি. জিসান সাহেব আর কী কী পদক্ষেপ নিতে পারেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) 'দেশের অর্থনীতির উন্নয়নে মি. জিসান সাহেবের শিল্পটির ভূমিকা অনেক''– উক্তিটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮। ABC লি. এর বর্তমান আর্থিক অবস্থা খুবই শোচনীয়। এই জন্য ABC লি. এর ব্যবস্থাপক মি. সায়মন সবসময় কর্মীদের ওপর বল প্রয়োগ করেন। এমনকি ছুটির দিনেও অতিরিক্ত কাজ করিয়ে নিয়েও বাড়তি মজুরি প্রদান করেন না। ফলে কর্মচারীরা প্রতিষ্ঠানের কর্তব্য ও নিজের সক্ষমতা প্রদান করতে চান না।

(ক) অর্থায়ন কী? ১
(খ) প্রেষণা দান বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে মি. সায়মন এর নেতৃত্বের ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) মি. সায়মনের নেতৃত্বে কোন কোন গুণাবলির অভাবে ABC লি. এর আর্থিক অবস্থা শোচনীয় হয়ে পড়েছে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। মি. সৌরভের পুরান ঢাকার ফার্স্টফুডের দোকানের পাশে একই ধরনের আরো একটি ফার্স্টফুডের দোকান গড়ে উঠে। এতে তার বিক্রয়ের পরিমাণ কমে যায়। ফলে তিনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন। তিনি বিক্রি বাড়ানোর কৌশল হিসেবে ভালো ব্যবহার, অন্যের সাথে সুন্দর কথা বলতে পারে এমন একজন আস্থা অর্জনকারী বিক্রয়কর্মী নিয়োগ দেন। এ বিক্রয়কর্মী ভোক্তার রুচি মান ও পণ্যের প্রতি ক্রেতার চাহিদা সৃষ্টির জন্য গুরুত্ব প্রদান করেন। ফলে দ্রুত সময়ে তার ব্যবসায়ের সুনাম বৃদ্ধি পায়।

(ক) ভোক্তা বিশ্লেষণ কী? ১
(খ) কার্যকর বিপণন উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে– ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে আদর্শ বিক্রয়কর্মীর গুণাবলির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) বিক্রয় বৃদ্ধিতে বিক্রয়কর্মীর কৌশলটির ভূমিকা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা শেষ করে জনাব মুহিবুল সাভারে বিসিক শিল্প এলাকায় 'মুহিবুল লেদার' নামে একটি উন্নতমানের ও রপ্তানিমুখী কারখানা স্থাপন করেন। এজন্য তিনি একটি প্রতিষ্ঠান থেকে আর্থিক ও কারিগরি সহায়তা নিয়েছেন। তার কারখানায় চামড়ার তৈরি বিভিন্ন ব্যাগ, বেল্ট ও জুতা ভালো মানের হওয়ায় প্রতিষ্ঠানটির সুনাম দেশ-বিদেশে ছড়িয়ে পড়েছে। বর্তমানে এই কারখানায় ২০০ জন কর্মচারী নিয়োজিত আছে।

(ক) প্রমিতকরণ কী? ১
(খ) বিসিক এর প্রধান কাজটি কী? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব মুহিবুলের সহায়তাদানকারী সরকারি প্রতিষ্ঠানের ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) 'মুহিবুল লেদার' প্রতিষ্ঠানটিকে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কোন সহায়ক সেবা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। দেশের বিভিন্ন জেলায় কয়েকজনের একটি অসাধু ব্যবসায়ী চক্র রয়েছে। যারা বেশি পরিমাণে পণ্য মজুদ রেখে বাজারে পণ্যের কৃত্রিম সংকট তৈরি করে। এর ফলে পণ্যের মূল্য বৃদ্ধি পায় এবং ভোক্তারা বিপাকে পড়ে যায়। অপরদিকে জনাব মোহন গাজীপুরে একটি ইটভাটা স্থাপন করেন। এই ইটভাটা থেকে সৃষ্ট বিপুল পরিমাণ ধোঁয়া বাতাসের সাথে মিশে গিয়ে পরিবেশের ক্ষতি করছে।

(ক) ব্যবসায়ের নৈতিকতা কী? ১
(খ) ব্যবসায়িক মূল্যবোধ বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে অসাধু ব্যবসায়ীরা কোন পক্ষের প্রতি সামাজিক দায়বদ্ধতা পালন করতে ব্যর্থ হয়েছেন? বিশ্লেষণ কর। ৩
(ঘ) জনাব মোহনের ইটভাটাটি আমাদের পরিবেশের ওপর যে প্রভাব বয়ে আনবে তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# উত্তরমালা (বরিশাল বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ক | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | গ | ৯ | গ | ১০ | খ | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ক |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** যথাযথ জ্ঞান না থাকা সত্ত্বেও জনাব মারুফ প্রত্যন্ত অঞ্চলে স্টেশনারি সামগ্রী তৈরির কারখানা স্থাপন করেন। প্রাথমিক পর্যায়ে প্রয়োজনীয় মূলধন সংগ্রহে তিনি ব্যর্থ হন। অদক্ষ শ্রমিকের কারণে কাঁচামালের যথাযথ ব্যবহার না হওয়ায় তার উৎপাদনও বাধাগ্রস্ত হয়। ফলে তিনি চাহিদা অনুযায়ী পণ্য সরবরাহ করতে পারেননি।

ক. ব্যবসায় উদ্যোগ কী? ১

খ. উদ্যোক্তা চ্যালেঞ্জমূলক কাজ করতে বিশেষ আনন্দ পান। উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব মারুফ ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা দূরীকরণের কী কী উপায় অবলম্বন করতে পারেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব মারুফের ব্যবসায় উদ্যোগ উন্নয়নের বাধাসমূহ কী? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ব. বো. ২০২৫]

**১নং প্রশ্নের উত্তর**

**ক** একটি ব্যবসায় স্থাপনের ধারণা চিহ্নিতকরণ থেকে শুরু করে ব্যবসায়টি স্থাপন ও সফলভাবে পরিচালনাই হলো ব্যবসায় উদ্যোগ।

**খ** দিনাজপুর বোর্ড– ২০২৫

**গ** জনাব মারুফ ব্যবসায় উদ্যোগ উন্নয়নে তার ব্যবসায় বিরাজমান বাধাগুলো বিভিন্ন উপায় দূর করতে পারেন।

লাভের আশায় ঝুঁকি নিয়ে অর্থ ও শ্রম বিনিয়োগ করাই হলো ব্যবসায় উদ্যোগ। একজন উদ্যোক্তাকে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বিবিধ বাধার সম্মুখীন হতে হয়। এই বাধাগুলো দূরীকরণের মাধ্যমেই একজন উদ্যোক্তা বা ব্যবসায়ী তার ব্যবসায় উদ্যোগের উন্নয়ন ঘটাতে সক্ষম হন।

উদ্দীপকের জনাব মারুফ ব্যবসায় উদ্যোগ গ্রহণ করে একটি কারখানা স্থাপন করেছেন। তার কারখানা স্থাপন ও পরিচালনায় তাকে অনেক বাধার সম্মুখীন হতে হয়। এ বাধাগুলো দূরীকরণে প্রথমেই তাকে একটি কার্যকর ও বাস্তবভিত্তিক পরিকল্পনা গ্রহণ করতে হবে। তিনি যে কাজের উদ্যোগ গ্রহণ করেছেন সে কাজে ব্যাপক প্রশিক্ষন কর্মসূচি গ্রহণ করতে হবে। সেই সাথে তার নিয়োগকৃত শ্রমিকদেরও প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। ব্যবসায়ের প্রয়োজনে যেন তিনি সহজেই অর্থসংস্থান করতে পারেন সেজন্য পূর্ব থেকেই অর্থ সংগ্রহের উৎসগুলো চিহ্নিত করে রাখতে হবে। সেই সাথে তার কারখানাটি এমন জায়গায় স্থাপন করতে হবে যেখানে তিনি সকল ধরনের অবকাঠামোগত সুবিধা পাবেন। পরিশেষে বলা যায়, উপর্যুক্ত পদক্ষেপগুলো গ্রহণ করে জনাব মারুফ তার ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধাগুলো দূর করতে পারেন।

**ঘ** জনাব মারুফের ব্যবসায় উদ্যোগ উন্নয়নের বাধাসমূহ হলো- সুষ্ঠু পরিকল্পনার অভাব, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার অপর্যাপ্ততা, প্রয়োজনীয় অর্থসংস্থানের অভাব ও প্রশিক্ষণের অভাব।

ব্যবসায় উদ্যোগ একটি ঝুঁকিপূর্ণ কাজ। একজন ব্যবসায়ী বা উদ্যোক্তা লাভের আশায় এই কাজে অগ্রসর হয়। বাংলাদেশে ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বিরাজমান পরিবেশ সকল ক্ষেত্রে অনুকূল নয়। বেশ কিছু বাধার কারণে এখনো উদ্যোগ উন্নয়ন কাঙ্ক্ষিত পর্যায়ে যেতে পারেনি।

উদ্দীপকের জনাব মারুফ প্রত্যন্ত অঞ্চলে যথাযথ জ্ঞান না থাকা সত্ত্বেও একটি স্টেশনারী সামগ্রী তৈরির কারখানা স্থাপন করেন। প্রাথমিক পর্যায় প্রয়োজনীয় মূলধন সংগ্রহে তিনি ব্যর্থ হন। অদক্ষ শ্রমিকের কারণে কাঁচামালের যথাযথ ব্যবহার না হওয়ায় তার উৎপাদন ও বাধাগ্রস্ত হয়। ফলে তিনি চাহিদা অনুযায়ী পণ্য সরবরাহ করতে পারেননি। মূলত ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধাসমূহই তার এই ব্যর্থতার কারণ।

জনাব মারুফ ব্যবসায় উদ্যোগ উন্নয়নে প্রথমেই যে বাধার সম্মুখীন হন তা হলো সুষ্ঠু পরিকল্পনার অভাব। পরিকল্পনায় ভবিষ্যৎ কর্মপন্থা সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকে যার ফলে উদ্যোগ উন্নয়নের ধারা অব্যাহত থাকে। পরিকল্পনার অভাবে মারুফ তার কর্মপন্থার সুনির্দিষ্ট দিক নির্দেশনা পাননি, যার কারনে কারখানা পরিচালনায় বিভিন্ন সময়ে তিনি বিভিন্ন সমস্যার সম্মুখীন হন। অন্যদিকে মূলধন সংগ্রহে ব্যর্থতা ব্যবসায় উদ্যোগ উন্নয়নের আরেকটি বাধা। অনেকেই আছেন যারা উদ্যোগ গ্রহণে আগ্রহী কিন্তু প্রয়োজনীয় মূলধন ও অর্থের অভাবে এগিয়ে আসতে পারেন না।

জনাব মারুফ ও এই বাধার সম্মুখীন হয়েছিলেন। আবার কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার অভাবে তার কর্মীরা কাঁচামালের যথাযথ ব্যবহার করতে পারেননি যার ফলে উৎপাদন বাধাগ্রস্ত হয়। এছাড়া তিনি কোনোরূপ প্রশিক্ষন ছাড়াই তার কারখানা স্থাপন করেন। প্রশিক্ষণের অভাবে তিনি তার কারখানা বিষয়ক যথাযথ জ্ঞান থেকে বঞ্চিত ছিল, যা তার ব্যবসায় উদ্যোগ উন্নয়নের একটি অন্যতম বাধা। পরিশেষে বলা যায়, উপর্যুক্ত বিষয়গুলোই জনাব মারুফের ব্যবসায় উদ্যোগ উন্নয়নের বাধাসমূহ, যা তার কারখানার উৎপাদন প্রক্রিয়াকে ব্যাহত করছে।

**প্রশ্ন ▸ ০২** মি. নাঈম পড়ালেখা শেষ করে ঢাকার নবাবপুরে একটি কেমিক্যালের দোকান দেন। এজন্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করেন। তিনি বিভিন্ন দেশ থেকে কেমিক্যাল আমদানি করে বিক্রয় করেন। তার আমদানিকৃত কেমিক্যালের মান ভালো হওয়ায় বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির পাশাপাশি মুনাফার পরিমাণও বাড়ে। কিন্তু তার কাছে প্রয়োজনীয় অর্থ না থাকায় ব্যবসায় পরিধি বৃদ্ধি করতে পারছেন না। এমতাবস্থায় তিনি একটি আর্থিক প্র তিষ্ঠানের নিকট থেকে ঋণ নেওয়ার জন্য ভাবছেন।

ক. প্রত্যক্ষ সেবা কী? ১

খ. 'শিল্প হলো উৎপাদনের বাহন"– ব্যাখ্যা কর। ২

গ. মি. নাঈমের কর্মকাণ্ড ব্যবসায়ের কোন শ্রেণির আওতাভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. নাঈমের ঋণ গ্রহণের চিন্তা-ভাবনা ব্যবসায়ের কোন পরিবেশকে প্রভাবিত করছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[ব. বো. ২০২৫]

## ২নং প্রশ্নের উত্তর

**ক** অর্থ উপার্জনের উদ্দেশ্যে স্বাধীন পেশায় নিয়োজিত ডাক্তার, উকিল, প্রকৌশলী প্রভৃতি পেশাজীবীগণ প্রত্যক্ষভাবে যে সেবাকর্ম বিক্রয় করেন, তাকে প্রত্যক্ষ সেবা বলা হয়।

**খ** ব্যবসায় উৎপাদন সংক্রান্ত কাজ শিল্পের দ্বারা সংঘটিত হয় বলে শিল্পকে উৎপাদনের বাহন বলা হয়।

যে প্রক্রিয়ায় প্রাকৃতিক সম্পদ আহরণ, কাঁচামালে রূপদান এবং প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁচামালকে মানুষের ব্যবহার উপযোগী পণ্যে পরিণত করা হয় তাকে শিল্প বলে। শিল্পের কাজ হলো প্রাকৃতিক সম্পদ উত্তোলন, শোধন এবং রূপগত পরিবর্তনের মাধ্যমে পণ্যদ্রব্যের নতুন উপযোগ সৃষ্টি করা। এ কারণেই শিল্পকে উৎপাদনের বাহন বলা হয়।

**গ** মি. নাঈমের কর্মকাণ্ড ব্যবসায়ের বাণিজ্য শাখার অন্তর্ভুক্ত।

ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌঁছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবা সামগ্রী ভোক্তাদের নিকট পৌঁছানোর সকল কার্যাবলিকে বাণিজ্য বলে। বাণিজ্যকে ব্যবসায়ের পণ্য বা সেবাসামগ্রী বণ্টনকারী শাখা হিসেবে চিহ্নিত করা হয়।

উদ্দীপকের মি. নাঈম পড়ালেখা শেষ করে ঢাকার নবাবপুরে একটি কেমিক্যালের দোকান দেন। এজন্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করেন। তিনি বিভিন্ন দেশ থেকে কেমিক্যাল আমদানি করে বিক্রয় করেন। এক্ষেত্রে তিনি পরিবহণের মাধ্যমে কেমিক্যাল এক দেশ থেকে আমদানি করার মাধ্যমে পণ্যের স্থানগত উপযোগ সৃষ্টি করেন। এছাড়া পণ্য সংগ্রহ করে সরাসরি ভোক্তা-ক্রেতাদের নিকট বিক্রয় করায় পণ্যের মালিকানা পরিবর্তন হয়। এভাবে তিনি পরিবহণ ও ক্রয়-বিক্রয়ের মাধ্যমে এক স্থানের পণ্য অন্য স্থানের ক্রেতার কাছে পৌঁছে দেন। উক্ত কার্যক্রম সম্পন্ন করে পণ্যকে ক্রেতার কাছে। পৌঁছে দেওয়া মূলত বাণিজ্যেরই কাজ। তাই বলা যায়, মি. নাঈমের কর্মকাণ্ড বাণিজ্যের আওতাভুক্ত।

**ঘ** মি. নাঈমের ঋণ গ্রহণের ঋণ গ্রহণের চিন্তাভাবনা ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশকে প্রভাবিত করেছে বলে আমি মনে করি।

যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠা ও পরিচালনার জন্য অনুকূল অর্থনৈতিক পরিবেশ আবশ্যক। সঞ্চয়, বিনিয়োগ, মূলধন, অর্থ ও ব্যাংকিং প্রভৃতি উৎপাদন নিয়ে অর্থনৈতিক পরিবেশ গড়ে উঠে।এ উপাদানগুলো অনুকূলে থাকলে ব্যবসায় প্রসার সহজ হয়।

উদ্দীপকের মি. নাঈম বিভিন্ন দেশ থেকে কেমিক্যাল আমদানি করে তা ক্রেতা বা ভোক্তাদের নিকট বিক্রয় করেন। তার আমদানিকৃত কেমিক্যালের মান ভালো হওয়ায় বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির পাশাপাশি মুনাফার পরিমাণও বাড়ে। কিন্তু তার কাছে প্রয়োজনীয় অর্থ না থাকায় ব্যবসায় পরিধি বৃদ্ধি করতে পারছেন না। এমতাবস্থায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের নিকট থেকে ঋণ নেওয়ার জন্য ভাবছেন। যেহেতু অর্থ, ঋণ ব্যবস্থা, আর্থিক প্রতিষ্ঠান, দক্ষ উদ্যোক্তা প্রভৃতি পরিবেশের উপাদান। এক্ষেত্রে মি. নাঈমের ঋণ নেওয়ার বিষয়টি অর্থনৈতিক পরিবেশের প্রভাবকে নির্দেশ করে।

অর্থ ও ব্যাংকিং ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশের একটি গুরুত্বপূর্ণ উপাদান। যেকোনো ব্যবসায়ের গঠন ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অর্থের প্রয়োজন হয়। একজন ব্যবসায়ী ব্যাংক বা যেকোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণের মাধ্যমে এই অর্থ সংগ্রহ করতে পারেন। মি. নাঈমও তার ব্যবসায়ের পরিধি বৃদ্ধি করার জন্য আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণের মাধ্যমে তার প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করার চিন্তাভাবনা করেন। এ ঋণের অর্থ দিয়ে তিনি ব্যবসায় পরিচালনা ও সম্প্রসারণ সংক্রান্ত ব্যয় নির্বাহ করতে পারবেন। এতে ব্যবসায়ের পরিধি বাড়ার পাশাপাশি বিক্রয়ও বৃদ্ধি পাবে। ফলে তিনি আরও বেশি মুনাফা অর্জন করতে পারবেন। অর্থাৎ মি. নাঈমের ব্যবসায় পরিধি বৃদ্ধির জন্য ঋণ গ্রহণ সিদ্ধান্তটি ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশের একটি অন্যতম প্রভাবক, যা তার ব্যবসায়ের পরিধি বৃদ্ধির পাশাপাশি মুনাফাও বৃদ্ধি করে ব্যবসায়ের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনকে ত্বরান্বিত করবে।

তাই বলা যায়, মি. নাঈমের ঋণ গ্রহণের চিন্তা ভাবনা ব্যবসায়ের অর্থনৈতিক পরিবেশকে প্রভাবিত করে।

**প্রশ্ন ▶ ০৩** সাম্প্রতিক সময়ে ইয়াসমিন আক্তারের স্বামী সড়ক দুর্ঘটনায় পঙ্গু হয়ে যায়। যার ফলে তার সংসারে অচলাবস্থা সৃষ্টি হয়। সংসারের এই পরিস্থিতি দেখে ইয়াসমিন সরকার কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান থেকে সেলাই কাজের কারিগরি ও প্রযুক্তিগত প্রশিক্ষন নেয়। ফলে সে ধীরে ধীরে স্বাবলম্বী হতে থাকে। পরবর্তীতে সে ব্যাংক থেকে ঋণ নিয়ে বড় পরিসরে টেইলার্সের ব্যবসা শুরু করে। বর্তমানে তার প্রতিষ্ঠানে শতাধিক কর্মী কাজ করছে।

ক. নট্রামস এর প্রধান কাজ কী? ১

খ. ব্যবসায় সাফল্যের গুরুত্বপূর্ণ শর্ত কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. ইয়াসমিন আক্তারকে প্রশিক্ষন প্রদানকারী প্রতিষ্ঠানটির নাম কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইয়াসমিন আক্তার কী একজন আত্মকর্মসংস্থানকারী নাকি ব্যবসায় উদ্যোক্তা? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

[ব. বো. ২০২৫]

## ৩নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৪** কুড়িগ্রাম জেলার একটি অঞ্চলের সবজি ব্যবসায়ীরা মিলে নিজেদের আর্থ-সামাজিক কল্যাণ সাধনের উদ্দেশ্যে একটি সংগঠন গড়ে তোলেন। পরবর্তীতে সংগঠনটিকে কেন্দ্রীয় ও জাতীয় পর্যায়ে সম্প্রসারণের জন্য তারা ইতিবাচক চিন্তা-ভাবনা ও পারস্পরিক সমঝোতার ভিত্তিতে কাজ করেন। এজন্য তারা দেশের বিভিন্ন অঞ্চলের সবজি ব্যবসায়ীদের সাথে প্রতিনিয়ত যোগাযোগ রাখছেন।

ক. কৃত্রিম ব্যক্তি সত্তা বলতে কী বোঝায়? ১

খ. অংশীদারি ব্যবসায় নিবন্ধন কী বাধ্যতামূলক? ব্যাখ্যা কর। ২

গ. মালিকানার ভিত্তিতে উদ্দীপকে উল্লিখিত সংগঠনটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ব্যবসায় সংগঠনটির মূলনীতি বিশ্লেষণ কর। ৪

[ব. বো. ২০২৫]

## ৪নং প্রশ্নের উত্তর

**ক** কৃত্রিম ব্যক্তিসত্তা বলতে ব্যক্তি না হয়েই ব্যক্তির ন্যায় আইনগত মর্যাদা ও অধিকার অর্জনকে বোঝায়।

**খ** বাংলাদেশে প্রচলিত নিয়ম অনুযায়ী অংশীদারি ব্যবসায় নিবন্ধন বাধ্যতামূলক নয়।

অংশীদারী ব্যবসায়ের নিবন্ধন অংশীদারদের ইচ্ছার উপর নির্ভর করে। তবে সংগঠনটি নিবন্ধিত হলে কিছু বাড়তি সুবিধা ভোগ করে। এসব অধিকার প্রতিষ্ঠানের স্থায়িত্ব, সুনাম ও দক্ষ সাংগঠনিক কাঠামো সৃষ্টিতে সহায়ক হয়। এছাড়া অংশীদারি ব্যবসায় নিবন্ধিত হলে যেকোনো প্রয়োজনে আইনগত ব্যবস্থা নেওয়ার সুবিধা পায়। তাই বাধ্যতামূলক না হলেও এ জাতীয় ব্যবসায় নিবন্ধন করাই উত্তম।

**গ** মালিকানার ভিত্তিতে উদ্দীপকে উল্লিখিত সংগঠনটি হলো সমবায় সংগঠন।

কতিপয় নিম্ন ও মধ্যবিত্তের সমমনা ব্যক্তি নিজেদের আর্থিক উদ্দেশ্য অর্জনের জন্য স্বেচ্ছায় মিলিত হয়ে যে সংগঠন গড়ে তোলে, তাকে সমবায় সংগঠন বলে। এ ধরনের সংগঠনের উদ্দেশ্য হলো বৈধ উপায়ে সমিতির সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন। সম্মিলিত প্রচেষ্টায় এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা ও চিন্তা থেকেই এ ধরনের সংগঠনের উৎপত্তি।

উদ্দীপকের কুড়িগ্রাম জেলার একটি অঞ্চলের সবজি ব্যবসায়ীরা মিলে নিজেদের আর্থ-সামাজিক কল্যাণ সাধনের উদ্দেশ্যে একটি সংগঠন গড়ে তোলেন। সাধারণত নিম্নবিত্ত, বিত্তহীন ও স্বল্পবিত্ত এবং সমমনা ও সম পেশার ব্যক্তিবর্গ স্বেচ্ছামূলকভাবে এই ধরনের সংগঠন গড়ে তোলেন, যা সমবায় সংগঠন নামে পরিচিত। এ ধরনের সংগঠনের সদস্যরা সাধারণত নিম্ন আয়ের হয়। এর মাধ্যমে তারা নিজেদের অবস্থা উন্নয়নের জন্য এক সাথে কাজ করে থাকেন। এর ফলে তারা মধ্যস্বত্বভোগীদের শোষণ থেকে রক্ষা পায়। এ ধরনের সংগঠন সদস্যদের আর্থিক অবস্থার উন্নয়ন ঘটায়। তাই বলা যায়, মালিকানার ভিত্তিতে উদ্দীপকের উল্লিখিত সংগঠনটি হলো সমবায় সংগঠন।

**ঘ** উদ্দীপকের উল্লিখিত সংগঠনটি সমবায় সমিতির মূলনীতির আলোকে পরিচালিত হয়।

অন্যান্য ব্যবসায় সংগঠন থেকে ভিন্ন আদর্শ ও উদ্দেশ্য নিয়ে সমবায় সংগঠন গড়ে ওঠে। সাধারণত সমশ্রেণি ও সমপেশাভুক্ত নিম্নবিত্ত, মধ্যবিত্ত ও বিত্তহীন সমাজের মানুষেরা প্রথম নিজেদের আর্থ-সামাজিক কল্যাণের উদ্দেশ্যে বেশ কয়েকটি মূলনীতির উপর ভিত্তি করে এ ধরনের সংগঠন গড়ে তোলে।

উদ্দীপকের কুড়িগ্রাম জেলার সবজি ব্যবসায়ীরা নিজেদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় সংগঠন গড়ে তোলেন। পরবর্তীকালে সংগঠনটিকে কেন্দ্রীয় ও জাতীয় পর্যায়ে সম্প্রসারণের জন্য তারা ইতিবাচক চিন্তাভাবনা ও পারস্পরিক সমঝোতার ভিত্তিতে কাজ করেন। এজন্য তারা দেশের বিভিন্ন অঞ্চলের সবজি ব্যবসায়ীদের সাথে প্রতিনিয়তও যোগাযোগ রাখছেন। অর্থাৎ তারা তাদের এই সংগঠন পরিচালনায় সমবায় সংগঠনের মূলনীতিসমূহ মেনে চলছেন।

সমবায় সমিতির মূলনীতি হলো একতাই বল, সাম্য বা সকলের সমান অবস্থান ও বিশ্বাস এবং গণতান্ত্রিক মূল্যবোধ ও চেতনা, এসব মূলনীতির উপর ভিত্তি করে উদ্দীপকের সংগঠনটি গঠিত হয়। এই সংগঠনের মূল লক্ষ্য হবে সবজি ব্যবসায়ীদের অর্থাৎ নিজেদের আর্থিক উন্নয়ন, কল্যাণ, সমঅধিকার প্রতিষ্ঠা এবং পণ্যের ন্যায্য মূল্য আদায় করা, যা সমবায় সমিতির মূল নীতির আওতায় পড়ে। সংগঠনটিতে সকল সবজি ব্যবসায়ীদের সমান অধিকার নিশ্চিত করা হবে। পারস্পরিক সমঝোতা, সহযোগিতা ও সহমর্মিতার মাধ্যমে সদস্যগণ তাদের ন্যায্য অধিকার আদায় করবেন। তারা পারস্পরিক বিশ্বাস ও আস্থার নীতি অবলম্বন করবেন এবং গণতান্ত্রিক মূল্যবোধ ও চেতনার উপর ভিত্তি করে সংগঠনটি পরিচালনা করবেন। পরিশেষে বলা যায়, উদ্দীপকের সবজি ব্যবসায়ীরা যে সমবায় সংগঠন গড়ে তুলেছেন তার উপর্যুক্ত মূলনীতির আলোকেই পরিচালিত হবে।

**প্রশ্ন ▸ ০৫** জনাব আরিফ একটি শিশু খাদ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানের পরিচালক। শিশু খাদ্য প্রস্তুত করে বাজারজাত করার পূর্বে প্রতিষ্ঠানটি পণ্যের মান নির্ধারণে সন্তোষজনক হওয়ায় সরকার কর্তৃক একটি সনদপত্র গ্রহণ করে। তাঁর প্রতিষ্ঠান যাতে অদূর ভবিষ্যতে হুমকির সম্মুখীন না হয় সে জন্য তিনি লোকসান পূরণে অন্য একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হন।

ক. লাইসেন্স কী? ১

খ. 'স্বাতন্ত্র্যতাই মার্ক বা প্রতীকের মূল বিষয়'— ব্যাখ্যা কর। ২

গ. জনাব আরিফ কোন সংস্থার মাধ্যমে পণ্যের মান যাচাই করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

[ব. বো. ২০২৫]

**৫নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▸ ০৬** পঞ্চগড় জেলার প্রবাস ফেরত মি. আজম একটি ক্ষুদ্র ব্যবসায় স্থাপন করার চিন্তা-ভাবনা করেন। এই জন্য তিনি বিভিন্ন ফলের বাগান তৈরি ও উৎপাদিত ফল বিভিন্ন জেলায় বিক্রি করার চিন্তাও করেন। তাই তিনি ফলের উৎপাদন খরচ কত হবে, পণ্যের দাম কত হবে, মুনাফা কেমন হবে প্রভৃতি সম্পর্কে তথ্য সংগ্রহ করে ব্যবসায়ের লাভজনকতা যাচাই বাছাই করার সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি মনে করেন যে, 'প্রকল্প ধারণা প্রকল্প প্রণয়নের প্রথম ও গুরুত্বপূর্ণ পদক্ষেপ।'

ক. প্রাক্কলিত নগদান প্রবাহ বিবরণী কী? ১

খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ কী? ব্যাখ্যা কর। ২

গ. মি. আজম তার ক্ষুদ্র ব্যবসায়ের যথার্থতা কীভাবে যাচাই করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'প্রকল্প ধারণা প্রকল্প প্রণয়নের প্রথম ও গুরুত্বপূর্ণ ধাপ"— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

[ব. বো. ২০২৫]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** যে বিবরণীতে নির্দিষ্ট সময়ে কী পরিমাণ অর্থ আসছে এবং কী পরিমাণ নগদ অর্থ ব্যয় হচ্ছে তা সংরক্ষন করা হয় তাকে প্রাক্কলিত নগদান প্রবাহ বিবরণী বলা হয়।

**খ** সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যবসায়ের এমন একটি অবস্থাকে বোঝায় যখন আয়-ব্যয় সমান হয়।

সম আয়-ব্যয় ব্যবসায়ের এমন একটি পর্যায় যখন লাভও হয় না, ক্ষতিও হয় না। যে পরিমাণ পণ্য বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য, মোট ব্যয়ের সমপরিমাণ হয় তাকে সম আয়-ব্যয় বলা হয়। যে বিন্দুতে পণ্য বিক্রয় করলে আয়-ব্যয় সমান হয় তাকে সম আয় ব্যয় বিন্দু (Break Even Point) বলে। সম আয়-ব্যয় বিন্দু জানা থাকলে কাঙ্ক্ষিত মুনাফা অর্জনের আশায় পণ্যের সঠিক মূল্য নির্ধারণ, বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি, মুনাফা পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা যায়।

**গ** মি. আজ মতার ক্ষুদ্র ব্যবসায়ের যথার্থতা পরিকল্পনার মাধ্যমে যাচাই করেন।

ভীবষ্যতে কী কাজ করা হবে তা আগাম ঠিক করাকেই পরিকল্পনা বলে। অর্থাৎ ব্যবসায় পরিকল্পনা হলো ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি। ব্যবসায় শুরু, সুষ্ঠুভাবে পরিচালনা ও এর অভীষ্ট লক্ষ্য অর্জনে ব্যবসায় পরিকল্পনা গুরুত্ব অপরিসীম।

উদ্দীপকের পঞ্চগড় জেলার প্রবাস ফেরত মি. আজম একটি ক্ষুদ্র ব্যবসায় স্থাপন করার চিন্তাভাবনা করেন। এই জন্য তিনি বিভিন্ন ফলের বাগান তৈরি ও উৎপাদিত ফল বিভিন্ন জেলায় বিক্রি করার চিন্তাও করেন। অর্থাৎ তিনি তার ব্যবসায়ের ভবিষ্যৎ কার্যক্রম কীরূপ হবে তা পূর্বেই নির্ধারণ করে থাকেন। যা ব্যবসায় পরিকল্পনার, সাথে সাদৃশ্যপূর্ণ। ব্যবসায় পরিকল্পনা একটি দলিল, যার মধ্যে ব্যবসায়ের লক্ষ্য, প্রকৃতি, ব্যবস্থাপনার ধারা, অর্থায়নের উপায়, বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ উন্নয়নের সম্পূর্ণ চিত্র তুলে ধরা হয়। কোন ব্যবসায় কোন দিকে অগ্রসর হবে ও কীভাবে ব্যবসায়ের সাফল্য অর্জন করা যাবে তার সুনির্দিষ্ট দিক-নির্দেশনা ব্যবসায় পরিকল্পনায় পাওয়া যায়। একজন উদ্যোক্তা বা ব্যবসায়ী তার ব্যবসায় স্থাপন লাভজনক হবে কি না তা এই পরিকল্পনার মাধ্যমে যাচাই করতে পারে না। তাই বলা যায়, মি. আজম ব্যবসায় পরিকল্পনার মাধ্যমে তার ক্ষুদ্র ব্যবসায়ের যথার্থতা যাচাই করেন।

**ঘ** উদ্দীপকে 'প্রকল্প ধারণা প্রকল্প প্রণয়নের প্রথম ও গুরুত্বপূর্ণ ধাপ' –উক্তিটি যথার্থই বলে আমি মনে করি।

ব্যবসায়ের সাফল্য অনেকাংশে নির্ভর করে সঠিক প্রকল্প নির্বাচনের উপর। প্রকল্প হচ্ছে কোনো একটি নির্দিষ্ট সময়ের মধ্যে, নির্দিষ্ট লক্ষ বাস্তবায়নে প্রণীত পরিকল্পিত ও সুচিন্তিত কর্মপদ্ধতি। প্রকল্প একটি নির্দিষ্ট সময়ে শুরু হয়ে পূর্বনির্ধারিত সময় অনুযায়ী সমাপ্ত হয়। ব্যবসায় প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে প্রথম পদক্ষেপ হলো ধারণা চিহ্নিতকরণ। এটি প্রকল্প প্রণয়নের একটি গুরুত্বপূর্ণ ধাপ।

উদ্দীপকের মি. আজম একটি ক্ষুদ্র ব্যবসায় স্থাপন করার চিন্তাভবনা করেন। এজন্য তিনি বিভিন্ন ফলের বাগান তৈরি ও উৎপাদিত ফল বিভিন্ন জেলায় বিক্রি করার চিন্তাভবনা করেন। তাই তিনি ফলের উৎপাদন খরচ কত হবে, পণ্যের দাম কত হবে, মুনাফা কেমন হবে প্রভৃতি সম্পর্কে তথ্য সংগ্রহ করে ব্যবসায়ের লাভজনকতা যাচাই বাছাই করার সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি মনে করেন যে, প্রকল্প ধারণা প্রকল্প প্রণয়নের প্রথম ও গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

একজন সম্ভাবনাময় উদ্যোক্তার প্রকল্প চিহ্নিতকরণ প্রক্রিয়ার সূত্রপাত হয় তার প্রকল্প ধারণা অনুভব করার সময় থেকেই। তিনি তার পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করে কোনো পণ্য বা সেবার চাহিদা সম্পর্কে ধারণা লাভ করতে পারেন। এই চাহিদার উপর প্রকল্প নির্বাচন নির্ভর করে। সাধারণত পণ্য বা সেবা সমাগ্রীর চাহিদা প্রকল্প ধারণার জন্ম দেয়। পণ্যের ধারণা থেকেই প্রকল্পের সূত্রপাত হয়। একজন উদ্যোক্তা বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে কয়েকটি প্রকল্প ধারণা চিহ্নিত করে। এই ধারণা চিহ্নিত করার সময় উদ্যোক্তা পণ্যের চাহিদা, পণ্যের সুবিধা-অসুবিধা, নতুন প্রযুক্তি ব্যবহারের সুযোগ প্রভৃতি যাচাই করে থাকেন। অতঃপর কয়েকটি সম্ভাব্য ধারণা চিহ্নিত করে এগুলো বিভিন্ন পদ্ধতির মাধ্যমে মূল্যায়ন করে সর্বোত্তম প্রকল্প ধারণাকে নির্বাচন করা হয়। একজন ব্যবসায়ী যে প্রকল্পটি সবচেয়ে বাস্তবসম্মত ও লাভজনক হবে তাতেই বিনিয়োগের জন্য নির্ধারণ করে থাকে। প্রকল্প ধারণার চিহ্নিতকরণের মাধ্যমেই একজন উদ্যোক্তা প্রকল্প প্রণয়নের অবশিষ্ট ধাপগুলো সঠিকভাবে অনুসরণ করে সবচেয়ে লাভজনক প্রকল্প ধারণা চিহ্নিত করতে পারে বলেই এ কথা নিঃসন্দেহে বলা যায়, প্রকল্প ধারণা প্রকল্প প্রণয়নের প্রথম ও গুরুত্বপূর্ণ ধাপ।

**প্রশ্ন ▸ ০৭** নাটোরের একটি স্বনামধন্য জুস প্রক্রিয়াজাতকরণ কারখানার মালিক মি. জিসান সাহেব। বর্তমানে তার কারখানার মূলধনের পরিমাণ ১০ কোটি টাকা ও শ্রমিক সংখ্যা ৬০ জন। কারখানায় শ্রমিক সংখ্যা যথেষ্ট না হওয়ায় তিনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। তাই তিনি কারখানায় শ্রমিকের সংখ্যা বাড়ানোর সিদ্ধান্ত নেন।

ক. কুটির শিল্প কী? ১

খ. সেবামূলক শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে শ্রমিক সংখ্যা বৃদ্ধি ছাড়াও মি. জিসান সাহেব আর কী কী পদক্ষেপ নিতে পারেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'দেশের অর্থনীতির উন্নয়নে মি. জিসান সাহেবের শিল্পটির ভূমিকা অনেক"– উক্তিটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

[ব. বো. ২০২৫]

**৭নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▸ ০৮** ABC লি. এর বর্তমান আর্থিক অবস্থা খুবই শোচনীয়। এই জন্য ABC লি. এর ব্যবস্থাপক মি. সায়মন সবসময় কর্মীদের ওপর বল প্রয়োগ করেন। এমনকি ছুটির দিনেও অতিরিক্ত কাজ করিয়ে নিয়েও বাড়তি মজুরি প্রদান করেন না। ফলে কর্মচারীরা প্রতিষ্ঠানের কর্তব্য ও নিজের সক্ষমতা প্রদান করতে চান না।

ক. অর্থায়ন কী? ১

খ. প্রেষণা দান বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. সায়মন এর নেতৃত্বের ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. সায়মনের নেতৃত্বে কোন কোন গুণাবলির অভাবে অইঈ লি. এর আর্থিক অবস্থা শোচনীয় হয়ে পড়েছে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ব. বো. ২০২৫]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায়ের আর্থিক প্রয়োজন মেটানোর জন্য অর্থ সংগ্রহ, অর্থ সংরক্ষন, সংগৃহীত অর্থের সুষ্ঠু ব্যবহার সংক্রান্ত সকল কার্যাবলিকে অর্থায়ন বলা হয়।

**খ** প্রেষণা দান হলো প্রতিষ্ঠানের কর্মীদের কাজের প্রতি আগ্রহী ও উৎসাহী করার প্রক্রিয়া।

মানুষের ইচ্ছা ও আকাঙ্ক্ষাকে প্রভাবিত করে স্বতঃস্ফূর্তভাবে কাজ করার আগ্রহ তৈরি করা প্রেষণার উদ্দেশ্য। এটি কর্মীদের মানসিক অবস্থাকে প্রতিষ্ঠান ও কাজের প্রতি ইতিবাচক করে তোলে। প্রেষণার ফলে কর্মীরা আগ্রহ নিয়ে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ হয় এবং মানসম্মত কাজ সম্পাদনে সক্ষম হয়।

**গ** উদ্দীপকে মি. সায়মন এর নেতৃত্বটি হলো স্বৈরতান্ত্রিক নেতৃত্ব।

যে নেতৃত্বে নেতা সব ক্ষমতা নিজে কাছে কুক্ষিগত করে রাখেন তাকে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব বলে। এ নেতৃত্বে নেতা সিদ্ধান্ত নিতে কর্মীদের মতামতকে গুরুত্ব দেন না। কর্মীদের চাপ প্রয়োগ করে কাজ আদায় করেন। প্রয়োজনে ভুল কাজের জন্য শাস্তি দেন। এ নেতৃত্বে কর্মীরা নেতার আদেশ মানতে বাধ্য তাকে।

উদ্দীপকের ABC লি. এর বর্তমান আর্থিক অবস্থা খুবই শোচনীয়। এই জন্য ABC লি. এর ব্যবস্থাপক মি. সায়মন সবসময় কর্মীদের ওপর বল প্রয়োগ করেন। এমনকি ছুটির দিনে অতিরিক্ত কাজ করিয়ে নেন। অর্থাৎ তিনি তার প্রতিষ্ঠানে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করে। এ

ধরনের নেতৃত্বে নেতারা শুধু আদেশ করেন এবং সম্পূর্ণভাবে নিজের ক্ষমতা ও সামর্থ্যের উপর নির্ভর করেন। কর্মীদের সব সময় চাপের মধ্যে রাখেন। কর্মীরাও প্রতিষ্ঠানকে নিজেদের ভাবতে পারেন না বিধায় নিজেদের সামর্থ্যের পূর্ণ ব্যবহার করেন না। তাই বলা যায়, মি. সায়মন এর নেতৃত্বের ধরণটি হলো স্বৈরতান্ত্রিক নেতৃত্ব।

**ঘ** মি. সায়মনের নেতৃত্বে প্রখর ব্যক্তিত্ব, পরিশ্রম ও সহনশীলতা, মানবিক সম্পর্ক অনুধাবন এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা এসব গুণাবলির অভাব রয়েছে, যার কারনে তার প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা শোচনীয় হয়ে পড়েছে।

যিনি নেতৃত্ব দেন তাকেই নেতা বলা হয়। নেতার কাজ হচ্ছে উদ্দেশ্যকে বাস্তবায়িত করার জন্য প্রতিষ্ঠানের কর্মীদের উৎসাহিত ও পরিচালিত করা। নেতৃত্বদানের সঠিক দায়িত্বশীল কাজটি সম্পাদনের জন্য একজন নেতার বহুবিধ গুণ ও বৈশিষ্ট্য থাকতে হয়। কেননা উপযুক্ত নেতৃত্ব যেমন একটি প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনকে সহজতর করে, তেমনি নেতার অযোগ্যতা প্রতিষ্ঠানকে ব্যর্থ করে দিতে পারে।

উদ্দীপকের মি. সায়মন তার প্রতিষ্ঠানে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করেন। তার নেতৃত্বে প্রথমেই যে গুণাবলির অনুপস্থিতি দেখা যায় তা হলো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা। যথাসময়ে যথাযথ সিদ্ধান্ত গ্রহণের উপর প্রাতিষ্ঠানিক সাফল্য নির্ভর করে। এক্ষেত্রে মি. সায়মন যে নেতৃত্বের ধরণ অনুসরণের সিদ্ধান্ত নিয়েছেন তা ছিল সম্পূর্ণ ভুল। আর এই ভুল সিদ্ধান্তের কারণেই তার কর্মীরা আস্থা ও মনোবল হারিয়ে ফেলে। মার্জিত ব্যবহার সম্মোহিন ক্ষমতা মিশ্রিত ব্যক্তিত্বের অধিকারী না হলে অধঃস্থনরা নেতাকে সম্মান করে না। কেবল কর্মীদের চাপ প্রয়োগ করে কাজ আদায় করলে হয় না। নেতাকে তার দায়িত্বের জন্য অনেক পরিশ্রম করতে হয়। নেতা পরিশ্রম করলে অধঃস্থনরাও নেতার মতো পরিশ্রম করতে উদ্যোগী হবে। সর্বোপরি নেতাকে মানবিক সম্পর্ক অনুধাবন করার সক্ষমতা অর্জন করতে হয়। এই গুণটি দ্বারা নেতা সহকর্মী ও অধঃস্তনদের মনোভাব বুঝতে পারে এবং সে অনুযায়ী নেতৃত্ব দিতে পারে। মূলত একজন আদর্শ নেতা কখনোই তার প্রতিষ্ঠানে এ ধরনের নেতৃত্ব অনুসরণ করতে পারে না। কারণ সঠিক নেতৃত্ব দ্বারা কার্যকর ও সুদূরপ্রসারী ফল পাওয়া যায়। কিন্তু উদ্দীপকের মি. সায়মনের মধ্যে উপর্যুক্ত গুণগুলো বিদ্যমান ছিল না। যার ফলে তার নেতৃত্ব প্রতিষ্ঠানের কর্মীদের প্রতিষ্ঠানের প্রতি নেতিবাচক করে তোলে। এতে কর্মীরা নিজেদের কর্তব্য ও সক্ষমতা প্রদান করে না বিধায় প্রতিষ্ঠানের উৎপাদন প্রক্রিয়া ব্যাহত হয়। ফলে প্রতিষ্ঠান কাঙ্ক্ষিত মুনাফা অর্জনে ব্যর্থ হয় এবং প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা শোচনীয় হয়ে ওঠে।

**প্রশ্ন ▶ ০৯** মি. সৌরভের পুরান ঢাকার ফার্স্টফুডের দোকানের পাশে একই ধরনের আরো একটি ফার্স্টফুডের দোকান গড়ে উঠে। এতে তার বিক্রয়ের পরিমাণ কমে যায়। ফলে তিনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন। তিনি বিক্রি বাড়ানোর কৌশল হিসেবে ভালো ব্যবহার, অন্যের সাথে সুন্দর কথা বলতে পারে এমন একজন আস্থা অর্জনকারী বিক্রয়কর্মী নিয়োগ দেন। এ বিক্রয়কর্মী ভোক্তার রুচি মান ও পণ্যের প্রতি ক্রেতার চাহিদা সৃষ্টির জন্য গুরুত্ব প্রদান করেন। ফলে দ্রুত সময়ে তার ব্যবসায়ের সুনাম বৃদ্ধি পায়।

ক. ভোক্তা বিশ্লেষণ কী? ১

খ. কার্যকর বিপণন উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আদর্শ বিক্রয়কর্মীর গুণাবলির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিক্রয় বৃদ্ধিতে বিক্রয়কর্মীর কৌশলটির ভূমিকা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ব. বো. ২০২৫]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** ভোক্তা বা চূড়ান্ত ব্যবহারকারীদের রুচি, পছন্দ, চাহিদা, বৈশিষ্ট এবং আগ্রহ বিশ্লেষণ ও মূল্যায়ন করাকে ভোক্তা বিশ্লেষণ বলা হয়।

**খ** কার্যকর বিপণন প্রয়োজনীয় অর্থ জোগানের মাধ্যমে উৎপাদনকারীকে উৎপাদনে উৎসাহিত করে আরো অধিক লাভের জন্য উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে থাকে।

নির্দিষ্ট ক্রেতা বা ভোক্তার নিকট পণ্যসামগ্রী পৌঁছে দিতে বিপণন ব্যবস্থা প্রধান ভূমিকা পালন করে থাকে। বর্তমান প্রতিযোগিতাপূর্ণ ব্যবসায়-বাণিজ্যের যুগে শুধু পণ্যের উৎপাদনের ওপরই কোনো ব্যবসায় সংগঠনের সাফল্য নির্ভর করে না; যদি না সে পণ্য বা সেবা যথাযথ উপায়ে ভোক্তার কাছে পৌঁছানো যায়। কার্যকর বিপণন ব্যবস্থার মাধ্যমে ক্রেতা ও ভোক্তাগণ মানসম্মত পণ্য বা সেবা পেয়ে থাকে। কার্যকর বিপণন উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে। বিপণনের উন্নয়নের সাথে সাথে শিল্প, বাণিজ্য ও সেবার উন্নতি সাধিত হয়।

**গ** উদ্দীপকে আদর্শ বিক্রয়কর্মীর গুণাবলির ধরণটি হলো নৈতিক গুণাবলি।

বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে বিক্রয় প্রসার ও সফলতা অর্জনে বিক্রয়কর্মীর ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। অনেক ক্ষেত্রে ব্যবসায়ের সফলতা ও ব্যর্থতা একজন বিক্রয়কর্মী দ্বারা প্রভাবিত হয়। ক্রেতা ও ভোক্তাদের আকৃষ্ট ও প্রভাবিত করে স্থায়ী গ্রাহকে পরিণত করতে হলে একজন বিক্রয়কর্মীকে অনেকগুলো গুণের অধিকারী হতে হয়।

উদ্দীপকের মি. সৌরভ পুরান ঢাকার ফার্স্টফুডের দোকানের পাশে একই ধরনের আরেকটি দোকান গড়ে ওঠায় বিক্রয় কমে গিয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন। তাই তিনি বিক্রি বাড়ানোর কৌশল হিসেবে ভালো ব্যবহার, অন্যের সাথে সুন্দর কথা বলতে পারে এমন একজন আস্থা অর্জনকারী বিক্রয়কর্মী নিয়োগ দেন। তিনি বিক্রয়কমী নিয়োগে ভালো ব্যবহার ও সুন্দরভাবে কথা বলতে পারে এই দুইটি বিষয়কে প্রাধান্য দেন, যা বিক্রয়কর্মীর নৈতিক গুণাবলীকে নির্দেশ করে। একজন বিক্রয়কর্মীকে অবশ্যই সততা ও বিশ্বস্ততা, মার্জিত ব্যবহার, মেলামেশার ক্ষমতা, জেন্ডার সচেতনতা ও ইতিবাচক দৃষ্টিভঙ্গি –এসব নৈতিক গুণাবলির অধিকারী হতে হয়। এসব গুণাবলি দ্বারা একজন বিক্রয়কর্মী ক্রেতাকে পণ্য ক্রয়ে উদ্বুদ্ধ করার পাশাপাশি স্থায়ী গ্রাহকে পরিণত করে থাকে। যার ফলে বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পেয়ে ব্যবসায় সুনাম অর্জন হয় যেমনটা মি. সৌরভের ব্যবসায়ের ক্ষেত্রেও হয়েছে। তাই বলা যায়, উদ্দীপকে আদর্শ বিক্রয়কর্মীর নৈতিক গুণাবলির ধরণ ফুটে উঠেছে।

**ঘ** উদ্দীপকের বিক্রয়কর্মীর কৌশলটি হলো বিক্রয়িকতা, যা বিক্রয়বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

বিক্রয়িকতা বলতে বিক্রয়কর্মীর ক্রেতা আকর্ষণ করার কৌশল বা দক্ষতাকে বোঝায়, যার মাধ্যমে সে সম্ভাব্য ক্রেতাদের নিকট পণ্য বা সেবাসামগ্রী বিক্রয় করতে সক্ষম হয়। বিক্রয়িকতার গুণে বিক্রেতা তার ব্যবসায় ও পণ্য সম্পর্কে ক্রেতাদের আস্থা অর্জন করে তাদের স্থায়ী গ্রাহকে পরিণত করে।

উদ্দীপকের মি. সৌরভের পুরান ঢাকার ফার্স্টফুডের দোকানের পাশে একই ধরনের আরও একটি ফার্স্টফুডের দোকান গড়ে ওঠে। এতে তার বিক্রয়ের পরিমাণ কমে যায়। ফলে তিনি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন। তিনি বিক্রয় বাড়ানোর কৌশল হিসেবে নৈতিক গুণাবলিসম্পন্ন একজন বিক্রয়কর্মী নিয়োগ করেন। এ বিক্রয়কর্মী ভোক্তার রুচি, মান ও

পণ্যের প্রতি ক্রেতার চাহিদা সৃষ্টির জন্য গুরুত্ব প্রদান করেন। ফলে দ্রুত সময়ে তার ব্যবসায়ের সুনাম বৃদ্ধি পায়। এক্ষেত্রে মি. সৌরভ বিক্রয় বৃদ্ধিতে নিয়োগকৃত বিক্রয়কর্মী বিক্রয়িকতার কৌশলটি গ্রহণ করেন।

ক্রেতা আকর্ষণ এবং সম্ভাব্য ক্রেতাকে স্থায়ী ক্রেতায় পরিণত করতে বিক্রয়িকতা প্রয়োজন। বিক্রয়িকতা হলো বিক্রয়কর্মীর ক্রেতা আকর্ষণ করার কৌশল, এটি ক্রেতা ও বিক্রেতার মধ্যে দ্বিমুখী যোগাযোগ ব্যবস্থা, এর মাধ্যমে ব্যক্তিগতভাবে ক্রেতাকে প্যণ কিনতে উৎসাহিত করা হয়। এ কৌশল সম্ভাব্য ক্রেতার কাছে পণ্য বিক্রয় করতে সাহায্য করে। ফলে সম্ভাব্য ক্রেতাকে স্থায়ী ক্রেতায় পরিণত করা সহজ হয়। উদ্দীপকের মি. সৌরভ বিক্রয় বৃদ্ধির উদ্দেশ্যে এমন বিক্রয়কর্মী নিয়োগ দেন যিনি বিক্রয়িকতার এ কাজটি খুবই নিখুঁতভাবে সম্পাদন করতে পারেন। তার এ পদক্ষেপের ফলে মি. সৌরভের দোকানের বিক্রয় পুনরায় বৃদ্ধি পাবে। তাই বলা যায়, বিক্রয় বৃদ্ধিতে বিক্রয়কর্মীর বিক্রয়িকতার কৌশলটির ভূমিকা অপরিসীম।

**প্রশ্ন ▸ ১০** বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা শেষ করে জনাব মুহিবুল সাভারে বিসিক শিল্প এলাকায় 'মুহিবুল লেদার' নামে একটি উন্নতমানের ও রপ্তানিমুখী কারখানা স্থাপন করেন। এজন্য তিনি একটি প্রতিষ্ঠান থেকে আর্থিক ও কারিগরি সহায়তা নিয়েছেন। তার কারখানায় চামড়ার তৈরি বিভিন্ন ব্যাগ, বেল্ট ও জুতা ভালো মানের হওয়ায় প্রতিষ্ঠানটির সুনাম দেশ-বিদেশে ছড়িয়ে পড়েছে। বর্তমানে এই কারখানায় ২০০ জন কর্মচারী নিয়োজিত আছে।

ক. প্রমিতকরণ কী? ১
খ. বিসিক এর প্রধান কাজটি কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব মুহিবুলের সহায়তাদানকারী সরকারি প্রতিষ্ঠানের ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মুহিবুল লেদার' প্রতিষ্ঠানটিকে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কোন সহায়ক সেবা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ব. বো. ২০২৫]

## ১০নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▸ ১১** দেশের বিভিন্ন জেলায় কয়েকজনের একটি অসাধু ব্যবসায়ী চক্র রয়েছে। যারা বেশি পরিমাণে পণ্য মজুদ রেখে বাজারে পণ্যের কৃত্রিম সংকট তৈরি করে। এর ফলে পণ্যের মূল্য বৃদ্ধি পায় এবং ভোক্তারা বিপাকে পড়ে যায়। অপরদিকে জনাব মোহন গাজীপুরে একটি ইটভাটা স্থাপন করেন। এই ইটভাটা থেকে সৃষ্ট বিপুল পরিমাণ ধোঁয়া বাতাসের সাথে মিশে গিয়ে পরিবেশের ক্ষতি করছে।

ক. ব্যবসায়ের নৈতিকতা কী? ১
খ. ব্যবসায়িক মূল্যবোধ বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে অসাধু ব্যবসায়ীরা কোন পক্ষের প্রতি সামাজিক দায়বদ্ধতা পালন করতে ব্যর্থ হয়েছেন? বিশ্লেষণ কর। ৩
ঘ. জনাব মোহনের ইটভাটাটি আমাদের পরিবেশের ওপর যে প্রভাব বয়ে আনবে তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ব. বো. ২০২৫]

## ১১নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায় পরিচালনাগত ও বাহ্যিক বিষয়ে সঠিক-বেঠিক, ন্যায়-অন্যায়, উচিত-অনুচিত প্রভৃতি বিষয়ে বিচারের মাপকাঠিকে ব্যবসায় নৈতিকতা বলে।

**খ** ব্যবসায়ের পরিচালনাগত বিষয়ে ভালো-মন্দ দিক সম্পর্কে গড়ে ওঠা বিশ্বাস, ধ্যান-ধারণা, মতামত প্রভৃতিকে ব্যবসায়িক মূল্যবোধ বলে।

ব্যবসায়িক মূল্যবোধে সমাজ ও পরিবেশ উপযোগী পণ্য ও সেবা উৎপাদন এবং সততা ও ন্যায়ের সাথে সেগুলো বিক্রির মাধ্যমে মুনাফা অর্জনের বিষয়টিকে প্রাধান্য দেওয়া হয়। ফলে ব্যবসায়ীকে ন্যায়-অন্যায়, সত্য-অসত্য, ঠিক-বেঠিক, ভালো-মন্দ প্রভৃতি বিষয় মেনে ব্যবসায় করতে হয়। আর মূল্যবোধ মেনে চললে সমাজের মানুষ ন্যায্য অধিকার পায়। সুষ্ঠু সমৃদ্ধিশালী ও স্থিতিশীল সমাজব্যবস্থা গঠনে ব্যবসায়িক মূল্যবোধ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**গ** উদ্দীপকে অসাধু ব্যবসায়ীরা সমাজের প্রতি দায়বদ্ধতা পালন করতে ব্যর্থ হয়েছে।

সমাজ থেকে বিভিন্ন সুযোগ-সুবিধা গ্রহণ করেই ব্যবসায়ের উন্নতি ও সমৃদ্ধি ঘটে। তাই ব্যবসায়ীদেরও সমাজের প্রতি কিছু দায়িত্ব পালন করতে হয়। কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, মানসম্মত পণ্য উৎপাদন ও সরবরাহ, পণ্যের মজুতদারি না করা প্রভৃতি সমাজের প্রতি ব্যবসায়ের দায়বদ্ধতার অন্তর্ভুক্ত।

উদ্দীপকে কয়েকজন অসাধু ব্যবসায়ী চক্রের কথা বলা হয়েছে। যারা বেশি পরিমাণে পণ্য মজুদ রেখে বাজারে পণ্যের কৃত্রিম সংকট তৈরি করে। এর ফলে পণ্যের মূল্য বৃদ্ধি পায় এবং ভোক্তারা বিপাকে পড়ে যায়। একজন ব্যবসায়ীকে অবশ্যই তার ব্যবসায়িক কার্য এমনভাবে সম্পাদন করতে হবে যেন তার কার্যক্রম দ্বারা সমাজের শৃঙ্খলা বজায় থাকে এবং কল্যাণ সাধন হয়। সমাজের জন্য কল্যাণকর নয় বা সামজে বিশৃঙ্খলা আনয়ন করে এমন কাজ করলে ব্যবসায়ী সমাজের প্রতি দায়বদ্ধতা পালনে ব্যর্থ হয়। উদ্দীপকের অসাধু ব্যবসায়ী চক্র পণ্য মজুত করে পণ্যের মূল্য বৃদ্ধির মাধ্যমে সমাজে একটি বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি করে। তাই বলা যায়, উদ্দীপকের অসাধু ব্যবসায়ীরা সমাজের প্রতি দায়বদ্ধতা পালনে ব্যর্থ হয়েছে।

**ঘ** জনাব মোহনের ইট ভাটাটি আমাদের পরিবেশের উপর নেতিবাচক প্রভাব বয়ে আনবে বলে আমি মনে করি।

সুস্থভাবে বেঁচে থাকার জন্য আমাদের সবচেয়ে বেশি প্রয়োজন হলো একটি সুস্থ পরিবেশ। কিন্তু বর্তমানে বিভিন্ন কারণে এ পরিবেশের দূষণ ঘটছে। বিশেষ করে শিল্পায়নের সবচেয়ে বড়ো সমস্যা হয়ে দাঁড়িয়েছে পরিবেশ দূষণ। এর ফলে জীববৈচিত্র্য মারাত্মকভাবে হুমকির মুখে পড়েছে।

উদ্দীপকের জনাব মোহন গাজীপুরে একটি ইট ভাটা স্থাপন করেন। এই ইট ভাটা থেকে সৃষ্ট বিপুল পরিমাণ ধোঁয়া বাতাসের সাথে মিশে গিয়ে পরিবেশের ক্ষতি করছে।

কেননা বায়ু বা বাতাস পরিবেশের একটি গুরুত্বপূর্ণ উপাদান। বিভিন্ন কারণেই বর্তমানে এই বায়ু দূষিত হচ্ছে বিশেষ করে ইট ভাটার কালো ধোঁয়া বাতাসের সাথে মিশে এই দূষণ ঘটাচ্ছে। এর ফলে বাতাসে ক্ষতিকর গ্যাস বৃদ্ধি পাচ্ছে। শ্বাস-প্রশ্বাসের মাধ্যমে এসব গ্যাস মানুষের শরীরে প্রবেশ করছে। ফলে মানুষ এলার্জি, কাশি, হাঁপানি, ফুসফুসের ক্যান্সারসহ মারাত্মক রোগে আক্রান্ত হচ্ছে। শুধু মানুষ কেন এই দূষিত বায়ু কোনো প্রাণীর জন্যই মঙ্গলজনক নয়। জনাব মোহনের ইট ভাটাটি পরিবেশের একটি গুরুত্বপূর্ণ উপাদান বায়ুকে দূষিত করে যেমন পরিবেশের ভারসাম্য রক্ষায় বাধার সৃষ্টি করবে তেমনি মানুষের স্বাস্থ্যহানি ঘটাবে। তাই বলা যায়, জনাব মোহনের ইট ভাটাটি আমদের পরিবেশের উপর নেতিবাচক প্রভাব ফেলবে।

# সিলেট বোর্ড-২০২৫

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **ব্যবসায়ের ক্রমবিকাশের প্রাচীন যুগের পর্যায় কোনটি?**
ক) বাজার সৃষ্টি খ) মুদ্রা প্রচলন
গ) দ্রব্য বিনিময় ঘ) ব্যবসায়ের বিকাশ

২. **নিচের কোন কাজটিকে শিল্প বলা যায়?**
ক) পণ্যের সংরক্ষণাগার স্থাপন খ) সম্পদের ঝুঁকি নিরসনের ব্যবস্থা
গ) বিদ্যুতের উইন্ডমিল স্থাপন ঘ) পণ্য প্রসারে প্রচার করা

৩. **ব্যবসায়ে উৎপত্তির মূলে ছিল—**
i. অভাববোধ ii. অর্থনৈতিক কর্মকাণ্ড iii. লেনদেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. **একজন সফল উদ্যোক্তা প্রথমত কোন কাজটি করে থাকেন?**
ক) বেকার সমস্যা চিহ্নিতকরণ খ) বিরাজমান সুযোগ-সুবিধা চিহ্নিতকরণ
গ) সরকারি সহায়তা গ্রহণ ঘ) যোগ্য কর্মী নির্বাচন

৫. **উদ্যোক্তার চ্যালেঞ্জমূলক কাজ বলতে কী বোঝায়?**
ক) যে কাজে ঝুঁকি ও সাফল্য সমানভাবে বিদ্যমান
খ) স্বল্প ঝুঁকি এবং সাফল্যের সম্ভাবনাপূর্ণ কাজ
গ) ঝুঁকিবিহীন নিশ্চিত সাফল্যের কাজ
ঘ) ঝুঁকিপূর্ণ কাজ কিন্তু সাফল্য নিশ্চিত

৬. **একজন উদ্যোক্তা—**
i. ব্যবসায় স্থাপনের ধারণা চিহ্নিত করেন ii. সফলভাবে ব্যবসা পরিচালনা করেন iii. ব্যবসায়ের মুনাফা অবশ্যই নিশ্চিত করেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. **"বাংলাদেশ অর্থনৈতিক রিভিউ-২০১১' এর পরিসংখ্যান অনুযায়ী জাতীয় অর্থনীতিতে কৃষিখাতের অবদান কত শতাংশ?**
ক) ১০ খ) ২০ গ) ৩০ ঘ) ৪০
[**বি.দ্র. :** বাংলাদেশ অর্থনৈতিক রিভিউ-২০১৮ এর পরিসংখ্যান অনুযায়ী জাতীয় অর্থনীতিতে কৃষিখাতের অবদান– ১৪.২৩%।

৮. **নিচের কোনটি আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র?**
ক) সুতা থেকে কাপড় তৈরি খ) ভারী যন্ত্রের সাহায্যে সার উৎপাদন
গ) বেত থেকে নান্দনিক মাদুর তৈরি ঘ) নদী পারাপারের জন্য সেতু তৈরি

৯. **ভূমিহীন নারী-পুরুষদের আত্মকর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ দিয়ে থাকে কোন সংস্থা?**
ক) বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট খ) মহিলা বিষয়ক মন্ত্রণালয়
গ) বাংলাদেশ পল্লি উন্নয়ন বোর্ড ঘ) যুব প্রশিক্ষণ কেন্দ্র

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
'গন্তব্য' একটি জনপ্রিয় পরিবহন সংস্থা। সড়ক পথে প্রতিদিন যাত্রীদের সেবা দিয়ে যাচ্ছে। এ ধরনের ব্যবসায়ে মূলধন সরবরাহ করে সরকার এবং জনগণ।

১০. **উদ্দীপকের ব্যবসায়ে সাফল্য ও ব্যর্থতার জন্য কার কাছে জবাবদিহি করতে হয়?**
ক) সরকার খ) জনগণ গ) চেয়ারম্যান ঘ) জাতীয় সংসদ

১১. **'গন্তব্য' এর ক্ষেত্রে প্রযোজ্য—**
i. কৃত্রিম সত্তার অধিকারী ii. মুনাফা অর্জনই মূল লক্ষ্য iii. অধিক কর্মসংস্থান সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. **জনাব মিতুল বিত্তহীন, ভূমিহীন ও আশ্রয়হীনদের দারিদ্র বিমোচনের লক্ষ্যে একটি সমবায়সমিতি গঠন করেন। যার সদস্য সংখ্যা ন্যূনতম ২০। নিবন্ধনের জন্য মিতুলকে কত টাকা ট্রেজারি চালান দিতে হবে?**
ক) ১০০ খ) ২০০ গ) ৩০০ ঘ) ৪০০

১৩. **দায় পরিশোধের ভিত্তিতে কোন ব্যবসায় সংগঠনটি আলাদা?**
ক) একমালিকানা খ) অংশীদারি
গ) সমবায় ঘ) প্রাইভেট লি. কোম্পানি

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শিমুল মোবাইল ফোন বিক্রয়ের পাশাপাশি মোবাইল যন্ত্রাংশ উৎপাদনকারী চীনা প্রতিষ্ঠান থেকে যন্ত্রাংশ আমদানি করার জন্য এক সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে তার প্রতিষ্ঠানে পণ্য পৌঁছে দেয়ার জন্য চুক্তিবদ্ধ হন। দুর্ঘটনা এড়াতে পণ্যের বিমা করা হয়।

১৪. **উদ্দীপকে বিমাকারী কে?**
ক) জনাব শিমুল খ) সরবরাহকারী গ) বন্দর কর্তৃপক্ষ ঘ) উৎপাদনকারী

১৫. **জনাব শিমুল এর পণ্য বিমা করার ফলে—**
i. নির্দিষ্ট ঝুঁকি দূর হবে ii. দুর্ঘটনা হ্রাস পাবে iii. ক্ষতিপূরণ নিশ্চিত হবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. **ম্যাক্রোস্ক্রিনিং-এর কোন উপাদানের উপর জীবন যাত্রার মান নির্ভর করে?**
ক) জনসংখ্যা খ) সাংস্কৃতিক পরিবেশ
গ) প্রাকৃতিক পরিবেশ ঘ) অর্থনৈতিক পরিবেশ

১৭. **জনাব রাতুল ব্যবসায় স্থাপনের পূর্বে তার ব্যবসা করার সামর্থ্য যাচাই করতে চান। তিনি কোন প্রক্রিয়া অনুসরণ করবেন?**
ক) আত্ম বিশ্লেষণ পদ্ধতি খ) প্রাক্কলিত নগদ প্রবাহ বিবরণী
গ) সম আয়-ব্যয় বিশ্লেষণ ঘ) ব্যবসায়ের প্রকল্প প্রতিবেদন

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব বিপু ৩৫ কোটি টাকা বিনিয়োগ করে ঢাকার অদূরে একটি সোলার পাওয়ার প্ল্যান্ট স্থাপন করেন। অনুন্নত আর্থ-সামাজিক অবকাঠামোর কারণে তিনি ব্যবসায়ের কাঙ্ক্ষিত সফলতা পাচ্ছেন না।

১৮. **২০১০ সালের জাতীয় শিল্পনীতি অনুযায়ী জনাব বিপুর প্রতিষ্ঠিত শিল্পটির ক্ষেত্রে প্রথম ২ বছর আয়ের উপর কতভাগ কর অবকাশ পাবেন?**
ক) ১০০% খ) ৭৫% গ) ৫০% ঘ) ২৫%

১৯. **জনাব বিপু এর শিল্পের বিকাশে প্রয়োজন—**
i. পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ ii. উন্নত যোগাযোগ ব্যবস্থা
iii. শ্রমিকের ব্যক্তিগত নৈপুণ্য
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. **সেবামূলক ক্ষুদ্র শিল্পের বেলায় নিম্নের কোনটি প্রযোজ্য?**
ক) স্থায়ী সম্পদের প্রতিস্থাপন ব্যয় ৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি টাকা
খ) শিল্প প্রতিষ্ঠানে বিয়োজিত শ্রমিকের সংখ্যা ১৬–৫০ জন
গ) খড়কালীন সময়ে সেবায় নিয়োজিত থাকে
ঘ) ১০ কোটি টাকার বেশি বিনিয়োগকৃত প্রতিষ্ঠান

২১. **কোনো কাজ সঠিকভাবে হচ্ছে কিনা তা নিশ্চিত করা ব্যবস্থানার কোন কাজের অন্তর্ভুক্ত?**
ক) সংগঠিতকরণ খ) নির্দেশনা দান গ) সমন্বয় সাধন ঘ) নিয়ন্ত্রণ

২২. **নিম্নের কোনটি অর্থায়নের সাথে অসঙ্গতিপূর্ণ?**
ক) অর্থ সংগ্রহ খ) অর্থ সংরক্ষণ
গ) অর্থের সঠিক ব্যবহার ঘ) মুনাফা নিশ্চিতকরণ

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
দেশের বিভিন্ন স্থানে 'ছোট বাজার' নামক প্রতিষ্ঠানটির অনেকগুলো আউটলেট রয়েছে। নিজস্ব তত্ত্বাবধানে দেশের বিভিন্ন প্রান্ত থেকে পণ্য সংগ্রহ করে আউটলেট গুলোতে বিক্রয় হয়। ক্রেতারা খুব সহজেই এসব জায়গা থেকে পণ্য সংগ্রহ করতে পারে।

২৩. **'ছোট বাজার' পণ্য বণ্টনে কোন মাধ্যম ব্যবহার করে?**
ক) সরাসরি খ) খুচরা ব্যবসায়ী
গ) পাইকারী ব্যবসায়ী ঘ) প্রতিনিধি

২৪. **'ছোট বাজার' পণ্য বণ্টনে যে সুবিধা পায় তা হলো—**
i. বাজারজাতকরণ খরচ কম হয় ii. মধ্যস্থ ব্যবসায়ীদের উপর নির্ভরতা
iii. ন্যায্য মূল্যে পণ্য বিক্রয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. **জনাব মনোয়ার একটি আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা। তিনি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্ষুদ্র উদ্যোক্তাদের ৪০% ঋণ বিতরণ করতে পারবেন। জনাব মনোয়ার এর প্রতিষ্ঠান নিচের কোনটি?**
ক) বিডিবিএল খ) বেসিক ব্যাংক লি. গ) বিটাক ঘ) সোনালী ব্যাংক

২৬. **সমর্থনমূলক সহায়তা কোনটি?**
ক) ব্যবসায় আধুনিকায়ন খ) পুঁজির সংস্থান
গ) সম্পদ ব্যবহার ঘ) কর অবকাশ

২৭. **রিপন একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। তিনি প্রতিবছর স্কুল ছাত্রদের জন্য বৃত্তির ব্যবস্থা করেন। ব্যবসায়ী হিসেবে জনাব রিপনের এই কাজ কীসের আওতাভুক্ত?**
ক) ব্যবসায় নীতি খ) ব্যবসায়িক মূল্যবোধ
গ) সামাজিক দায়িত্ব ঘ) ব্যবসায় প্রচার

২৮. **'Ethos' শব্দটি কোন ভাষা থেকে উদ্ভব হয়েছে?**
ক) ইংরেজি খ) ল্যাটিন গ) ফরাসি ঘ) গ্রীক

২৯. **নিচের কোন উদ্যোক্তা ঔষধ শিল্পের পথিকৃত?**
ক) স্যামসন এইচ চৌধুরি খ) জহুরুল ইসলাম
গ) আবুল কালাম আজাদ ঘ) শাহিদা বেগম

৩০. **পৌর এলাকার ভেতর এক মালিকানা ব্যবসায়ের ক্ষেত্রে কার কাছ থেকে লাইসেন্স সংগ্রহ করতে হয়।**
ক) ইউএনও খ) নিবন্ধক গ) জেলা প্রশাসক ঘ) পৌর কর্তৃপক্ষ

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# সিলেট বোর্ড-২০২৫

ব্যবসায় উদ্যোগ (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মি. সাগর লেখাপড়া শেষ করে নিজস্ব মূলধন ও ব্যাংক থেকে ঋণ নিয়ে আলুর চিপস তৈরির কারখানা স্থাপন করেন। বাজার চাহিদা যাচাই করে উৎপাদন পরিকল্পনা প্রণয়ন করেন। তিনি তার এলাকার সদ্য এইচএসসি পাশ করা কয়েকজন যুবককে কর্মী হিসেবে নিয়োগ করেন। কিন্তু সময় স্বল্পতার কারণে তাদের দক্ষতা যাচাই করা সম্ভব হয়নি। তিনি ব্যবসায় আশানুরূপ সফলতা পাননি।

(ক) আত্ম-কর্মসংস্থানের সবচেয়ে বড় মূলধন কী? ১
(খ) ব্যবসায়ে সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত কোনটি? ব্যাখ্যা করো। ২
(গ) মি. সাগর কোন ধরনের কর্মসংস্থানের সাথে জড়িত? ব্যাখ্যা করো। ৩
(ঘ) মি. সাগরের ব্যবসায়ে সাফল্য না পাওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

২। আদিত্য বড়ুয়া তাদের পূর্ব-পুরুষদের প্রাচীন ব্যবসায়টি পরিচালনা করে আসছিলেন। বর্তমানে পণ্যের চাহিদা বৃদ্ধি এবং ব্যবসায়টি আধুনিকায়নের জন্য বন্ধু মি. অনিককে চুক্তির ভিত্তিতে ব্যবসায় অন্তর্ভুক্ত করেন। মি. অনিক ব্যবসায় মূলধন বিনিয়োগ করে মুনাফার অংশ নিলেও ব্যবসায় পরিচালনায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন না।

(ক) 'একতাই বল' এই নীতির ভিত্তিতে কোন ব্যবসায়ের উৎপত্তি হয়েছে? ১
(খ) একমালিকানা ব্যবসায়ের আয়তন ক্ষুদ্র হয় কেন? ব্যাখ্যা করো। ২
(গ) আদিত্য বড়ুয়ার পরিবর্তিত ব্যবসায় সংগঠনটি মালিকানার ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
(ঘ) আদিত্য বড়ুয়ার ব্যবসায়ের ধরন পরিবর্তনের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৩। মি. মতিন একজন ফল ব্যবসায়ী। তিনি আমের মৌসুমে রাজশাহী গিয়ে প্রচুর আম সংগ্রহ করেন। আমগুলোর আকার ও গুণগত মান বিবেচনা করে পৃথক ঝুড়িতে ভরে ঢাকায় আনেন। এর ফলে খুচরা ব্যবসায় ও ক্রেতাগণ তাদের পছন্দমত ও পরিমাণ অনুযায়ী আম কেনার সুযোগ পায়। গুদামজাতকরণের সু-ব্যবস্থা না থাকায় মাঝেমধ্যে আম পচে যায়।

(ক) সাধারণ অর্থে বিপণন কাকে বলে? ১
(খ) বিক্রয়িকতা কী? ব্যাখ্যা করো। ২
(গ) মি. মতিন ঝুড়িতে আম ভরার পূর্বে বিপণনের কোন কাজটি সম্পন্ন করেন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) মি. মতিনের ব্যবসায়ের জন্য 'গুদামজাতকরণ খুবই প্রয়োজন'— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪। গাজীপুর শিল্পাঞ্চলে জনাব সজলের একটি পশুপালন খামার আছে। জনবহুল স্থান হওয়ায় সেখানে মাংসের প্রচুর চাহিদা আছে। নদীর তীরে খামার স্থাপন করায় পরিবহণ সুবিধা পাওয়া যায়। এছাড়া বিস্তীর্ণ চরে সুলভে সবুজ ঘাস পাওয়া যায়। আশে-পাশে ব্যাংক থাকায় সহজে ঋণ সুবিধাও পাওয়া যায়।

(ক) ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা কোনটি? ১
(খ) পেশাজীবীদের কাজ কোন ধরনের ব্যবসায়ের অন্তর্গত? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব সজলের খামারটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জনাব সজলের খামার স্থাপনে পরিবেশের প্রভাব বিশ্লেষণ করো। ৪

৫। হিমেল ও রুবেল দুই বন্ধু। একই বাজারে পাশাপাশি দুইজনের দুইটি ব্যবসায় প্রতিষ্ঠান আছে। অগ্নিকাণ্ডে দুইজনের দোকান সম্পূর্ণ ভস্মিভূত হয়। বিমাচুক্তি থাকায় রুবেল ক্ষতিপূরণ পেয়ে ব্যবসায় চালিয়ে যেতে সক্ষম হন। অন্যদিকে বিমাচুক্তি না থাকায় হিমেল এর ব্যবসায় বন্ধ হয়ে যায়।

(ক) কপিরাইট কোন ধরনের সম্পদ? ১
(খ) বাংলাদেশে কোন ব্যবসায়ের নিবন্ধন ঐচ্ছিক? ব্যাখ্যা করো। ২
(গ) রুবেল কোন ধরনের বিমাচুক্তি করেছিল? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকের আলোকে বিমার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৬। জনাব আকাশ একজন ব্যবসায়ী। তার একটি দিঘী ছিল। তিনি এলাকার বেকার যুবকদের কর্মসংস্থানের কথা চিন্তা করে উক্ত দিঘীতে মাছ চাষ করার সিদ্ধান্ত নেন। তার খামারে কাজ করে কর্মীগণ দক্ষতা অর্জন করে অনেকে নিজেই মৎস্য খামার চালু করেন।

(ক) ব্যবসায় উদ্যোগ কী? ১
(খ) আমাদের দেশের যুবকদের চাকরির প্রতি আগ্রহী হওয়ার কারণ ব্যাখ্যা করো। ২
(গ) জনাব আকাশ আত্মকর্মী না কি উদ্যোক্তা? ব্যাখ্যা করো। ৩
(ঘ) দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আকাশ এর ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৭। জনাব এমরান তার কারখানায় পাউরুটি প্রস্তুত করেন। তিনি উৎপাদিত পাউরুটি তার এলাকার ছোট ছোট দোকানে সরবরাহ করেন। তিনি সুদৃশ্য প্যাকেটে পাউরুটি বাজারজাত করেন। ফলে ক্রেতারা সহজেই আকৃষ্ট হয়। পাউরুটির গুণাগুণ সম্পর্কে ভোক্তাদের ধারণা দেওয়ার জন্য বিভিন্ন বিদ্যালয়ে বিনামূল্যে পাউরুটি বিতরণ করেন। বর্তমানে তার ব্যবসায়ে প্রচুর মুনাফা হচ্ছে।

(ক) বিপণনের অন্যতম কাজ কী? ১
(খ) পণ্য স্থানান্তরের ফলে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২
(গ) জনাব এমরান পণ্য বাজারজাতকরণে কোন বণ্টনপ্রণালি ব্যবহার করেন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) জনাব এমরানের পণ্যের চাহিদা বৃদ্ধির কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৮। জনাব শাকিল সুন্দরবনের মধু বোতলজাত করে বাজারজাতকরণের সিদ্ধান্ত নেন। তিনি বাজার বিশ্লেষণ করে পণ্যটির চাহিদা সম্পর্কে ইতিবাচক ফলাফল পেয়ে 'সুন্দরবন মধু বিতান' নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। তিনি মধু প্রক্রিয়াজাতকরণের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয় করতে ব্যাংক থেকে ঋণ গ্রহণের কথা ভাবছেন। সুন্দরবনের মধুর ব্যাপক প্রচার, উন্নত মান, পরিবহণ ব্যবস্থার উন্নয়ন ও স্থিতিশীল চাহিদার কারণে ব্যবসায় দ্রুত প্রসারিত হচ্ছে।

(ক) প্রকল্প প্রণয়নের শেষ ধাপ কোনটি? ১
(খ) সম আয়-ব্যয় বিশ্লেষণ বলতে কী বোঝায়? ২
(গ) জনাব শাকিল প্রকল্প নির্বাচনে কোন পদ্ধতি অবলম্বন করেছেন? ব্যাখ্যা করো। ৩
(ঘ) "সঠিক প্রকল্প নির্বাচনই ব্যবসায়ে সাফল্য আনে"—উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৯। মিস ম্যাচিং চাকমা স্থানীয় NGO থেকে প্রশিক্ষণ নিয়ে গৃহস্থালি ও সৌখিন পণ্য তৈরির সিদ্ধান্ত নেন। কাঁচামালের সহজলভ্যতার কথা চিন্তা করে বেতের ঝুড়ি, খেলনা, চেয়ার ও বাঁশের চাটাই এবং গৃহস্থালীর নিত্য প্রয়োজনীয় পণ্য তৈরি করে স্থানীয় বাজারের পাশাপাশি পাইকারি বাজারেও বিক্রি করে উপার্জন শুরু করেন। চাহিদা বৃদ্ধি পাওয়ায় পরিবারের অন্যান্য সদস্যরাও তাকে সাহায্য করছেন। অধিক মুনাফা লাভের আশায় বর্তমানে ঘর সাজানোর বিভিন্ন জিনিস তৈরি শুরু করেছেন।

(ক) সেবা শিল্প কাকে বলে? ১
(খ) সহায়ক সেবা কাকে বলে? ব্যাখ্যা করো। ২
(গ) মিস ম্যাচিং চাকমার শিল্পটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
(ঘ) রাঙামাটির মতো জেলার আর্থিক উন্নয়নে মিস ম্যাচিং চাকমার শিল্পের অবদান মূল্যায়ন করো। ৪

১০। নবীন কুমার একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ম্যানেজার। তিনি কর্মীদের মতামত নিয়ে কাজ করেন না। তার ভাবনা কর্মীদের চাপ দিয়ে কাজ না করালে তারা অলস হয়ে পড়বেন। তাছাড়া তিনি বিভিন্ন সিদ্ধান্ত আলোচনা না করেই কর্মীদের উপর চাপিয়ে দেন। সবসময় কর্মীদের প্রতি নেতিবাচক মনোভাব পোষণ করেন। অপরপক্ষে পার্শ্বের প্রতিষ্ঠানের ম্যানেজার মি. সোহাগ কর্মীদের সাথে পরামর্শ করে সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি তার সততা, দক্ষতা, সহনশীলতা ও অভিজ্ঞতা দিয়ে অল্প দিনেই কর্মীদের পছন্দের ব্যক্তি হিসেবে সুনাম অর্জন করেন। ফলে কর্মীগণ আন্তরিকতা ও পরিশ্রম করে নিজ নিজ কাজ সম্পন্ন করায় উৎপাদন ও মুনাফা বৃদ্ধি পেয়েই চলছে।

(ক) ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহের প্রধান উৎস কোনটি? ১
(খ) মুক্ত নেতৃত্ব কী? ব্যাখ্যা করো। ২
(গ) নবীন কুমার কোন ধরনের নেতা? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩
(ঘ) মি. সোহাগের প্রতিষ্ঠানের কর্মীরা নিজেদের প্রতিষ্ঠানের অংশ মনে করেন— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১। গাজীপুরের সালনায় অবস্থিত শিল্পকারখানার ধোঁয়া যথাযথভাবে পরিশোধনের ব্যবস্থা না থাকায় উক্ত এলাকার মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যাওয়ায় তারা নানা রোগে ভুগছে, বিশেষ করে শিশুরা বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে।

(ক) ব্যবসায় কোন ধরনের প্রতিষ্ঠান? ১
(খ) নৈতিকতা বলতে কী বোঝায়? ২
(গ) উদ্দীপকে গাজীপুরে কোন ধরনের দূষণের চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) গাজীপুরের সালনার শিল্প মালিকদের কোনটির অভাব রয়েছে? বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা (সিলেট বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | খ | ৮ | গ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** মি. সাগর লেখাপড়া শেষ করে নিজস্ব মূলধন ও ব্যাংক থেকে ঋণ নিয়ে আলুর চিপস তৈরির কারখানা স্থাপন করেন। বাজার চাহিদা যাচাই করে উৎপাদন পরিকল্পনা প্রণয়ন করেন। তিনি তার এলাকার সদ্য এইচএসসি পাশা করা কয়েকজন যুবককে কর্মী হিসেবে নিয়োগ করেন। কিন্তু সময় স্বল্পতার কারণে তাদের দক্ষতা যাচাই করা সম্ভব হয়নি। তিনি ব্যবসায় আশানুরূপ সফলতা পাননি।

ক. আত্ম-কর্মসংস্থানের সবচেয়ে বড় মূলধন কী? ১

খ. ব্যবসায়ে সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত কোনটি? ব্যাখ্যা করো। ২

গ. মি. সাগর কোন ধরনের কর্মসংস্থানের সাথে জড়িত? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. সাগরের ব্যবসায়ে সাফল্য না পাওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

[সি. বো. ২০২৫]

### ১নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▸ ০২** আদিত্য বড়ুয়া তাদের পূর্ব-পুরুষদের প্রাচীন ব্যবসায়টি পরিচালনা করে আসছিলেন। বর্তমানে পণ্যের চাহিদা বৃদ্ধি এবং ব্যবসায়টি আধুনিকায়নের জন্য বন্ধু মি. অনিককে চুক্তির ভিত্তিতে ব্যবসায় অন্তর্ভুক্ত করেন। মি. অনিক ব্যবসায় মূলধন বিনিয়োগ করে মুনাফার অংশ নিলেও ব্যবসায় পরিচালনায় স্বক্রিয়ভাবে অংশগ্রহণ করেন না।

ক. 'একতাই বল' এই নীতির ভিত্তিতে কোন ব্যবসায়ের উৎপত্তি হয়েছে? ১

খ. একমালিকানা ব্যবসায়ের আয়তন ক্ষুদ্র হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. আদিত্য বড়ুয়ার পরিবর্তিত ব্যবসায় সংগঠনটি মালিকানার ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. আদিত্য বড়ুয়ার ব্যবসায়ের ধরন পরিবর্তনের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

[সি. বো. ২০২৫]

### ২নং প্রশ্নের উত্তর

**ক** 'একতাই বল' এই নীতির ভিত্তিতে সমবায় ব্যবসায়ের উৎপত্তি হয়েছে।

**খ** মূলধনের স্বল্পতা ও একজন ব্যক্তি মালিকানার জন্য একমালিকানা ব্যবসায়ের আয়তন ছোটো হয়।

সাধারণভাবে একজন ব্যক্তির মালিকানায় প্রতিষ্ঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়কে একমালিকানা ব্যবসায় বলা হয়। মুনাফা অর্জনের লক্ষ্য যেকোনো ব্যক্তি নিজ দায়িত্বে মূলধন জোগাড় করে এ ধরনের ব্যবসায় গঠন ও পরিচালনা করতে পারে এবং ব্যবসায়ে অর্জিত সকল লাভ নিজে ভোগ করে বা ক্ষতি হলে নিজেই তা বহন করে। এ ধরনের ব্যবসায় গঠন অত্যন্ত সহজ। যেকোনো ব্যক্তিই নিজের উদ্যোগে স্বল্প অর্থ নিয়ে এ জাতীয় ব্যবসায় শুরু করতে পারে। তাই এ ধরনের ব্যবসায়ের আয়তন ছোটো হয়।

**গ** আদিত্য বড়ুয়ার পরিবর্তিত ব্যবসায় সংগঠনটি মালিকানার ভিত্তিতে অংশীদারি ব্যবসায়।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে দুই বা ততোধিক ব্যক্তি সমঝোতার ভিত্তিতে চুক্তিবন্ধ সম্পর্কের মাধ্যমে যে বৈধ ব্যবসায় পরিচালনা করে তাকে অংশীদারি ব্যবসায় বলে। চুক্তিবন্ধ সম্পর্কের আলোকেই এ ব্যবসায় গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়। পারস্পরিক আস্থা ও বিশ্বাসের উপর ভিত্তি করে এ ব্যবসায় গড়ে ওঠে।

উদ্দীপকের আদিত্য বড়ুয়া তাদের পূর্ব পুরুষদের প্রাচীন ব্যবসায়টি পরিচালনা করে আসছিলেন। বর্তমানে পণ্যের চাহিদা বৃদ্ধি এবং ব্যবসায়টি আধুনিকায়নের জন্য বন্ধু মি. অনিককে চুক্তির ভিত্তিতে ব্যবসায় অন্তর্ভুক্ত করেন। তবে মি. অনিক মূলধন বিনিয়োগ করে মুনাফা নিলেও ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করেন না। অর্থাৎ তিনি তার ব্যবসায়টি অংশীদারি ব্যবসায়ে রূপান্তর করেন। অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি হলো চুক্তি। এ ব্যবসায়ের অংশীদারগণ চুক্তিতে বর্ণিত নিয়মানুযায়ী মূলধন সরবরাহ করে থাকে। ব্যবসায়ের লাভ-লোকসানও চুক্তি অনুযায়ী বণ্টিত হয়। ব্যবসায়ের পরিচালনা সংক্রান্ত যাবতীয় সিদ্ধান্তও এ চুক্তি অনুযায়ী গৃহীত হয়। তাই বলা যায়, আদিত্য বড়ুয়ার পরিবর্তিত ব্যবসায় সংগঠনটি অংশীদারি ব্যবসায়।

**ঘ** আদিত্য বড়ুয়া তার ব্যবসায়কে একমালিকানা থেকে অংশীদারি ব্যবসায়ে রূপান্তর করেছেন; আর তার এ ব্যবসায়ের ধরন পরিবর্তনকে আমি যৌক্তিক বলে মনে করি।

ব্যবসায় জগতে একমালিকানা ব্যবসায় সবচেয়ে প্রাচীন ও জনপ্রিয় হলেও একক মালিকের মূলধনের স্বল্পতা, অসীম দায়, ব্যবসায়ের ক্ষুদ্র আওতা ইত্যাদি সীমাবদ্ধতার জন্য ব্যবসায়ের পরিধি আরও বৃদ্ধি ও ঝুঁকি কমিয়ে অংশীদারিত্বের ভিত্তিতে ব্যবসায় করার প্রয়োজনীয়তা দেখা দেয়। একমালিকানার মতো এ ব্যবসায়ের গঠনও সহজ এবং এর কোনো আইনগত জটিলতা নেই।

উদ্দীপকের আদিত্য বড়ুয়া প্রথমদিকে একমালিকানা ব্যবসায় পরিচালনা করে আসছিলেন। বর্তমানে তার পণ্যের চাহিদা বৃদ্ধি এবং ব্যবসায়টি আধুনিকায়নের জন্য তিনি তার বন্ধু অনিককে চুক্তির ভিত্তিতে ব্যবসায়

অন্তর্ভুক্ত করেন। তবে মি. অনিক মূলধন বিনিয়োগ ও মুনাফার অংশ নিলেও ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করেন না। অর্থাৎ আদিত্য বড়ুয়া তার ব্যবসায়কে একমালিকানা ব্যবসায় হতে অংশীদারি ব্যবসায়ে রূপান্তর করেছেন।

একমালিকানা ব্যবসায় একটি প্রাচীন ব্যবসায় সংগঠন হলেও এর কিছু সীমাবদ্ধতা রয়েছে। মূলত এ সীমাবদ্ধতাগুলো দূর করার প্রয়োজনে অংশীদারি ব্যবসায়ের উদ্ভব ঘটে। একমালিকানা ব্যবসায়ে মূলধন স্বল্প থাকে এবং মালিক একজন হওয়ায় অনেক সময় তার পক্ষে প্রয়োজনে মূলধন আনয়ন করা সম্ভব হয় না। অপরদিকে অংশীদারি ব্যবসায়ে একাধিক অংশীদার থাকে ফলে ব্যবসায় পরিচালনায় কখনো মূলধনের স্বল্পতা হয় না। কারণ একজন অংশীদারের অর্থের ঘাটতি থাকলেও অন্য অংশীদার দ্বারা তা পূরণ করা যায়। একমালিকানা ব্যবসায়ে তাই চাহিদা বৃদ্ধি পেলে পর্যাপ্ত মূলধনের অভাবে উৎপাদন প্রক্রিয়া ব্যাহত হয়, যা অংশীদারি ব্যবসায়ে হয় না। আদিত্য বড়ুয়া তার ব্যবসায়ের ধরনে পরিবর্তন আনায় তার প্রতিষ্ঠানের মূলধনের স্বল্পতা সমস্যা ও দায় হ্রাস পাবে এবং উৎপাদন অব্যাহত থাকবে। ফলে প্রতিষ্ঠান কাঙ্ক্ষিত সফলতা অর্জন করতে পারবে। তাই বলা যায়, আদিত্য বড়ুয়ার ব্যবসায়ের ধরন পরিবর্তন যৌক্তিক।

**প্রশ্ন ▶ ০৩** মি. মতিন একজন ফল ব্যবসায়ী। তিনি আমের মৌসুমে রাজশাহী গিয়ে প্রচুর আম সংগ্রহ করেন। আমগুলোর আকার ও গুণগত মান বিবেচনা করে পৃথক ঝুড়িতে ভরে ঢাকায় আনেন। এর ফলে খুচরা ব্যবসায় ও ক্রেতাগণ তাদের পছন্দমত ও পরিমাণ অনুযায়ী আম কেনার সুযোগ পায়। গুদামজাতকরণের সু-ব্যবস্থা না থাকায় মাঝেমধ্যে আম পচে যায়।

ক. সাধারণ অর্থে বিপণন কাকে বলে? ১
খ. বিক্রয়িকতা কী? ব্যাখ্যা করো। ২
গ. মি. মতিন ঝুড়িতে আম ভরার পূর্বে বিপণনের কোন কাজটি সম্পন্ন করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. মতিনের ব্যবসায়ের জন্য 'গুদামজাতকরণ খুবই প্রয়োজন'— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

[সি. বো. ২০২৫]

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** সাধারণ অর্থে পণ্যদ্রব্য বা সেবা সামগ্রী ক্রয়-বিক্রয়ের কাজকে বিপণন বলে।

**খ** ক্রেতা আকর্ষণ করার কৌশল বা দক্ষতাকে বিক্রয়িকতা বলে।

এর মাধ্যমে একজন বিক্রয়কর্মী তার দক্ষতা ও কৌশলকে কাজে লাগিয়ে সম্ভাব্য ক্রেতার নিকট পণ্য বা সেবাসামগ্রী বিক্রয় করতে সক্ষম হয়। এছাড়াও তিনি তার নিজ গুণে ব্যবসায় ও পণ্য সম্পর্কে ক্রেতাদের আস্থা অর্জন করে তাদেরকে স্থায়ী গ্রাহকে পরিণত করে থাকেন।

**গ** কি. মতিন ঝুড়িতে আম ভরার পূর্বে বিপণনের পর্যায়িতকরণের কাজটি সম্পন্ন করেন।

মান অনুযায়ী পণ্যকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করাকে পর্যায়িতকরণ বলা হয়। সাধারণত ওজন, আকার ও গুণাগুণ অনুযায়ী পর্যায়িতকরণ করা হয়। ফলে বিক্রয় সহজ হয় এবং ক্রেতারা সহজেই তাদের পছন্দমতো পণ্য সংগ্রহ করতে পারে।

উদ্দীপকের মি. মতিন ফল ব্যবসায়ী। তিনি আমের মৌসুমে রাজশাহী গিয়ে প্রচুর আম সংগ্রহ করেন। আমগুলোর আকার ও গুণগত মান বিবেচনা করে পৃথক ঝুড়িতে ভরে ঢাকায় আনেন। এর ফলে খুচরা ব্যবসায়ী ও ক্রেতাগণ তাদের পছন্দমতো ও পরিমাণ অনুযায়ী আম কেনার সুযোগ পায়। এভাবে আমগুলোকে তাদের আকার ও গুণগত মান অনুযায়ী পৃথক করার ফলে ক্রেতা ও ভোক্তারা তাদের চাহিদা অনুযায়ী আম সহজেই কিনতে পারে ফলে তার বিক্রয় সহজ হয়। এতে করে ক্রেতাদের কাছে তার গ্রহণযোগ্যতাও বৃদ্ধি পায় ফলে বিক্রয় বৃদ্ধি পেয়ে কাঙ্ক্ষিত মুনাফা অর্জিত হয়। আর পণ্যের এরূপ শ্রেণিবিন্যাস বলতে মূলত পর্যায়িতকরণেই বোঝায়। অর্থাৎ মি. মতিন ঝুড়িতে আম ভরার পূর্বে বিপণনের পর্যায়িতকরণের কাজটি সম্পন্ন করেন।

**ঘ** মি. মতিনের ব্যবসায়ের জন্য গুদামজাতকরণ খুবই প্রয়োজন বলে আমি মনে করি।

গুদামজাতকরণের মাধ্যমে পণ্যের সময়গত উপযোগ সৃষ্টি হয়। বিপণনের সকল পর্যায়ে পণ্যসামগ্রী সংরক্ষণের প্রয়োজন হয়। অনেক পণ্য বছরের একটি নির্দিষ্ট সময়ে উৎপাদিত হয় কিন্তু তা ব্যবহার হয় সারা বছর। তাই বছরব্যাপী চাহিদা মেটানোর জন্য এসব পণ্য গুদামজাত করা হয়।

উদ্দীপকের মি. মতিন একজন ফল ব্যবসায়ী। রাজশাহী থেকে আমের মৌসুমে তিনি প্রচুর পরিমাণে আম সংগ্রহ করে সেগুলো পর্যায়িতকরণের মাধ্যমে ঢাকায় আনেন। এর ফলে খুচরা ব্যবসায়ী ও ক্রেতাগণ তাদের চাহিদা মোতাবেক আম কেনার সুযোগ পায়। কিন্তু গুদামজাতকরণের সু-ব্যবস্থা না থাকায় মাঝেমধ্যে আম পচে যায়। যার ফলে তার ব্যবসায়ে ক্ষতির সম্ভাবনা সৃষ্টি হয়। কিন্তু তিনি যদি আমগুলো গুদামজাতকরণের মাধ্যমে সংরক্ষণ করতেন তাহলে তাকে এরূপ ক্ষতির সম্মুখীন হতে হতো না।

মি. মতিন প্রচুর পরিমাণে আম সংগ্রহ করে কোনোরূপ গুদামজাতকরণ ছাড়াই তা ক্রেতাদের নিকট বিক্রয় করে। কিন্তু গুদামজাতকরণ বিপণনের একটি গুরুত্বপূর্ণ কাজ। আম একটি মৌসুমী কৃষি পণ্য অর্থাৎ এটি বছরের একটি নির্দিষ্ট সময়ে উৎপাদন হয়। কিন্তু এর চাহিদা সারা বছরব্যাপী বিদ্যমান থাকে। তাছাড়া এটি পচনশীল বিধায় যথাযথভাবে সংরক্ষণ না করে রাখলে এটি নষ্ট হয়ে যাওয়ার আশঙ্কা থাকে। তাই ভবিষ্যতের প্রয়োজন মেটানো ও নষ্ট হয়ে যাওয়ার হাত থেকে রক্ষা করার জন্য এটি গুদামজাতকরণের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। গুদামজাতকরণের মাধ্যমে পণ্যের উৎপাদন ও চূড়ান্ত বিক্রয়ের মধ্যবর্তী সময়ে পণ্য নিরাপদে থাকে। এটি ভোক্তার কাছে পণ্য পৌঁছানোর আগ পর্যন্ত সময়ে পণ্যের গুণগত মান রক্ষা করে। এটি একদিকে যেমন কৃষিপণ্যকে বা যেকোনো পণ্য নষ্ট হওয়ার হাত থেকে রক্ষা করে দেশের মানুষের খাদ্য চাহিদা মিটিয়ে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করে, অপরদিকে ব্যবসা-বণিজ্যেরও প্রসার ঘটায়। উন্নতমানের পণ্য পেয়ে ক্রেতা বিক্রেতার উপর সন্তুষ্ট থাকে এবং তার স্থায়ী গ্রাহকে পরিণত হয়। তাই বলা যায়, মি. মতিনের ব্যবসায়ের জন্য গুদামজাতকরণ অত্যন্ত প্রয়োজনীয় একটি বিপণন কার্যক্রম, যা তার আর্থিক ঝুঁকি হ্রাস করে মুনাফা অর্জনের পথকে সুগম করবে।

**প্রশ্ন ▶ ০৪** গাজীপুর শিল্পাঞ্চলে জনাব সজলের একটি পশুপালন খামার আছে। জনবহুল স্থান হওয়ায় সেখানে মাংসের প্রচুর চাহিদা আছে। নদীর তীরে খামার স্থাপন করায় পরিবহণ সুবিধা পাওয়া যায়। এছাড়া বিস্তীর্ণ চরে সুলভে সবুজ ঘাস পাওয়া যায়। আশে-পাশে ব্যাংক থাকায় সহজে ঋণ সুবিধাও পাওয়া যায়।

ক. ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা কোনটি? ১

খ. পেশাজীবীদের কাজ কোন ধরনের ব্যবসায়ের অন্তর্গত? ব্যাখ্যা করো। ২

গ. জনাব সজলের খামারটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব সজলের খামার স্থাপনে পরিবেশের প্রভাব বিশ্লেষণ করো। ৪

[সি. বো. ২০২৫]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা হলো বাণিজ্য।

**খ** পেশাজীবীদের কাজ প্রত্যক্ষ সেবামূলক ব্যবসায়ের অন্তর্গত। এ ধরনের সেবায় ডাক্তার, উকিল, প্রকৌশলী প্রমুখ পেশাজীবীরা অন্তর্ভুক্ত। তারা অর্থের বিনিময়ে বিভিন্ন সেবা দিয়ে থাকেন। এটি আধুনিক ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ শাখা। এর মাধ্যমে গ্রাহকরা সেবা পেয়ে উপকৃত হন ও তাদের সমস্যার সমাধানও হয়।

**গ** জনাব সজলের খামারটি প্রজনন শিল্পের অন্তর্গত।

যে শিল্পে উৎপাদিত সমাগ্রী পুনরায় সৃষ্টি বা উৎপাদনের কাজে ব্যবহৃত হয়, তাকে প্রজনন শিল্প বলা হয়। এ ধরনের শিল্পে মূলত প্রজনন প্রক্রিয়া ব্যবহার করে সম্পদ সৃষ্টি করা হয়। নার্সারি, হ্যাচারি, গরুর খামার ইত্যাদি এ শিল্পের অন্তর্গত।

উদ্দীপকের জনাব সজলের গাজীপুর শিল্পাঞ্চলে একটি পশুপালন খামার আছে। তার এ খামার ব্যবসায়টি প্রজনন শিল্পের অন্তর্গত। কেননা প্রজনন শিল্পের মাধ্যমে গাছপালা ও প্রাণীর বংশবৃদ্ধি করা হয়। এ শিল্পের প্রকৃতিপ্রদত্ত সম্পদ লালন পালন করে সেগুলোর বংশবৃদ্ধি বা স্বাভাবিক ফলনের মাধ্যমে সম্পদ সৃষ্টি করা হয়। জনাব সজলও তার পশুপালন খামারের পশুগুলোকে লালন পালন করে সেগুলোর বংশবৃদ্ধি ঘটাতে পারেন। অর্থাৎ এক্ষেত্রে তার খামারের পশুগুলো পুনরায় তার খামারের পশুর বংশবৃদ্ধির কাজে ব্যবহৃত হয় আর উৎপাদিত সামগ্রী পুনরায় উৎপাদন বা সৃষ্টির কাজে ব্যবহৃত হলে তা প্রজনন শিল্পের অন্তর্গত।

**ঘ** জনাব সজলের খামার স্থাপনে ব্যবসায় উদ্যোগের অনুকূল পরিবেশ অনেক গুরুত্বপূর্ণ প্রভাব ফেলেছে।

উন্নত বিশ্বের অগ্রগতির একটি প্রধান কারণ হলো ব্যবসায় পতিষ্ঠা, পরিচালনা ও সম্প্রসারণের অনুকূল পরিবেশ। উন্নত অবকাঠামো, সরকারি পৃষ্ঠপোষকতা, আর্থ সামাজিক, স্থিতিশীলতা, পর্যাপ্ত পুঁজি প্রভৃতি অনুকূল ব্যবসায় পরিবেশ সৃষ্টিতে সহায়ক।

উদ্দীপকের জনাব সজলের গাজীপুর শিল্পাঞ্চলে একটি পশুপালন খামার আছে। তিনি তার খামারটি জনবহুল স্থানে প্রতিষ্ঠা করেছেন ফলে সেখানে মাংসের প্রচুর চাহিদা রয়েছে। নদীর তীরে খামার স্থাপন করায় পরিবহণ সুবিধা পাওয়া যায়। এছাড়া বিস্তীর্ণ চরে সুলভে সবুজ ঘাস পাওয়া যায়। আশেপাশে ব্যাংক থাকায় প্রয়োজনে তিনি সহজে ঋণ সুবিধাও পেয়ে থাকেন। অর্থাৎ তিনি তার খামার স্থাপনে উন্নত অবকাঠামো ও পর্যাপ্ত পুঁজির প্রাপ্যতাকে গুরুত্ব দিয়ে ব্যবসায়ের অনুকূল পরিবেশকে নিশ্চিত করেছেন।

যেকোনো ব্যবসায় স্থাপনের পূর্বে যে স্থানে ব্যবসায়টি স্থাপন করা হবে সে স্থানের অবকাঠামোগত উপাদানকে বিবেচনা করতে হয়। ব্যবসায় পরিচালনার জন্য আনুষঙ্গিক কিছু সুযোগ-সুবিধা। যেমন : বিদ্যুৎ, গ্যাস ও যাতায়াত ব্যবস্থা দরকার। ব্যবসায়ের অনুকূল পরিবেশ সৃষ্টির জন্য এই সকল উপাদান থাকা বাঞ্ছনীয়। জনাব সজলও তার খামারটি স্থাপনের ক্ষেত্রে এসব বিষয়াদি বিবেচনা করেছেন। তিনি তার ব্যবসায়টি স্থাপনের ক্ষেত্রে তার পণ্যের চাহিদা, পরিবহন ব্যবস্থা, পর্যাপ্ত কাঁচামালের সহজলভ্যতা এসব বিষয়ে লক্ষ রেখেছেন। এছাড়া তিনি স্থান নির্বাচনে সহজে যেন ব্যাংকিং সুবিধা পাওয়া যায় এ বিষয়টিও মাথায় রেখেছেন। ফলে তিনি তার প্রয়োজনে সহজেই ব্যাংক হতে ঋণ সুবিধা নিয়ে: ব্যবসায়িক কার্যক্রম অব্যাহত রাখতে সক্ষম হবেন। তাই বলা যায়, জনাব সজলের খামার স্থাপনে উন্নত অবকাঠামোগত সুবিধা ও পর্যাপ্ত পুঁজির প্রাপ্যতা এ দুটি উপাদান গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করেছিল।

**প্রশ্ন ▶ ০৫** হিমেল ও রুবেল দুই বন্ধু। একই বাজারে পাশাপাশি দুইজনের দুইটি ব্যবসায় প্রতিষ্ঠান আছে। অগ্নিকাণ্ডে দুইজনের দোকান সম্পূর্ণ ভস্মিভূত হয়। বিমাচুক্তি থাকায় রুবেল ক্ষতিপূরণ পেয়ে ব্যবসায় চালিয়ে যেতে সক্ষম হন। অন্যদিকে বিমাচুক্তি না থাকায় হিমেল এর ব্যবসায় বন্ধ হয়ে যায়।

ক. কপিরাইট কোন ধরনের সম্পদ? ১

খ. বাংলাদেশে কোন ব্যবসায়ের নিবন্ধন ঐচ্ছিক? ব্যাখ্যা করো। ২

গ. রুবেল কোন ধরনের বিমাচুক্তি করেছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বিমার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

[সি. বো. ২০২৫]

**৫নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৬** জনাব আকাশ একজন ব্যবসায়ী। তার একটি দিঘী ছিল। তিনি এলাকার বেকার যুবকদের কর্মসংস্থানের কথা চিন্তা করে উক্ত দিঘীতে মাছ চাষ করার সিদ্ধান্ত নেন। তার খামারে কাজ করে কর্মীগণ দক্ষতা অর্জন করে অনেকে নিজেই মৎস্য খামার চালু করেন।

ক. ব্যবসায় উদ্যোগ কী? ১

খ. আমাদের দেশের যুবকদের চাকরির প্রতি আগ্রহী হওয়ার কারণ ব্যাখ্যা করো। ২

গ. জনাব আকাশ আত্মকর্মী না কি উদ্যোক্তা? ব্যাখ্যা করো। ৩

ঘ. দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আকাশ এর ভূমিকা বিশ্লেষণ করো। ৪

[সি. বো. ২০২৫]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় উদ্যোগ বলতে বোঝায় লাভবান হওয়ার আশায় লোকসানের আশঙ্কা জেনেও ঝুঁকি নিয়ে ব্যবসায় প্রতিষ্ঠার জন্য দৃঢ়ভাবে এগিয়ে যাওয়া ও সফলভাবে ব্যবসায় পরিচালনা করা।

**খ** আমাদের দেশে চাকরির প্রতি আগ্রহের কারণ হলো প্রচলিত শিক্ষা ব্যবস্থা।

প্রাচীনকাল থেকেই আমাদের দেশের মানুষ কৃষির ওপর নির্ভরশীল। ফলে শিল্প-বাণিজ্যে লোকজনের আগ্রহ আগে থেকেই কম। প্রচলিত শিক্ষা ব্যবস্থা শিক্ষার্থীদেরকে চাকরির প্রতি অধিকভাবে আগ্রহী করে তোলে। প্রচলিত শিক্ষার প্রভাব এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার অপর্যাপ্ততা যুবসমাজকে চাকরির প্রতি আকৃষ্ট করে তোলে।

**গ** জনাব আকাশ একজন উদ্যোক্তা।

যে ব্যক্তি দৃঢ় মনোবল ও সাহসিকতার সাথে ফলাফল অনিশ্চিত জেনেও ব্যবসায় স্থাপন করেন এবং সফলভাবে ব্যবসায় পরিচালনা করেন, তিনি ব্যবসায় উদ্যোক্ত। উদ্যোক্তরা ঝুঁকি আছে জেনেও লাভের আশায় ব্যবসায় পরিচালনা করে থাকে। তারা নিজেদের পাশাপাশি অনেকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে।

উদ্দীপকের জনাব আকাশ একজন ব্যবসায়ী তার একটি দিঘি ছিল। তিনি এলাকার বেকার যুবকদের কর্মসংস্থানের কথা চিন্তা করে উক্ত দিঘিতে মাছচাষ করার সিদ্ধান্ত নেন। এক্ষেত্রে জনাব আকাশ লাভের আশায় ঝুঁকি আছে জেনেও ব্যবসায় উদ্যোগটি গ্রহণ করেন। এ উদ্যোগটি গ্রহণে তিনি নিজের কমংসংস্থানের কথা চিন্তা না করে তার এলাকার বেকার যুবকদের কমংসংস্থানের কথা চিন্তা করেছেন। যখন কোনো ব্যক্তি নিজের কমংসংস্থানের কথা মাথায় রেখে উদ্যোগ গ্রহণ করেন তখন তিনি হন আত্মকর্মী। আর যখন কোনো ব্যক্তি নিজের কর্মসংস্থানের পাশাপাশি অন্যদের কর্মসংস্থানের কথা চিন্তা করে ব্যবসায় প্রতিষ্ঠা করেন তখন তিনি আর আত্মকর্মী থাকেন না ব্যবসায় উদ্যোক্তায় পরিণত হন। তাই বলা যায়, জনাব আকাশ একজন উদ্যোক্তা।

**ঘ** দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আকাশের ভূমিকা অপরিসীম।

যেকোনো দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগ ও উদ্যোক্তার অবদান খুবই গুরুত্বপূর্ণ। আজকের উন্নত দেশগুলোর অর্থনৈতিক সমৃদ্ধি ও উন্নয়নের ভিত্তি হচ্ছে উদ্যোক্তাদের সক্রিয় ভূমিকা। বাংলাদেশের মতো বিশাল জনসংখ্যার দেশে অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টিতেও ব্যবসায় উদ্যোগ ও উদ্যোক্তার প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

উদ্দীপকের জনাব আকাশ একজন ব্যবসায়ী। তার যে দিঘি ছিল সেখানে তিনি তার এলাকার বেকার যুবকদের কর্মসংস্থানের কথা চিন্তা করে মাছ চাষ করার সিদ্ধান্ত নেন। তার খামারে কাজ করে কর্মীগণ দক্ষতা অর্জন করে অনেকে নিজেই মৎস্য খামার চালু করেন। অর্থাৎ তার এই খামার তার কর্মসংস্থানের পাশাপাশি অনেকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে এবং পাশাপাশি অনেককে তার মতো উদ্যোগ গ্রহণে উৎসাহিত করেছে।

জনাব আকাশ তার ব্যবসায়ে তার নিজের দিঘি ব্যবহার করেছেন। ব্যবসায়ে তিনি অনেক বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন। অর্থাৎ তিনি তার ব্যবসায়ের মাধ্যমে প্রাকৃতিক সম্পদ ও মানব সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করেন। বেকার যুবকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হওয়ায় দেশের বেকারত্ব হ্রাস পাবে এবং মাথাপিছু আয় বৃদ্ধি পাবে। আর কোনো দেশের মাথাপিছু আয় বৃদ্ধি পেলে সে দেশের জাতীয় আরও বৃদ্ধি পায়, যা দেশের অর্থনৈতিক উন্নয়নের উপর ইতিবাচক প্রভাব ফেলে। অন্যদিকে তার সাফল্য আরও অনেককে উদ্বুদ্ধ করবে, যার ফলস্বরূপ তারাও ব্যবসায় উদ্যোগ গ্রহণে উৎসাহিত হবে। আর যত বেশি ব্যবসায় উদ্যোগগ্রহণ হবে তত বেশি শিল্প প্রতিষ্ঠান স্থাপন হবে। আর দেশে শিল্প প্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধি পেলে দেশ সমৃদ্ধির পথে এগিয়ে যাবে। তাই বলা যায়, দেশের আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আকাশের ভূমিকা অপরিসীম।

**প্রশ্ন ▶ ০৭** জনাব এমরান তার কারখানায় পাউরুটি প্রস্তুত করেন। তিনি উৎপাদিত পাউরুটি তার এলাকার ছোট ছোট দোকানে সরবরাহ করেন। তিনি সুদৃশ্য প্যাকেটে পাউরুটি বাজারজাত করেন। ফলে ক্রেতারা সহজেই আকৃষ্ট হয়। পাউরুটির গুণাগুণ সম্পর্কে ভোক্তাদের ধারণা দেওয়ার জন্য বিভিন্ন বিদ্যালয়ে বিনামূল্যে পাউরুটি বিতরণ করেন। বর্তমানে তার ব্যবসায়ে প্রচুর মুনাফা হচ্ছে।

ক. বিপণনের অন্যতম কাজ কী? ১

খ. পণ্য স্থানান্তরের ফলে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব এমরান পণ্য বাজারজাতকরণে কোন বণ্টনপ্রণালি ব্যবহার করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব এমরানের পণ্যের চাহিদা বৃদ্ধির কারণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

[সি. বো. ২০২৫]

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** বিপণের অন্যতম কাজ হলো ক্রয়।

**খ** পণ্য স্থানান্তরের ফলে স্থানগত উপযোগ সৃষ্টি হয়।

কোনো পণ্য স্থানান্তরের মাধ্যমে যে উপযোগের সৃষ্টি হয় তাকে স্থানগত উপযোগ বলে। পরিবহণ পণ্যের স্থানগত উপযোগ সৃষ্টি করে। পরিবহণের মাধ্যমে পণ্য উৎপাদনকারীর নিকট হতে ব্যবহারকারী বা ভোক্তার নিকট পৌঁছায়। এর ফলে এক প্রান্ত বা দেশের উৎপাদিত পণ্য সামগ্রী পৃথিবীর যেকোনো প্রান্ত বা দেশের মানুষ ভোগ করতে পারে। অর্থাৎ দেশ বিদেশের বিভিন্ন স্থানে পণ্য সরবরাহের মাধ্যমে স্থানগত বাধা দূরীকরণে স্থানগত উপযোগের সৃষ্টি হয়।

**গ** জনাব এমরান পণ্য বাজারজাতকরণে খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালি ব্যবহার করেন।

যে বণ্টন প্রণালিতে উৎপাদিত পণ্য মধ্যস্থ ব্যবসায়ী অর্থাৎ খুচরা ব্যবসায়ীর মাধ্যমে ভোক্তাদের নিকট পৌঁছানো হয় তাকে খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালি বলা হয়। সাধারণত ধান, চাল, গোল আলু, সাবান, বিস্কুট, সেমাই ইত্যাদি এ পদ্ধতিতে বিক্রয় ও বণ্টন করা হয়।

উদ্দীপকের জনাব এমরান তার কারখানায় পাউরুটি প্রস্তুত করেন। তিনি উৎপাদিত পাউরুটি তার এলাকার ছোটো ছোটো দোকানে সুদৃশ্য

প্যাকেটে সরবরাহ করেন। এক্ষেত্রে তার অনুসরণকৃত বণ্টন প্রণালিটি হলো খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয়। অনেক ক্ষেত্রে পণ্য বিক্রয় বা বন্টনে মধ্যস্থ ব্যবসায়ী হিসেবে খুচরা ব্যবসায়ীর সাহায্য নেওয়া হয়। উৎপাদনকারীরা তাদের উৎপাদিত পণ্য নিজেরা ও খুচরা বিক্রেতার নিকট বিক্রয় করে। খুচরা ব্যবসায়ীগণ তাদের দোকানে পণ্য রেখে ভোক্তাদের নিকট চাহিদা অনুযায়ী সরবরাহ করে থাকে। তাই বলা যায়, জনাব এমরান পণ্য বাজারজাতকরণে খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালি ব্যবহার করেন।

**ঘ** জনাব এমরানের পণ্যের চাহিদা বৃদ্ধির কারণ হলো বিজ্ঞাপন।

বিজ্ঞাপন হলো পণ্য বা সেবা সামগ্রীর প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণের জন্য একটি অন্যতম উপায় বা কৌশল। পণ্যের চাহিদা, গুণাগুণ, মূল্য ও ক্রেতাদের কথা বিবেচনা করে বিজ্ঞাপনের উপযুক্ত মাধ্যম নির্বাচন করতে হয়। এতে ভোক্তাদের মনে পণ্যটি সম্পর্কে কৌতূহল সৃষ্টি হয় এবং পণ্যের চাহিদা বৃদ্ধি পায়।

উদ্দীপকের জনাব এমরান তার কারখানায় উৎপাদিত রুটি খুচরা ব্যবসায়ীর মাধ্যমে ভোক্তারে নিকট বিক্রয় করে থাকেন। তিনি সুদৃশ্য প্যাকেটে পাউরুটি বাজারজাত করেন। ফলে ক্রেতারা সহজেই আকৃষ্ট হয়। পাউরুটির গুণাগুণ সম্পর্কে ভোক্তাদের ধারণা দেওয়ার জন্য বিভিন্ন বিদ্যালয়ে বিনামূল্যে পাউরুটি বিতরণ করেন। বর্তমানে তার ব্যবসায় প্রচুর মুনাফা হচ্ছে। অর্থাৎ তিনি বিজ্ঞাপনের মাধ্যমে তার উৎপাদিত রুটি সম্পর্কে ভোক্তাদের অবগত করেছেন।

জনাব এমরান তার উৎপাদিত রুটিটি বিভিন্ন বিদ্যালয়ে বিনামূল্যে বিতরণের ফলে ক্রেতারা পণ্যটি সম্পর্কে বিস্তারিত জানতে পেরেছে এবং এর স্বাদ ও গুণাগুণ সম্পর্কে অবগত হয়েছে। অপরদিকে জনাব এমরানও সরাসরি তার পণ্যটি সম্পর্কে ক্রেতাদের মনোভাব জানতে পেরেছেন। ক্রেতারা তার উৎপাদিত রুটিটি কিনতে আগ্রহী কি না বা রুটিটির স্বাদের কোনো পরিবর্তন প্রয়োজন কি না সে সম্পর্কে ভেবেচিন্তে সিদ্ধান্ত নিয়ে তিনি তার উৎপাদন কৌশলে পরিবর্তনও আনতে পারবেন। পণ্য উৎপাদনে ক্রেতাদের মনোভাবের প্রাধান্য দেওয়ায় ক্রেতারা তার পণ্যের প্রতি ইতিবাচক থাকবে। এতে তার পণ্যের চাহিদা বৃদ্ধি পাবে ফলে বিক্রয় ও বৃদ্ধি পাবে এবং তা ব্যবসায়ে মুনাফা অর্জনের গতি ত্বরান্বিত হবে। তাই বলা যায়, বিনামূল্যে পণ্য বিতরণের মাধ্যমে বিজ্ঞাপন দেওয়ায় জনাব এমরানের পণ্যের চাহিদা বৃদ্ধি পেয়েছে।

**প্রশ্ন ▶ ০৮** জনাব শাকিল সুন্দরবনের মধু বোতলজাত করে বাজারজাতকরণের সিদ্ধান্ত নেন। তিনি বাজার বিশ্লেষণ করে পণ্যটির চাহিদা সম্পর্কে ইতিবাচক ফলাফল পেয়ে 'সুন্দরবন মধু বিতান' নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। তিনি মধু প্রক্রিয়াজাতকরণের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয় করতে ব্যাংক থেকে ঋণ গ্রহণের কথা ভাবছেন। সুন্দরবনের মধুর ব্যাপক প্রচার, উন্নত মান, পরিবহণ ব্যবস্থার উন্নয়ন ও স্থিতিশীল চাহিদার কারণে ব্যবসায় দ্রুত প্রসারিত হচ্ছে।

ক. প্রকল্প প্রণয়নের শেষ ধাপ কোনটি? ১

খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ বলতে কী বোঝায়? ২

গ. জনাব শাকিল প্রকল্প নির্বাচনে কোন পদ্ধতি অবলম্বন করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. "সঠিক প্রকল্প নির্বাচনই ব্যবসায়ে সাফল্য আনে"—উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

[সি. বো. ২০২৫]

## ৮নং প্রশ্নের উত্তর

**ক** প্রকল্প প্রণয়নের শেষ ধাপ হলো একটি সুন্দর প্রতিবেদন তৈরি করা।

**খ** সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যবসায়ের এমন একটি অবস্থাকে বোঝায় যখন আয়-ব্যয় সমান হয়।

সম আয়-ব্যয় ব্যবসায়ের এমন একটি পর্যায় যখন লাভও হয় না, ক্ষতিও হয় না। যে পরিমাণ পণ্য বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য, মোট ব্যয়ের সমপরিমাণ হয় তাকে সম আয়-ব্যয় বলা হয়। যে বিন্দুতে পণ্য বিক্রয় করলে আয়-ব্যয় সমান হয় তাকে সম আয় ব্যয় বিন্দু (Break Even Point) বলে। সম আয়-ব্যয় বিন্দু জানা থাকলে কাঙ্ক্ষিত মুনাফা অর্জনের আশায় পণ্যের সঠিক মূল্য নির্ধারণ, বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি, মুনাফা পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা যায়।

**গ** জনাব শাকিল প্রকল্প নির্বাচনে মাইক্রোস্ক্রিনিং পদ্ধতি অবলম্বন করেছেন।

প্রকল্প নির্বাচনের দুটি পদ্ধতির মধ্যে একটি হলো মাইক্রোস্ক্রিনিং। মাইক্রোস্ক্রিনিং হলো বাজার চাহিদা, কারিগরি, বাণিজ্যিক ও আর্থিক দিক এবং জাতীয় অর্থনীতিতে অবদান ইত্যাদি দিক বিবেচনা করে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করার বিস্তারিত প্রক্রিয়া।

উদ্দীপকের জনাব শাকিল সুন্দরবনের মধু বোতলজাত করে বাজারজাতকরণের সিদ্ধান্ত নেন। তিনি বাজার বিশ্লেষণ করে পণ্যটির চাহিদা সম্পর্কে ইতিবাচক ফলাফল পেয়ে 'সুন্দরবন মধু বিতান' নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। অর্থাৎ ব্যবসায় শুরুর পূর্বেই তিনি বাজার জরিপ ও গবেষণার মাধ্যমে পণ্যের চাহিদা নিরূপণ করেন, যা মাইক্রোস্ক্রিনিং এর উৎপাদন বাজার চাহিদার অন্তর্গত। এছাড়াও তিনি মধু প্রক্রিয়াজাতকরণের জন্য আধুনিক যন্ত্রপাতি ক্রয় করতে ব্যাংক থেকে ঋণ গ্রহণের কথাও চিন্তা করেছেন। অর্থাৎ তিনি ব্যবসায় স্থাপনে মাইক্রোস্ক্রিনিং এর কারিগরি ও বাণিজ্যিক দিকও যাচাই করেছেন। তাই বলা যায়, জনাব শাকিল প্রকল্প নির্বাচনে মাইক্রোস্ক্রিনিং পদ্ধতি অনুসরণ করেছেন।

**ঘ** 'সঠিক প্রকল্প নির্বাচনই ব্যবসায়ে সাফল্য আনে' -উক্তিটির সাথে আমি সম্পূর্ণভাবে একমত।

ব্যবসায়ের সাফল্য অনেকাংশে নির্ভর করে সঠিক প্রকল্প নির্বাচনের উপর। প্রকল্প হচ্ছে কোনো একটি নির্দিষ্ট সময়ের মধ্যে, নির্দিষ্ট লক্ষ্য বাস্তবায়নে প্রণীত পরিকল্পিত ও সুচিন্তিত কর্মপদ্ধতি। প্রকল্প একটি নির্দিষ্ট সময়ে শুরু হয়ে পূর্ব নির্ধারিত সময় অনুযায়ী পরিসমাপ্ত হয়। একটি প্রকল্প হতে পারে সম্পূর্ণ নতুন বিনিয়োগ সিদ্ধান্ত অথবা পুরাতন ব্যবসায়ের সম্প্রসারণ।

উদ্দীপকের জনাব শাকিল 'সুন্দরবন মধু বিতান' নামে একটি প্রতিষ্ঠান স্থাপন করেন। প্রতিষ্ঠান স্থাপনের পূর্বে তিনি বাজার বিশ্লেষণ করে পণ্যের চাহিদা নিরূপণ করেন।

পরবর্তীকালে তিনি আধুনিক যন্ত্রপাতি ক্রয়ের উদ্দেশ্যে ব্যাংক হতে ঋণ গ্রহণের কথা ভাবেন। সুন্দরবনের মধুর ব্যাপক প্রচার, উন্নত মান, পরিবহণ ব্যবস্থার উন্নয়ন ও স্থিতিশীল চাহিদার কারণে তার ব্যবসায় দ্রুত প্রসারিত হচ্ছে। অর্থাৎ তিনি তার ব্যবসায়ের জন্য সঠিক প্রকল্প নির্বাচনে সফল হয়েছেন।

সঠিক প্রকল্প নির্বাচন কোনো ব্যবসায়ের সাফল্য লভে ইতিবাচক ভূমিকা পালন করে। কোনো ব্যবসায় স্থাপনের আগে একাধিক প্রকল্প নির্বাচন করা হয়। একজন উদ্যোক্তা বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে কয়েকটি সম্ভাব্য ধারণা বা প্রকল্প চিহ্নিত করে একটি তালিকা করেন। এ তালিকাবদ্ধ ধারণাগুলো বিভিন্ন পদ্ধতির মাধ্যমে মূল্যায়ন করে অতঃপর ব্যবসায় প্রকল্প নির্বাচন করা হয়। প্রকল্প নির্বাচনে যদি কোনো ত্রুটি থাকে তাহলে তা ব্যবসায়ে নেতিবাচক প্রভাব ফেলে। এরূপ প্রকল্প ব্যবসায়ের পরিচালনায় বাধার সৃষ্টি করে। ফলে প্রতিষ্ঠান তার কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে ব্যর্থ হয়। কিন্তু প্রকল্প যদি সঠিক হয় তাহলে তা ব্যবসায়ের কার্যক্রমকে আরও গতিশীল করে। এর মাধ্যমে নিরবচ্ছিন্নভাবে ব্যবসায়ের সব কার্য সফলতার সঙ্গে সম্পন্ন করা যায়। ফলে ব্যবসায়ে সাফল্য অর্জন নিশ্চিত হয়। তাই বলা যায়, সঠিক প্রকল্প নির্বাচনই ব্যবসায়ে সাফল্য আনে —উক্তিটি যথার্থ।

**প্রশ্ন ▶ ০৯** মিস ম্যাচিং চাকমা স্থানীয় NGO থেকে প্রশিক্ষণ নিয়ে গৃহস্থালি ও সৌখিন পণ্য তৈরির সিদ্ধান্ত নেন। কাঁচামালের সহজলভ্যতার কথা চিন্তা করে বেতের ঝুড়ি, খেলনা, চেয়ার ও বাঁশের চাটাই এবং গৃহস্থালীর নিত্য প্রয়োজনীয় পণ্য তৈরি করে স্থানীয় বাজারের পাশাপাশি পাইকারি বাজারেও বিক্রি করে উপার্জন শুরু করেন। চাহিদা বৃদ্ধি পাওয়ায় পরিবারের অন্যান্য সদস্যরাও তাকে সাহায্য করছেন। অধিক মুনাফা লাভের আশায় বর্তমানে ঘর সাজানোর বিভিন্ন জিনিস তৈরি শুরু করেছেন।

ক. সেবা শিল্প কাকে বলে? ১

খ. সহায়ক সেবা কাকে বলে? ব্যাখ্যা করো। ২

গ. মিস ম্যাচিং চাকমার শিল্পটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. রাঙামাটির মতো জেলার আর্থিক উন্নয়নে মিস ম্যাচিং চাকমার শিল্পের অবদান মূল্যায়ন করো। ৪

[সি. বো. ২০২৫]

**৯নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ১০** নবীন কুমার একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ম্যানেজার। তিনি কর্মীদের মতামত নিয়ে কাজ করেন না। তার ভাবনা কর্মীদের চাপ দিয়ে কাজ না করালে তারা অলস হয়ে পড়বেন। তাছাড়া তিনি বিভিন্ন সিদ্ধান্ত আলোচনা না করেই কর্মীদের উপর চাপিয়ে দেন। সবসময় কর্মীদের প্রতি নেতিবাচক মনোভাব পোষণ করেন। অপরপক্ষে পার্শ্বের প্রতিষ্ঠানের ম্যানেজার মি. সোহাগ কর্মীদের সাথে পরামর্শ করে সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি তার সততা, দক্ষতা, সহনশীলতা ও অভিজ্ঞতা দিয়ে অল্প দিনেই কর্মীদের পছন্দের ব্যক্তি হিসেবে সুনাম অর্জন করেন। ফলে কর্মীগণ আন্তরিকতা ও পরিশ্রম করে নিজ নিজ কাজ সম্পন্ন করায় উৎপাদন ও মুনাফা বৃদ্ধি পেয়েই চলছে।

ক. ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহের প্রধান উৎস কোনটি? ১

খ. মুক্ত নেতৃত্ব কী? ব্যাখ্যা করো। ২

গ. নবীন কুমার কোন ধরনের নেতা? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. সোহাগের প্রতিষ্ঠানের কর্মীরা নিজেদের প্রতিষ্ঠানের অংশ মনে করেন— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

[সি. বো. ২০২৫]

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহের প্রধান উৎস হলো বাণিজ্যিক ব্যাংক।

**খ** যে নেতৃত্বে অধস্তনরা অবাধ স্বাধীনতা ভোগ করে এবং নেতা প্রতিষ্ঠান পরিচালনা থেকে নিজেকে দূরে রাখেন তাকে মুক্ত নেতৃত্ব বলে।

এক্ষেত্রে কর্মীদের উপর দায়িত্ব দিয়ে নেতা নিশ্চিন্ত থাকেন। তিনি নিজে কাজ করতে পছন্দ করেন না। কর্মীদের জন্য সুনির্দিষ্ট আদেশ দেন না এবং তাদের জবাবদিহিতা আদায় করেন না। এতে কর্মীরা নিজেদের ইচ্ছামতো কাজ করে থাকে। সিদ্ধান্ত গ্রহণে সময় বেশি লাগে। তাই প্রতিষ্ঠানের সাফল্য নির্ভর করে আন্তঃব্যক্তিক সম্পর্ক ও দলীয় কাজের উপর।

**গ** নবীন কুমার স্বৈরতান্ত্রিক নেতা।

যে নেতা সকল ক্ষমতা নিজের কাছে কুক্ষিগত রাখে এবং নিজ ইচ্ছামতো সিদ্ধান্ত প্রদান করে তাকে স্বৈরতান্ত্রিক নেতা বলা হয়। এ ধরনের নেতা কর্মীদের উপর কোনো আস্থা রাখেন না, ফলে কর্মীদের মধ্যেও বিরূপ প্রতিক্রিয়া দেখা দেয়।

উদ্দীপকের নবীন কুমার একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ম্যানেজার। তিনি কর্মীদের মতামত নিয়ে কাজ করেন না। তার ভাবনা কর্মীদের চাপ দিয়ে কাজ না করালে তারা অলস হয়ে পড়বে। তাছাড়া তিনি বিভিন্ন সিদ্ধান্ত আলোচনা না করেই কর্মীদের উপর চাপিয়ে দেন। সবসময় কর্মীদের প্রতি নেতিবাচক মনোভাব পোষণ করেন। এসব বৈশিষ্ট্য মূলত নেতৃত্বের একটি ধরণ স্বৈরতান্ত্রিক নেতৃত্বকে নির্দেশ করে। আর যেহেতু নবীন কুমার নেতৃত্বের এই ধরণটিই অনুসরণ করেন তাই তাকে স্বৈরতান্ত্রিক নেতা বলা যায়।

**ঘ** মি. সোহাগ তার প্রতিষ্ঠানে গণতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করেন। ফলে তার প্রতিষ্ঠানের কর্মীরা নিজেদের প্রতিষ্ঠানের অংশ মনে করেন।

যে নেতৃত্বে নেতা অধঃস্তনদের সাথে আলাপ আলোচনা করে যাবতীয় সিদ্ধান্ত গ্রহণ করে তাকে গণতান্ত্রিক নেতৃত্ব বলে। এ নেতৃত্বে নেতা অধঃস্তনদের সাথে প্রয়োজনীয় পরামর্শ করেন। এছাড়া কর্মীদের কাছ থেকে তথ্য সংগ্রহ করে জবাবদিহিতা নিশ্চিত করেন।

উদ্দীপকের সোহাগ একটি প্রতিষ্ঠানের ম্যানেজার। তিনি প্রতিষ্ঠানের যেকোনো বিষয়ে কর্মীদের সাতে সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি তার সততা, দক্ষতা, সহনশীলতা ও অভিজ্ঞতা দিয়ে অল্পদিনেই কর্মীদের পছন্দের ব্যক্তি হিসেবে সুনাম অর্জন করেন। তার নেতৃত্বে কর্মীগণ সন্তুষ্ট বিধায় তারাও আন্তরিকতা ও পরিশ্রম করে নিজ নিজ কাজ সম্পন্ন করে। ফলশ্রুতিতে প্রতিষ্ঠানের উৎপাদন ও মুনাফা ক্রমাগত বৃদ্ধি পেয়েই চলেছে।

সোহাগ তার প্রতিষ্ঠানে গণতান্ত্রিক নেতৃত্ব অনুসরণ করেন। এ ধরনের নেতৃত্বে নেতা কর্মীদের সাথে আলোচনা করেন। তাদের পরামর্শ গ্রহণ করেন। কর্মীদের নিক থেকে তথ্য সংগ্রহ করেন। কর্মীদের প্রশ্ন করার সুযোগ দেন। কর্মীরা প্রশ্ন করলে তার জবাব দেন। এসব কারণে কর্মীরা নিজেদের প্রতিষ্ঠানের জন্য গুরুত্বপূর্ণ অংশ বলে মনে করে। তারা প্রতিষ্ঠানের সাফল্যকে নিজের সাফল্য ও ব্যর্থতাকে নিজেদের ব্যর্থতা বলে মনে করেন। মি. সোহাগ প্রতিষ্ঠান প্রত্যক্ষভাবে পরিচালনা করলেও প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত কর্মীদের সাথে আলোচনা করেই নেওয়া হয়। কর্মীদের মতামতের গুরুত্ব দেওয়া হয়। এসব কারণেই মি. সোহাগের প্রতিষ্ঠানের কর্মীরা নিজেদের প্রতিষ্ঠানের অংশ মনে করেন।

**প্রশ্ন ▸ ১১** গাজীপুরের সালনায় অবস্থিত শিল্পকারখানার ধোঁয়া যথাযথভাবে পরিশোধনের ব্যবস্থা না থাকায় উক্ত এলাকার মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যাওয়ায় তারা নানা রোগে ভুগছে, বিশেষ করে শিশুরা বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে।

ক. ব্যবসায় কোন ধরনের প্রতিষ্ঠান? ১

খ. নৈতিকতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে গাজীপুরে কোন ধরনের দূষণের চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. গাজীপুরের সালনার শিল্প মালিকদের কোনটির অভাব রয়েছে? বিশ্লেষণ করো। ৪

[সি. বো. ২০২৫]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় একটি সামাজিক প্রতিষ্ঠান।

**খ** 'নৈতিকতা' বলতে মানুষের ভালো মন্দের বিচার-বিশ্লেষণ করে সঠিকটি গ্রহণ করাকে বোঝায়।

'নৈতিকতা' শব্দটি গ্রিক শব্দ ইথস (Ethos) শব্দ হতে উদ্ভব হয়েছে। যার অর্থ মানব আচরণের মানদন্ড। নৈতিকতা মানুষের দৈনন্দিন কাজ কর্মের সাথে জড়িত। এটি মানুষকে ন্যায়-অন্যায়, ঠিক-বেঠিক, ভালো-মন্দের মধ্যে পার্থক্য চিহ্নিত করতে সাহায্য করে। এটি মানুষের জীবনে ইতিবাচক, মঙ্গলময় ও কল্যাণময় দিকে নির্দেশনা দেয়। অন্যায় থেকে ন্যায়, অধর্ম থেকে ধর্ম, অসত্য থেকে সত্য, অনুচিত থেকে উচিত পৃথকীকরণ বা নিরূপণের ক্ষমতা নৈতিক নীতিবোধ থেকেই আসে। একটি সুন্দর সুখী সমাজ গঠন এবং দেশের জনগণের জন্য নৈতিকতার গুরুত্ব অপরিসীম।

**গ** উদ্দীপকে গাজীপুরে বায়ু দূষণের চিত্র ফুটে উঠেছে।

বায়ু পরিবেশের একটি গুরুত্বপূর্ণ উপাদান। তবে বর্তমানে শিল্পায়ন বা ব্যবসায় স্থাপনের ফলে বায়ু নানাভাবে দূষিত হচ্ছে। আমাদের শ্বাস-প্রশ্বাসের ক্রিয়া কলাপের সাথে যেহেতু বায়ু জড়িত তাই এই বায়ু দূষণ ব্যাপকহারে আমাদের স্বাস্থ্যহানি ঘটাচ্ছে।

উদ্দীপকে গাজীপুরের সালনায় অবস্থিত শিল্প কারখানায় ধোঁয়া যথাযথভাবে পরিশোধনের ব্যবস্থা না থাকায় উক্ত এলাকায় মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পাচ্ছে এবং তারা বিভিন্ন অসুখে ভুগছে। অর্থাৎ সালনায় অবস্থিত শিল্প কারখানার ধোঁয়া পরিশোধন না করার কারণে তা বাতাসের সাথে মিশে যাচ্ছে। এর ফলে বায়ুর স্বাভাবিক অবস্থার বিপর্যয় ঘটছে। আর বায়ুর স্বাভাবিক অবস্থার বিপর্যয় ঘটা মানে হলো বায়ু দূষিত হয়ে যাওয়া। তাই বলা যায়, গাজীপুরে বায়ু দূষণের চিত্র ফুটে উঠেছে।

**ঘ** গাজীপুরের সালনার শিল্প মালিকদের সামাজিক দায়বদ্ধতার অভাব রয়েছে।

বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায় জগতে ব্যবসায়ীর কাজ শুধু মুনাফা অর্জনে সীমাবদ্ধ থাকে না। তাকে বিভিন্ন পক্ষ যেমন রাষ্ট্র সমাজ ক্রেতা-ভোক্তা ও কর্মচারীর প্রতিও দায়িত্ব পালন করতে হয়। এতে প্রতিষ্ঠানের ব্যবসায়িক সুনাম বাড়ে। প্রতিষ্ঠানের প্রতি জনগণ আস্থাশীল হয়।

উদ্দীপকে গাজীপুরের সালনায় অবস্থিত একটি শিল্প কারখানার কথা বলা হয়েছে। উক্ত শিল্প কারখানার মালিক তার কারখানার ধোঁয়া পরিশোধনের কোনো ব্যবস্থাই রাখেননি ফলে তা বাতাসের সঙ্গে মিশে বায়ু দূষণ ঘটাচ্ছে। উক্ত দূষণের ফলে এলাকার মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায় এবং তারা বিভিন্ন রোগে ভোগে। বিশেষ করে শিশুরা বেশি ক্ষতিগ্রস্ত হয়। অর্থাৎ শিল্পকারখানার মালিকদের মধ্যে সামাজিক দায়বদ্ধতার অভাব রয়েছে।

গাজীপুরের সালনার শিল্প মালিকরা তাদের সমাজের প্রতি দায়বদ্ধতা যথাযথভাবে পালন করেননি। একটি শিল্প কারখানা স্থাপনের সময় শিল্প মালিককে এ কথা অবশ্যই মাথায় রাখতে হবে যেন তার প্রতিষ্ঠিত শিল্পকারখানার দ্বারা পরিবেশের ক্ষতি সাধন না হয়। পরিবেশের ক্ষতি হলে পরিবেশের বিপর্যয়ের সাথে সাথে মানুষেরও রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পায়। এতে মানুষ বিভিন্ন রোগে ভোগে। ব্যবসায় একটি সামাজিক প্রতিষ্ঠান। তাই প্রত্যেক ব্যবসায়ীকেই সামাজিক দায়বদ্ধতা পালন করেই ব্যবসায় স্থাপনা ও পরিচালনা করতে হবে। কোনো ব্যবসায়ী এ দায়বদ্ধতা পালনে ব্যর্থ হলে তার ব্যবসায়ও খুব বেশি সুদূরপ্রসারী হবে না। উদ্দীপকের গাজীপুরের সালনার শিল্প মালিকরা কেবল নিজেদের স্বার্থে কোনোরূপ দায়বদ্ধতা পালন ছাড়াই তাদের ব্যবসায়টি পরিচালনা করে যাচ্ছে। তাদের কর্মকান্ডে এলাকাবাসী ব্যাপক হারে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এতের তাদের কোনো ভ্রূক্ষেপ নেই। তাই বলা যায় গাজীপুরের শিল্প মালিকদের সামাজিক দায়বদ্ধতার অভাব রয়েছে।

# দিনাজপুর বোর্ড-২০২৫

**ব্যবসায় উদ্যোগ** (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **ব্যবসায়ের আধুনিক যুগের বৈশিষ্ট্য কোনটি?**
ⓚ বৃহদায়তন উৎপাদন ব্যবস্থা প্রচলন ⓚ ব্যবসায় সংগঠনের উদ্ভব
ⓖ বাজার ও শহর সৃষ্টি ⓖ দ্রব্য বিনিময়

২. **নিচের কোনটি আইনগত পরিবেশের উপাদান?**
ক মানবসম্পদ খ সরকারি নীতিমালা
গ ভোক্তা আইন ঘ প্রযুক্তি শিক্ষা

৩. **উদ্যোক্তাগণ ভূমিকা রাখে–**
i. জীবনযাত্রার মান উন্নয়নে ii. মানবসম্পদ উন্নয়নে iii. কর্মসংস্থান সৃষ্টিতে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৪. **ব্যবসায় উদ্যোগ উন্নয়নের জন্য প্রয়োজন–**
ক চাকরির প্রতি আগ্রহ খ কর্মসংস্থান
গ সাধারণ শিক্ষা ঘ প্রয়োজনীয় অর্থসংস্থান

৫. **আত্মকর্মসংস্থানে সবচেয়ে বড় মূলধন কোনটি?**
ক দক্ষতা খ শিক্ষা গ অভিজ্ঞতা ঘ বুদ্ধিমত্তা

৬. **কপিরাইট হলো ব্যবসায় উদ্যোক্তাদের–**
ক মেধাসম্পদ খ সাধারণ সম্পদ
গ চলতিসম্পদ ঘ কাল্পনিক সম্পদ

৭. **পণ্যের মান নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?**
ক বিসিক খ বিটাক গ বিএসটিআই ঘ বিটিটিআর

৮. **ফ্রানসাইজিং ব্যবসায়ের প্রধান বৈশিষ্ট্য কোনটি?**
ক মুনাফা অর্জন খ উৎপাদন গ বাজারজাতকরণ ঘ চুক্তিপত্র

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
লেখাপড়া শেষ করে মি. মহিন নিজস্ব পুঁজি দিয়ে একটি কম্পিউটার দোকান চালু করেন। তিনি ছয়মাসের প্রশিক্ষণ গ্রহনের মাধ্যমে বিভিন্ন প্রোগ্রাম আয়ত্ত করে দ্রুত কাজ সম্পন্ন করতে সক্ষম হন। ফলশ্রুতিতে প্রতিষ্ঠান থেকে অধিক আয় করতে পারছেন।

৯. **মি. মহিনের কাজটি–**
ক ব্যবসায় উদ্যোগ খ আত্মকর্মসংস্থান
গ ব্যবসায় ঘ চাকরি

১০. **মি. মহিনের প্রতিষ্ঠানে আয় বৃদ্ধির কারণ–**
i. দক্ষতা বৃদ্ধি পাওয়া ii. সম্পদের সঠিক ব্যবহার করতে পারা
iii. পর্যাপ্ত মূলধন সরবরাহ করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১১. **ব্যবসায় কোন ধরনের প্রতিষ্ঠান?**
ক রাজনৈতিক খ পারিবারিক গ রাষ্ট্রীয় ঘ সামাজিক

১২. **নট্রামস কোন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত প্রতিষ্ঠান**
ক শিক্ষা খ যুব ক্রীড়া গ মহিলা বিষয়ক ঘ সমাজকল্যাণ

১৩. **ঘুমন্ত অংশীদারের বৈশিষ্ট্য হলো–**
i. দায়ের পরিমাণ নির্দিষ্ট ii. পরিচালনায় অংশগ্রহণ করে
iii. নিজস্ব মূলধন বিনিয়োগ করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১৪. **ম্যাক্রোস্ক্রিনিং এর প্রভাবক কোনটি?**
ক ভোক্তাদের অভিরুচি খ মূলধন সংগ্রহ
গ জীবনযাত্রার মান ঘ প্রয়োজনিয় যন্ত্রপাতি

১৫. **জাতীয় সমবায় ব্যাংক লিমিটেড কত সালে বাংলাদেশ কার্যক্রম শুরু করে?**
ক ১৯৭১ সালে খ ১৯৭২ সালে গ ১৯৭৩ সালে ঘ ১৯৭৪ সালে

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
কাজল ও তার সাত বন্ধু মিলে চিরন্তন অস্তিত্বসম্পন্ন একটি ব্যবসায় সংগঠন গঠন করে। সংগঠনটির মূলধন প্রয়োজন হলে শেয়ার ও ঋণপত্র বিক্রয় করতে পারে এবং শেয়ার অবাধে হস্তান্তরযোগ্য।

১৬. **কাজল ও তার বন্ধুদের সংগঠনটি কোন ধরনের?**
ক অংশীদারি খ সমবায়
গ পাবলিক লিমিটেড ঘ প্রাইভেট লিমিটেড

১৭. **বগুড়ার নায়েব আলী কত টাকা মূলধন দিয়ে ব্যবসায় শুরু করেছিলেন?**
ক ১০০০ টাকা খ ২০০০ টাকা গ ৩০০০ টাকা ঘ ৪০০০ টাকা

১৮. **(রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড) প্রদান করে কোন প্রতিষ্ঠান?**
ক অনিন্দ্য বুটিক খ নাভানা লিমিটেড
গ আজাদ প্রোডাক্টস ঘ স্কয়ার গ্রুপ

১৯. **নিচের কোন সফল উদ্যোক্তা হাউজিং ব্যবসায়ের সাথে যুক্ত ছিলেন?**
ক স্যামসন এইচ চৌধুরী খ নায়েব আলী
গ লুৎফা সানজিদা ঘ জহুরুল ইসলাম

২০. **নিচের কোনটি ব্যবসায় প্রতিষ্ঠানের সামাজিক দায়বদ্ধতামূলক কার্যক্রমের অন্তর্ভুক্ত?**
ক প্রশিক্ষন কেন্দ্র চালু করা খ শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন করা
গ পেনশনের ব্যবস্থা করা ঘ কর্মীদের চিকিৎসা করা

☐ **নিচের তথ্যের ভিত্তিতে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
আনাস তৈরি পোশাকের ব্যবসায়ী। তিনি একটি প্রতিষ্ঠানের সাথে চুক্তিবন্ধ হয়ে এক লক্ষ টাকা প্রিমিয়াম প্রদান করেন। সম্প্রতি বন্যায় তাঁর ব্যবসায় প্রতিষ্ঠানের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। এর ফলে তিনি চুক্তিবন্ধ প্রতিষ্ঠান থেকে আর্থিক সুবিধা পান।

২১. **আনাসের ব্যবসায়ের ক্ষেত্রে কোন ধরনের বাধা দূরীভূত হয়েছে?**
ক স্বত্বগত খ ঝুঁকিগত গ সময়গত ঘ তথ্যগত

২২. **আনাসের ব্যবসায়ে ব্যবসায় পরিবেশের কোন উপাদানের প্রভাব পড়েছে?**
ক অর্থনৈতিক খ সামাজিক গ প্রাকৃতিক ঘ প্রযুক্তিগত

২৩. **মহিলা অধিদপ্তর নিচের কোন ক্ষেত্রে প্রশিক্ষণ দিয়ে থাকে?**
ক মৎস্য খামার তৈরি খ গরু-ছাগল পালন
গ মৌমাছি পালন ঘ নার্সারি তৈরি

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সাদেক বিদেশ থেকে ফিরে এসে ৫০ লক্ষ টাকা ও ৩০ জন লোক নিয়ে গ্রামের পাশে একটি চামড়ার ব্যাগ তৈরির কারখানা স্থাপন করেন।

২৪. **জনাব সাদেকের কারখানাটি কোন ধরনের শিল্প?**
ক কুটির শিল্প খ মাঝারি শিল্প গ ক্ষুদ্র শিল্প ঘ বৃহৎ শিল্প

২৫. **উদ্দীপকের শিল্পটি দেশের অর্থনীতিতে ভূমিকা রাখছে–**
i. জীবনযাত্রার মান উন্নয়ন করে ii. অধিক কর্মসংস্থান সৃষ্টি করে
iii. অধিক মুনাফা অর্জন করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২৬. **নেতাকর্মীরা স্বাধীনচেতা মনোভাব দেখাতে পারে–**
ক গণতান্ত্রিক নেতৃত্বে খ মুক্ত নেতৃত্বে
গ স্বৈরতান্ত্রিক নেতৃত্বে ঘ আমলাতান্ত্রিক নেতৃত্বে

২৭. **উন্নত এলাকার কর অবকাশ কত বছর?**
ক ৩ বছর খ ৫ বছর গ ৭ বছর ঘ ১০ বছর

২৮. **নিচের কোনটি মাধ্যমে বিক্রয় কার্যের গতিশীলতা বৃদ্ধি পায়?**
ক বিক্রয় খ গুদামজাতকরণ গ পর্যায়িতকরণ ঘ প্রমিতকরণ

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
মি. মিজান একটি কাপড়ের দোকানে বিক্রয়কর্মী হিসেবে কাজ করেন। কাজের প্রতি তার যথেষ্ট আগ্রহ রয়েছে এবং ধৈর্যের সাথে ক্রেতাদেরকে সঠিক পণ্য ক্রয়ে সহযোগিতা করেন। ফলে তার দোকানে দিন দিন ক্রেতার সংখ্যা বৃদ্ধি পায়।

২৯. **উদ্দীপকে বিক্রয়কর্মী হিসেবে মি. মিজানের কোন গুণটি প্রকাশ পেয়েছে?**
ক মানসিক খ অভিজ্ঞতা গ অন্যান্য ঘ শারীরিক

৩০. **উদ্দীপকে প্রতিষ্ঠানটির সাফল্যে মি. মিজানের ভূমিকা হলো–**
i. বিক্রয় বৃদ্ধি করা ii. ক্রেতাদের আস্থা অর্জন করা
iii. স্থানগত উপযোগ সৃষ্টি করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# দিনাজপুর বোর্ড-২০২৫

**ব্যবসায় উদ্যোগ** (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব আরাফ বিদেশ হতে পাথর আমদানি করে দেশের সড়ক পথ তৈরির ব্যবসায় করেন। জনাব আরাফের ব্যবসায় প্রথম পর্যায়ে প্রচুর মুনাফা অর্জন করছিল। কিন্তু অনেক সময় বন্দরের কর্মচারীরা বিভিন্ন দাবি দাওয়ার জন্য কর্ম বিরতিতে যান। জনাব আরাফ অর্থনৈতিক সমস্যায় পড়লে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের সহায়তায় সংকট কাটিয়ে ওঠেন। বর্তমানে তিনি সফলভাবে ব্যবসা পরিচালনা করেন।

(ক) ব্যবসায় করতে হলে আরেকটি কোন গুরুত্বপূর্ণ দিক বিবেচনা করতে হয়? ১
(খ) বাণিজ্য বলতে কী বোঝায়? ২
(গ) উদ্দীপকে জনাব আরাফের শিল্পটি কোন ধরনের– ব্যাখ্যা কর। ৩
(ঘ) ব্যবসায়িক পরিবেশের উপাদানের আলোকে জনাব আরাফের ব্যবসায়টি মূল্যায়ন কর। ৪

২। জনাব আবিদ একটি কাপড়ের দোকানে কয়েক বছর কাজ করার পর নিজেই একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। দৃঢ় মনোবলের ফলে তিনি এরূপ কয়েকটি প্রতিষ্ঠানের মালিক। কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় তিনি প্রতিষ্ঠানে কয়েকজন কর্মী নিয়োগ দেন। সফলভাবে ব্যবসায় পরিচালনা করে তিনি প্রচুর মুনাফা অর্জন করছেন।

(ক) উদ্যোগ কী? ১
(খ) উদ্যোক্তা কোন কাজে বিশেষ আনন্দ পান? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আবিদের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি ফুটে উঠেছে? বর্ণনা কর। ৩
(ঘ) উদ্যোক্তা হিসেবে আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আবিদের কার্যাবলির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৩। জনাব আইমান খাঁন জমিতে ড্রাগন ফলের চাষ করেন। এ কাজে প্রচুর অর্থ খরচ করার পরও সে সফলতা অর্জন করতে পারছে না। পরবর্তীতে তিনি একটি প্রতিষ্ঠান হতে ড্রাগন চাষের উপর জ্ঞান অর্জন করেন। তার উৎপাদিত ফল বিক্রয় করেন অভিজাত এলাকায়। জনাব আইমান খাঁন ঐ এলাকায় দুজন দক্ষ ব্যক্তিকে এই কাজে নিয়োগ দেন এবং সফলতা অর্জন করেন।

(ক) আত্মকর্মসংস্থান কী? ১
(খ) কম্পিউটার প্রোগ্রামিং শিক্ষা দেয়া প্রতিষ্ঠানটির কার্যক্রম ব্যাখ্যা দাও। ২
(গ) উদ্দীপকের জনাব আইমান খাঁন এর দক্ষতা বৃদ্ধির জন্য কোন পদক্ষেপ গ্রহণ করেছেন? বর্ণনা কর। ৩
(ঘ) উদ্দীপকের জনাব আইমান খাঁন এর সফলতার কারণ আত্মকর্মসংস্থানের ক্ষেত্র নির্বাচনের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। জনাব রাফিদ একটি প্রতিষ্ঠানে কর্মরত। উক্ত প্রতিষ্ঠানের প্রধান কাজ হলো বিভিন্ন এলাকার সব সাধারণের সেবা প্রদান করা। প্রতিষ্ঠানটি অল্প দিনেই বেশ সুনাম অর্জন করেছে।
অপরদিকে শাওন, সুজন আরো কয়েকজন মৎস্যচাষি নিজেদের উন্নতির জন্য ২০০১ সালের আইন অনুযায়ী একটি সংগঠন গড়ে তোলেন। মুনাফার একটি অংশ সদস্যদের চিকিৎসাসহ অন্যান্য কল্যাণমূলক কাজে ব্যয় করেন। বর্তমানে তাদের প্রতিষ্ঠানটি সুনাম অর্জন করেছে।

(ক) অংশীদারি ব্যবসায়ের চুক্তিপত্র কী? ১
(খ) একমালিকানা ব্যবসায়ের দায়ের ধরন ব্যাখ্যা কর। ২
(গ) জনাব রাফিদের কর্মরত প্রতিষ্ঠানটি মালিকানার ভিত্তিতে কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) আত্মসামাজিক উন্নয়নে উদ্দীপকের জনাব শাওন ও জনাব সুজনের গঠিত সংগঠনটির ভবিষ্যৎ সম্ভাবনা মূল্যায়ন কর। ৪

৫। জনাব সুমন একজন উদ্ভাবক তিনি দীর্ঘদিন গবেষণা করে নতুন এক প্রকারের ধানের বীজ আবিষ্কার করেন যেটি দুই মাসের মধ্যেই ধান উৎপাদন হবে। তিনি তার পণ্য প্যাকেটজাত করে বাণিজ্যিক ভিত্তিতে বাজারজাত করেন এবং ভালো সাড়া পান। কিছুদিনের মধ্যে অন্য একটি প্রতিষ্ঠান তার ধানবীজের প্যাকেট এর নির্দিষ্ট চিহ্ন নকল করে বাজারজাত করে। কিন্তু তিনি এ কোম্পানির বিরুদ্ধে মামলা করেও কোনো আইনগত সহায়তা পাননি।

(ক) ফ্রানসাইজিং কী? ১
(খ) কোন বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় না– ব্যাখ্যা কর। ২
(গ) জনাব সুমনের আবিষ্কার কোন সম্পদের অন্তর্ভুক্ত– ব্যাখ্যা কর। ৩
(ঘ) জনাব সুমনের আইন সহায়তা না পাওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৬। জনাব রাহুল তার প্রতিষ্ঠানের যে সমস্ত লেনদেন নগদে সংগঠিত হয় তা প্রতিদিন লিপিবদ্ধ করে রাখেন। অপরদিকে জনাব রফিক নগদ লেনদেনের ক্ষেত্রে একইভাবে লিপিবদ্ধ করেন। এছাড়া তিনি উৎপাদিত পণ্যের একক প্রতি উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্য নির্ধারণসহ অন্যান্য হিসাবসমূহ সংরক্ষণ করেন। ফলে তিনি সহজেই প্রত্যাশিত মুনাফা সম্পর্কে ধারণা পান। বর্তমানে তিনি সফল ব্যবসায়ী।

(ক) CIP কী? ১
(খ) চলতি মূলধন বলতে কী বুঝায়? ২
(গ) উদ্দীপকে জনাব রাহুল লেনদেনের ক্ষেত্রে কোন বিবরণী প্রস্তুত করেছেন? বর্ণনা কর। ৩
(ঘ) উদ্দীপকের জনাব রফিকের সফলতা অর্জনের ক্ষেত্রে গৃহীত পদক্ষেপ মূল্যায়ন কর। ৪

৭। জনাব বাশার পরিবারের সদস্যদের সৃজনশীলতাকে কাজে লাগিয়ে স্থানীয় উপকরণের উপর ভিত্তি করে একটি শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার প্রতিষ্ঠানের পণ্য দেশের সাংস্কৃতিক ঐতিহ্য বহন করে। পক্ষান্তরে জনাব আফরান একটি শিল্প কারখানা স্থাপন করেন। তার প্রতিষ্ঠানে ৩০০ জন শ্রমিক কর্মরত আছে। শিল্পটির উৎপাদিত পণ্য দেশের চাহিদা মিটিয়ে বিদেশে রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করেন। তিনি শিল্পটির কয়েকটি শাখা স্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা করেছেন।

(ক) ক্ষুদ্র শিল্প বলতে কী বুঝ? ১
(খ) মাঝারি সেবা শিল্প কী? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব বাশারের শিল্পটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
(ঘ) বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে জনাব আফরানের শিল্পটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮। জনাব সাইফ একটি ব্যবসায় প্রতিষ্ঠান গঠনের নিমিত্তে স্থানীয় বাণিজ্যিক ব্যাংক, আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবের নিকট হতে প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করেন। প্রতিষ্ঠানের উৎপাদন ও বিক্রয় বেশি হওয়ায় কয়েকজন কর্মচারী নিয়োগ দেন। পরবর্তীতে প্রতিষ্ঠানটির একটি শাখা বিভাগীয় শহরে স্থাপন করেন। তিনি কর্মীদের সঠিক দিক নির্দেশনাও দেন। এছাড়া কিছুদিন পরপর প্রশিক্ষণের ব্যবস্থা করেন। কর্মীদের মধ্যে কোনো সমস্যা দেখা দিলে তাও সমাধানের চেষ্টা করেন। বর্তমানে তিনি একজন সফল ব্যবসায়ী।

(ক) ব্যবস্থাপনার জনক হেনরি ফেওল এর ব্যবস্থাপনার সংজ্ঞাটি কী? ১
(খ) সংগঠিতকরণ বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকের জনাব সাইফ এর প্রথম পর্যায়ের কাজটিকে কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের জনাব সাইফ কে আদর্শ নেতার গুণাবলির আলোকে মূল্যায়ন কর। ৪

৯। জনাব আসাদ তার কারখানায় রাসায়নিক সার উৎপাদন করেন। উৎপাদিত সার বাজারজাতকরণের জন্য কয়েকজন ব্যক্তিকে নিয়োগ দেন। আসাদ বিক্রিত পণ্যের উপর নির্দিষ্ট হারে অর্থ প্রদান করেন। আসাদ তার কাজে সহযোগিতার জন্য আবির নামে একজন কর্মী নিয়োগ দেন। আবির ক্রেতাদের সাথে মার্জিত ব্যবহার করেন। তিনি প্রতিদিন লেনদেন শেষে আসাদকে হিসাব বুঝিয়ে দেন। এছাড়া অনলাইনে পণ্যের অর্ডার নিয়ে সেগুলো যথাসময়ে সরবরাহ করেন।

(ক) পর্যায়িতকরণ কী? ১
(খ) শেয়ার বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব আসাদ বিপণনের কোন বণ্টনপ্রণালী অনুসরণ করেছেন? বর্ণনা দাও। ৩
(ঘ) জনাব আবিরের কার্যাবলি আদর্শ বিক্রয়কর্মীর গুণাবলির আলোকে মূল্যায়ন কর। ৪

১০। খুলনা শহরের সাদিয়া আফরোজ একটি সরকারি প্রতিষ্ঠান থেকে থ্রিপিচের উপর বাটিকের কাজের প্রশিক্ষন নেন। তিনি ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। ২০১০ সালে তিনি বাটিকের যন্ত্র আবিষ্কার করে সাড়া ফেলে দেন। তিনি একজন নারী আবিষ্কারক হওয়ায় বর্তমানে বিশেষ প্রণোদনা পাচ্ছেন। এছাড়া বিভিন্ন মেয়াদে সরকার প্রদত্ত সুযোগ-সুবিধাও ভোগ করেন।

(ক) বিসিক এর প্রধান কাজ কী? ১
(খ) একজন নারী কীভাবে একজন শিল্পোদ্যোক্তা হিসেবে বিবেচিত হয়? ব্যাখ্যা কর। ২
(গ) সাদিয়া আফরোজ কোন সরকারি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ নেন? বর্ণনা কর। ৩
(ঘ) জাতীয় শিল্পনীতি-২০১০ অনুযায়ী সাদিয়া আফরোজের প্রাপ্য সহায়তার ধরন বিশ্লেষণ কর। ৪

১১। জনাব কবির নদীর তীরে 'প্লাস্টিকের রয়েল প্লাগ' উৎপাদনকারী একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার কারখানায় বর্জ্য নিষ্কাশনের কোনো ব্যবস্থা না থাকায় বর্জ্য সরাসরি নদীতে গিয়ে পড়ে। ফলে এলাকার মানুষ নানা ধরনের রোগে আক্রান্ত হয়। পক্ষান্তরে জনাব মাহমুদ প্রচলিত আইন মেনে ব্যবসায় পরিচালনা করেন। তিনি শ্রমিকদের জন্য কাজের যথাযথ পরিবেশ সৃষ্টিসহ উন্নত আবাসনের ব্যবস্থা করেন।

(ক) রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড কেন দেওয়া হয়? ১
(খ) ব্যবসায়ে সততা বজায় রাখা কী? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব কবিরের কারখানা কোন ধরনের দূষণ সৃষ্টি করে? বর্ণনা কর। ৩
(ঘ) জনাব মাহমুদের কার্যাবলি ব্যবসায়ের দায়বদ্ধতার আলোকে মূল্যায়ন কর। ৪

# উত্তরমালা (দিনাজপুর বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | খ |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** জনাব আরাফ বিদেশ হতে পাথর আমদানি করে দেশের সড়ক পথ তৈরির ব্যবসায় করেন। জনাব আরাফের ব্যবসায় প্রথম পর্যায়ে প্রচুর মুনাফা অর্জন করছিল। কিন্তু অনেক সময় বন্দরের কর্মচারীরা বিভিন্ন দাবি দাওয়ার জন্য কর্ম বিরতিতে যান। জনাব আরাফ অর্থনৈতিক সমস্যায় পড়লে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের সহায়তায় সংকট কাটিয়ে ওঠেন। বর্তমানে তিনি সফলভাবে ব্যবসা পরিচালনা করেন।

ক. ব্যবসায় করতে হলে আরেকটি কোন গুরুত্বপূর্ণ দিক বিবেচনা করতে হয়? ১

খ. বাণিজ্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব আরাফের শিল্পটি কোন ধরনের– ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবসায়িক পরিবেশের উপাদানের আলোকে জনাব আরাফের ব্যবসায়টি মূল্যায়ন কর। ৪

[দি. বো. ২০২৫]

### ১নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায় করতে হলে ব্যবসায়ের আরেকটি গুরুত্বপূর্ণ দিক নৈতিকতা ও সামাজিক দায়বদ্ধতার বিষয়টি বিবেচনা করতে হয়।

**খ** ব্যবসায় বা শিল্পে ব্যবহৃত কাঁচামাল উৎপাদকের নিকট পৌঁছানো কিংবা শিল্পে উৎপাদিত পণ্য বা সেবা সামগ্রী ভোক্তার নিকট পৌঁছানোর সকল কার্যাবলিকে বাণিজ্য বলে।

উৎপাদিত পণ্য বা সেবার বণ্টন সংক্রান্ত কাজের সমষ্টি হলো বাণিজ্য। এটি ব্যবসায়ের পণ্য বণ্টনকারী শাখা হিসেবে বিবেচিত হয়। বাণিজ্যের কাজই হলো উৎপাদিত পণ্যসামগ্রী বা সেবা চূড়ান্ত ভোক্তার নিকট পৌঁছানোর জন্য যাবতীয় সকল প্রকার বাধা (স্থানগত, সময়গত, ঝুঁকিগত) দূর করা।

**গ** উদ্দীপকে জনাব আরাফের শিল্পটি হলো নির্মাণ শিল্প।

যে শিল্পের মাধ্যমে রাস্তাঘাট, সেতু, বাঁধ, দালানকোঠা, জাহাজ প্রভৃতি নির্মাণ করা হয় তাকে নির্মাণ শিল্প বলা হয়। এ শিল্পের মাধ্যমে অবকাঠামোগত উন্নয়ন বা কোনো স্থাপনা তৈরির প্রক্রিয়া করা হয়। এতে তৈরিকৃত স্থাপনা স্থায়ী প্রকৃতির ও অস্থানান্তরযোগ্য হয়ে থাকে।

উদ্দীপকের জনাব আরাফ বিদেশ হতে পাথর আমদানি করে দেশের সড়ক পথ তৈরির ব্যবসায় করেন। অর্থাৎ তিনি স্থাপনা সংক্রান্ত কাজের সাথে জড়িত আছেন। এ কাজের মাধ্যমেই তিনি মুনাফা অর্জন করেন। এছাড়া তার এ কাজের মাধ্যমে দেশের অবকাঠামোগত উন্নয়নও হয়ে থাকে এবং তার শিল্পে তৈরি এ সকল অবকাঠামো দেশের জনগণ দীর্ঘদিন ব্যবহার করে। আর এসব বৈশিষ্ট্যের সঙ্গে নির্মাণ শিল্পে সাদৃশ্য রয়েছে। তাই বলা যায়, জনাব আরাফের শিল্পটি নির্মাণ শিল্প।

**ঘ** জনাব আরাফের ব্যবসায়ে ব্যবসায়িক পরিবেশের অর্থনৈতিক পরিবেশ ও রাজনৈতিক পরিবেশের প্রভাব লক্ষ করা যায়।

দেশে বিরাজমান কার্যকর অর্থ ও ব্যাংকিং ব্যবস্থা, কৃষি ও শিল্পের অবদান, জনগণের সঞ্চয় ও বিনিয়োগ মানসিকতা ও সরকারের পৃষ্ঠপোষকতার সমন্বয়ে গড়ে ওঠা পরিবেশকে অর্থনৈতিক পরিবেশ বলে। অপরদিকে সরকার, রাজনৈতিক, আইন-শৃঙ্খলা, স্বাধীনতা, সার্বভৌমত্ব ইত্যাদি মিলে যে পরিবেশ সৃষ্টি হয় তাকে রাজনৈতিক পরিবেশ বলে।

উদ্দীপকের জনাব আরাফ দেশের সড়ক পথ তৈরির ব্যবসায় করেন। প্রথমদিকে তিনি প্রচুর মুনাফা করছিল কিন্তু অনেক সময় বন্দরের কর্মচারিরা বিভিন্ন দাবি-দাওয়ার জন্য কর্ম বিরতিতে যান। জনাব আরাফ অর্থনৈতিক সমস্যায় পড়লে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের সহায়তায় তিনি সংকট কাটিয়ে ওঠেন। বর্তমানে তিনি সফলভাবে ব্যবসায় পরিচালনা করছেন।

জনাব আরাফের ব্যবসায়ের জন্য প্রয়োজন ব্যবসায়ের সব পরিবেশের সব উপাদানের স্থিতিশীলতা। কিন্তু জনাব আরাফের ক্ষেত্রে রাজনৈতিক পরিবেশের অস্থিতিশীলতা পরিলক্ষিত হয়। ধর্মঘট ও শ্রমিক অসন্তোষ হলো রাজনৈতিক পরিবেশের নেতিবাচক পরিস্থিতি শ্রমিকদের কর্মবিরতির কারণে তার স্বাভাবিক উৎপাদন কার্য ব্যাহত হয়, যা তার ব্যবসায়িক লক্ষ্য অর্জনে বাধার সৃষ্টি করে।

অপরদিকে আর্থিক সহায়তা ছাড়া ব্যবসায়ীরা সুষ্ঠুভাবে ব্যবসায় চালিয়ে যেতে পারেন না। তাই তারা ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের শরণাপন্ন হয়ে মূলধন সংকট নিরসন করেন। জনাব আরাফ বাণিজ্যিক ব্যাংকের সহায়তায় তার আর্থিক সংকট কাটিয়ে তোলেন। অর্থাৎ তার এ সংকট নিরসনে ব্যবসায় পরিবেশের অর্থনৈতিক পরিবেশের অর্থ ও ব্যাংকিং উপাদানটি ইতিবাচক প্রভাব ফেলেছে।

তাই বলা যায়, জনাব আরাফের ব্যবসায়ে ব্যবসায়িক পরিবেশের রাজনৈতিক পরিবেশের নেতিবাচক প্রভাব দেখা দিলেও ব্যবসায়িক পরিবেশের অর্থনৈতিক পরিবেশের ইতিবাচক প্রভাব রয়েছে; যা তার ব্যবসায়ের আর্থিক সংকট দূর করে ব্যবসায়কে সফলভাবে পরিচালনা করতে সহায়তা করে।

**প্রশ্ন ▶ ০২** জনাব আবিদ একটি কাপড়ের দোকানে কয়েক বছর কাজ করার পর নিজেই একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। দৃঢ় মনোবলের ফলে তিনি এরূপ কয়েকটি প্রতিষ্ঠানের মালিক। কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় তিনি প্রতিষ্ঠানে কয়েকজন কর্মী নিয়োগ দেন। সফলভাবে ব্যবসায় পরিচালনা করে তিনি প্রচুর মুনাফা অর্জন করছেন।

ক. উদ্যোগ কী? ১

খ. উদ্যোক্তা কোন কাজে বিশেষ আনন্দ পান? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আবিদের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি ফুটে উঠেছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্যোক্তা হিসেবে আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আবিদের কার্যাবলির গুরুত্ব মূল্যায়ন কর। ৪
[দি. বো. ২০২৫]

**২নং প্রশ্নের উত্তর**

**ক** যেকোনো কাজের কর্মপ্রচেষ্টাকে উদ্যোগ বলে।

**খ** উদ্যোক্তা চ্যালেঞ্জমূলক কাজ করতে বিশেষ আনন্দ পান।

চ্যালেঞ্জমূলক কাজ বলতে এমন ধরনের কাজকে বোঝায় যে কাজ ঝুঁকিপূর্ণ এবং সেই সাথে সাফল্য অর্জন অনিশ্চিত। প্রত্যেক ব্যবসায়ের সাথে ঝুঁকি ওতপ্রোতভাবে জড়িত থাকে। একজন উদ্যোক্তা এই ঝুঁকি গ্রহণ করেই তার ব্যবসায় গঠন করেন। আর এই ব্যবসায় থেকে লাভও করতে পারেন আবার লোকসানও করতে পারেন। অর্থাৎ এক্ষেত্রে তার সাফল্য অর্জন একদম অনিশ্চিত। তবুও একজন উদ্যোক্তা এ ঝুঁকি ও অনিশ্চয়তাকে পিছনে ফেলে ব্যবসায়িক লক্ষ্য অর্জনে নিরলস শ্রম দেন এবং ব্যক্তিগত আরাম-আয়েশ ও ভোগ-বিলাস পরিহার করেন। মূলত চ্যালেঞ্জমূলক কাজ করার অভিপ্রায় যাবার ফলেই একজন উদ্যোক্তা তার ব্যবসায়ে নিরলস শ্রম দিয়ে থাকেন এবং এই কাজে তিনি বিশেষ আনন্দও পান।

**গ** জনাব আবিদের মধ্যে উদ্যোক্তার ঝুঁকি গ্রহণের গুণটি ফুটে উঠেছে।

যে ব্যক্তি দৃঢ় মনোবল ও সাহসিকতার সাথে ফলাফল অনিশ্চিত জেনেও ব্যবসায় স্থাপন ও সফলভাবে পরিচালনা করেন তিনি ব্যবসায় উদ্যোক্তা বা শিল্পোদ্যোক্তা আর ঝুঁকি হলো কোনো কাজের অনিশ্চিত ফলাফল। ব্যবসায় বাণিজ্যের সাথে ঝুঁকি ওতপ্রোতভাবে জড়িত।

উদ্দীপকের আবিদ একটি কাপড়ের দোকানে কয়েক বছর কাজ করেন। কয়েকটি কাজের অভিজ্ঞতা কাজে লাগিয়ে তিনি তার এই চাকরি ছেড়ে নিজেই একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। কর্মসংস্থানের একটি গুরুত্বপূর্ণ উৎস হলো চাকরি। চাকরির আয় নির্দিষ্ট ও নিশ্চিত কিন্তু ব্যবসায়ের আয় অনির্দিষ্ট ও অনিশ্চিত। জনাব আবিদ তার নিশ্চিত আয়ের উৎস অর্থাৎ চাকরি ছেড়ে ব্যবসায় স্থাপন করেছেন। অর্থাৎ এক্ষেত্রে তিনি তার কাজে ঝুঁকি নিয়েছেন। এ ঝুঁকি থেকেই তার মুনাফা অর্জিত হবে। প্রত্যেক উদ্যোক্তাকেই এরূপ আয়ের অনিশ্চয়তার ঝুঁকি গ্রহণ করে ব্যবসায় গঠন ও পরিচালনা করতে হয়।

তাই বলা যায়, জনাব আবিদের মধ্যে উদ্যোক্তার ঝুঁকি গ্রহণের ক্ষমতার গুণটি ফুটে উঠেছে।

**ঘ** আর্থ-সামাজিক উন্নয়নে উদ্যোক্তা হিসেবে জনাব আবিদের কার্যাবলি অনেক গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে বলে আমি মনে করি।

যিনি উদ্যোগ নেন তিনিই উদ্যোক্তা। উদ্যোক্তা নিজের কর্মসংস্থান তৈরির পাশাপাশি অন্যের কাজের সুযোগ করে দেন বিধায় উদ্যোক্তাকে কর্মসংস্থানকারীও বলা হয়। কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমেই উদ্যোক্তা দেশের অর্থনীতিতে অনেক গুরুত্বপূর্ণ অবদান রেখে থাকেন।

উদ্দীপকের জনাব আবিদ চাকরি বাদ দিয়ে নিজেই একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। দৃঢ় মনোবলের ফলে তিনি এরূপ কয়েকটি প্রতিষ্ঠানের মালিক। কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় তিনি প্রতিষ্ঠানে কয়েকজন কর্মী নিয়োগ দেন। সফলভাবে ব্যবসায় পরিচালনা করে তিনি প্রচুর মুনাফা অর্জন করেছেন। তার এই ব্যবসায় যে কেবল তারই উন্নয়ন সাধন করবে এমন নয় বরং এর মাধ্যমে দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হবে।

জনাব আবিদের ব্যবসায়ে তার পাশাপাশি আরও কয়েকজনের কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। ফলে একদিকে যেমন সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত হয়েছে অন্যদিকে বেকার সমস্যা হ্রাস পেয়েছে। এছাড়া তার প্রতিষ্ঠানের কর্মীরা নিজেদের দক্ষ মানব সম্পদে রূপান্তর করতে পারবে এবং অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হবে। তাদের আয় বৃদ্ধি পাবে আর ব্যক্তির আয় বৃদ্ধির মানে হলো দেশের মাথাপিছু আয় বৃদ্ধি আর মাথাপিছু আয় বৃদ্ধি পেলে জাতীয় আয়ও বৃদ্ধি পায়। অন্যদিকে তার এ সফলতা দেখে আরও অনেকেই এরূপ ব্যবসায় উদ্যোগ গ্রহণে উৎসাহী হবে। যা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখবে।

তাই বলা যায়, উদ্যোক্তা হিসেবে আর্থ-সামাজিক উন্নয়নে জনাব আবিদের ব্যবসায় স্থাপনের কাজটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**প্রশ্ন ▶ ০৩** জনাব আইমান খাঁন জমিতে ড্রাগন ফলের চাষ করেন। এ কাজে প্রচুর অর্থ খরচ করার পরও সে সফলতা অর্জন করতে পারছে না। পরবর্তীতে তিনি একটি প্রতিষ্ঠান হতে ড্রাগন চাষের উপর জ্ঞান অর্জন করেন। তার উৎপাদিত ফল বিক্রয় করেন অভিজাত এলাকায়। জনাব আইমান খাঁন ঐ এলাকায় দুজন দক্ষ ব্যক্তিকে এই কাজে নিয়োগ দেন এবং সফলতা অর্জন করেন।

ক. আত্মকর্মসংস্থান কী? ১
খ. কম্পিউটার প্রোগ্রামিং শিক্ষা দেয়া প্রতিষ্ঠানটির কার্যক্রম ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকের জনাব আইমান খাঁন এর দক্ষতা বৃদ্ধির জন্য কোন পদক্ষেপ গ্রহণ করেছেন? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব আইমান খাঁন এর সফলতার কারণ আত্মকর্মসংস্থানের ক্ষেত্র নির্বাচনের আলোকে বিশ্লেষণ কর। ৪
[দি. বো. ২০২৫]

**৩নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৪** জনাব রাফিদ একটি প্রতিষ্ঠানে কর্মরত। উক্ত প্রতিষ্ঠানের প্রধান কাজ হলো বিভিন্ন এলাকার সব সাধারণের সেবা প্রদান করা। প্রতিষ্ঠানটি অল্প দিনেই বেশ সুনাম অর্জন করেছে।

অপরদিকে শাওন, সুজন আরো কয়েকজন মৎস্যচাষি নিজেদের উন্নতির জন্য ২০০১ সালের আইন অনুযায়ী একটি সংগঠন গড়ে তোলেন। মুনাফার একটি অংশ সদস্যদের চিকিৎসাসহ অন্যান্য কল্যাণমূলক কাজে ব্যয় করেন। বর্তমানে তাদের প্রতিষ্ঠানটি সুনাম অর্জন করেছে।

ক. অংশীদারি ব্যবসায়ের চুক্তিপত্র কী? ১
খ. একমালিকানা ব্যবসায়ের দায়ের ধরন ব্যাখ্যা কর। ২
গ. জনাব রাফিদের কর্মরত প্রতিষ্ঠানটি মালিকানার ভিত্তিতে কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা কর। ৩
ঘ. আত্মসামাজিক উন্নয়নে উদ্দীপকের জনাব শাওন ও জনাব সুজনের গঠিত সংগঠনটির ভবিষ্যৎ সম্ভাবনা মূল্যায়ন কর। ৪
[দি. বো. ২০২৫]

### ৪নং প্রশ্নের উত্তর

**ক** অংশীদারি চুক্তিপত্র হলো এমন একটি দলিল যাতে উক্ত ব্যবসায়ের উদ্দেশ্য, পরিচালনা পদ্ধতি, অংশীদারদের প্রত্যেকের অবস্থান, দায়িত্ব, কর্তব্য ও অধিকার এবং ভবিষ্যতে বিরোধ মীমাংসা করার পদ্ধতি সুস্পষ্টভাবে তুলে ধরা হয়।

**খ** একমালিকানা ব্যবসায়ের সম্পূর্ণ মালিকের থাকে বিধায় এর দায় অসীম।

সাধারণভাবে একমালিকানা ব্যবসায়ে মালিক এবং ব্যবসায়ের সত্তাকে কখনো পৃথক করে দেখা হয় না। তাই এ ধরনের ব্যবসায়ে যখন দায়ের অবস্থা তৈরি হয় তখন তা মালিককে এককভাবে বহন করতে হয়। ব্যবসায়ের সম্পদ দ্বারা দেনা পরিশোধ সম্ভব না হলে মালিকের ব্যক্তিগত সম্পত্তি বা পারিবারিক সম্পত্তি এক্ষেত্রে পাওনাদারদের দেনা পরিশোধে ব্যবহার করতে হয়। এরূপ দায় ব্যক্তিকে দেউলিয়া করতে পারে। অসীম দায়ের কারণে অনেক সামর্থ্যবান ব্যক্তিরাও ব্যবসায় সংগঠনে উৎসাহী হয় না।

**গ** জনাব রাফিদের কর্মরত প্রতিষ্ঠানটি মালিকানার ভিত্তিতে একটি রাষ্ট্রীয় ব্যবসায়।

সাধারণ অর্থে সরকার কর্তৃক গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত ব্যবসায়কে রাষ্ট্রীয় ব্যবস্থায় বলে। এরূপ ব্যবসায় রাষ্ট্র কর্তৃক প্রতিষ্ঠিত হতে পারে। আবার ব্যক্তিমালিকানাধীন যেকোনো ব্যবসায়কে রাষ্ট্রের প্রয়োজনে জাতীয়করণের মাধ্যমে রাষ্ট্রীয় ব্যবসায়ে রূপান্তরিত করতে পারে। এসব রাষ্ট্রীয় ব্যবসায় উৎপাদনশীল কাজের সাথে সাথে অনেক সেবামূলক কাজের সাথেও জড়িত।

উদ্দীপকের জনাব রাফিদ একটি প্রতিষ্ঠানে কর্মরত। উক্ত প্রতিষ্ঠানের প্রধান কাজ হলো সর্বসাধারণের সেবা প্রদান করা। প্রতিষ্ঠানটি খুব অল্প দিনেই সুনাম অর্জন করেছে। অর্থাৎ তিনি একটি রাষ্ট্রীয় ব্যবসায়ে কর্মরত রয়েছেন। সাধারনত রাষ্ট্রীয় ব্যবসায় অন্যান্য ব্যবসায়ের মতো মুনাফা অর্জন বা বৃদ্ধির উদ্দেশ্য নিয়ে কাজ করে না। এ ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য হলো দেশের সর্বস্তরের জনগণকে সেবা প্রদান করার মাধ্যমে জনকল্যাণ সাধন করা। এ ব্যবসায়ের প্রাপ্ত লাভও জনকল্যাণে ব্যয় হয়। তাই বলা যায়, জনাব রাফিদের কর্মরত প্রতিষ্ঠানটি মালিকানার ভিত্তিতে রাষ্ট্রীয় ব্যবসায়।

**ঘ** উদ্দীপকের জনাব শাওন ও জনাব সুজনের ব্যবসায়টি হলো সমবায় সংগঠন, যা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি মনে করি।

সমবায়ের শাব্দিক অর্থ হলো সম্মিলিত উদ্যোগে বা প্রচেষ্টায় কাজ করা। সম্মিলিত প্রচেষ্টায় এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা ও চিন্তা থেকেই সমবায়ের উৎপত্তি। সাধারনত সমাজের নিম্ন ও মধ্যবিত্ত ব্যক্তি নিজেদের আর্থিক উদ্দেশ্য অর্জনের জন্য স্বেচ্ছায় মিলিত হয়ে সম্মিলিত প্রচেষ্টায় সমবায় সমিতি গড়ে তোলে। ফলে এর মাধ্যমে স্বল্প ও নিম্নবিত্তের আর্থসামাজিক উন্নয়ন ত্বরান্বিত হয়।

উদ্দীপকের শাওন ও সুজন আরও কয়েকজন মৎস্যচাষি নিজেদের উন্নতির জন্য ২০০১ সালের আইন অনুযায়ী একটি সংগঠন গড়ে তোলেন। যা মূলত সমবায় সংগঠন। এ ধরনের সংগঠনের মুখ্য উদ্দেশ্য হলো সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। শাওন, সুজন ও অন্যান্য মৎস্য চাষিরা এ সংগঠনের মাধ্যমে স্বকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হয়ে উঠবে। তাদের সফলতা অন্য বেকার যুবকদেরও এরূপ সংগঠন গড়ে তুলে নিজেদের স্বকর্মসংস্থান তৈরিতে উদবুদ্ধ করবে। ফলে দেশের বেকার সমস্যা হ্রাস পাবে ও মাথাপিছু আয় বৃদ্ধি পাবে। তারা বিভিন্ন অর্থনৈতিক ও সামাজিক সুযোগ-সুবিধা যেমন শিক্ষা, চিকিৎসা ইত্যাদি যথাযথভাবে ভোগ করতে পারবে। অর্থাৎ আত্মনির্ভরশীলতা অর্জনের পাশাপাশি সদস্যদের পারস্পারিক কল্যাণের উদ্দেশ্যেই সমবায় সংগঠন গঠন করা হয়।

তাছাড়া তাদের সংগঠনের সবাই নিজেদের সামর্থ্যকে একত্র করে কাজ করায় কোনো সদস্যের সীমাবদ্ধতা তাদের সংগঠনের জন্য বাধার সৃষ্টি করবে না। তারা উন্নত মাছ চাষ পদ্ধতি অনুসরণ করে দেশে মাছের চাহিদা পূরণ করে বিদেশেও তা রপ্তানি করতে পারবে। যার ফলে বৈদেশিক মুদ্রা অর্জন হবে। অর্থাৎ তাদের এই সংগঠন কেবল তাদের জীবনমানেরই পরিবর্তন ঘটাবে না সেই সাথে দেশের আর্থ-সামাজিক উন্নয়নেও প্রভাব ফেলবে। তাই বলা যায়, আর্থ-সামাজিক উন্নয়নে শাওন ও সুজনের সংগঠনটির ভবিষ্যৎ অনেক উজ্জ্বল বলে আমি মনে করি।

**প্রশ্ন ▶ ০৫** জনাব সুমন একজন উদ্ভাবক তিনি দীর্ঘদিন গবেষণা করে নতুন এক প্রকারের ধানের বীজ আবিষ্কার করেন যেটি দুই মাসের মধ্যেই ধান উৎপাদন হবে। তিনি তার পণ্য প্যাকেটজাত করে বাণিজ্যিক ভিত্তিতে বাজারজাত করেন এবং ভালো সাড়া পান। কিছুদিনের মধ্যে অন্য একটি প্রতিষ্ঠান তার ধানবীজের প্যাকেট এর নির্দিষ্ট চিহ্ন নকল করে বাজারজাত করে। কিন্তু তিনি এ কোম্পানির বিরুদ্ধে মামলা করেও কোনো আইনগত সহায়তা পাননি।

ক. ফ্রানসাইজিং কী? ১
খ. কোন বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় না– ব্যাখ্যা কর। ২
গ. জনাব সুমনের আবিষ্কার কোন সম্পদের অন্তর্ভুক্ত– ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব সুমনের আইন সহায়তা না পাওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

[দি. বো. ২০২৫]

### ৫নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৬** জনাব রাহুল তার প্রতিষ্ঠানের যে সমস্ত লেনদেন নগদে সংগঠিত হয় তা প্রতিদিন লিপিবদ্ধ করে রাখেন। অপরদিকে জনাব রফিক নগদ লেনদেনের ক্ষেত্রে একইভাবে লিপিবদ্ধ করেন। এছাড়া তিনি উৎপাদিত পণ্যের একক প্রতি উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্য নির্ধারণসহ অন্যান্য হিসাবসমূহ সংরক্ষণ করেন। ফলে তিনি সহজেই প্রত্যাশিত মুনাফা সম্পর্কে ধারণা পান। বর্তমানে তিনি সফল ব্যবসায়ী।

ক. CIP কী? ১
খ. চলতি মূলধন বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে জনাব রাহুল লেনদেনের ক্ষেত্রে কোন বিবরণী প্রস্তুত করেছেন? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব রফিকের সফলতা অর্জনের ক্ষেত্রে গৃহীত পদক্ষেপ মূল্যায়ন কর। ৪

[দি. বো. ২০২৫]

### ৬নং প্রশ্নের উত্তর

**ক** বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিকে CIP বা Commercially Important Person বলা হয়।

**খ** ব্যবসার দৈনন্দিন কার্যাবলি সম্পাদনের জন্য যে মূলধনের প্রয়োজন হয় তাকে চলতি মূলধন বলে।

সাধারণ ব্যবসায়ের ক্ষেত্রে বিক্রি করার জন্য ক্রয় খরচ, কর্মচারীদের বেতন, পণ্য মজুদ প্রভৃতি বাবদ চলতি মূলধন ব্যবহৃত হয়। উৎপাদনমূলক ব্যবসায়ের ক্ষেত্রে কাঁচামালের মূল্য, পরিবহণ খরচ, আধা-প্রস্তুতকৃত পণ্য, শ্রমিকদের মজুরি, জ্বালানি খরচ ইত্যাদি বহন করার জন্য চলতি মূলধনের প্রয়োজন। সেবামূলক ব্যবসায়ের ক্ষেত্রে কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের জন্য চলতি মূলধনের প্রয়োজন হয়।

**গ** উদ্দীপকে জনাব রাহুল লেনদেনের ক্ষেত্রে প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী প্রস্তুত করেছেন।

সুষ্ঠুভাবে ব্যবসায় পরিচালনার জন্য ব্যবসায় উদ্যোক্তার নগদানপ্রবাহ বিবরণী প্রাক্কলন করা প্রয়োজন। এই বিবরণীতে নির্দিষ্ট সময়ে কী পরিমাণ নগদ আসছে এবং কী পরিমাণ ব্যয় হচ্ছে তা সংরক্ষণ করা হয়। নগদান প্রবাহ বিবরণী তৈরি করার ফলে উদ্যোক্তা তার ব্যবসায়ের নগদ প্রকৃত অবস্থা জানতে পারে।

উদ্দীপকের জনাব রাহুল তার প্রতিষ্ঠানের যে সমস্ত লেনদেন নগদে সংঘটিত হয় তা প্রতিদিন লিপিবদ্ধ করে রাখেন। অর্থাৎ তিনি দৈনিক ভিত্তিতে প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী প্রস্তুত করে থাকেন। এই বিবরণীতে নগদ লেনদেন অর্থাৎ তার প্রতিষ্ঠানে দৈনিক কী পরিমাণ অর্থ আসে ও ব্যয় হয় তার হিসাব রাখা হয়। এর ফলে একটি নির্দিষ্ট সময় শেষে কী পরিমাণ নগদ অর্থ আছে তা জানা যায়। এ বিবরণী তৈরি করার ফলে উদ্যোক্তা তার ব্যবসায়ের নগদের প্রকৃত অবস্থা জানতে পারে। তাই বলা যায়, জনাব রাহুল প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী প্রস্তুত করেছেন।

**ঘ** উদ্দীপকের জনাব রফিকের সফলতা অর্জনের ক্ষেত্রে গৃহীত পদক্ষেপটি হলো সম-আয়-ব্যয় বলে। সম-আয়-ব্যয় বিশ্লেষণ বলতে ব্যবসায়ের এমন একটি অবস্থাকে বোঝায় যখন আয় ব্যয় সমান হয়। একটি প্রতিষ্ঠান তার পণ্যের বিক্রয়মূল্য নির্ধারণে সম-আয়-ব্যয় বিশ্লেষনের সহায়তা নিয়ে থাকে।

উদ্দীপকের জনাব রফিক নগদ লেনদেনের ক্ষেত্রে প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী অনুসরণ করে থাকে। এছাড়া তিনি উৎপাদিত পণ্যের একক প্রতি উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্য নির্ধারণসহ অন্যান্য হিসাবসমূহ সংরক্ষণ করেন। ফলে তিনি সহজেই প্রত্যাশিত মুনাফা সম্পর্কে ধারণা পান। বর্তমানে তিনি সফল ব্যবসায়ী। মূলত সম-আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে পণ্যের সঠিক মূল্য নির্বাচনই তার এই সাফল্যের প্রধান কারণ।

সম-আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে মুনাফা পরিকল্পনা তৈরি ও মুনাফা বাড়ানোর কাজ করা যায়। সম-আয়-ব্যয় বিন্দু নির্ধারণ করে কাঙ্ক্ষিত মুনাফা যোগ করে পণ্যের মূল্য নির্ধারণ করা যায়। এতে মুনাফা অর্জন করতে সুবিধা হয়। জনাব রফিকও সম-আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে পণ্যের উৎপাদন ব্যয় ও বিক্রয় মূল্যের মধ্যে একটি পর্যায় অর্থাৎ যে পরিমাণ উৎপাদন করলে লাভও হয় না আবার ক্ষতিও হয় না তা নির্ধারণ করেন। অতঃপর তা নির্ধারণ পূর্বক তিনি পণ্যের জন্য একটি সঠিক মূল্য নিরুপণ করেন। পণ্যের সঠিক মূল্য নির্ধারনের ফলে পণ্যটি ক্রেতাদের ক্রয়-ক্ষমতার মধ্যে থাকে। ফলে ক্রেতারা পণ্যটি ক্রয়ে আগ্রহী হয় এবং বিক্রয় বৃদ্ধি পায়। প্রতিষ্ঠান কাঙ্ক্ষিত সফলতা অর্জনে সক্ষম হয়। তাই বলা যায়, জনাব রফিকের সফলতা অর্জনের ক্ষেত্রে সম-আয়-ব্যয় বিশ্লেষণের মাধ্যমে সঠিক মূল্য নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

**প্রশ্ন ▸ ০৭** জনাব বাশার পরিবারের সদস্যদের সৃজনশীলতাকে কাজে লাগিয়ে স্থানীয় উপকরণের উপর ভিত্তি করে একটি শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার প্রতিষ্ঠানের পণ্য দেশের সাংস্কৃতিক ঐতিহ্য বহন করে। পক্ষান্তরে জনাব আফরান একটি শিল্প কারখানা স্থাপন করেন। তার প্রতিষ্ঠানে ৩০০ জন শ্রমিক কর্মরত আছে। শিল্পটির উৎপাদিত পণ্য দেশের চাহিদা মিটিয়ে বিদেশে রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করেন। তিনি শিল্পটির কয়েকটি শাখা স্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা করেছেন।

ক. ক্ষুদ্র শিল্প বলতে কী বুঝ? ১
খ. মাঝারি সেবা শিল্প কী? ব্যাখ্যা কর। ২
গ. জনাব বাশারের শিল্পটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে জনাব আফরানের শিল্পটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

[দি. বো. ২০২৫]

**৭নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▸ ০৮** জনাব সাইফ একটি ব্যবসায় প্রতিষ্ঠান গঠনের নিমিত্তে স্থানীয় বাণিজ্যিক ব্যাংক, আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবের নিকট হতে প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করেন। প্রতিষ্ঠানের উৎপাদন ও বিক্রয় বেশি হওয়ায় কয়েকজন কর্মচারী নিয়োগ দেন। পরবর্তীতে প্রতিষ্ঠানটির একটি শাখা বিভাগীয় শহরে স্থাপন করেন। তিনি কর্মীদের সঠিক দিক নির্দেশনাও দেন। এছাড়া কিছুদিন পরপর প্রশিক্ষণের ব্যবস্থা করেন। কর্মীদের মধ্যে কোনো সমস্যা দেখা দিলে তাও সমাধানের চেষ্টা করেন। বর্তমানে তিনি একজন সফল ব্যবসায়ী।

ক. ব্যবস্থাপনার জনক হেনরি ফেওল এর ব্যবস্থাপনার সংজ্ঞাটি কী? ১
খ. সংগঠিতকরণ বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জনাব সাইফ এর প্রথম পর্যায়ের কাজটিকে কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব সাইফ কে আদর্শ নেতার গুণাবলির আলোকে মূল্যায়ন কর। ৪

[দি. বো. ২০২৫]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবস্থাপনার জনক হেনরি ফেওল এর ব্যবস্থাপনার সংজ্ঞাটি হলো– 'ব্যবস্থাপনা হলো পূর্বানুমান ও পরিকল্পনা, সংগঠিতকরণ, নির্দেশনা, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণের সমষ্টি।

**খ** পরিকল্পনা অনুযায়ী কর্মীদের মধ্যে দায়িত্ব ও ক্ষমতা বণ্টন করা হলো সংগঠিতকরণ।

কর্মীদের মধ্যে বিভাগ ও উপ-বিভাগ অনুযায়ী কাজ বিভিন্ন ভাগে ভাগ করা হয়। এ ব্যবস্থা কর্মীদের দক্ষভাবে কাজ করতে সহায়তা করে। এতে ব্যবসায়ের জন্য প্রয়োজনীয় মানবিক ও বস্তুগত সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা যায়। আর দক্ষ সংগঠন ব্যবস্থা প্রতিষ্ঠানকে ফলপ্রসূ করে।

**গ** উদ্দীপকের জনাব সাইফ-এর প্রথম পর্যায়ের কাজকে অর্থায়ন বলা হয়।

সাধারণ অর্থে, ব্যবসায়ের জন্য অর্থ সংগ্রহ করাকে অর্থায়ন বলে। কিন্তু ব্যাপক অর্থে, ব্যবসায়ের আর্থিক প্রয়োজন মেটানোর জন্য অর্থ সংগ্রহ, অর্থ সংরক্ষণ, সংগৃহীত অর্থের সুষ্ঠু ব্যবহার সংক্রান্ত সকল কার্যাবলিকে ব্যবসায় অর্থায়ন বলে। যেকোনো ব্যবসায় গঠন থেকে শুরু করে পরিচালনা ও সম্প্রসারণ সকল ক্ষেত্রেই অর্থায়নের প্রয়োজন পড়ে থাকে।

উদ্দীপকের জনাব সাইফ একটি ব্যবসায় গঠনের উদ্যোগ নেন। এরই নিমিত্তে তিনি স্থানীয় ব্যাংক, আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবের নিকট হতে প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করেন। আর ব্যবসায় গঠন, পরিচালনা ও সম্প্রসারণের উদ্দেশ্যে অর্থ সংগ্রহ করা হলো অর্থায়ন। যে কোনো ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য অর্থ বা মূলধনের প্রয়োজন। একজন ব্যবসায়ী বিভিন্ন উৎস থেকে এ অর্থ সংগ্রহ করে তার ব্যবসায়িক প্রয়োজন মেটাতে পারে। বাণিজ্যিক ব্যাংক ও আত্মীয়-স্বজন অর্থায়নের উৎসের অন্তর্ভুক্ত, যে দুটি উৎস থেকে জনাব সাইফ ও তার ব্যবসায় গঠনের জন্য অর্থ সংগ্রহ করেছেন। তাই বলা যায়, উদ্দীপকের সাইফের প্রথম পর্যায়ের কাজটি হলো অর্থায়ন।

**ঘ** উদ্দীপকের জনাব সাইফের মধ্যে আদর্শ নেতার গুণাবলিসমূহ বিদ্যমান রয়েছে।

যিনি নেতৃত্ব দেন তাকেই নেতা বলা হয়। নেতার কাজ হলো উদ্দেশ্যকে বাস্তবায়িত করার জন্য প্রতিষ্ঠানের কর্মীদের উৎসাহিত ও পরিচালিত করা। নেতৃত্ব দানের কঠিন দায়িত্বশীল কাজটি সম্পাদনের জন্য একজন নেতার বহুবিধ গুণ ও বৈশিষ্ট্য থাকতে হয়। কেননা উপযুক্ত নেতৃত্ব যেমন একটি প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনকে সহজতর করে, তেমনি নেতার অযোগ্যতা প্রতিষ্ঠানকে ব্যর্থ করে দিতে পারে।

উদ্দীপকের জনাব সাইফ বাণিজ্যিক ব্যাংক ও আত্মীয়-স্বজনের নিকট হতে অর্থ সংগ্রহ করে একটি প্রতিষ্ঠান গঠন করেছেন। তিনি একজন পরিশ্রমী ব্যক্তি। আর পরিশ্রম আদর্শ নেতার একটি অন্যতম গুণ। পরিশ্রমের কারণেই তিনি বিভাগীয় শহরে তার ব্যবসায় প্রতিষ্ঠানের আরেকটি শাখা খুলতে সক্ষম হন। ব্যবসায়ে নতুন শাখা স্থাপন একটি চ্যালেঞ্জিং বা ঝুঁকিপূর্ণ কাজ। কেননা এক্ষেত্রে তিনি আর্থিক ঝুঁকির সম্মুখীন হতে পারেন। কিন্তু তিনি এই ঝুঁকি গ্রহণ করেছেন, যা আদর্শ নেতার সাহসিকতা গুণটি ফুটিয়ে তোলে। তিনি তার প্রতিষ্ঠানে কর্মরত কর্মীদের সঠিক দিকনির্দেশনা অর্থাৎ কর্মীর সক্ষমতা অনুযায়ী দায়িত্ব বন্টন করে দেন। তার মধ্যে সাংগঠনিক দক্ষতারও বহিঃপ্রকাশ লক্ষ করা যায়। এছাড়া তিনি কর্মীদের প্রশিক্ষণের মাধ্যমে তাদের কর্মদক্ষতা বৃদ্ধি ঘটায়। অর্থাৎ তার মধ্যে সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা গুণটি রয়েছে। কর্মীদের মধ্যে কোনো সমস্যা দেখা দিলে তাও সমাধানের চেষ্টা করেন। তার মধ্যে সহযোগিতাপূর্ণ মনোভাব বিরাজ করায় তিনি তার প্রতিষ্ঠানের কর্মীদের সকল সমস্যার সমাধানও করে থাকেন। অর্থাৎ জনাব সাইফের মধ্যে আদর্শ নেতার বিবিধ গুণ বিদ্যমান রয়েছে।

পরিশেষে বলা যায়, একজন আদর্শ নেতার সকল গুণের সমাবেশ থাকায় জনাব সাইফ কাঙ্ক্ষিত সফলতা লাভ করে বর্তমানে তিনি একজন সফল ব্যাবসায়ী।

**প্রশ্ন ▶ ০৯** জনাব আসাদ তার কারখানায় রাসায়নিক সার উৎপাদন করেন। উৎপাদিত সার বাজারজাতকরণের জন্য কয়েকজন ব্যক্তিকে নিয়োগ দেন। আসাদ বিক্রিত পণ্যের উপর নির্দিষ্ট হারে অর্থ প্রদান করেন। আসাদ তার কাজে সহযোগিতার জন্য আবির নামে একজন কর্মী নিয়োগ দেন। আবির ক্রেতাদের সাথে মার্জিত ব্যবহার করেন। তিনি প্রতিদিন লেনদেন শেষে আসাদকে হিসাব বুঝিয়ে দেন। এছাড়া অনলাইনে পণ্যের অর্ডার নিয়ে সেগুলো যথাসময়ে সরবরাহ করেন।

ক. পর্যায়িতকরণ কী? ১

খ. শেয়ার বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আসাদ বিপণনের কোন বণ্টনপ্রণালী অনুসরণ করেছেন? বর্ণনা দাও। ৩

ঘ. জনাব আবিরের কার্যাবলি আদর্শ বিক্রয়কর্মীর গুণাবলির আলোকে মূল্যায়ন কর। ৪

[দি. বো. ২০২৫]

**<u>৯নং প্রশ্নের উত্তর</u>**

**ক** মান অনুযায়ী পণ্যকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করাকে পর্যায়িতকরণ বলা হয়।

**খ** কোম্পানির সমগ্র মূলধনকে সমপরিমাণ এককে বিভক্ত করলে প্রত্যেকটি একককে শেয়ার বলে।

যৌথ মূলধনী ব্যবসায় বা কোম্পানি সংগঠনের মূলধন সংগ্রহের অন্যতম হাতিয়ার হলো শেয়ার। কোম্পানির মোট মূলধনকে মোট সমপরিমাণ কতকগুলো ক্ষুদ্র ক্ষুদ্র এককে বিভক্ত করা হয়। এদের প্রত্যেকটি এককই হলো এক একটি শেয়ার। বৃহদায়তন কোম্পানি চলমান অবস্থায় আর্থিক সংকটে পড়লে এই শেয়ার বিক্রির মাধ্যমে মূলধন সংগ্রহের ব্যবস্থা করে।

**গ** জনাব আসাদ বিপণনের প্রতিনিধি বা এজেন্টের মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালিটি অনুসরণ করেন।

যে প্রক্রিয়ায় উৎপাদনকারীগণ এদেশের বিভিন্ন স্থানে এজেন্ট বা প্রতিনিধি নিয়োগ করে তাদের মধ্যে সরাসরি ভোক্তাদের নিকট শিল্প সামগ্রী বিক্রয় করে থাকে, তাকে প্রতিনিধি বা এজেন্টের মাধ্যমে বিক্রয় বন্টন প্রণালি বলা হয়। বিভিন্ন ধরনের ইলেকট্রনিক সামগ্রী যেমন– টিভি, ফ্রিজ, ফ্যান এবং কৃষি উপকরণ যেমন– সার, বীজ এ পদ্ধতিতে বিক্রয় করা হয়।

উদ্দীপকের জনাব আসাদ তার কারখানায় রাসায়নিক সার উৎপাদন করেন। উৎপাদিত সার বাজারজাতকারণের জন্য তিনি কয়েকজন ব্যক্তিকে নিয়োগ দেন। বিক্রিত পণ্যের উপর আসাদ নির্দিষ্ট হারে অর্থও প্রদান করেন। অর্থাৎ আসাদ উৎপাদিত সার চূড়ান্ত ভোক্তাদের নিকট পৌঁছানোর জন্য কয়েকজন এজেন্ট বা প্রতিনিধির সাহায্য নেন, যা এজেন্ট বা প্রতিনিধির মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালীর সাথে সাদৃশ্যপূর্ণ। এক্ষেত্রে এই এজেন্ট বা প্রতিনিধিরা তার অর্থাৎ উৎপাদনকারী ও ভোক্তার মাঝে যোগসূত্র হিসেবে কাজ করে। সাধারনত সার ও বীজ জাতীয় কৃষি উপকরণ বিক্রির ক্ষেত্রে উৎপাদনকারীরা এই প্রণালিটি ব্যবহার করে থাকেন। তাই বলা যায়, জনাব আসাদ বিপণনের এজেন্ট বা প্রতিনিধির মাধ্যমে বিক্রয় বণ্টন প্রণালিটি ব্যবহার করে থাকেন।

**ঘ** জনাব আবিরের কার্যাবলির মধ্যে আদর্শ বিক্রয়কর্মীর বিবিধ গুণ বিদ্যমান রয়েছে; যা তাকে একজন আদর্শ বিক্রয়কর্মী হিসেবে ফুটিয়ে তুলেছে।

বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে বিক্রিয় প্রসার ও সফলতা অর্জনে বিক্রয়কর্মীর ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। অনেক ক্ষেত্রে কারণ একজন বিক্রয়কর্মীকে অবশ্যই কতকগুলো গুণাবলির অধিকারী হতে হয়। এই গুণগুলোর কারণেই ক্রেতা ও ভোক্তারা আকৃষ্ট ও প্রভাবিত হয়ে স্থায়ী গ্রাহকে পরিণত হয়। ব্যবসায়ের সফলতা ও ব্যর্থতা একজন বিক্রয়কর্মী দ্বারা প্রভাবিত হয়।

উদ্দীপকের জনাব আসাদ তার কাজে সহযোগিতার জন্য আবির নামে একজন কর্মী নিয়োগ দেন। বিক্রয়কর্মী হিসেবে তার মধ্যে প্রথমেই যে গুণটি ফুটে ওঠে সেটি হলো মার্জিত ব্যবহার। একজন বিক্রয়কর্মীকে

অবশ্যই ভদ্র, নম্র, অমায়িক ও মার্জিত ব্যবহারের অধিকারী হতে হয়। একজন বিক্রয়কর্মীকে অবশ্যই সৎ হতে হবে। তিনি তার সততা দ্বারাই সকলের নিকট বিশ্বস্ত হয়ে উঠবেন। আবিরও তার সততার গুণে লেনদেন স্বচ্ছতা বজায় রাখেন এবং তিনি যার অধীন কাজ করেন তাকে প্রতিদিনের লেনদেন বুঝিয়ে দেন। তাছাড়া তার এ গুণ ক্রেতাদেরও আকৃষ্ট করবে। তার সততা ও বিশ্বস্ততা ক্রেতাদের স্থায়ী গ্রাহকে পরিণত করবে। এছাড়াও তার মধ্যে বিপণন সম্পর্কে জ্ঞান রয়েছে। যার দরুন তিনি অনলাইনে অর্ডারকৃত পণ্য যথাযথভাবে সংগ্রহ ও প্যাকিং করে তা ক্রেতাদের নিকট সরবরাহ করেন। তাই বলা যায়, জনাব আবিরের কার্যাবলির মধ্যে একজন আদর্শ বিক্রয়কর্মীর গুণাবলি ফুটে উঠেছে।

**প্রশ্ন ▶ ১০** খুলনা শহরের সাদিয়া আফরোজ একটি সরকারি প্রতিষ্ঠান থেকে থ্রিপিচের উপর বাটিকের কাজের প্রশিক্ষন নেন। তিনি ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। ২০১০ সালে তিনি বাটিকের যন্ত্র আবিষ্কার করে সাড়া ফেলে দেন। তিনি একজন নারী আবিষ্কারক হওয়ায় বর্তমানে বিশেষ প্রণোদনা পাচ্ছেন। এছাড়া বিভিন্ন মেয়াদে সরকার প্রদত্ত সুযোগ-সুবিধাও ভোগ করেন।

ক. বিসিক এর প্রধান কাজ কী? ১

খ. একজন নারী কীভাবে একজন শিল্পোদ্যোক্তা হিসেবে বিবেচিত হয়? ব্যাখ্যা কর। ২

গ. সাদিয়া আফরোজ কোন সরকারি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ নেন? বর্ণনা কর। ৩

ঘ. জাতীয় শিল্পনীতি-২০১০ অনুযায়ী সাদিয়া আফরোজের প্রাপ্য সহায়তার ধরন বিশ্লেষণ কর। ৪

[দি. বো. ২০২৫]

**১০নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ১১** জনাব কবির নদীর তীরে 'প্লাস্টিকের রয়েল প্লাগ' উৎপাদনকারী একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার কারখানায় বর্জ্য নিষ্কাশনের কোনো ব্যবস্থা না থাকায় বর্জ্য সরাসরি নদীতে গিয়ে পড়ে। ফলে এলাকার মানুষ নানা ধরনের রোগে আক্রান্ত হয়। পক্ষান্তরে জনাব মাহমুদ প্রচলিত আইন মেনে ব্যবসায় পরিচালনা করেন। তিনি শ্রমিকদের জন্য কাজের যথাযথ পরিবেশ সৃষ্টিসহ উন্নত আবাসনের ব্যবস্থা করেন।

ক. রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড কেন দেওয়া হয়? ১

খ. ব্যবসায়ে সততা বজায় রাখা কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব কবিরের কারখানা কোন ধরনের দূষণ সৃষ্টি করে? বর্ণনা কর। ৩

ঘ. জনাব মাহমুদের কার্যাবলি ব্যবসায়ের দায়বদ্ধতার আলোকে মূল্যায়ন কর। ৪

[দি. বো. ২০২৫]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** পৃথিবীর সকল মায়েদের শ্রদ্ধা জানাতে এবং মায়েদের মধ্যে সচেতনতা বাড়ানোর উদ্দেশ্যে রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড দেওয়া হয়।

**খ** ব্যবসায়ে সততা বজায় রাখা হলো নৈতিকতার সাথে ব্যবসায় পরিচালনা করা। ব্যবসায় জগতে আমাদের সঠিক পথে পরিচালনা করে ব্যবসায় নৈতিকতা। ব্যবসায়ের সকল ক্ষেত্রে সততা বজায় রাখা ব্যবসায় নৈতিকতার অন্তর্ভুক্ত। অতিরিক্ত মুনাফা না করা, বাজারে কৃত্রিম অভাব সৃষ্টি না করা, স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এমন পণ্য বাজারে সরবরাহ না করা প্রভৃতির মাধ্যমে একজন ব্যবসায়ী সততার সাথে তার ব্যবসায় পরিচালনা করতে পারে।

**গ** জনাব কবিরের কারখানা পানি দূষণের সৃষ্টি করে।

পানি পরিবেশের একটি অন্যতম উপাদান। শিল্প বর্জ্য নির্গত তরল পদার্থ নদী-নালায় পড়ে পানি দূষিত করছে। এরফলে পানিতে বসবাসরত জীববৈচিত্র্য মারাত্মক হুমকির সম্মুখীন হচ্ছে। বর্তমানে এটি শিল্পায়নের একটি অন্যতম সমস্যা হয়ে দাঁড়িয়েছে।

উদ্দীপকে জনাব কবির নদীর তীরে 'প্লাস্টিকের রয়েল প্লাগ' উৎপাদনকারী একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার কারখানায় বর্জ্য নিষ্কাশনের কোনো ব্যবস্থা তিনি রাখেননি। ফলে বর্জ্য সরাসরি নদীতে গিয়ে পড়ে। নদীতে পড়া এসব বর্জ্য নদীর পানিতে মিশে নদীর পানিকে দূষিত করে। নদীর পানি পানির একটি গুরুত্বপূর্ণ উৎস। এই পানি মানুষ খাওয়া, গোসল থেকে শুরু করে বিভিন্ন কাজে ব্যবহার করে। তাই এই দূষিত পানি ব্যবহার করলে মানুষ নানা ধরনের রোগে আক্রান্ত হয়, যেমনটা জনাব কবিরের কারখানার জন্য মানুষ হয়েছে। এছাড়া কারখানার বর্জ্য নদীর পানিতে পড়ে তা বিষাক্ত করে ফেলায়, তা মাছসহ জলজ প্রাণী বাস করার অনুপযোগী হয়ে পড়ে। তাই বলা যায়, জনাব কবিরের কারখানা নদীর পানিকে বিষাক্ত করে পানি দূষণের সৃষ্টি করে।

**ঘ** জনাব মাহমুদের কার্যাবলিতে রাষ্ট্র ও শ্রমিক-কর্মচারীদের প্রতি দায়বদ্ধতা ফুটে উঠেছে সামাজিক দায়বদ্ধতা বলতে মুনাফা অর্জনের পাশাপাশি সমাজের কিছু মঙ্গলময় বা কল্যাণমূলক কাজ করাকে বোঝায়। একজন ব্যবসায়ীকে বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায় জগতে নিজের মুনাফা বৃদ্ধির উদ্দেশ্য অর্জনের পাশাপাশি অনেক পক্ষের প্রতি দায়িত্ব পালন করতে হয়।

উদ্দীপকের জনাব মাহমুদ প্রচলিত আইন মেনে ব্যবসায় পরিচালনা করেন। তিনি শ্রমিকদের জন্য কাজের যথাযথ পরিবেশ সৃষ্টিসহ উন্নত আবাসনের ব্যবস্থা করেন। অর্থাৎ একজন ব্যবসায়ী হিসেবে তিনি কেবল মুনাফা অর্জনকেই প্রাধান্য দেননি এবং তিনি সমাজের বিভিন্ন পক্ষের প্রতি দায়বদ্ধতাও পালন করেছেন।

জনাব মাহমুদ রাষ্ট্র ও শ্রমিক-কর্মচারীর প্রতি দায়বদ্ধতা পালন করে থাকেন। তিনি দেশের প্রচলিত আইন মেনে ব্যবসায় পরিচালনা করার মাধ্যমে রাষ্ট্রের প্রতি দায়বদ্ধতা পালন করেন। একজন ব্যবসায়ী সরকারকে নিয়মিত কর ও রাজস্ব প্রদান, সরকারের নিয়মনীতি যথাযথভাবে পালন, কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক উন্নয়নে অবদান রেখে রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালন করে থাকেন। জনাব মাহমুদ-এর পাশাপাশি শ্রমিক-কর্মচারীদের প্রতিও দায়িত্ব পালন করেন। শ্রমিক-কর্মচারীদের অব্যাহত প্রচেষ্টার ফলেই ব্যবসায়ে মুনাফা অর্জিত হয়। তাই একজন ব্যবসায়ীকে তার ব্যবসায়ের উন্নতির স্বার্থেই শ্রমিক কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের পাশাপাশি কাজের উপর পরিবেশ সৃষ্টি করা বাসস্থান চিকিৎসার ব্যবস্থা করা উচিত। তাই জনাব মাহমুদের কার্যাবলি দ্বারা মূলত রাষ্ট্র ও শ্রমিক-কর্মচারীর প্রতি দায়বদ্ধতা পালন হওয়ায় একথা বলা যায়, তিনি ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা পালনে সক্ষম হয়েছেন।

# ময়মনসিংহ বোর্ড-২০২৫

ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি অভীক্ষা) **বিষয় কোড : 1 4 3**

সময় : ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. পরিবহণ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ক সময়গত খ তথ্যগত গ স্থানগত ঘ মালিকানাস্বত্ব

**২. মোশাহিদ রংপুরে ব্যবসা স্থাপন করে কর অবকাশ পেলেন। কর অবকাশ মোশাহিদের জন্য কোন ধরনের সহায়তা?**
ক উদ্দীপনামূলক খ সমর্থনমূলক গ সংরক্ষণমূলক ঘ প্রনোদনামূলক

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মোশারফ একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। পণ্যের মান ও সুনাম বাড়ানোর লক্ষ্যে তিনি নিজ গ্রামে একটি কারখানা স্থাপন করেন। উক্ত কারখানায় ৫০ জন লোক নিয়োগ প্রাপ্ত হয়েছে। এতে কারখানার সুনাম বৃদ্ধি পেয়েছে।

**৩. কোন ধরনের দায়বদ্ধতা থেকে জনাব মোশারফ কারখানা স্থাপন করেন?**
ক ব্যক্তিগত খ সামাজিক গ পারিবারিক ঘ রাষ্ট্রীয়

**৪. দেশকে এগিয়ে নিতে জনাব মোশারফের মতো উদ্যোক্তারা ভূমিকা রাখেন–**
i. কর্মসংস্থান তৈরির মাধ্যমে ii. জীবনযাত্রার মান বৃদ্ধিতে
iii. গ্রামীণ অবকাঠামো উন্নয়নে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**৫. জনাব ফাহিম একটি হোটেলের খাবার সরবরাহ করেন। পাশাপাশি নিজের জায়গায় সবজি উৎপাদন করে বিক্রিও করেন। এটি কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত?**
ক পারিবারিক খ প্রাতিষ্ঠানিক গ অর্থনৈতিক ঘ সামাজিক

**৬. জনাব করিমের পর্যাপ্ত অর্থ নেই। অথচ ব্যবসা করতে আগ্রহী। তার জন্য ব্যবসায়ের উপযুক্ত ক্ষেত্র কোনটি?**
ক অংশীদারি খ একমালিকানা গ যৌথ মূলধনী ঘ সমবায়

**৭. জনাব শিশির বাঁশ ও বেত দিয়ে দোলনা, চেয়ার ও সোফা তৈরি করেন। এটি কোন ধরনের ব্যবসায়ের অন্তর্গত?**
ক শিল্প খ বাণিজ্য গ প্রত্যক্ষ সেবা ঘ পরোক্ষসেবা

**৮. সরকারের নীতিমালা ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান?**
ক আইনগত খ সামাজিক গ রাজনৈতিক ঘ অর্থনৈতিক

**৯. প্রত্যক্ষ সেবার অন্তর্গত–**
i. অডিট ফার্ম ii. আইন চেম্বার iii. ক্লিনিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১০. আমির আলী তার কাপড়ের ব্যবসায় ২০২২ সালের ১,০০,০০০ টাকা মুনাফার আশা করেছিলেন। কিন্তু বাস্তবে ৮০,০০০ টাকা লাভ হয়েছে। এটি তার ব্যবসায়ের কোন ধরনের ঝুঁকি?**
ক মূলধনের ঝুঁকি খ আর্থিক ঝুঁকি গ স্বাভাবিক ঝুঁকি ঘ রাজনৈতিক ঝুঁকি

**১১. ব্যবসায়ের জন্য হুমকি কোনটি?**
ক প্রতিকূল আইন শৃঙ্খলা পরিস্থিতি খ অবকাঠামোগত সমস্যা
গ মূলধনের অভাব ঘ বিমা ও ব্যাংকের সমস্যা

**১২. জনাব লিলি চারুকলা বিষয়ে পড়াশোনা করে নিজেই একটি ফ্যাশন হাউজ প্রতিষ্ঠা করেন। তিনি কোন ধরনের উদ্যোগ গ্রহণ করেছেন?**
ক সাংস্কৃতিক উদ্যোগ খ সামাজিক উদ্যোগ
গ শিল্পোদ্যোগ ঘ ব্যবসায় উদ্যোগ

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
অমলের এলাকায় অনেকগুলো মুরগির খামার আছে। খামারিরা মুরগির বিষ্ঠা নিয়ে বেশ অসুবিধায় ছিলেন। অমল বিষ্ঠাকে কাঁচামাল হিসাবে ব্যবহার করে গ্যাস প্লান্ট তৈরি করেন। উৎপাদিত গ্যাস ব্যবহার করে তিনি আজ স্বাবলম্বী।

**১৩. অমল স্বাবলম্বী হয়েছিলেন কীসের মাধ্যমে?**
ক কর্মসংস্থান খ আত্মকর্মসংস্থান গ শিল্পস্থাপন ঘ ব্যবসায়

**১৪. অমল ব্যবসায় করেছিল**
i. সম্পদের ii. সুযোগের iii. চাহিদার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৫. বেগম সানজিদা তার মাখন তৈরির কারখানায় ১২ জন মহিলাকে নিয়োগ দিয়েছেন তাদেরকে দক্ষ করতে কী পদক্ষেপ নেয়া প্রয়োজন?**
ক বেতন বৃদ্ধি খ বোনাস বৃদ্ধি গ প্রশিক্ষণ ঘ নিরাপত্তা

**১৬. অরুন ও বরুন সম-অংশীদারের ভিত্তিতে ২,০০,০০০ টাকা এবং ১,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। বরুনের ব্যবসায়িক অভিজ্ঞতা থাকায় তা মূলধনরূপে গণ্য হয়। অরুন মূলধনের কত ভাগ পাবে?**
ক ৪০% খ ৫০% গ ৬০% ঘ ৭০%

**১৭. সমবায় সমিতির প্রধান উদ্দেশ্য–**
ক মুনাফা অর্জন খ জনকল্যাণ করা
গ আত্মনির্ভরশীল করা ঘ মূলধন বৃদ্ধি করা

**১৮. উদ্যোগ গ্রহণ পর্যায়ে কোম্পানি গঠনে আগ্রহী ব্যক্তিগণ যে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন–**
i. কোম্পানির সম্ভাব্য নাম ii. কোম্পানির ধরন iii. মূলধনের পরিমাণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৯. জনাব সিরাজুল পৌর এলাকা থেকে ১০ কিলোমিটার দূরে একটি মুদি দোকান স্থাপন করতে চান। এক্ষেত্রে তাকে ট্রেড লাইসেন্স সংগ্রহ করতে হবে—**
ক ইউনিয়ন চেয়ারম্যানের নিকট থেকে খ পার্শ্ববর্তী পৌর মেয়রের নিকট থেকে
গ সংশ্লিষ্ট জেলা প্রশাসক অফিস থেকে ঘ উপজেলা চেয়ারম্যানের নিকট থেকে

**২০. পেটেন্টের মাধ্যমে মালিকানা প্রদানের ক্ষেত্রে কাদের মধ্যে চুক্তি হয়?**
ক আবিষ্কারক ও নিবন্ধক খ উদ্ভাবক ও নিবন্ধক
গ সরকার ও নিবন্ধক ঘ উদ্ভাবক ও সরকার

**২১. ফ্রানসাইজিং ব্যবসায়ের বৈশিষ্ট্য কী?**
ক উৎপাদন খ উভয় পক্ষের মধ্যে চুক্তি
গ বাজারজাতকরণ ঘ মুনাফা অর্জন

**২২. শফিক সাহেব একজন প্রকৌশলী তিনি ভবন তৈরির পূর্বে নকশা করেন এটি ব্যবস্থাপনার কোন কাজের সাথে জড়িত?**
ক পরিকল্পনা খ নিয়ন্ত্রণ গ নির্দেশনা ঘ সংগঠিত করণ

**২৩. একজন ব্যবসায়ী কীভাবে প্রকল্পের সূচনা করেন?**
ক নতুন প্রযুক্তি ব্যবহার করে খ প্রকল্প ধারণা অনুরূপ করে
গ উদ্যোক্তার আগ্রহ দ্বারা ঘ পণ্যের চাহিদা থেকে

**২৪. সালেহা বেগম আশুলিয়াতে একটি চানাচুর তৈরির কারখানা স্থাপন করেন। কারখানাটি কোন শিল্পের অন্তর্গত?**
ক হস্তশিল্প খ সেবাশিল্প গ নির্মাণ শিল্প ঘ কুটির শিল্প

**২৫. সেবামূলক বৃহৎ শিল্পের বিনিয়োগ সীমা কত?**
ক ৫ কোটির উপরে খ ১০ কোটির উপরে
গ ১৫ কোটির উপরে ঘ ২০ কোটির উপরে
[বি: দ্র: সঠিক উত্তর ৩০ কোটির উপরে]

**২৬. উৎপাদন শিল্পে কাঁচামালকে প্রক্রিয়াজাত করে পরিণত পণ্যে রূপান্তর করা হয়–**
i. শ্রম ব্যবহারের মাধ্যমে ii. যন্ত্র ব্যবহারের মাধ্যমে iii. মেধা ব্যবহারের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২৭. দেয়াল মাদুর ও কার্পেট কোন ধরনের শিল্পের উদাহরণ?**
ক তাঁত খ হস্ত গ বস্ত্র ঘ পাট

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
রাজু মিয়া একটি কোম্পানির বিক্রয় ব্যবস্থাপক। তিনি লক্ষ্য করেছেন পরিকল্পনা সঠিকভাবে নেওয়া হলেও প্রতিবছর শেষে শেয়ার বিক্রয়ে বড় ধরনের লোকসান হচ্ছে। তিনি বুঝতে পেরেছেন স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের উদাসীনতার কারণে এমনটি ঘটছে। তাই তিনি সকল পর্যায়ে মান ও তদারকি বাড়ানোর নির্দেশ দিয়েছেন।

**২৮. রাজু সাহেবের মতে প্রতিষ্ঠানের পরিকল্পনা বাস্তবায়নে কোন কাজের অদক্ষতাকে দায়ী করেছেন?**
ক সংগঠন খ নির্দেশনা গ প্রেষণা ঘ নিয়ন্ত্রণ

**২৯. তত্ত্বাবধানের মান বৃদ্ধি করার জন্য রাজু সাহেবের করণীয়–**
i. নির্দেশ পালিত হচ্ছে কিনা দেখা ii. কেউ ভুল করলে সংশোধন করা
iii. দায়িত্ব পালনে অবহেলার জন্য শাস্তি দেয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**৩০. কোন কাজটি বিপণন কার্যাবলির বহির্ভূত?**
ক কৃষিজাত পণ্য হিমাগারে সংরক্ষণ করা
খ শিল্পজাত পণ্য বিক্রয়ের জন্য উৎপাদন
গ আমের আকার ও স্বাদ অনুযায়ী শ্রেণি বিন্যাস
ঘ উৎপাদকের নিকট থেকে পণ্য সংগ্রহ করা

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ময়মনসিংহ বোর্ড-২০২৫

ব্যবসায় উদ্যোগ (সৃজনশীল) **বিষয় কোড : 1 4 3**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মৌজা বামুনিয়া গ্রামের রতন নিজস্ব দক্ষতায় বিভিন্ন অলংকার ও সৌখিন দ্রব্যাদি তৈরি করে অনলাইনে তা বিক্রয় করেন। অল্প দিনেই তার বিক্রয় পদ্ধতিটি ব্যাপক জনপ্রিয়তা লাভ করে। বিক্রয়ের পরিমাণও বেড়ে যায়। কিন্তু বিনিয়োগ স্বল্পতার দরুন উৎপাদনের মাত্রা সীমিত হয়। ফলে যথেষ্ট চাহিদা থাকা সত্ত্বেও যোগানের অপ্রতুলতা দেখা দেয়। পরিশেষে তিনি কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে না পারায় লক্ষ্য অর্জনে ব্যর্থ হন।

(ক) নিষ্কাশন শিল্প কী? ১
(খ) আধুনিক ব্যবসায়ের গুরুত্বপূর্ণ শাখা কোনটি? ব্যাখ্যা কর। ২
(গ) রতন ব্যবসায়ের কোন পরিবেশের সহায়তায় বিক্রয়কার্য সম্পন্ন করেন? ব্যাখ্যা কর। ৩
(ঘ) রতনের ব্যবসায়ের ব্যর্থতার পিছনে পরিবেশের কোন উপাদানটির ঘাটতি রয়েছে বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

২। রিপন ও লিমন যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে সমন্বিত চাষ পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ নেয়। তারা তাদের গ্রামের নদী ভাজান রোধ, নির্মল বায়ু ও এলাকার মানুষের পুষ্টির চাহিদার কথা চিন্তা করে ইউনিয়ন পরিষদের সহযোগিতায় নদীর দুই পাড় বরাবর কিছু ফলদ ও ঔষধি গাছ রোপণের সিদ্ধান্ত নেন। অপরদিকে, লিমন নয় একরের একটি পুকুর ইজারা নিয়ে সমন্বিত মাছ ও হাঁস চাষ শুরু করেন। তিনি কয়েকজন শ্রমিকের সহযোগিতায় পুকুরের পাড় সংস্কার করে বিভিন্ন শাক সবজি ও ফলদ গাছ রোপণ করে আর্থিকভাবে লাভবান হন।

(ক) দক্ষ মানব সম্পদ কী? ১
(খ) আর্থিক ঝুঁকি কী? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে রিপন ও মিলনের গৃহীত সিদ্ধান্তটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) মিলন কে সফল উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হতে ব্যবসায় উদ্যোগ গড়ে উঠার অনুকূল পরিবেশের কোন কোন উপাদান সহায়ক ভূমিকা পালন করেছে বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। রুমা পারভীন ব্যক্তিগত ও পারিবারিক কিছু সম্পত্তি বিক্রি করে এবং আর্থিক প্রতিষ্ঠান থেকে কিছু ঋণ নিয়ে ১৫টি গরু কিনে একটি খামার স্থাপন করেন। কঠোর পরিশ্রম, যত্নশীলতা ও সৃজনশীলতার কারণে কিছু দিনের মধ্যেই তিনি একজন সফল খামারী হয়ে উঠেন। স্বাধীনতা দিবসে জেলা প্রশাসনের পক্ষ থেকে রুমা পারভীনকে সম্মাননা পদক দেওয়া হয় তার সাফল্যের ফলে আরও অনেকে খামার প্রতিষ্ঠায় উৎসাহী হয়ে উঠেন।

(ক) প্রশিক্ষণ কী? ১
(খ) ব্যবসায়ের স্থান নির্বাচনে বিবেচ্য বিষয় কী? ব্যাখ্যা কর। ২
(গ) রুমা পারভীনের খামার প্রতিষ্ঠা কাজটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) জেলা প্রশাসনের পক্ষ থেকে রুমা পারভীনকে সম্মাননা দেওয়ার বিষয়টি কীভাবে দেশের অর্থনীতিতে প্রভাব ফেলবে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। শেফাউল ও তার শিক্ষিত আট বন্ধু মিলে সীমিত দায়বিশিষ্ট একটি সংগঠন গঠনের উদ্যোগ গ্রহণ করে এবং নিবন্ধনপত্র পেয়েই তারা কাজ শুরু করে। তাদের প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের মান ভালো হওয়ায় বাজারে পণ্যের ব্যাপক চাহিদার সৃষ্টি হয়। পণ্যের উৎপাদন বৃদ্ধি করার জন্য তারা সংগঠনের কাঠামো পরিবর্তন করে শেয়ার ও ঋণপত্র বিক্রির মাধ্যমে মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেন। সিদ্ধান্ত অনুযায়ী, তারা তাদের কার্যক্রম পরিচালনা করতে লাগলো এবং সার্থক হলো।

(ক) সমবায় সমিতি কী? ১
(খ) অংশীদারি ব্যবসায়ে নিবন্ধন বাধ্যতামূলক কি না? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে প্রথম পর্যায়ের ব্যবসায় সংগঠনটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে দ্বিতীয় পর্যায়ের ব্যবসায় সংগঠনটির গঠন প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

৫। জনাব চয়ন চৌধুরী দীর্ঘদিন গবেষণা করে এক ধরনের নতুন ধানের বীজ উদ্ভাবন করেন। এই বীজ থেকে অতি অল্প সেচে এবং অল্প সময়ে ধান উৎপন্ন হয়। তিনি বিশেষ চিহ্ন বিশিষ্ট প্যাকেটে উদ্ভাবিত ধানের বীজ বাজারে বিক্রি করে থাকেন। কিন্তু একটি অসাধু বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান তার উদ্ভাবিত বীজের অনুরূপ ধানের বীজ নকল করে বাজারজাত করছে। যথাযথ প্রমাণের অভাবে জনাব চয়ন চৌধুরী উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন আইনগত ব্যবস্থা নিতে পারেননি। ফলে, ক্ষতির সম্মুখীন হন এবং সৃজনশীল কাজের প্রতি তিনি উৎসাহ হারিয়ে ফেলেন।

(ক) দুর্ঘটনা বিমা কী? ১
(খ) ফ্রানসাইজিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) জনাব চয়ন চৌধুরীর বীজের প্যাকেটে ব্যবহৃত বিশেষ চিহ্নটিকে আইনের দৃষ্টিতে কী বলে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে জনাব চয়ন চৌধুরী কর্তৃক আইনগত ব্যবস্থা নিতে ব্যর্থতার কারণ বিশ্লেষণ কর। ৪

৬। ফরিদ সাহেব ও তার চার বন্ধুকে নিয়ে একটি সার কারখানা স্থাপন করতে চান। তাদের কারখানার জমি ও যন্ত্রপাতি ক্রয় বাবদ বেশ কিছু টাকার প্রয়োজন। তাদের সরবরাহকৃত মূলধন দিয়ে তা পূরণ সম্ভব নয় বিধায় তারা একটি বেসরকারী ব্যাংক হতে অর্থের সংস্থান করার সিদ্ধান্ত নেন। তারা তাদের প্রতিষ্ঠানটি স্থাপনের পূর্বে বাজার যাচাই ও অনুসন্ধানের মাধ্যমে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করে নেন। যার প্রতিবেদন দেখে একটি বেসরকারী ব্যাংক তাদের অর্থসংস্থানে রাজি হয়। অর্থের সংস্থান হলে তারা তাদের পরিকল্পনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করেন।

(ক) প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী কী? ১
(খ) সম আয়-ব্যয় বিশ্লেষণ কেন করা হয়? ব্যাখ্যা কর। ২
(গ) ফরিদ সাহেবের ব্যবসায় পরিকল্পনা প্রণয়নে পদ্ধতির ধরন কোনটি? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
(ঘ) প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ফরিদ সাহেব কোন কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করতে পারবেন বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। এস.এস.সি পাস করার পর জলিল আর্থিক সমস্যার কারণে আর লেখাপড়া করতে পারেনি। প্রতিবেশি এক বড়ো ভাইয়ের পরামর্শে তিনি ক্যাটারিং সার্ভিসের উপর একটি ছয় মাসের কোর্স করেন। পারিবারিক সূত্রে প্রাপ্ত জমি বিক্রি করে মনোরম পরিবেশে একটি খাবার হোটেল দেন। তার হোটেলের সৌন্দর্য ও খাবারের মান ভালো হওয়ায় প্রচুর বিক্রি হয়। পরবর্তীতে তিনি তার হোটেলে শিফট চালু করেন। দুই শিফটের জন্য তিনি বর্তমানে ২০ জন কর্মচারী নিয়োগ দিয়েছেন। তার সফলতা দেখে অনেকে এখন আত্ম-কর্মসংস্থানের দিকে মনোনিবেশ করেন।

(ক) উৎপাদনমুখী বৃহৎ শিল্প কী? ১
(খ) কুটির শিল্প বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকে জলিলের কাজটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের আলোকে জলিলের কাজটির অর্থনৈতিক ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮। কমার্স কলেজের ব্যবসায় শিক্ষা গ্রুপের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা শিক্ষা সফরে যাওয়ার জন্য অধ্যক্ষ বরাবরে আবেদন করে। অধ্যক্ষ মহোদয় কবে, কোথায়, কখন ও কীভাবে যাওয়া হবে তা ঠিক করে চাঁদার পরিমাণ নির্ধারণ করে দেন।' পরবর্তীতে বাকি করনীয় কাজগুলোকে কতকগুলো ভাগে ভাগ করে তার দায়িত্ব বিভিন্ন শিক্ষকগণকে অর্পণ করেন। অতঃপর একজন সিনিয়র শিক্ষককে সার্বিক দায়িত্ব অর্পণ করেন। সবাই যার যার দায়িত্ব সঠিকভাবে পালনের মাধ্যমে শিক্ষা-সফর সফল করেন। সঠিক সময়ে শিক্ষার্থীদের ফিরিয়ে শিক্ষা-সফরের সমাপ্তি ঘোষণা করেন অধ্যক্ষ মহোদয়।

(ক) ব্যবসায় অর্থায়ন কী? ১
(খ) জেন্ডার সচেতনতা কী? ব্যাখ্যা কর। ২
(গ) অধ্যক্ষ মহোদয় এর প্রথম পর্যায়ের ব্যবস্থাপনার কাজের ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) ব্যবস্থাপনার দ্বিতীয় পর্যায়ে কোন কোন কার্যাবলির কারণে শিক্ষাসফর সফল হয়েছে বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। মি. হাসান গ্রামের হাট থেকে বিভিন্ন প্রকার সবজি কিনে উপজেলা সদরে নিয়ে ভ্যান গাড়ীতে কম লাভে বিক্রি করেন। তার সবজির প্রতি ক্রেতাদের আকৃষ্ট করার জন্য অনুকূল বাচনভঙ্গী ও প্রজ্ঞার মাধ্যমে নারী পুরুষ উভয়ের সাথে যোগাযোগ স্থাপন করেন। যার কারণে তার সবজির প্রতি ক্রেতাদের চাহিদা বৃদ্ধি পায় এবং অল্প দিনের মধ্যে তিনি একজন সফল সবজি বিক্রেতা হিসেবে পরিচিতি লাভ করেন।

(ক) পর্যায়িতকরণ কী? ১
(খ) প্রচারই প্রসার– উক্তিটি ব্যাখ্যা কর। ২
(গ) মি. হাসান এর বিক্রয়ের ক্ষেত্রে বণ্টন প্রণালীর ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) একজন সফল ব্যবসায়ী হিসেবে মি. হাসান এর আদর্শ বিক্রয়কর্মীর যেসব গুণাবলি পরিলক্ষিত হয় তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। রাজশাহীর সোনালী দত্ত সিরাজগঞ্জ ও নাটোর থেকে মাছ সংগ্রহ করে শুটকি তৈরি করে তা দেশের বিভিন্ন অঞ্চলে সরবরাহ করেন। তিনি অর্থের অভাবে তাঁর ব্যবসায় সঠিকভাবে পরিচালনা করতে পারছেন না। তার এক বন্ধু তাকে একটি ব্যাংকের নাম বলে যেখানে তার মতো ব্যবসায়ীদের সহজ শর্তে ঋণ পাওয়ার সুযোগ রয়েছে। তিনি ঐ ব্যাংকের সাথে যোগাযোগ করেন এবং ঋণ গ্রহণ করেন। সোনালী দত্ত তার ব্যবসায়ের সম্প্রসারণ করেন এবং অল্প দিনের মধ্যেই একজন সফল ব্যবসায়ী হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেন।

(ক) উদ্দীপনামূলক সহায়তা কী? ১
(খ) মহিলা অধিদপ্তরের কাজ কী? ব্যাখ্যা কর। ২
(গ) সোনালী দত্তের ঋণ সহায়তা কারী প্রতিষ্ঠান কোনটি? ব্যাখ্যা কর। ৩
(ঘ) একজন নারী শিল্পোদ্যোক্তা হিসেবে পরিগণিত হতে হলে সোনালী দত্তকে কোন কোন যোগ্যতা অর্জন করতে হবে– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। গাজীপুরের জয়দেবপুরে অবস্থিত শিল্প-কারখানার ধোয়া যথাযথভাবে নিষ্কাশনের ব্যবস্থা না করায় সেখানকার প্রতিটি টিনের চালায় মরিচা পড়েছে। সেখানকার শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা দিন দিন কমে যাচ্ছেলোকার বাসিন্দারা বিভিন্ন রোগে ভুগছে। পেপার-পত্রিকা ও গণমাধ্যমে বারবার এর প্রতিকারে আইনগত ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে। তারপরেও পদক্ষেপ নিচ্ছে না।

(ক) ব্যবসায় নৈতিকতা কী? ১
(খ) ব্যবসায়িক মূল্যবোধ বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন পক্ষের প্রতি ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছে? ব্যাখ্যা কর। ৩
(ঘ) উদ্দীপকের আলোকে প্রতিষ্ঠানটি পরিবেশ দূষণ রোধে কী কী পদক্ষেপ নেওয়া উচিত বলে তুমি মনে কর। ৪

# উত্তরমালা (ময়মনসিংহ বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | * | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** মৌজা বামুনিয়া গ্রামের রতন নিজস্ব দক্ষতায় বিভিন্ন অলংকার ও সৌখিন দ্রব্যাদি তৈরি করে অনলাইনে তা বিক্রয় করেন। অল্প দিনেই তার বিক্রয় পদ্ধতিটি ব্যাপক জনপ্রিয়তা লাভ করে। বিক্রয়ের পরিমাণও বেড়ে যায়। কিন্তু বিনিয়োগ স্বল্পতার দরুন উৎপাদনের মাত্রা সীমিত হয়। ফলে যথেষ্ট চাহিদা থাকা সত্ত্বেও যোগানের অপ্রতুলতা দেখা দেয়। পরিশেষে তিনি কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে না পারায় লক্ষ্য অর্জনে ব্যর্থ হন।

ক. নিষ্কাশন শিল্প কী? ১

খ. আধুনিক ব্যবসায়ের গুরুত্বপূর্ণ শাখা কোনটি? ব্যাখ্যা কর। ২

গ. রতন ব্যবসায়ের কোন পরিবেশের সহায়তায় বিক্রয়কার্য সম্পন্ন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. রতনের ব্যবসায়ের ব্যর্থতার পিছনে পরিবেশের কোন উপাদানটির ঘাটতি রয়েছে বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

### ১নং প্রশ্নের উত্তর

**ক** যে শিল্পের মাধ্যমে ভূ-গর্ভ, পানি বা বায়ু হতে প্রাকৃতিক সম্পদ আহরণ করা হয়, সে শিল্পকে নিষ্কাশন শিল্প বলা হয়।

**খ** প্রত্যক্ষ সেবা আধুনিক ব্যবসায়ের অন্যতম গুরুত্বপূর্ণ শাখা। সারা বিশ্বে সেবাখাত এখন ব্যবসায় জগতে সবচেয়ে এগিয়ে। মানুষ তার জীবনযাত্রার মানোন্নয়নের সাথে সাথে বিভিন্ন সেবার প্রতি আকৃষ্ট হচ্ছে। নতুন নতুন সেবাখাত এসে ব্যবসায়ের সাথে যোগ হচ্ছে। ফলশ্রুতিতে এ খাতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। তাই প্রত্যক্ষ সেবা কর্মসংস্থানে গুরুত্বপূর্ণ। সুতরাং প্রত্যক্ষ সেবার মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ ও আয় এবং যোগদান সম্ভব হয়। তাই প্রত্যক্ষ সেবাকে আধুনিক ব্যবসায়ের গুরুত্বপূর্ণ শাখা বলা হয়।

**গ** রতন ব্যবসায়ের প্রযুক্তিগত পরিবেশের সহায়তায় বিক্রয়কার্য সম্পন্ন করেন।

শিল্প ও ব্যবসায়-বাণিজ্যের উন্নতিতে দক্ষতাসম্পন্ন কর্মী, উন্নত যন্ত্রপাতি ও প্রযুক্তির প্রয়োজন হয়। সাধারণত দেখা যায়, যে সকল দেশ বিজ্ঞান ও প্রযুক্তিগত পরিবেশে উন্নত তারা ব্যবসায়-বাণিজ্যেও উন্নত। বাংলাদেশের ব্যবসায় পরিবেশের প্রযুক্তিগত উপাদানগুলো অনেক ক্ষেত্রেই অনুকূল।

উদ্দীপকের মৌজা বাসুনিয়া গ্রামের রতন নিজস্ব দক্ষতায় বিভিন্ন অলংকার ও সৌখিন দ্রব্যাদি তৈরি করে অনলাইন তা বিক্রয় করেন। তার পণ্য বিক্রয়ে ব্যবহৃত অনলাইন তা বিক্রয় করেন। তার পণ্য বিক্রয়ে ব্যবহৃত অনলাইন মাধ্যমটি প্রযুক্তির এক অভিনব আবিষ্কার। এর মাধ্যমে একজন ব্যবসায়ী তার ব্যবসায়ের পণ্যটিকে এক স্থানে থেকে সহজেই পৃথিবীর সকল স্থানের ভোক্তা বা ক্রেতাদের সামনে উপস্থাপন করতে পারে। মূলত প্রযুক্তিগত উন্নয়নই এই অসাধ্যকে সাধ্য করে গোটা পৃথিবীকে একজন ব্যবসায়ীর হাতের মুঠোয় এনে দিয়েছে। তাই বলা যায়, রতন ব্যবসায়ের প্রযুক্তিগত পরিবেশের সহায়তায় বিক্রয়কার্য সম্পাদন করেন।

**ঘ** রতনের ব্যবসায়ের ব্যর্থতার পিছনে ব্যবসায় পরিবেশের অর্থনৈতিক উপাদানটির ঘাটতি রয়েছে বলে আমি মনে করি।

দেশে বিরাজমান কার্যকর অর্থ ও ব্যাংকিং ব্যবস্থা, কৃষি ও শিল্পের অবদান, জনগণের সঞ্চয় ও বিনিয়োগ মানসিকতা ও সরকারের পৃষ্ঠপোষকতা ব্যবসায়ের পরিবেশের সুদৃঢ় অর্থনৈতিক উপাদান হিসেবে কাজ করে। যেকোনো ব্যবসায়ের গঠন, পরিচালনা ও সম্প্রসারণের জন্য ব্যবসায় পরিবেশে এ উপাদানের উপস্থিতি থাকা আবশ্যক।

উদ্দীপকের রতন তার তৈরিকৃত অলংকার ও সৌখিন দ্রব্যাদি অনলাইনের মাধ্যমে বিক্রয় করেন। অল্প দিনেই তার বিক্রয় পদ্ধতিটি ব্যাপক জনপ্রিয়তা লাভ করে। বিক্রয়ের পরিমাণও বেড়ে যায়। কিন্তু বিনিয়োগ স্বল্পতার দরুন তার উৎপাদনের মাত্রা সীমিত হয়, ফলে যথেষ্ট চাহিদা থাকা সত্ত্বেও যোগানের অপ্রতুলতা দেখা দেয়। পরিশেষে তিনি কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে না পারায় লক্ষ্য অর্জনে ব্যর্থ হন। অর্থাৎ উদ্দীপকে বিনিয়োগ ঘাটতির অবস্থা দেখা দিয়েছে।

উৎপাদন কার্যের প্রতিটি স্তরে অর্থের প্রয়োজন হয়। এই অর্থ একজন ব্যবসায়ী যেকোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করতে পারেন। তবে এই ঋণ গ্রহণ ছাড়াও অর্থ সংগ্রহের আরেকটি উপায় হলো বিনিয়োগ। এক্ষেত্রে যেকোনো ব্যক্তি তার আয় থেকে সঞ্চয় করে সেই সঞ্চিত অর্থ তিনি নির্দিষ্ট পরিমাণ মুনাফার বিনিময়ে একজন ব্যবসায়ীকে তার উৎপাদন কার্যে ব্যবহারের জন্য দেন। উদ্দীপকের রতন যদি তার ব্যবসায়ে এই বিনিয়োগ সুবিধা পেত তাহলে এ বাবদ প্রাপ্ত অর্থ ব্যবহার করে তিনিই সহজেই তার উৎপাদন বৃদ্ধি করতে পারত। তাকে এই ব্যর্থতার সম্মুখীন হতে হতো না। এতে তার পণ্যের বাজারে চাহিদা ও যোগানের ভারসাম্য থাকত। ক্রেতারা তাদের চাহিদা মতো পণ্য পেয়ে সন্তুষ্ট থাকত এবং বিক্রয় বৃদ্ধি পেতো। অর্থাৎ অর্থ ও বিনিয়োগ হলো ব্যবসায় পরিবেশের গুরুত্বপূর্ণ অর্থনৈতিক উপাদান।

যার ফলে ব্যবসায়ের সুনাম ও মুনাফা দুই-ই বৃদ্ধি পেয়ে তার ব্যবসায়িক লক্ষ্য অর্জন সহজতর হতো। কিন্তু উদ্দীপকে আমরা বিনিয়োগ স্বল্পতার কারণে তার ব্যবসায়ের ব্যর্থতার বিষয়টি দেখতে পাই, যা ব্যবসায় পরিবেশের অর্থনৈতিক একটি উপাদান। তাই বলা যায়, রতনের ব্যবসায়ের ব্যর্থতার পিছনে ব্যবসায় পরিবেশের অর্থনৈতিক উপাদানটির ঘাটতি রয়েছে।

**প্রশ্ন ▶ ০২** রিপন ও লিমন যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে সমন্বিত চাষ পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ নেয়। তারা তাদের গ্রামের নদী ভাঙ্গান রোধ, নির্মল বায়ু ও এলাকার মানুষের পুষ্টির চাহিদার কথা চিন্তা করে ইউনিয়ন পরিষদের সহযোগিতায় নদীর দুই পাড় বরাবর কিছু ফলদ ও ঔষদি গাছ রোপণের সিদ্ধান্ত নেন। অপরদিকে, লিমন নয় একরের একটি পুকুর ইজারা নিয়ে সমন্বিত মাছ ও হাঁস চাষ শুরু করেন। তিনি কয়েকজন শ্রমিকের সহযোগিতায় পুকুরের পাড় সংস্কার করে বিভিন্ন শাক সবজি ও ফলদ গাছ রোপণ করে আর্থিকভাবে লাভবান হন।

ক. দক্ষ মানব সম্পদ কী? ১

খ. আর্থিক ঝুঁকি কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রিপন ও মিলনের গৃহীত সিদ্ধান্তটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিলন কে সফল উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হতে ব্যবসায় উদ্যোগ গড়ে উঠার অনুকূল পরিবেশের কোন কোন উপাদান সহায়ক ভূমিকা পালন করেছে বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

### ২নং প্রশ্নের উত্তর

**ক** দক্ষ মানব সম্পদ বলতে এমন একটি জনগোষ্ঠীকে বোঝায় যারা নিজেদের জ্ঞান ও দক্ষতা দ্বারা কোনো উৎপাদনশীল কাজে সর্বোচ্চ বা কার্যকর ভূমিকা রাখতে পারে।

**খ** প্রত্যাশিত মুনাফা থেকে প্রকৃত মুনাফা কম হলে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে আর্থিক ঝুঁকি বলে।

প্রত্যেক ব্যবসায়ের সাথে আর্থিক ঝুঁকি ওতপ্রোতভাবে জড়িত থাকে। একজন ব্যবসায়ী বা উদ্যোক্তা নির্দিষ্ট সময়কাল শেষে ব্যবসায় হতে একটি নির্দিষ্ট পরিমাণ মুনাফা আশা করে থাকে। কখনো কখনো তার কাঙ্ক্ষিত মুনাফা অর্জিত হয়। আবার কখনো নির্দিষ্ট সময় শেষে অর্জিত প্রকৃত মুনাফার পরিমাণ কাঙ্ক্ষিত মুনাফা হতে কম হয়। কাঙ্ক্ষিত মুনাফা হতে প্রকৃত মুনাফা কম হওয়ার ফলেই মূলত এই আর্থিক ঝুঁকির সৃষ্টি হয়।

**গ** উদ্দীপকে রিমন ও লিমনের গৃহীত সিদ্ধান্তটি হলো উদ্যোগ।

যেকোনো কাজের কর্মপ্রচেষ্টাই হলো উদ্যোগ। এক্ষেত্রে অর্থ বা মুনাফা অর্জনের কোনো উদ্দেশ্য থাকে না। সাধারণত বিভিন্ন সৃজনশীল ও জনহিতকর কাজের সাথে এটি জড়িত থাকে। স্কুল, কলেজ, হাসপাতাল স্থাপন প্রভৃতি উদ্যোগের ফসল।

উদ্দীপকের রিমন ও লিমন যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে সমন্বিত চাষ পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ নেন। তারা তাদের গ্রামের নদী ভাঙন রোধ, নির্মল বায়ু ও এলাকার মানুষের পুষ্টির চাহিদার কথা চিন্তা করে ইউনিয়ন পরিষদের সহযোগিতায় নদীর দুই পাড় বরাবর কিছু ফলজ ও ঔষধি গাছ রোপণের সিদ্ধান্ত নেন। রিমন ও লিমন মুনাফা অর্জনের প্রত্যাশায় এরূপ কোনো সিদ্ধান্ত নেননি। তাদের এই সিদ্ধান্তের একমাত্র ও প্রধান কারণ হলো তাদের গ্রাম ও গ্রামের মানুষের কল্যাণ সাধন। আর যেকোনো জনহিতকর কাজ যা মানুষ কোনোরূপ নিজ স্বার্থ বা মুনাফা অর্জনের নিমিত্তে সম্পাদন করে না, এরূপ কাজের কর্মপ্রচেষ্টাই হলো উদ্যোগ। তাই রিমন ও লিমনের গৃহীত সিদ্ধান্তটি হলো উদ্যোগ।

**ঘ** লিমনকে সফল উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হতে ব্যবসায় উদ্যোগ গড়ে উঠার অনুকূল পরিবেশের উন্নত অবকাঠামোগত উপাদান। পর্যাপ্ত পুঁজির প্রাপ্যতা ও প্রশিক্ষণের সুযোগ সহায়ক ভূমিকা পালন করছে বলে আমি মনে করি।

যেকোনো দেশের অগ্রগতির একটি প্রধান কারণ হলো ব্যবসায় প্রতিষ্ঠা, পরিচালনা ও সম্প্রসারণের অনুকূল পরিবেশ। আমাদের দেশে মেধা, মনন ও দক্ষতার খুব বেশি ঘাটতি নেই। তাই অনুকূল পরিবেশের উপস্থিতি যেকোনো ব্যবসায় উদ্যোগকে সাফল্যের চূড়ান্ত শিখরে নিয়ে যেতে পারে। উন্নত অবকাঠামো, সরকারি পৃষ্ঠপোষকতা, আর্থ সামাজিক স্থিতিশীলতা, পর্যাপ্ত পুঁজির প্রাপ্যতা, প্রশিক্ষণের সুযোগ– এগুলো হলো ব্যবসায়ের অনুকূল পরিবেশের উপাদান।

উদ্দীপকের লিমন তার সমন্বিত চাষ অর্থাৎ ব্যবসায় শুরুর পূর্বেই যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে সমন্বিত চাষ পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ নেন। তিনি নয় একরের একটি পুকুর ইজারা নিয়ে এই প্রশিক্ষণপ্রাপ্ত জ্ঞানকে তিনি সমন্বিত মাছ ও হাঁস চাষে যথাযথভাবে কাজে লাগিয়েছেন। প্রশিক্ষণের যথাযথ সুযোগ না থাকলে উদ্যোক্তা বা ব্যবসায়ীরা ব্যবসায় পরিচালনায় যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে পারেন না। লিমন তার মাছ ও হাঁস চাষের স্থানটি এমন জায়গায় নির্বাচন করেছেন যেখানে মাছ ও হাঁস তিনি সমন্বিতভাবে চাষ করতে পারবেন এবং সেখানে তিনি আনুষঙ্গিক সুযোগ-সুবিধা যেমন– বিদ্যুৎ, গ্যাস ও যাতায়াত ব্যবস্থা ইত্যাদি লাভ করবেন। ব্যবসায় উদ্যোগ গড়ে ওঠার অনুকূল পরিবেশের উন্নত অবকাঠামো, পর্যাপ্ত পুঁজি ও প্রশিক্ষণের সুযোগ উপাদানগুলোই মূলত লিমনের ব্যবসায়ের সাফল্যের অন্যতম কারণ। অর্থাৎ তিনি উন্নত অবকাঠামোগত উপাদানের সহায়তা লাভ করেছেন। তাছাড়া তিনি তার চাষসংক্রান্ত কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে চালিয়ে যেতে পারছেন পর্যাপ্ত পুঁজির কারণে। পর্যাপ্ত পুঁজির যোগান থাকার ফলেই তিনি তার সমন্বিত চাষের কার্যক্রম পরিচালনায় কোনো বাধার সম্মুখীন হননি, যারফলে উৎপাদন কার্য গতিশীল হয়েছে এবং তিনি আর্থিকভাবে লাভবানও হয়েছেন। তাই বলা যায়, প্রশিক্ষণের সুযোগ, পর্যাপ্ত পুঁজি ও উন্নত অবকাঠামোগত সুযোগ-সুবিধাই লিমনকে সফল উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত করতে সহায়ক ভূমিকা পালন করেছে।

**প্রশ্ন ▶ ০৩** রুমা পারভীন ব্যক্তিগত ও পারিবারিক কিছু সম্পত্তি বিক্রি করে এবং আর্থিক প্রতিষ্ঠান থেকে কিছু ঋণ নিয়ে ১৫টি গরু কিনে একটি খামার স্থাপন করেন। কঠোর পরিশ্রম, যত্নশীলতা ও সৃজনশীলতার কারণে কিছু দিনের মধ্যেই তিনি একজন সফল খামারী হয়ে উঠেন। স্বাধীনতা দিবসে জেলা প্রশাসনের পক্ষ থেকে রুমা পারভীনকে সম্মাননা পদক দেওয়া হয় তার সাফল্যের ফলে আরও অনেকে খামার প্রতিষ্ঠায় উৎসাহী হয়ে উঠেন।

ক. প্রশিক্ষণ কী? ১

খ. ব্যবসায়ের স্থান নির্বাচনে বিবেচ্য বিষয় কী? ব্যাখ্যা কর। ২

গ. রুমা পারভীনের খামার প্রতিষ্ঠা কাজটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. জেলা প্রশাসনের পক্ষ থেকে রুমা পারভীনকে সম্মাননা দেওয়ার বিষয়টি কীভাবে দেশের অর্থনীতিতে প্রভাব ফেলবে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

### ৩নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৪** শেফাউল ও তার শিক্ষিত আট বন্ধু মিলে সীমিত দায়বিশিষ্ট একটি সংগঠন গঠনের উদ্যোগ গ্রহণ করে এবং নিবন্ধনপত্র পেয়েই তারা কাজ শুরু করে। তাদের প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের মান ভালো হওয়ায় বাজারে পণ্যের ব্যাপক চাহিদার সৃষ্টি হয়। পণ্যের উৎপাদন বৃদ্ধি করার জন্য তারা সংগঠনের কাঠামো পরিবর্তন করে শেয়ার ও ঋণপত্র বিক্রির মাধ্যমে মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেন। সিদ্ধান্ত অনুযায়ী, তারা তাদের কার্যক্রম পরিচালনা করতে লাগলো এবং সার্থক হলো।

ক. সমবায় সমিতি কী? ১

খ. অংশীদারি ব্যবসায়ে নিবন্ধন বাধ্যতামূলক কি না? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রথম পর্যায়ের ব্যবসায় সংগঠনটির ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে দ্বিতীয় পর্যায়ের ব্যবসায় সংগঠনটির গঠন প্রক্রিয়া বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** সাধারণভাবে কতিপয় নিম্ন ও মধ্যবিত্তের সমমনা ব্যক্তি নিজেদের আর্থিক উদ্দেশ্য অর্জনের জন্য স্বেচ্ছায় মিলিত হয়ে যে সমিতি গঠন করে তাকে সমবায় সমিতি বলে।

**খ** বাংলাদেশে প্রচলিত অংশীদারি আইন অনুযায়ী অংশীদারি ব্যবসায় নিবন্ধন বাধ্যতামূলক নয়।

অংশীদারি ব্যবসায়ের নিবন্ধন বলতে সরকার কর্তৃক নিয়োজিত নিবন্ধক অফিসে ব্যবসায়ের নাম তালিকাভুক্তকরণকে বোঝায়। তবে এটি নির্ভর করে অংশীদারদের ইচ্ছার উপর। তবে ব্যবসায়টি নিবন্ধিত হলে কিছু অধিকার ভোগ করে। এসব অধিকার প্রতিষ্ঠানের স্থায়িত্ব, সুনাম ও দক্ষ সাংগঠনিক কাঠামো সৃষ্টিতে সহায়ক হয়। এছাড়া নিবন্ধিত সংগঠন আইনগত ব্যবস্থা নেয়ার সুবিধা পায়। তাই বাধ্যতামূলক না হলেও এরূপ ব্যবসায়ের নিবন্ধন করাই যৌক্তিক।

**গ** উদ্দীপকে প্রথম পর্যায়ের ব্যবসায় সংগঠনটি প্রাইভেট লিমিটেড কোম্পানি সংগঠন।

যে কোম্পানির সদস্যসংখ্যা সর্বনিম্ন ২ জন এবং সর্বোচ্চ ৫০ জনে সীমাবদ্ধ এবং যার শেয়ার অবাধে হস্তান্তরযোগ্য নয় তাকে প্রাইভেট লিমিটেড কোম্পানি বলে। এ ধরনের কোম্পানি নিবন্ধনপত্র পাওয়ার পর কাজ শুরু করতে পারে। সদস্য সংখ্যা ও মূলধনের পরিমাণ সীমিত হওয়ার কারণে এ জাতীয় কোম্পানির আয়তন তুলনামূলক ক্ষুদ্র হয়ে থাকে।

উদ্দীপকের শেফাউল ও তার শিক্ষিত আট বন্ধু মিলে সীমিত দায়বিশিষ্ট একটি সংগঠন গঠনের উদ্যোগ গ্রহণ করে এবং নিবন্ধনপত্র পেয়েই তারা কাজ শুরু করে। অর্থাৎ বৈশিষ্ট্য বিচারে এটি একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি। এ ধরনের কোম্পানির দায় শেয়ার সংখ্যা দ্বারা সীমাবদ্ধ থাকে। ফলে একে সীমিত দায় বিশিষ্ট সংগঠন বলা হয়। এ ধরনের কোম্পানির কাজ শুরু করার পূর্বে কোনোরূপ কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহ করতে হয় না বলে নিবন্ধনপত্র পাওয়ার সাথে সাথেই কোম্পানিটি তাদের কাজ শুরু করতে পারে। এ ধরনের কোম্পানি সংগঠনের শেয়ার কেবল এর সদস্যরাই ক্রয় করতে পারে। তাই প্রয়োজনীয় মূলধনের জন্য তারা বাহিরের কোনো পক্ষের নিকট শেয়ার বিক্রি করতে পারে না। তাই বলা যায়, উদ্দীপকের প্রথম পর্যায়ের ব্যবসায়টি হলো প্রাইভেট লিমিটেড ব্যবসায় সংগঠন।

**ঘ** উদ্দীপকের দ্বিতীয় পর্যায়ের ব্যবসায় সংগঠনটি হলো পাবলিক লিমিটেড কোম্পানি, যার গঠন প্রক্রিয়া ১৯৯৪ সালের কোম্পানি আইন অনুযায়ী সম্পন্ন হয়।

যে কোম্পানির সদস্যসংখ্যা সর্বনিম্ন ৭ এবং সর্বোচ্চ সদস্য সংখ্যা কোম্পানির স্মারকলিপিতে উল্লিখিত শেয়ার সংখ্যা দ্বারা সীমাবদ্ধ এবং শেয়ার ও ঋণপত্র জনগণের নিকট বিক্রয় করা যায় এবং অবাধে হস্তান্তরযোগ্য তাকে পাবলিক লিমিটেড কোম্পানি বলা হয়। মূলধন সংগ্রহ সংক্রান্ত সমস্যা নিরসনের জন্য অনেক প্রাইভেট লিমিটেড কোম্পানি তাদের গঠন প্রক্রিয়ায় পরিবর্তন এনে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হয়।

উদ্দীপকের শেফাউল ও তার বন্ধুরা প্রথম পর্যায়ে একটি প্রাইভেট লিমিটেড কোম্পানি গঠন করে। তাদের প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের মান ভালো হওয়ায় বাজারে পণ্যের ব্যাপক চাহিদার সৃষ্টি হয়। পণ্যের উৎপাদন বৃদ্ধি করার জন্য তারা সংগঠনের কাঠামো পরিবর্তন করে শেয়ার ও ঋণপত্র বিক্রির মাধ্যমে মূলধন সংগ্রহের সিদ্ধান্ত নেন। সিদ্ধান্ত অনুযায়ী, তারা তাদের কার্যক্রম পরিচালনা করতে লাগল এবং সার্থক হলো। অর্থাৎ তারা তাদের মূলধন সংগ্রহ সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য জন্য প্রাইভেট লিমিটেড কোম্পানিকে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তর করেছেন।

প্রাইভেট লিমিটেড কোম্পানিকে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তর করার জন্য প্রথমেই যে প্রক্রিয়া অনুসরণ করা হয় তাহলো উদ্যোগ গ্রহণ। এ পর্যায়ে সংগঠনের সদস্যরা সভায় মিলিত হয়ে সকলের সম্মতিক্রমে সংগঠনের গঠনতন্ত্র পরিবর্তনের সিদ্ধান্ত বা উদ্যোগ গ্রহণ করবেন। এরপরে তারা সংগঠনের দলিল পত্রাদির পরিবর্তন ও পরিমার্জন করবেন। এক্ষেত্রে পরিমেল নিয়মাবলিতে কোম্পানির অভ্যন্তরীণ পরিচালনা সংক্রান্ত প্রয়োজনীয় সকল বিষয় লিপিবদ্ধ থাকে। তাই এ বিষয়গুলোর পরিবর্তন পরিমার্জন ঘটিয়ে তা পাবলিক লিমিটেড কোম্পানির বৈশিষ্ট্যের সাথে সামঞ্জস্যপূর্ণ করতে হবে। অতঃপর কোম্পানির নতুন করে কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহের জন্য নিবন্ধন অফিসে আবেদন করতে হবে। এ পর্যায়ে নিবন্ধক কাগজপত্র পর্যালোচনা করে সন্তুষ্ট হলে কার্যারম্ভের অনুমতি পাবে এবং অনুমতিপত্র পাওয়ার জন্য ন্যূনতম চাঁদা সংগ্রহের ঘোষণাপত্র এবং জনসাধারণের নিকট শেয়ার বিক্রয়ের ঘোষণাপত্রসহ কিছু গুরুত্বপূর্ণ দলিলসহ আবেদন করতে হবে। কাগজপত্র সব ঠিক থাকলে এবং নিবন্ধক সন্তুষ্ট হলে পাবলিক লিমিটেড কোম্পানির কার্যারম্ভের অনুমতিপত্র প্রদান করবেন। এ পত্র পাওয়ার পরই পাবলিক লিমেটেড কোম্পানি ব্যবসায় শুরু করতে পারবে অর্থাৎ কার্যারম্ভ করতে পারবে। তাই বলা যায়, উদ্যোগ গ্রহণ, দলিলপত্র প্রণয়ন, নিবন্ধনপত্র সংগ্রহ ও কার্যারম্ভ– এ গঠন প্রক্রিয়া অনুসরণ করেই উদ্দীপকের দ্বিতীয় পর্যায়ের ব্যবসায় সংগঠনটি গঠিত হয়েছে।

**প্রশ্ন ▶ ০৫** জনাব চয়ন চৌধুরী দীর্ঘদিন গবেষণা করে এক ধরনের নতুন ধানের বীজ উদ্ভাবন করেন। এই বীজ থেকে অতি অল্প সেচে এবং অল্প সময়ে ধান উৎপন্ন হয়। তিনি বিশেষ চিহ্ন বিশিষ্ট প্যাকেটে উদ্ভাবিত ধানের বীজ বাজারে বিক্রি করে থাকেন। কিন্তু একটি অসাধু বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান তার উদ্ভাবিত বীজের অনুরূপ ধানের বীজ নকল করে বাজারজাত করছে। যথাযথ প্রমাণের অভাবে জনাব চয়ন চৌধুরী উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন আইনগত ব্যবস্থা নিতে পারেননি। ফলে, ক্ষতির সম্মুখীন হন এবং সৃজনশীল কাজের প্রতি তিনি উৎসাহ হারিয়ে ফেলেন।

ক. দুর্ঘটনা বিমা কী? ১

খ. ফ্রানসাইজিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব চয়ন চৌধুরীর বীজের প্যাকেটে ব্যবহৃত বিশেষ চিহ্নটিকে আইনের দৃষ্টিতে কী বলে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে জনাব চয়ন চৌধুরী কর্তৃক আইনগত ব্যবস্থা নিতে ব্যর্থতার কারণ বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

**৫নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৬** ফরিদ সাহেব ও তার চার বন্ধুকে নিয়ে একটি সার কারখানা স্থাপন করতে চান। তাদের কারখানার জমি ও যন্ত্রপাতি ক্রয় বাবদ বেশ কিছু টাকার প্রয়োজন। তাদের সরবরাহকৃত মূলধন দিয়ে তা পূরণ সম্ভব নয় বিধায় তারা একটি বেসরকারী ব্যাংক হতে অর্থের সংস্থান করার সিদ্ধান্ত নেন। তারা তাদের প্রতিষ্ঠানটি স্থাপনের পূর্বে বাজার যাচাই ও অনুসন্ধানের মাধ্যমে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করে নেন। যার প্রতিবেদন দেখে একটি বেসরকারী ব্যাংক তাদের অর্থসংস্থানে রাজি হয়। অর্থের সংস্থান হলে তারা তাদের পরিকল্পনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করেন।

ক. প্রাক্কলিত নগদানপ্রবাহ বিবরণী কী? ১

খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ কেন করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. ফরিদ সাহেবের ব্যবসায় পরিকল্পনা প্রণয়নে পদ্ধতির ধরন কোনটি? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ফরিদ সাহেব কোন কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করতে পারবেন বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** যে বিবরণীতে নির্দিষ্ট সময়ে কী পরিমাণ নগদ অর্থ আসছে এবং কী পরিমাণ নগদ অর্থ ব্যয় হচ্ছে তা সংরক্ষণ করা হয় তাকে প্রাক্কলিত নগদান প্রবাহ বিবরণী বলে।

**খ** পণ্যের সঠিক মূল্য নির্ধারণ, বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি, মুনাফা পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বৃদ্ধির লক্ষ্যে সম আয়-ব্যয় বিশ্লেষণ করা হয়। সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যবসায়ের এমন একটি অবস্থাকে বোঝায় যখন আয়-ব্যয় সমান হয়।

সম আয়-ব্যয় ব্যবসায়ের এমন একটি পর্যায় যখন লাভও হয় না, ক্ষতিও হয় না। যে পরিমাণ পণ্য বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য, মোট ব্যয়ের সমপরিমাণ হয় তাকে সম আয়-ব্যয় বলা হয়। যে বিন্দুতে পণ্য বিক্রয় করলে আয়-ব্যয় সমান হয় তাকে সম আয় ব্যয় বিন্দু (Break Even Point) বলে। সম আয়-ব্যয় বিন্দু জানা থাকলে কাঙ্ক্ষিত মুনাফা অর্জনের আশায় পণ্যের সঠিক মূল্য নির্ধারণ, বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি, মুনাফা পরিকল্পনা প্রণয়ন ও মুনাফা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করা যায়।

**গ** ফরিদ সাহেবের ব্যবসায় পরিকল্পনা প্রণয়নে পদ্ধতির ধরনটি হলো মাইক্রোস্ক্রিনিং।

যেকোনো পরিকল্পনা প্রণয়নের পূর্বে প্রথমে এর সম্ভাব্যতা যাচাই করা উচিত। এই সম্ভাব্যতা যাচাইয়ের একটি পদ্ধতি হলো মাইক্রোস্ক্রিনিং। সাধারণত পরিকল্পনা নির্বাচনে উদ্যোক্তা যে উপাদানগুলো নিজে নিয়ন্ত্রণ করতে পারেন তাকে মাইক্রোস্ক্রিনিং বলে। বাজার চাহিদা, কারিগরি, বাণিজ্যিক ও অর্থনৈতিক দিক মাইক্রোস্ক্রিনিং এর উপাদান।

উদ্দীপকের ফরিদ সাহেব ও তার চার বন্ধুকে নিয়ে একটি সার কারখানা স্থাপন করতে চান। তারা তাদের এই প্রতিষ্ঠানটি স্থাপনের পূর্বে বাজার যাচাই ও অনুসন্ধানের মাধ্যমে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করে নেন। বাজার যাচাই মাইক্রোস্ক্রিনিং-এর একটি অন্যতম প্রভাবক। এর মাধ্যমে পণ্যের চাহিদা, ক্রেতাদের দৃষ্টিভঙ্গি ও আগ্রহ, বাজারে প্রতিযোগীদের সংখ্যা এবং পণ্য বা সেবার সুযোগ-সুবিধা যথার্থভাবে যাচাই করা হয়। উদ্দীপদের ফরিদ সাহেব ও তার বন্ধুরাও তাদের প্রতিষ্ঠানটি স্থাপনের পূর্বে বাজারের এসব বিষয়াদি যাচাই-বাছাই করেন। তাই বলা যায়, ফরিদ সাহেব ব্যবসায় পরিকল্পনা প্রণয়নে মাইক্রোস্ক্রিনিং পদ্ধতিটি অনুসরণ করেন।

**ঘ** প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ফরিদ সাহেব বাণিজ্যিক ব্যাংক ছাড়াও বাংলাদেশ ডেভেলেপমেন্ট ব্যাংক লি. ও ব্যাংক অব স্মল ইন্ডাস্ট্রিজ এন্ড কমার্স লি. থেকে অর্থ সংগ্রহ করতে পারবেন।

যেকোনো ব্যবসায় প্রতিষ্ঠার জন্য অর্থ বা মূলধনের প্রয়োজন। এ অর্থ প্রয়োজন হয় ব্যবসায় শুরু করার জন্য, ব্যবসায় কার্যক্রম সচল রাখার জন্য এবং ব্যবসায় সম্প্রসারণের জন্য। ব্যবসায়ের এ মূলধন বিভিন্ন উৎস থেকে সংগ্রহ করার সুযোগ রয়েছে। শিল্প ও ঋণ পরিশোধের মেয়াদের ধরন বিবেচনা করে মূলত এ উৎস নির্বাচন করতে হয়।

উদ্দীপকের ফরিদ সাহেব তার চার বন্ধুকে সাথে নিয়ে একটি সার কারখানা স্থাপন করতে চান। তাদের কারখানার জমি ও যন্ত্রপাতি ক্রয় বাবদ বেশ কিছু টাকার প্রয়োজন। তাদের সরবরাহকৃত মূলধন দিয়ে তা পূরণ সম্ভব নয় বিধায় তারা একটি বেসরকারি ব্যাংক হতে অর্থের সংস্থান করার সিদ্ধান্ত নেন। পরবর্তীকালে ব্যাংকটিও তাদের অর্থসংস্থানে রাজি হয়। অর্থের সংস্থান হলে তারা তাদের পরিকল্পনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করেন। ফরিদ সাহেব এখানে অর্থ সংগ্রহে বাণিজ্যিক ব্যাংকের সহায়তা নিয়েছেন। তিনি চাইলে এ ব্যাংক ছাড়াও বিডিবিএল ও বেসিক ব্যাংককে তার অর্থায়নের উৎস হিসেবে বিবেচনা করতে পারতেন।

জমি ও যন্ত্রপাতি ক্রয়ের জন্য মূলত বড়ো অঙ্কের অর্থের প্রয়োজন হয়। তাই এই অর্থের প্রয়োজন মেটানোর জন্য একজন শিল্পোদ্যোক্তার দীর্ঘমেয়াদি ঋণের প্রয়োজন হয়। সাধারণত ব্যবসায়ের জন্য বাণিজ্যিক ব্যাংকই অর্থ সংগ্রহের প্রধান উৎস। এই ব্যাংক ব্যবসায়ীদের স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদে নগদ অর্থ ধার দিয়ে থাকে। এরূপ দীর্ঘমেয়াদি অর্থসংগ্রহের আরেকটি উৎস হলো হলো বিডিবিএল। সাধারণত দেশের শিল্প উন্নয়নের জন্য এ ব্যাংক এই ঋণ প্রদান করে থাকে। এছাড়াও আরও একটি ব্যাংক রয়েছে যা শিল্পোন্নয়নের লক্ষ্যে শিল্পোদ্যোক্তার ঋণ

প্রদান করে থাকে। আর এই ব্যাংকটি হলো বেসিক ব্যাংক এই ব্যাংকে দীর্ঘমেয়াদি অর্থায়নের একটি অন্যতম উৎস হিসেবে বিবেচিত। তাই বলা যায়, জনাব ফরিদ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংক, বিডিবিএল ও বেসিক ব্যাংক অর্থায়নের এই তিনটি উৎস থেকে অর্থ সংগ্রহ করতে পারবেন বলে আমি মনে করি।

**প্রশ্ন ▶ ০৭** এস.এস.সি পাস করার পর জলিল আর্থিক সমস্যার কারণে আর লেখাপড়া করতে পারেনি। প্রতিবেশি এক বড়ো ভাইয়ের পরামর্শে তিনি ক্যাটারিং সার্ভিসের উপর একটি ছয় মাসের কোর্স করেন। পারিবারিক সূত্রে প্রাপ্ত জমি বিক্রি করে মনোরম পরিবেশে একটি খাবার হোটেল দেন। তার হোটেলের সৌন্দর্য ও খাবারের মান ভালো হওয়ায় প্রচুর বিক্রি হয়। পরবর্তীতে তিনি তার হোটেলে শিফট চালু করেন। দুই শিফটের জন্য তিনি বর্তমানে ২০ জন কর্মচারী নিয়োগ দিয়েছেন। তার সফলতা দেখে অনেকে এখন আত্ম-কর্মসংস্থানের দিকে মনোনিবেশ করেন।

ক. উৎপাদনমুখী বৃহৎ শিল্প কী? ১
খ. কুটির শিল্প বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জলিলের কাজটি কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জলিলের কাজটির অর্থনৈতিক ভূমিকা বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

### ৭নং প্রশ্নের উত্তর

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৮** কমার্স কলেজের ব্যবসায় শিক্ষা গ্রুপের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা শিক্ষা সফরে যাওয়ার জন্য অধ্যক্ষ বরাবরে আবেদন করে। অধ্যক্ষ মহোদয় কবে, কোথায়, কখন ও কীভাবে যাওয়া হবে তা ঠিক করে চাঁদার পরিমাণ নির্ধারণ করে দেন।' পরবর্তীতে বাকি করনীয় কাজগুলোকে কতকগুলো ভাগে ভাগ করে তার দায়িত্ব বিভিন্ন শিক্ষকগণকে অর্পণ করেন। অতঃপর একজন সিনিয়র শিক্ষককে সার্বিক দায়িত্ব অর্পণ করেন। সবাই যার যার দায়িত্ব সঠিকভাবে পালনের মাধ্যমে শিক্ষা-সফর সফল করেন। সঠিক সময়ে শিক্ষার্থীদের ফিরিয়ে শিক্ষা-সফরের সমাপ্তি ঘোষণা করেন অধ্যক্ষ মহোদয়।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. জেন্ডার সচেতনতা কী? ব্যাখ্যা কর। ২
গ. অধ্যক্ষ মহোদয় এর পথম পর্যায়ের ব্যবস্থাপনার কাজের ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবস্থাপনার দ্বিতীয় পর্যায়ে কোন কোন কার্যাবলির কারণে শিক্ষাসফর সফল হয়েছে বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

### ৮নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায়ের আর্থিক প্রয়োজন মেটানোর জন্য অর্থ সংগ্রহ, অর্থ সংরক্ষণ, সংগৃহীত অর্থের সুষ্ঠু ব্যবহার সংক্রান্ত সকল কার্যাবলিকে ব্যবসায় অর্থায়ন বলে।

**খ** নারী-পুরুষের ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি ও সামাজিক অবস্থান সম্পর্কে সচেতন থাকাকে জেন্ডার সচেতনতা বলে।

আর জেন্ডার সচেতনতা হলো নারী কিংবা পুরুষের ক্ষেত্রে পক্ষপাতহীন থেকে তাদের উভয়ের ন্যায্য অধিকারের প্রতি লক্ষ রাখা। একজন ব্যক্তি তথা নেতা তিনি নারী বা পুরুষ যেই হোন না কেন তাকে অবশ্যই তার সহকর্মী অর্থাৎ নারী-পুরুষ উভয়ের প্রতি শ্রদ্ধাশীল ও সহানুভূতিশীল হতে হবে। তাকে অবশ্যই নিরপেক্ষ হতে হবে। কারো প্রতি পক্ষপাতিত্ব না করাই মূলত জেন্ডার সচেতনতার মূল বিষয়। অধ্যক্ষ মহোদয় এর প্রথম পর্যায়ের ব্যবস্থাপনার কাজের ধরণটি হলো পরিকল্পনা।

পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে ব্যবসায়ের পূর্বনির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য ভবিষ্যতের করণীয় ঠিক করা হয়। পরিকল্পনা প্রণয়নের মাধ্যমেই ব্যবস্থাপনার কাজ শুরু হয়। সঠিক পরিকল্পনা ব্যবসায়ের ভবিষ্যৎ কাজকে গতিশীল করে এবং দিকনির্দেশনা দেয়।

**গ** অধ্যক্ষ মহোদয় এর প্রথম পর্যায়ের ব্যবস্থাপনার কাজের ধরনটি হলো পরিকল্পনা।

পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে ব্যবসায়ের পূর্বনির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য ভবিষ্যতের করণীয় ঠিক করা হয়। পরিকল্পনা প্রণয়নের মাধ্যমেই ব্যবস্থাপনার কাজ শুরু হয়। সঠিক পরিকল্পনা ব্যবসায়ের ভবিষ্যৎ কাজকে গতিশীল করে এবং দিকনির্দেশনা দেয়। উদ্দীপকে কমার্স কলেজের ব্যবসায় শিক্ষা গ্রুপের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা শিক্ষা সফরে যাওয়ার জন্য অধ্যক্ষ বরাবরে আবেদন করে। অধ্যক্ষ মহোদয় কবে, কোথায়, কখন ও কীভাবে যাওয়া হবে তা ঠিক করে চাঁদার পরিমাণ নির্ধারণ করে দেন। অর্থাৎ এক্ষেত্রে অধ্যক্ষ মহোদয় শিক্ষা সফর সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন করেছেন। ব্যবস্থাপনা প্রক্রিয়ার প্রথম কাজ হলো পরিকল্পনা প্রণয়ন। এটি হলো ভবিষ্যৎ কার্যক্রমের দিক নির্দেশনা। পূর্ব নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য ভবিষ্যতে কী কাজ, কে, কীভাবে কখন করবে তা এখানে নির্ধারিত থাকে এবং সে অনুযায়ীই সকল কার্য সম্পাদিত হয়। তাই বলা যায়, অধ্যক্ষ মহোদয়ের প্রথম পর্যায়ের কাজটি হলো পরিকল্পনা প্রণয়ন।

**ঘ** ব্যবস্থাপনার দ্বিতীয় পর্যায়ে সংগঠিতকরণ, নির্দেশনাদান, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ কার্যাবলির কারণে শিক্ষাসফর সফল হয়েছে বলে আমি মনে করি।

পূর্ব নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য সম্পাদিত কার্যাবলিকে ব্যবস্থাপনা বলা হয়। প্রতিষ্ঠানের সকল প্রকার মানবিক ও অন্যান্য উপাদানকে দক্ষতার সাথে পরিচালনার মাধ্যমে লক্ষ্য অর্জনের জন্য ব্যবস্থাপনার আওতায় অনেক কাজ করতে হয়। এসব কাজ যথাযথভাবে সম্পাদনের মাধ্যমে প্রতিষ্ঠান সহজেই তার কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে সক্ষম হয়।

উদ্দীপকের কমার্স কলেজের ব্যবসায় শিক্ষা গ্রুপের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা শিক্ষা সফরে যাওয়ার আবেদন করলে অধ্যক্ষ মহোদয় শিক্ষা সফরে যাওয়ার পরিকল্পনা প্রণয়নের পর সংগঠিতকরণের কাজটি করেন। তবে অধ্যক্ষ মহোদয় এক্ষেত্রে পরিকল্পনা প্রণয়নের সাথে সাথে সংগঠিতকরণ, নির্দেশনাদান, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ কার্যাবলিও সম্পাদন করেছেন। কারণ তিনি কাজগুলোকে ভাগ করে নেন এবং প্রত্যেক কাজের দায়িত্ব তিনি এক একজন শিক্ষককে বণ্টন করে দেন। এরফলে শিক্ষকরা তাদের দায়িত্ব সম্পর্কে যথাযথভাবে অবহিত হন এবং তা পালনে সচেষ্ট থাকেন। সার্বিক দায়িত্ব একজন শিক্ষককে প্রদানের ফলে তিনি অন্যান্য শিক্ষকদের কোন কাজ কখন, কীভাবে

সম্পন্ন করতে হবে তার যথাযথ নির্দেশনা প্রদান করতে পারবেন। সকল শিক্ষকরা নিজেদের মধ্যে কার্যকর যোগাযোগ স্থাপন করবেন। সমন্বয় সাধনের মাধ্যমে সকলে মিলে ঐক্যবন্ধভাবে শিক্ষাসফরটি সফল করার জন্য তারা চেষ্টা চালাবেন। অতঃপর অধ্যক্ষ মহোদয়ের করা পরিকল্পনা অনুযায়ী সকল কাজ সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে কি না তা নিয়ন্ত্রণের মাধ্যমে তদারকি করে এবং এতে কোনো ত্রুটি বিচ্যুতি থাকলে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করে শিক্ষা সফরটি সফলভাবে শেষ করা হবে। তাই বলা যায়, ব্যবস্থাপনার দ্বিতীয় পর্যায়ে সংগঠিতকরণ, নির্দেশনাদান, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণের কারণে শিক্ষা সফল হয়েছে বলে আমি মনে করি।

**প্রশ্ন ▶ ০৯** মি. হাসান গ্রামের হাট থেকে বিভিন্ন প্রকার সবজি কিনে উপজেলা সদরে নিয়ে ভ্যান গাড়ীতে কম লাভে বিক্রি করেন। তার সবজির প্রতি ক্রেতাদের আকৃষ্ট করার জন্য অনুকূল বাচনভঙ্গী ও প্রজ্ঞার মাধ্যমে নারী পুরুষ উভয়ের সাথে যোগাযোগ স্থাপন করেন। যার কারণে তার সবজির প্রতি ক্রেতাদের চাহিদা বৃদ্ধি পায় এবং অল্প দিনের মধ্যে তিনি একজন সফল সবজি বিক্রেতা হিসেবে পরিচিতি লাভ করেন।

ক. পর্যায়িতকরণ কী? ১

খ. প্রচারই প্রসার– উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. মি. হাসান এর বিক্রয়ের ক্ষেত্রে বণ্টন প্রণালীর ধরন কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. একজন সফল ব্যবসায়ী হিসেবে মি. হাসান এর আদর্শ বিক্রয়কর্মীর যেসব গুণাবলি পরিলক্ষিত হয় তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** মান অনুযায়ী পণ্যকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করাকে পর্যায়িতকরণ বলা হয়।

**খ** প্রচারেই প্রসার– উক্তিটি সঠিক ও যথার্থ। বিজ্ঞাপনের মাধ্যমে পণ্যের প্রচার সংক্রান্ত কার্যক্রম সম্পাদিত হয়। এরূপ প্রচারে ক্রেতা ও ভোক্তা পণ্য সম্পর্কিত যাবতীয় তথ্য যথা– পণ্যের মান, মূল্য ও ব্যবহারবিধিসহ আরও অনেক বিষয় সম্পর্কে জানতে পারে। একটি পণ্যের প্রচারের মাধ্যমে পণ্যটি ক্রেতা ও ভোক্তার দৃষ্টি আকর্ষণ সক্ষম হয়। তাই পণ্যের প্রচার বেশি হলে অধিক সংখ্যক ক্রেতা পণ্যটি ক্রয়ে উদবুদ্ধ হয়। ফলে বিক্রয় বেশি হয় এবং ব্যবসায়ের সুনাম বৃদ্ধি পায়। আর সুনাম বৃদ্ধির কারণে ব্যবসায়ের প্রসার হয়। তাই বলা যায়, কোনো ব্যবসায়িক পণ্যের যত বেশি প্রচার হবে সেই ব্যবসায়ের প্রসারও তত দ্রুত হবে।

**গ** মি. হাসানের বিক্রয়ের ক্ষেত্রে বণ্টন প্রণালীর ধরণটি হলো খুচরা ব্যবসায়ীর মাধ্যমে বিক্রয়।

অনেক সময় উৎপাদক তার উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তার কাছে বিক্রি করতে পারে না। তখন পণ্য বণ্টনে মধ্যস্থব্যবসায়ীর সাহায্য নেওয়া হয়। এক্ষেত্রে খুচরা ব্যবসায়ীর মাধ্যমে পণ্য বিক্রয়ের বণ্টন প্রণালি বেশ সুপরিচিত একটি পদ্ধতি।

উদ্দীপকের মি. হাসান গ্রামের হাট থেকে বিভিন্ন প্রকার সবজি কিনে উপজেলা সদরে নিয়ে ভ্যান গাড়িতে কম লাভে বিক্রি করেন। এক্ষেত্রে মি. হাসান নিজে উৎপাদক নন। তিনি উৎপাদকের কাছ থেকে পণ্য সংগ্রহ করে তা চূড়ান্ত ভোক্তাদের নিকট পৌঁছে দেন। অর্থাৎ এক্ষেত্রে তিনি হচ্ছেন একজন মধ্যস্থ বা খুচরা ব্যবসায়ী। তিনি উৎপাদক ও ভোক্তার মধ্যে সেতুবন্ধন তৈরি করেন। তার কাছ থেকেই একজন ক্রেতার তার চাহিদা অনুযায়ী পণ্য ক্রয় করে থাকে। তাই এসব দিক বিচারে বলা যায়, মি. হাসানের বিক্রয়ের ক্ষেত্রে বণ্টন প্রণালী ধরণটি হলো–

উৎপাদনকারী → খুচরা বিক্রেতা → ভোক্তা

**ঘ** একজন সফল ব্যবসায়ী হিসেবে মি. হাসান এর আদর্শ বিক্রয়কর্মীর নৈতিক গুণাবলিসমূহ পরিলক্ষিত হয়।

ক্রেতা ও ভোক্তাদের আকৃষ্ট ও প্রভাবিত করে স্থায়ী গ্রাহকে পরিণত করতে হলে একজন বিক্রয়কর্মীকে অনেকগুলো গুণের অধিকারী হতে হয়। এসব গুণাবলির মধ্যে অন্যতম একটি গুণাবলি হলো নৈতিক গুণ। সবার প্রতি ভালো আচরণ করা ও ভালো সম্পর্ক গড়ে তোলাই হলো নৈতিক গুণ। একজন আর্দশ বিক্রয়কর্মীর মধ্যে সততা ও বিশ্বস্ততা, মার্জিত ব্যবহার, মেলামেশার ক্ষমতা, জেন্ডার সচেতনতা ও ইতিবাচক দৃষ্টিভঙ্গি এসকল নৈতিক গুণাবলির উপস্থিতি থাকতে হয়।

উদ্দীপকের মি. হাসান একজন সবজি বিক্রেতা। তার সবজির প্রতি ক্রেতাদের আকৃষ্ট করার জন্য অনুকূল বাচনভঙ্গি ও প্রজ্ঞার মাধ্যমে নারী-পুরুষ উভয়ের সাথে যোগাযোগ স্থাপন করেন। যার কারণে তার সবজির প্রতি ক্রেতাদের চাহিদা বৃদ্ধি পায় এবং অল্পদিনের মধ্যে তিনি একজন সফল সবজি বিক্রেতা হিসেবে পরিচিত লাভ করেন।

পণ্য বিক্রয়ের ক্ষেত্রে নীতি নৈতিকতা মেনে চলা বিক্রয়কর্মীর নৈতিক গুণ। একজন বিক্রয়কর্মীকে আদর্শবান এবং সফলতা অর্জনের জন্য নৈতিক গুণাবলি অর্জন করতে হয়। উদ্দীপকের হাসানের মধ্যেও এ গুণাবলির সুস্পষ্ট উপস্থিতি লক্ষ করা যায়। তার মধ্যে প্রথমেই যে গুণটি ফুটে উঠেছে তা হলো মার্জিত ব্যবহার। একজন বিক্রয়কর্মীকে অবশ্যই, ভদ্র, নম্র, অমায়িক ও মার্জিত ব্যবহারের অধিকারী হতে হবে। তার অনুকূল বাচনভঙ্গি দেখে ক্রেতা তার কাছ থেকে সবজি ক্রয়ে আগ্রহী হবে। এছাড়াও প্রজ্ঞার মাধ্যমে তিনি নারী-পুরুষ উভয়ের সাথে যোগাযোগ স্থাপন করেন। অর্থাৎ পণ্য বিক্রয়ের ক্ষেত্রে তিনি সকল লিঙ্গের মানুষদের সমান চোখে দেখেন। তাদের মধ্যে কোনো ভেদাভেদ করেন না। যা জেন্ডার সচেতনতার গুণটিকে নির্দেশ করে। তার এ গুণটি দ্বারা সকল ক্রেতারা তার প্রতি ইতিবাচক মনোভাব পোষণ করবে এবং তার থেকে পণ্য ক্রয়ে আগ্রহী হয়ে তার স্থায়ী গ্রাহকে পরিণত হবে। এসব গুণাবলি তাই তার বিক্রয় বৃদ্ধিতে সহায়ক হবে এবং তার কাঙ্ক্ষিত সফলতা অর্জনের পথ সুগম হবে। তাই বলা যায়, একজন সফল ব্যবসায়ী হিসেবে মি. হাসানের মধ্যে আদর্শ বিক্রয়কর্মীর উপযুক্ত গুণাবলি পরিলক্ষিত হয়।

**প্রশ্ন ▶ ১০** রাজশাহীর সোনালী দত্ত সিরাজগঞ্জ ও নাটোর থেকে মাছ সংগ্রহ করে শুটকি তৈরি করে তা দেশের বিভিন্ন অঞ্চলে সরবরাহ করেন। তিনি অর্থের অভাবে তাঁর ব্যবসায় সঠিকভাবে পরিচালনা করতে পারছেন না। তার এক বন্ধু তাকে একটি ব্যাংকের নাম বলে যেখানে তার মতো ব্যবসায়ীদের সহজ শর্তে ঋণ পাওয়ার সুযোগ রয়েছে। তিনি ঐ ব্যাংকের সাথে যোগাযোগ করেন এবং ঋণ গ্রহণ করেন। সোনালী দত্ত তার ব্যবসায়ের সম্প্রসারণ করেন এবং অল্প দিনের মধ্যেই একজন সফল ব্যবসায়ী হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেন।

ক. উদ্দীপনামূলক সহায়তা কী? ১
খ. মহিলা অধিদপ্তরের কাজ কী? ব্যাখ্যা কর। ২
গ. সোনালী দত্তের ঋণ সহায়তা কারী প্রতিষ্ঠান কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. একজন নারী শিল্পোদ্যোক্তা হিসেবে পরিগণিত হতে হলে সোনালী দত্তকে কোন কোন যোগ্যতা অর্জন করতে হবে– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

[ম. বো. ২০২৫]

**১০নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ১১** গাজীপুরের জয়দেবপুরে অবস্থিত শিল্প-কারখানার ধোয়া যথাযথভাবে নিষ্কাশনের ব্যবস্থা না করায় সেখানকার প্রতিটি টিনের চালায় মরিচা পড়েছে। সেখানকার শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা দিন দিন কমে যাচ্ছেলোকার বাসিন্দারা বিভিন্ন রোগে ভুগছে। পেপার-পত্রিকা ও গণমাধ্যমে বারবার এর প্রতিকারে আইনগত ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে। তারপরেও পদক্ষেপ নিচ্ছে না।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১
খ. ব্যবসায়িক মূল্যবোধ বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন পক্ষের প্রতি ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে প্রতিষ্ঠানটি পরিবেশ দূষণ রোধে কী কী পদক্ষেপ নেওয়া উচিত বলে তুমি মনে কর। ৪

[ম. বো. ২০২৫]

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** সামাজিক রীতিনীতি, ধর্মীয় ও রাষ্ট্রীয় আইন মেনে ব্যবসায় পরিচালনাকে ব্যবসায় নৈতিকতা বলে।

**খ** ব্যবসায়ের পরিচালনাগত বিষয়ে ভালো-মন্দ দিক সম্পর্কে গড়ে ওঠা বিশ্বাস, ধ্যান-ধারণা, মতামত প্রভৃতিকে ব্যবসায়িক মূল্যবোধ বলে।

ব্যবসায়িক মূল্যবোধে সমাজ ও পরিবেশ উপযোগী পণ্য ও সেবা উৎপাদন এবং সততা ও ন্যায়ের সাথে সেগুলো বিক্রির মাধ্যমে মুনাফা অর্জনের বিষয়টিকে প্রাধান্য দেওয়া হয়। ফলে ব্যবসায়ীকে ন্যায়-অন্যায়, সত্য-অসত্য, ঠিক-বেঠিক, ভালো-মন্দ প্রভৃতি বিষয় মেনে ব্যবসায় করতে হয়। আর মূল্যবোধ মেনে চললে সমাজের মানুষ ন্যায্য অধিকার পায়। সুষ্ঠু সমৃদ্ধিশালী ও স্থিতিশীল সমাজব্যবস্থা গঠনে ব্যবসায়িক মূল্যবোধ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**গ** উদ্দীপকের প্রতিষ্ঠানটি সমাজের প্রতি ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছে।

সমাজ ও সমাজের মানুষকে ঘিরেই ব্যবসায় ও এর কাজ পরিচালিত হয়। সমাজ থেকে বিভিন্ন সুযোগ-সুবিধা গ্রহণ করেই ব্যবসায়ের উন্নতি ও সমৃদ্ধি ঘটে। তাই সমাজের সাধারণ মানুষের উপকারে আসে এবং সমাজের মানুষ ক্ষতিগ্রস্ত হয় না এমন কাজই একজন ব্যবসায়ীর করা উচিত।

উদ্দীপকের গাজীপুরের জয়দেবপুরে অবস্থিত শিল্প-কারখানার ধোঁয়া যথাযথভাবে নিষ্কাশনের ব্যবস্থা না করায় সেখানকার প্রতিটি টিনের চালে মরিচা পড়েছে। সেখনকার শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা দিন দিন কমে যাচ্ছে। এলাকার বাসিন্দারা বিভিন্ন রোগে ভুগছে। একজন ব্যবসায়ীকে ব্যবসায় স্থাপনের সময় অবশ্যই তার ব্যবসায়িক কার্যক্রম দ্বারা যেন পরিবেশের দূষণ না ঘটে সে বিষয়টি বিবেচনা করতে হয়। এ বিষয়টি বিবেচনা না করে ব্যবসায় স্থাপন করলে এবং ব্যবসায়টি দ্বারা পরিবেশ দূষিত হলে তা সমাজের প্রতি দায়বদ্ধতা পালনে ব্যর্থ হয়।

তাই বলা যায়, উদ্দীপকের শিল্পকারখানাগুলো এলাকার পরিবেশ দূষণ করে সমাজের প্রতি দায়বদ্ধতা পালনে ব্যর্থ হয়েছে।

**ঘ** উদ্দীপকের আলোকে প্রতিষ্ঠানটির পরিবেশ দূষণ রোধে বিভিন্ন পদক্ষেপ নেওয়া উচিত বলে আমি মনে করি।

ব্যবসায় বিশেষ করে শিল্পোন্নয়নের সবচেয়ে বড়ো সমস্যা হলো পরিবেশ দূষণ। সাধারণত পরিবেশের প্রতি ব্যবসায়ের দায়িত্বহীনতার কারণে ব্যবসায়ের কার্যক্রম দ্বারা পরিবেশ দূষণ ঘটে। পরিবেশ দূষণ কেবল পরিবেশেরই ভারসাম্য নষ্ট করে না এবং জনজীবনেও এটি মারাত্মক প্রভাব ফেলে। তাই পরিবেশ দূষণ রোধে বিবিধ পদক্ষেপ গ্রহণ করা উচিত।

উদ্দীপকে গাজীপুরের জয়দেবপুরে অবস্থিত শিল্প-কারখানাগুলোর ধোঁয়া যথাযথভাবে নিষ্কাশনের কোনো ব্যবস্থা না রেখেই স্থাপন করা হয়েছে। এই ধোঁয়া বাতাসের সাথে মিশে বায়ুকে দূষিত করে পরিবেশের বিপর্যয় ঘটাচ্ছে। এর ফলে এলাকার প্রতিটি টিনের চালে মরিচা পড়ছে; সাথে শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা দিন দিন কমে যাচ্ছে এবং এলাকার মানুষেরাও বিভিন্ন রোগে ভুগছে। পেপার-পত্রিকা ও গণমাধ্যমে বারবার এর প্রতিকারে আইনগত ব্যবস্থা নেওয়ার কথা বলা হচ্ছে। তারপরও পদক্ষেপ নিচ্ছে না। কিন্তু যথাযথ পদক্ষেপ গ্রহণ করে এ সমস্যা নিরসন করা অতীব জরুরি।

কলকারখানা থেকে নির্গত কালো বিষাক্ত ধোঁয়ার কারণে পরিবেশের ব্যাপক ক্ষতি হয়, যা গাজীপুরের জয়দেবপুরে অবস্থিত শিল্প-কারখানার দ্বারা হচ্ছে। তাই এই দূষণ রোধে প্রথমেই যে পদক্ষেপ গ্রহণ করা জরুরি তা হলো কারখানার ধোঁয়া যথাযথভাবে নিষ্কাশনের ব্যবস্থা রাখা। এছাড়া যেসব কারখানায় ধোঁয়ার সৃষ্টি হয় সেসব কারখানাগুলোর আশেপাশে জনবসতি নেই এমন জায়গায় স্থাপন করা উচিত। এছাড়া এ বিষয়ে জনগণকে সচেতন করা প্রয়োজন। এ লক্ষ্যে গণমাধ্যম এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচারণা চালানো উচিত। এতে সাধারণ মানুষ পরিবেশ দূষণের ক্ষতিকর প্রভাব থেকে নিজেদের সুরক্ষার জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং ব্যবসায়ীরা পরিবেশের দূষণ ঘটে এরূপ কাজ হতে বিরত থাকবে। দূষণের প্রভাব মুক্ত হতে সরকার আইন প্রণয়ন করেছে। কিন্তু আইনের প্রয়োগ যথার্থ হচ্ছে না বলে পরিবেশ দূষণ বেড়েই চলেছে। তাই এই পরিবেশ দূষণ রোধে আইনের যথার্থ প্রয়োগ নিশ্চিত করতে হবে শিল্পকারখানা স্থাপনের নীতিমালাসমূহ কার্যকরভাবে বাস্তবায়নের ব্যবস্থা করতে হবে যেন কেউ পরিবেশের ক্ষতি করতে সাহস না পায়। তাই বলা যায়, উদ্দীপকের প্রতিষ্ঠানটির পরিবেশ দূষণ রোধে কারখানা স্থাপনের যথাযথ নীতিমালা অনুসরণ, ধোঁয়া নিষ্কাশনের ব্যবস্থা রাখা, গণমাধ্যমের মাধ্যমে সাধারণ মানুষকে সচেতন করা এবং যথাযথভাবে আইন অনুসরণ করা এসব পদক্ষেপ নেওয়া উচিত বলে আমি মনে করি।